Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No. ২১১৭
Shri Shri Anandamayee Ashram
BANARAS.

1.4

খ্রীষ্টের অনুকরণ

LIBRARY
Shri Shri Anandamayee Ashram
BANARAS.

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No. ১১৯৭৭
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS.

খ্রীষ্টের অনুকরণ

'De Imitatione Christi' নামক লাটিন পুস্তক হইতে অনূদিত

বিশপ-কুঠি
কৃষ্ণনগর
নদীয়া
পশ্চিম-বঙ্গ।

১৯৭৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঈশ্বরের অনুগামীদের উদ্দেশ্যে

প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত

প্রকাশক :
ফাদার জি, আগষ্টিন
বিশপ কুঠি
কৃষ্ণনগর, নদীয়া

LIBRARY
No.............
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS.

মুদ্রক :
নির্মল কুমার সেনগুপ্ত
সাধু যোসেফ প্রেস
বিশপ কুঠি
কৃষ্ণনগর, নদীয়া

মূল্য—৩·০০ টাকা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভূমিকা

আমার প্রিয় বন্ধু ও পাঠক-পঠিকাগণ,

এই যে বইখানি আপনাদের পড়ার সুবিধার জন্য লাটিন অর্থাৎ মূল লেখ্য-ভাষা থেকে বাংলা-ভাষায় অনুবাদ করা হল, সেটি বাইবেলের পর খ্রীষ্টানদের শ্রেষ্ঠ ও অধিক প্রচলিত ধর্ম-পুস্তক। এই বইটি জগতের প্রায় সকল ভাষায় এবং প্রতি-ভাষায় বহু সংস্করণে প্রকাশিত হয়েছে।

এই ধর্ম-পুস্তক সম্বন্ধে অনায়াসে বলা যায় যে, মানুষের লেখা ধর্ম-পুস্তকগুলির উপরে এর স্থান ; কারণ বাইবেল মানুষের লেখা নয়, সেটি ঈশ্বরের প্রেরণায় রচিত গ্রন্থ। এই পুস্তকের লেখক কে— এই কথা জিজ্ঞাসা করলে, সঠিক উত্তর আমরা দিতে পারি না, এ কথা আমাদের স্বীকার করতেই হবে। এই মূল্যবান গ্রন্থের বিনীত লেখক সম্ভবতঃ মানুষের ব্যর্থ প্রশংসাকে এড়িয়ে যাবার জন্যই নিজের নাম গোপন করেছিলেন ; তবে তিনজনকে গ্রন্থকার হিসাবে অনুমান করা হয়। তাঁদের একজন সম্ভবতঃ টমাস্ কেম্পিস্ (১৩৮০—১৪৭১); তিনি জার্মানীর সন্ন্যাসী-সংঘের পুরোহিত ছিলেন। অন্যজন ফ্রান্সদেশের জন্ গের্সন্ (১৩৬৫—১৪২৯); তিনি বিখ্যাত প্যারিশ-বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষ ছিলেন। অন্য একজন ছিলেন ইটালীদেশের জন্ জের্সন্ ; তিনি ত্রয়োদশ শতাব্দীতে সাধু বেনেডিক্ট কর্তৃক প্রতিষ্ঠিত ধর্ম-সংঘের মঠাধ্যক্ষ ছিলেন।

এই ধর্ম-পুস্তক লেখকের নাম-শূন্য হয়েই প্রথম প্রকাশিত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হয় ১৪১৮ খ্রীষ্টাব্দে। কালক্রমে অনেক প্রসিদ্ধ ও সম্ভ্রান্ত ব্যক্তি, অনেক পণ্ডিত ও গ্রন্থকার বইখানির ভূয়সী প্রশংসা করতে লাগলেন ; পুস্তকের তত্ত্বগুলি দিব্য-বাণী বলে তাঁরা বহুবার সেগুলি উল্লেখ করতে থাকেন। কেবল ক্যাথলিক নয়, প্রোটেস্টান্ট এবং খ্রীষ্টান-সমাজের বাইরেরও বহু ব্যক্তি এই গ্রন্থে পেয়েছেন প্রকৃত আধ্যাত্মিক-তত্ত্ব, পেয়েছেন জীবনের নির্দেশ ও স্বর্গীয় সান্ত্বনার উৎস।

পুস্তকটি চার ভাগে বিভক্ত। তার আলোচনার প্রধান বিষয় হচ্ছে :—

(১) আধ্যাত্মিক-জীবন লাভের জন্য প্রয়োজনীয় উপদেশ
(২) অধ্যাত্ম-বিষয়ের তত্ত্ব-বিশেষ
(৩) আন্তরিক-সান্ত্বনা লাভের বিষয়
* (৪) পবিত্র খ্রীষ্ট-প্রসাদের প্রতি শ্রদ্ধা-প্রদর্শন

পাঠক-পাঠিকাগণের কাছে গ্রন্থখানির তত্ত্বগুলি সহজ-বোধ্য করার উদ্দেশ্যে গ্রন্থে উল্লিখিত কতকগুলি বিশেষ কথার অর্থ বুঝিয়ে বলা প্রয়োজন মনে হওয়ায় সেই সম্বন্ধে এবার কিছু বলবো :

(১) মান্না—অন্ন-বিশেষ। ইস্রায়েলীয় জাতি যখন মরু-ভূমিতে ছিল, তখন খাদ্যের জন্য তারা ঈশ্বরের কাছে প্রার্থনা করে। আশ্চর্য কাজের দ্বারা ঈশ্বর তাদের প্রার্থনা পূর্ণ করলেন ; আকাশ থেকে একপ্রকার সুস্বাদু আহার্য বর্ষণ করে তিনি তাদের ক্ষুধা দূর করলেন। এই খাদ্যের নামই—'মান্না'। এখন এই কথা বলে, মানুষের আধ্যাত্মিক-খাদ্য বা ঈশ্বরের আশীর্বাদকেই বোঝানো হয়।

---

* সকল পাঠকের জন্য এই শেষ অংশটি প্রযোজ্য নয় বলে এই পুস্তকে তা বাদ দেওয়া হয়েছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(২) **ক্রুশ**—ক্রুশ-কাষ্ঠ; একটি লম্বা কাঠের উপর দিকে আর একটি কাঠ আড়াআড়িভাবে রাখলে ক্রুশ হয়। এমনি কাঠেই যীশুর হাত-পা পেরেক দিয়ে আটকিয়ে তাঁকে হত্যা করা হয়েছিল। বর্তমানে 'দুঃখ-কষ্ট' বোঝানোর জন্য 'ক্রুশ' কথাটি ব্যবহার করা হয়। 'ক্রুশ বহন করার' অর্থ হচ্ছে—প্রতিদিনের দুঃখ কষ্ট সহ্য করা।

(৩) **বাক্য**—ঐশ-ত্রিত্বের দ্বিতীয় ব্যক্তি ঐশ-পুত্র যীশুকে 'বাক্য' বা 'বাণী' বলা হয়। তিনি বাক্য-স্বরূপ পিতা-ঈশ্বরের নিকট হতে নিঃসৃত। এই 'বাক্য' দেহ-ধারণ করে 'যীশু' নাম নিলেন। তাঁকে 'সত্য'ও বলা হয়। 'যীশু' বলেছেন—আমি পথ, জীবন ও 'সত্য'। তাঁর আর একটি নাম 'খ্রীষ্ট' অর্থাৎ অভিষিক্ত। মুক্তি সম্পাদনে পিতা ঈশ্বর কর্তৃক নিযুক্ত মানব যীশু।

(৪) **ঐশ-কৃপা**—এটি ঈশ্বরের এক অলৌকিক দান। ঈশ্বরের কাছ থেকে এই বিশেষ অনুগ্রহটি লাভ করে মানুষ ঈশ্বরের প্রিয় সন্তান এবং স্বর্গরাজ্যের অধিকারী হবার যোগ্য হয়।

(৫) **আদি পাপ**—মানবের আদি-পিতা আদম ও ঈভ্ যে পাপে মানব-স্বভাবকে কলংকিত করেছে সেই পাপ নিয়েই মানুষ জন্মায়। বাপ্তিস্ম-দীক্ষা দ্বারা এই 'আদি' পাপের মোচন হয়। **স্বকৃত গুরুপাপ** বলতে মানুষ নিজে যে পাপ করে, তাকে বোঝায়। বাপ্তিস্ম-দীক্ষা ছাড়া পাপস্বীকারে এই পাপ মার্জিত হয়। এই পাপ দু'টি থেকে মুক্ত হলেই মানুষ ঐশ-কৃপা লাভের অধিকার পায়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(৬) **কম্যুনিয়ন বা খ্রীষ্ট-প্রসাদ**—এই কথা দ্বারা রুটির আকারে যীশুখ্রীষ্টের শরীর-গ্রহণ বোঝানো হয়। আমাদের সঙ্গে প্রেম-মিলনে মিলিত হতে, আশ্চর্য কাজের দ্বারা সাধারণ রুটির ভেতর দিয়ে নিজের শরীর আমাদের দেবার ব্যবস্থা করেছেন যীশু। পুরোহিতের মাধ্যমে, যজ্ঞের সময় সাধারণ রুটি যীশুর শরীরে পরিণত হয়ে যায়।

(৭) **পবিত্র সাক্রামেণ্ট বা খ্রীষ্ট-প্রসাদ**—যে রুটির আকারে স্বয়ং যীশু বিদ্যমান, তা শ্রদ্ধার সঙ্গে রক্ষিত বা প্রদর্শিত হওয়াকে—'পবিত্র সাক্রামেণ্ট' (সংস্কার) বলে।

ধর্মব্রতী—এই শব্দদ্বারা এখানে সেই সকল ব্যক্তিকে বোঝায়, যাঁরা দারিদ্র্য, শুচিতা ও বাধ্যতার তিনটি ব্রত গ্রহণ করে কোন একটি ধর্ম-সংঘের নিয়মাবলীর অনুসারে ঈশ্বর ও প্রতিবেশীর সেবায় যাবজ্জীবন নিযুক্ত থাকেন।

এই পুস্তকে উল্লিখিত বাইবেলের কথাগুলি " " ডবল ঊর্ধ্ব কমা-দ্বারা চিহ্নিত করা হয়েছে।

এই দ্বিতীয় সংস্করণ প্রকাশের কাজে শ্রীসমরেন্দ্র লরেন্স বিশ্বাস ও শ্রীদীপক কুমার মণ্ডল সাহায্য করেছেন।

গভীর চিন্তা ও নিষ্ঠার সঙ্গে এই বইটি পড়ে পাঠক পাঠিকারা প্রভূত মানসিক-সান্ত্বনা, আধ্যাত্মিক-উন্নতি ও সদ্গুণ এবং পরিণামে অসীম সুখ লাভ করুন, এই-ই আমার একান্ত কামনা ও ঈশ্বরের নিকট বিনীত প্রার্থনা।

—অনুবাদক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No. ১১।১৭৭
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS

সূচী

প্রথম ভাগ

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা
১।	খ্রীষ্টের অনুকরণ এবং সংসারের অসার বস্তুর প্রতি অবজ্ঞা	১
২।	নিজেকে বিনয়ী কর	৩
৩।	সত্য-শিক্ষা	৫
৪।	কাজে সতর্কতা	৮
৫।	পবিত্র শাস্ত্র পাঠ	৯
৬।	অসংযত বাসনা	১০
৭।	বৃথা আশা ও অহংকার ত্যাগ	১১
৮।	অতিরিক্ত ঘনিষ্ঠতা ত্যাগ	১৩
৯।	আনুগত্য ও অধীনতা	১০
১০।	বাচালতা ত্যাগ	১৫
১১।	শান্তিলাভ ও উন্নতির উদ্‌যোগ	১৬
১২।	দুঃখ-কষ্টের উপকারিতা	১৯
১৩।	প্রলোভনের প্রতিরোধ	২০
১৪।	বিবেচনাহীন বিচার ত্যাগ	২৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা
১৫।	প্রেমের স্বার্থে কাজ	২৫
১৬।	পরদোষে সহিষ্ণুতা	২৬
১৭।	ধর্মাশ্রম জীবন	২৮
১৮।	সাধুদের আদর্শ	২৯
১৯।	ধর্মব্রতীর সাধনা	৩৩
২০।	নির্জনতা ও নীরবতা-প্রীতি	৩৭
২১।	অন্তরের অনুতাপ	৪১
২২।	মানবের দুরবস্থা	৪৪
২৩।	মৃত্যু-চিন্তা	৪৭
২৪।	বিচার ও পাপের শাস্তি	৫২
২৫।	সত্যিকার আত্ম-সংশোধন	৫৬

দ্বিতীয় ভাগ

১।	আভ্যন্তরিক দর্শন	৬২
২।	বিনীত বশবর্তিতা	৬৬
৩।	সৎ ও শান্ত মানুষ	৬৮
৪।	পবিত্র মন ও সরল অভিপ্রায়	৬৯
৫।	আত্ম-সমীক্ষা	৭১
৬।	সৎ-বিবেকের আনন্দ	৭২
৭।	সবার ওপর যীশুর প্রতি প্রেম	৭৫
৮।	যীশুর সঙ্গে একান্ত বন্ধুত্ব	৭৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No. ....ON
Shri Shri Anandamayee Ashram
BANARAS

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা
৯।	সান্ত্বনার অভাব	৭৯
১০।	ঐশী-কৃপার জন্য কৃতজ্ঞতা	৮৩
১১।	[illegible] ক্রুশের স্বল্পসংখ্যক অনুরাগী	৮৬
১২।	ক্রুশের রাজপথ	৮৯

তৃতীয় ভাগ

১।	ভক্তের অন্তরে খ্রীষ্টের বাণী	৯৬
২।	অন্তরে 'সত্য'-এর নীরব বাণী	৯৮
৩।	বিনীত ভাবে ঈশ্বরের বাণী শ্রবণ	৯৯
৪।	ঈশ্বরের সম্মুখে সত্য ও নম্রতার সঙ্গে বিচরণ	১০৩
৫।	দিব্য প্রেমের আশ্চর্য ফল	১০৬
৬।	প্রকৃত প্রেমিকের পরিচয়	১১০
৭।	ঐশ-কৃপা নম্রতা দ্বারা রক্ষিত হয়	১১৩
৮।	ঈশ্বরের সাক্ষাতে নিজেকে অবজ্ঞা করা	১১৬
৯।	পরমগতি ঈশ্বরকে সবকিছু অর্পণ কর	১১৮
১০।	ঈশ্বর-সেবার মাধুর্য	১১৯
১১।	মন-বাসনার পরীক্ষা ও সংযম	১২২
১২।	ধৈর্য শিক্ষা ও কু-প্রবৃত্তির প্রতিরোধ	১২৪
১৩।	যীশু খ্রীষ্টের বিনয়ানুগত্যের দৃষ্টান্ত	১২৬
১৪।	ঈশ্বরের গুপ্ত-বিচারের ধ্যানে গর্বত্যাগ	১২৮
১৫।	কোন্ কোন্ বিষয় কামনা করা উচিত	১৩০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা
১৬।	একমাত্র ঈশ্বরেই প্রকৃত সান্ত্বনা	১৩২
১৭।	ঈশ্বরের হাতে সমস্ত ভাবনা ছেড়ে দাও	১৩৪
১৮।	খ্রীষ্টের অনুকরণ এবং ঐহিক কষ্টে ধৈর্যধারণ	১৩৫
১৯।	অপমান সহনে ধৈর্য পরীক্ষা	১৩৭
২০।	আমাদের দুর্বলতা স্বীকার	১৪০
২১।	ঈশ্বরই আমাদের বিশ্রামস্থল	১৪২
২২।	ঈশ্বরের নানাবিধ অনুগ্রহ স্মরণ	১৪৬
২৩।	শান্তিদায়ক চারটি বিষয়	১৪৯
২৪।	অপরের বিষয়ে কৌতূহল ত্যাগ	১৫২
২৫।	মনের স্থায়ী শান্তি ও প্রকৃত উন্নতি	১৫৩
২৬।	মুক্ত মন লাভের জন্য প্রার্থনা	১৫৫
২৭।	আত্ম-প্রীতি 'পরম-মঙ্গল' লাভের প্রধান অন্তরায়	১৫৭
২৮।	নিন্দুকের প্রতিরোধ	১৬০
২৯।	দুঃখ-কষ্টের সময় ঈশ্বরের গুণগান কর	১৬১
৩০।	আশ্বাস সহকারে ঈশ্বরের কৃপা প্রার্থনা কর	১৬২
৩১।	স্রষ্টাকে লাভ করার জন্য সৃষ্ট বস্তুর প্রতি অবহেলা	১৬৬
৩২।	স্বার্থত্যাগ ও লোভ-বর্জন	১৬৮
৩৩।	ঈশ্বরে চরম লক্ষ্য স্থাপন	১৭০
৩৪।	প্রেমিক সর্বোপরি ঈশ্বরে তৃপ্তি পায়	১৭১
৩৫।	এ জীবন কালে প্রলোভন হতে নিষ্কৃতি নেই	১৭৪
৩৬।	মানুষের ব্যর্থ বিচারের অবজ্ঞা	১৭৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No..........
Shri Shri Ma Anandamayee Ashram
BANARAS

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা
৩৭।	হৃদয়ের স্বাধীনতা লাভের জন্য অখণ্ড ও পূর্ণ আত্মত্যাগ	১৭৭
৩৮।	বিপদে ঈশ্বরে আশ্রয় গ্রহণ	১৭৯
৩৯।	বিষয়কর্মে অতিরিক্ত ব্যস্ত হওয়া অনুচিত	১৮০
৪০।	ভাল বলতে মানুষের নিজের কিছু নেই ; তার গৌরব করার কিছুই নেই।	১৮১
৪১।	সকল পার্থিব সম্মানের প্রতি অবজ্ঞা	১৮৪
৪২।	মানুষের উপর শান্তি লাভের আশা রাখতে নেই	১৮৫
৪৩।	অসার ও পার্থিব জ্ঞানের প্রতিরোধ	১৮৭
৪৪।	বাহ্য-বিষয়ে জড়িত হওয়া উচিত নয়	১৮৯
৪৫।	বৃথা বাক্যব্যয় সহজে ভুল হতে পারে	১৯০
৪৬।	বাক্যবাণে বিদ্ধ হলে ঈশ্বরে নির্ভরতা	১৯৩
৪৭।	অনন্ত জীবনের জন্য সব কিছুই সহ্য করতে হবে	১৯৬
৪৮।	অনন্তকালের সুখ এবং ইহজীবনের দুঃখকষ্ট	১৯৮
৪৯।	সংগ্রামকারীদের নিকট পরম মঙ্গলের প্রতিশ্রুতি দান	২০২
৫০।	ঈশ্বরের হাতে নিজেকে সঁপে দিতে হবে	২০৭
৫১।	উৎকৃষ্ট কাজে অকৃতকার্য হলে সাধারণ কাজে নিযুক্ত থাকা উচিত	২১১
৫২।	মানুষ নিজেকে সান্ত্বনার যোগ্য মনে না করে শাস্তির যোগ্য মনে করুক	২১২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা
৫৩।	সংসার-আসক্ত ব্যক্তি ঐশ-কৃপা পায় না	২১৫
৫৪।	প্রকৃতি এবং ঐশ-কৃপার বিপরীত গতি	২১৭
৫৫।	প্রকৃতির ভ্রষ্টতা ও ঐশ-প্রসাদের কার্যকারিতা	২২১
৫৬।	আত্মবর্জন ও ক্রুশের মাধ্যমে খ্রীষ্টের অনুকরণ	২২৫
৫৭।	দোষ করলে মানুষ যেন হতাশ না হয়	২২৭
৫৮।	ঈশ্বরের বিধির সূক্ষ্মানুসন্ধান অনুচিত	২২৯
৫৯।	সকল আসা ও ভরসা কেবলমাত্র ঈশ্বরে স্থাপন করা প্রয়োজন	২৩৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY
No. ১২।১৭৭
Shri Shri ... ...mayee Ashram
BANARAS

খ্রীষ্টের অনুকরণ

প্রথম ভাগ

১

খ্রীষ্টের অনুকরণ এবং সংসারের অসার বস্তুর প্রতি অবজ্ঞা

প্রভু বলেন—"যে আমাকে অনুসরণ করে, সে অন্ধকারে চলবে না।" এটি খ্রীষ্টের কথা ; এ কথাতে আমাদের বলা হয়—প্রকৃত জ্ঞানের আলো পেতে হলে এবং অন্তরের সমস্ত অন্ধকার থেকে মুক্তিলাভ করতে হলে, খ্রীষ্টের জীবন ও তাঁর আদর্শ আমাদের অনুসরণ করতে হবে। সেইজন্যই যীশুখ্রীষ্টের জীবন সম্বন্ধে জ্ঞান লাভ করা আমাদের প্রধান চেষ্টা হওয়া উচিত।

সাধুদের শিক্ষার চেয়ে খ্রীষ্টের শিক্ষা বেশী মহান। যারা এই শিক্ষার ভাবধারা গ্রহণ করতে পারে, তারা তাঁর মধ্যে লুকানো "মান্না" অর্থাৎ অমৃতের স্বাদ পায়। দেখা গেছে, অনেকে বারবার সু-সমাচার শুনেও মুগ্ধ হয় না ; কারণ খ্রীষ্টের ভাবধারা তাদের মধ্যে নেই। যারা খ্রীষ্টের প্রত্যেক কথার অর্থ ও ভাবধারা বুঝতে চায়, তাদের সমস্ত জীবনকে খ্রীষ্টের জীবনের সঙ্গে একেবারে মিলিয়ে দিতে হবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুমি যদি বিনয়ী না হও, তাহলে তুমি পবিত্র ত্রিত্বের অপ্রিয় হয়ে থাকবে ; তখন ত্রিত্ব সম্বন্ধে গভীর আলোচনা করে তোমার কী লাভ ? কারণ বড় বড় কথা বলে কেউ ধার্মিক বা সৎ হতে পারে না ; সৎ জীবনযাপন করলেই ঈশ্বরের প্রিয় হওয়া যায়। অনুতাপের অর্থ জানার চেয়ে অনুতাপ করতে শেখা ভাল।

ঈশ্বরকে ভক্তি না করলে এবং তাঁর কৃপা না পেলে, সমস্ত বাইবেল মুখস্থ করে বা দার্শনিকদের সব কথা জেনেও তোমার কোন লাভ নেই। ঈশ্বরের প্রতি ভক্তি ও তাঁর সেবা ছাড়া "আর সবই অসার এবং নিতান্তই অসার !"

সংসারকে অবজ্ঞা করে স্বর্গরাজ্য কামনা করা প্রকৃত জ্ঞানের লক্ষণ। অস্থায়ী ঐশ্বর্যের জন্য লালায়িত হয়ে, তাতে নির্ভর করা অসারতা মাত্র। নামের মোহ ও উচ্চপদের লোভ—অসারতা।

ইন্দ্রিয় লালসায় বশ্যতা এবং যার জন্য একদিন কঠোর শাস্তি পেতে হবে, তারই কামনা—অসারতা।

সৎ-জীবন যাপনের চেয়ে দীর্ঘজীবন লাভের আশা—অসারতা।

পর-জীবনের কথা না ভেবে, ইহজীবন নিয়ে ব্যস্ততা—অসারতা।

যা ক্ষণস্থায়ী তাকে ভালবাসা এবং যেখানে চির-আনন্দ, সেই স্বর্গে যাবার অনিচ্ছা—অসারতা।

"দেখে চোখ তৃপ্তি পায় না, শুনেও কান তুষ্ট হয় না"—

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই প্রবাদটি সব সময় মনে রেখো। তাই তোমার চোখে যা পড়ে, তা থেকে মন সরিয়ে, চোখে যা পড়ে না, এরূপ পারমার্থিক বিষয়ে মন দিতে চেষ্টা কর; কারণ ইন্দ্রিয়ের দাসেরা আপন বিবেককে কলুষিত করে ঐশ-কৃপা হারিয়ে ফেলে।

২

নিজেকে বিনয়ী কর

আমরা সকলেই স্বভাবতঃ জ্ঞান লাভ করতে চাই; কিন্তু ঈশ্বর-ভীতি না থাকলে, জ্ঞানে কী লাভ হবে? যে অহংকারী দার্শনিক নিজের আত্মার কথা না ভেবে আকাশের গ্রহ-উপগ্রহের কথা ভাবে, ঈশ্বর-সেবক বিনয়ী কৃষক তার চেয়ে অনেক ভাল!

যে নিজেকে ভাল করে জেনেছে, সে নিজেকে হেয় ভাবে; আর মানুষের প্রশংসায় সে তৃপ্তি পায় না। জগতের সব কিছু জানতে পারলেও যদি আমার মধ্যে প্রেম না থাকে, তাহলে ঐ জ্ঞানলাভে ঈশ্বরের কাছে আমার কি হবে? তিনি তো জ্ঞানের নয়, আমার কাজেরই বিচার করবেন।

খুব বেশী জানবার লোভ করো না; কারণ এর থেকে চাঞ্চল্য এবং প্রতারণা দেখা দেয়। যারা বেশী জানে, তারা নিজেদের বিদ্যাবুদ্ধি মানুষকে দেখিয়ে জ্ঞানী বলে পরিচিত হতে চায়। অনেক কিছু আছে, যা জানলে আত্মার খুবই কম উপকার হয় বা মোটেই হয় না। যে নিজের আত্মার মুক্তির বিষয়ে মন না দিয়ে অন্যসব বিষয়ে মন দেয়, সে প্রকৃত মূর্খ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বেশী কথায় মনে তৃপ্তি হয় না ; বরং সৎ-জীবন যাপন করলে মনে শান্তি হয় এবং নির্মল বিবেক ঈশ্বরের উপর আস্থা এনে দেয়। তুমি যত বেশী জান এবং বোঝ, তত বেশী সৎ হয়ে চলার চেষ্টা কর, কারণ তোমার বিচার তত বেশী কঠোর হবে।

তাই তোমার নৈপুণ্য বা জ্ঞানলাভের জন্য মোটেই গর্ব করো না ; বরং তোমাকে দেওয়া জ্ঞানের জন্য সতর্ক থেকো। যদি তোমার মনে হয়—তুমি অনেক কিছু জান ও ভাল বোঝ, তবে জেনে রেখো যে, এমন অনেক কিছু আছে, যা তুমি জান না।

"আত্মগর্ব করো না" বরং নিজের মূর্খতা স্বীকার কর। কেন তুমি নিজেকে অন্যের চেয়ে বড় ভাববে ? তোমার চেয়ে অনেকে বেশী জ্ঞানী এবং শাস্ত্রের বিষয়ে অভিজ্ঞ আছে। যদি ভালোর জন্য কিছু শিখতে বা জানতে চাও, তবে নিজেকে অজ্ঞ এবং অকেজো বলে পরিচিত হতে ভালবাস।

নিজেকে ঠিকমত বোঝা ও হেয় জ্ঞান করাই হচ্ছে শ্রেষ্ঠ ও উপকারী শিক্ষা। নিজেকে তুচ্ছ ভাবা এবং অপরের সম্পর্কে সর্বদা উত্তম ও উঁচু ধারণা পোষণ করা মহৎ জ্ঞান ও পূর্ণতার লক্ষণ।

কাউকে প্রকাশ্যে কোন পাপ বা জঘন্য অপরাধ করতে দেখলেও নিজেকে তার চেয়ে সৎ ভেবো না ; কারণ তুমি যে কতদিন সৎপথে থাকতে পারবে, তা তোমার জানা নেই। আমরা সকলেই দুর্বল ; তবে তুমি কাউকে তোমার চেয়ে দুর্বল মনে করবে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩

সত্য-শিক্ষা

কল্পনা বা অলীক ভাবা দিয়ে নয়, কিন্তু সত্যের প্রকৃত রূপ যে শিক্ষা দেয়, সে ধন্য।

আমাদের ব্যক্তিগত ধারণা বা বোধশক্তি অনেক সময় আমাদের ভুল করায় এবং কমই জানতে দেয়।

যা অজ্ঞাত ও অস্পষ্ট, তা নিয়ে বেশী তর্কে লাভ কি? কারণ সেইসব বিষয় না জানার জন্য বিচারের দিনে আমাদের ওপর দোষারোপ করা হবে না।

উপকারী ও দরকারী বিষয় বাদ দিয়ে কৌতুহলজনক বা ক্ষতিকারক বিষয়ে মন দেওয়া বড়ই মূর্খতা।

"চোখ থাকতেও আমরা দেখি না।"

দর্শনের জটিলতা নিয়ে মাথা ঘামানোর কি প্রয়োজন?

'ঐশ-বাণী' যার সঙ্গে কথা বলেন, সে নানা মতবাদের জটিলতা থেকে মুক্তি পায়।

'ঐশ-বাণী' থেকে সব-কিছু হয়েছে এবং তা একই বাণী ঘোষণা করে—"তিনিই আদি, তিনি আমাদের সঙ্গে কথাও বলেন।" তিনি ছাড়া অন্য কেউ ঠিক বোঝে না এবং প্রকৃত বিচার করে না।

যার কাছে সব জিনিষই এক, যে সবই এক করে নেয় এবং যে সব কিছুকে একের মধ্যে দেখে, সে নিশ্চিত মনে থাকতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এবং ঈশ্বরের কাছে শান্তিতে বিশ্রাম করতে পারবে।

"হে ঈশ্বর, তুমিই সত্য! অনন্ত প্রেমের মহিমায় আমাকে তোমার সঙ্গে এক হয়ে থাকতে দাও!" "অনেক বিষয় পড়তে বা শুনতে আমার বিরক্তি লাগে। আমি যা চাই বা আশা করি, তা শুধু তোমাতেই আছে। তোমার সম্মুখে বিদ্বানেরা নীরব থাকুক, মৌন থাকুক সকল প্রাণী, আমার সঙ্গে তুমিই কথা বল।"

মন যত নিবিষ্ট এবং অন্তর যত সরল হবে, মানুষ তত সহজেই বহু গভীর বিষয় বুঝতে পারবে; কারণ সে তখন উপর থেকে জ্ঞানের আলো পাবে। নির্মল, সরল ও স্থিরচিত্ত ব্যক্তি বহু কাজের মধ্যেও চঞ্চল হয় না; কারণ সে যা করে ঈশ্বরকে সম্মান দিয়েই করে এবং নিজের স্বার্থ খোঁজার চেষ্টা করে না। অন্তরের অসংযত বাসনার চেয়ে আর কোন বিষয় তোমাকে বেশী বাধা ও কষ্ট দেয় না। সৎ ও ভক্তিমান লোক প্রকাশ্যে কাজ করার আগে মনে সে সম্পর্কে সবকিছু বিবেচনা করে ঠিক করে নেয়; তাই কোন কাজই তাকে অসৎ প্রবৃত্তির বশে আনতে পারে না; বরং সে নিজেই সেগুলিকে ন্যায় যুক্তির বশে আনে।

নিজেকে দমন করার চেয়ে কঠিন সংগ্রাম আর নেই। আর সেজন্য দিনের পর দিন নিজেকে জয় করা, নিজেকে আরও শক্তিশালী করে তোলা এবং ক্রমশ নিজেকে উন্নত করার চেষ্টাই আমাদের বিশেষ কর্তব্য হওয়া উচিত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই জীবনের সকল পরিপূর্ণতায় কিছু-না-কিছু অপূর্ণ থাকবেই এবং আমাদের জ্ঞানালোকে অন্ধকারের অভাব নেই।

গভীর বিদ্যানুশীলনের চেয়ে নম্র আত্ম-জ্ঞানই ঈশ্বরের কাছে যাবার নিশ্চিত পথ। এতে বলা হচ্ছে না যে, বিদ্যা এবং শিক্ষা-মূলক বিষয় স্বভাবতঃই এবং ঈশ্বরের দৃষ্টিতে দোষনীয়। শুধু এটি বলা হয় যে, সৎ-বিবেক ও সদাচরণ তাদের চেয়ে অনেক ভাল। কিন্তু অনেকে সৎপথে চলার চেষ্টার চেয়ে বিদ্যালাভের চেষ্টা বেশী করে; তাই তারা প্রায়ই ভুল করে এবং তাদের সকল চেষ্টার কোন ফল হয় না, বা যদিও হয় তা অতি সামান্য।

আহা, তর্কের প্রতি মানুষ যত মন দেয়, দোষের উচ্ছেদ ও গুণের প্রতিষ্ঠায় তত যদি মন দিত, তাহলে লোক-সমাজে এত অন্যায় ও কলঙ্ক থাকত না; ধর্মাশ্রয়েও দেখা দিত না এমন শিথিলতা।

অবশ্যই আমরা কি পড়েছি, সে কথা নয়—কি করেছি, সেইসবই বিচারের দিনে আমাদের জিজ্ঞাসা করা হবে; আবার ভাল উপদেশ দিয়েছি তা নয়, ধর্ম-পথে চলেছি কিনা, তাও জিজ্ঞাসা করা হবে।

তোমার সুপরিচিত যে সকল পণ্ডিত ও অধ্যাপক জীবিতাবস্থায় খুব অভিজ্ঞ ছিলেন, বলতো, তাঁরা এখন কোথায়? এখন তাঁদের পদ অন্যজন অধিকার করেছে এবং এরা তাঁদের কথা মনে করে কিনা জানি না। জীবিতাবস্থায় তাঁরা অত্যাবশ্যক ব'লে মনে হতেন, কিন্তু এখন আর তাঁদের সম্বন্ধে কেউ কিছু বলে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হায়, এই জগতের গৌরব কত তাড়াতাড়ি চলে যায়! আহা, ঐ পণ্ডিতদের জীবনযাত্রা তাঁদের অর্জিত বিদ্যার সঙ্গে যদি সামঞ্জস্য রাখত, তবে তাঁদের অধ্যয়ন ও শিক্ষাদান সার্থক হত।

হায়, কত লোক ঈশ্বরের সেবায় উদাসীন হয়ে ব্যর্থ বিদ্যা-লাভে নষ্ট হয়ে যায়! নম্র হওয়ার চেয়ে বড় হতে চেয়েছিল বলে তারা নিজেদের কল্পনার প্রভাবে পথহারা হয়ে গেল।

যার প্রেম-দয়া বেশী, সে সত্যই বড়। যে নিজেকে ছোট ভাবে এবং উচ্চ পদকে হেয়জ্ঞান করে, সে সত্যই বড়। "খ্রীষ্টকে পাবার জন্য সমস্ত পার্থিব বিষয়কে যে আবর্জনা বলে ভাবে", সে সত্যই বিবেচক। যে নিজের ইচ্ছা পরিত্যাগ করে ঈশ্বরের ইচ্ছা পূর্ণ করে, সে প্রকৃত বুদ্ধিমান।

৪

কাজে সতর্কতা

প্রত্যেক কথায় কান দিতে নেই এবং প্রত্যেক মনোবৃত্তির বশবর্তী হওয়া উচিত নয়। কিন্তু ঈশ্বরের নির্দেশ অনুসারে সতর্কতা ও সাহসের সঙ্গে সেই সব বিবেচনা করা উচিত।

হায়, আমরা কত দুর্ভাগা! আমরা সহজেই পরের বিষয়ে ভালোর চেয়ে মন্দ কথাই বিশ্বাস করি এবং তা বলে থাকি। কিন্তু ধার্মিক ব্যক্তিগণ যে কোন লোকের কথা সহজে বিশ্বাস করেন না। তাঁরা জানেন, মানুষের দুর্বল স্বভাবের জন্য সে মন্দের দিকে ঝুঁকে পড়ে এবং সহজেই পরের অপবাদ করে থাকে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কোন কাজে হঠকারী ও নিজের মতে জেদী না হওয়াই প্রকৃত জ্ঞানের লক্ষণ। জ্ঞানের আর একটি লক্ষণ হল—হঠাৎ যার তার কথায় বিশ্বাস না করা এবং যা শোনা ও বিশ্বাস করা হয়েছে, সঙ্গে সঙ্গে তা কাউকে না বলা।

জ্ঞানী ও বিবেচক ব্যক্তির পরামর্শ গ্রহণ কর; তোমার নিজের নির্দেশ পালন করার চেয়ে, তোমার অপেক্ষা সৎ লোকের কাছে শিক্ষা নেবার চেষ্টা কর। সৎ জীবন-যাপন মানুষকে ঈশ্বরের কাছে বুদ্ধিমান ও নানা বিষয়ে সুদক্ষ করে তোলে। মানুষ যত নম্র এবং ঈশ্বরের অনুগত হয়, যাবতীয় বিষয়ে সে ততই জ্ঞানী ও শান্তিময় হয়।

৫

পবিত্র শাস্ত্র পাঠ

সাহিত্যিক উৎকর্ষতা নয়, সত্যকে পবিত্র শাস্ত্রের মধ্যে খুঁজতে হবে। প্রত্যেক শাস্ত্রাংশ যে মনোভাব নিয়ে লেখা হয়েছে, সেই মনোভাব লক্ষ্য করে তা পড়তে হয়। শাস্ত্রগুলিতে বাগ্মিতা দেখার চেয়ে তাতে নিজেদের কি উপকার হয় সেই দিকে দৃষ্টি রাখতে হবে। সহজ ও ভক্তিমূলক গ্রন্থগুলির মত কঠিন ও গভীর ভাবপূর্ণ সমস্ত গ্রন্থ একই প্রকার মনোযোগের সহিত পড়া উচিত। লেখকের পাণ্ডিত্য বেশী কি কম, তা দেখার কোন দরকার নেই। সত্য লাভের অনুরাগই যেন গ্রন্থপাঠের একমাত্র কারণ হয়। 'কে' এমন কথা বলেছে, সেই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রশ্ন ছেড়ে দিয়ে. 'কি' বলা হয়েছে, তা-ই খুঁজে বার কর।

মানুষ চলে যাবে, কিন্তু "প্রভুর সত্যবাণী থাকবে চিরকাল।" "সকলের প্রতি নিরপেক্ষ হয়ে" ঈশ্বর নানা উপায়ে আমাদের সঙ্গে কথা বলে থাকেন।

পবিত্র শাস্ত্রে এমন সব বিষয় বস্তু আছে যা পর্যালোচনার যোগ্য নয় তা সরল ভাবে শুধু পড়ে যেতে হয়। তা নিয়ে তর্ক করা অথবা অযথা কৌতুহল প্রকাশ করা উচিত নয়; এতে শাস্ত্রপাঠে ব্যাঘাত হয়। যদি সুফল পেতে চাও, তবে নম্র, সরল ও বিশ্বস্ত ভাব নিয়ে পবিত্র শাস্ত্র পাঠ কর; 'বিদ্বান' নাম অর্জনের জন্য পাঠ করো না।

নিঃসঙ্কোচে শাস্ত্র-কথা জিজ্ঞাসা কর এবং ধার্মিকদের বাণী মন দিয়ে শোন। প্রাচীন পুরুষদের উপদেশমূলক উপমাতে বিরক্ত হয়ো না; বিনা কারণে তাঁদের সেই সব উক্তি উল্লেখ করা হয় নি।

৬

অসংযত বাসনা

মানুষ যখনই অযথা কিছু কামনা করে, তখনই তার মন অস্থির হয়ে ওঠে।

অহংকারী এবং কৃপণ ব্যক্তি কখনো শান্তি পায় না; কিন্তু স্বার্থত্যাগী এবং বিনীত ব্যক্তি বেশ শান্তিতে থাকে।

যে ব্যক্তি সম্পূর্ণভাবে নিজের সুখ-সুবিধা ছাড়তে পারে না,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সে যে কোন সময়ে তুচ্ছ লোভের কাছেও হেরে গিয়ে লোভের বশে পড়ে।

যে লোকের মন দুর্বল এবং এখনো ইন্দ্রিয়-লালসায় ও পার্থিব বিষয়ে আসক্ত, সে হীন বাসনা থেকে প্রায়ই নিজের মনকে সম্পূর্ণ সরিয়ে রাখতে পারে না। আবার যখন নিজেকে সরিয়ে আনে, তখন তার দুঃখ হয় এবং কেউ তাকে বাধা দিলে খুব সহজেই সে রেগে ওঠে।

তাছাড়া, সে যদি তার বাসনাকে কাজে পরিণত করে, তবে সঙ্গে সঙ্গে বিবেকের দংশনে সে মনঃক্ষুণ্ণ হয়; কারণ ইন্দ্রিয়-বিলাস পূরণ করতে গিয়ে সে যে শান্তির আশা করেছিল, তা মোটেই পায় না। তাই ইন্দ্রিয়-সেবায় নয়, বরং তার প্রতি-রোধেই মনে শান্তি আসে। ইন্দ্রিয়বিলাসী বা পার্থিব বিষয়ে আসক্ত ব্যক্তির মনে শান্তি থাকে না; কিন্তু ধর্মানুরাগী ও আধ্যাত্মিক-বিষয়ে উন্নত মানুষের মনে শান্তি বিরাজ করে।

৭

বৃথা আশা ও অহংকার ত্যাগ

যে ব্যক্তি মানুষ বা সৃষ্ট বস্তুতে নির্ভর করে, সে অকৃতকার্য হবে।

যীশু খ্রীষ্টের প্রেমের জন্য পরের সেবা করতে এবং ইহলোকে নিজেকে গরীব বলে পরিচয় দিতে লজ্জা বোধ করো না। নিজের ওপর নির্ভর না করে, তুমি ঈশ্বরে নির্ভর কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাধ্যমত কাজ কর, তবেই তোমার সৎ সংকল্পে ঈশ্বর তোমার সহায় হবেন। নিজের বিদ্যা বা অপরের কৌশলের ওপর ভরসা না করে কেবলমাত্র ঈশ্বরের কৃপার ওপর ভরসা রাখ, কারণ তিনি বিনয়ীকে সাহায্য ও দাম্ভিককে অপদস্থ করেন।

তোমার ধন-ঐশ্বর্য থাকলে, তা নিয়ে গর্ব করো না; ক্ষমতা-শালী বন্ধু পেয়েও গর্বিত হয়ো না। যিনি সবই দিয়ে থাকেন, এমন কি নিজেকেও দিতে ইচ্ছা করেন, সেই ঈশ্বরকে পেয়ে গর্বিত হও।

শরীরের সুগঠন বা সৌন্দর্যের জন্য গর্ব করো না; কেননা সামান্য রোগেই সে সব নষ্ট বা বিকৃত হতে পারে। তোমার প্রতিভা বা বিদ্যার জন্য অহংকার করো না। এজন্য ঈশ্বর অসন্তুষ্ট হবেন; কারণ তোমার যা কিছু স্বাভাবিক গুণ আছে, সব তাঁরই দান।

অন্যের চেয়ে নিজেকে ভাল মনে করো না; পাছে যিনি মানুষের মনের কথা জানেন, সেই ঈশ্বরের দৃষ্টিতে তুমি হীন হয়ে পড়। সৎ-কাজের জন্যও অহংকার করো না; কেননা মানুষ ও ঈশ্বরের বিচার স্বতন্ত্র। মানুষ যা পছন্দ করে, ঈশ্বর প্রায়ই তা অপছন্দ করেন। তোমার নিজের কোন গুণ থাকলে ভাববে, অপরের আরও বেশী গুণ আছে; তাহলে মনে নম্রভাব পোষণ করতে পারবে। সকলের চেয়ে নিজেকে হীন মনে করলে কোন ক্ষতি হবে না; কিন্তু কারও চেয়ে নিজেকে বড় মনে করলে অনেক ক্ষতি হবে; বিনয়ী মনে সর্বদা শান্তি থাকে, কিন্তু অহংকারীর মন হিংসা ও ক্রোধে পরিপূর্ণ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অতিরিক্ত ঘনিষ্ঠতা ত্যাগ

"সকলের কাছে তোমার মনের কথা প্রকাশ করবে না." কিন্তু যার জ্ঞান ও ঈশ্বর-ভীতি আছে, তার সঙ্গে তোমার ব্যক্তিগত কথা আলোচনা কর। যুবক ও অপরিচিতদের সঙ্গে বেশী মেলামেশা করো না। ধনীদের তোষামোদ করো না-এবং ক্ষমতাশালীদের কাছে স্বেচ্ছায় যেও না।

নম্র, সরল, ভক্তিমান ও সদাচারী ব্যক্তিদের সঙ্গে সম্পর্ক রাখ এবং তাদের সঙ্গে মানসিক উন্নতি সাধন করতে পারে এমন বিষয়ে আলোচনা কর।

কোন বিশেষ নারীর সঙ্গে ঘনিষ্ঠতা রেখো না; কিন্তু সাধারণভাবে ভক্তিমতী নারীদের মঙ্গলের জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা কর। কেবলমাত্র ঈশ্বর ও তাঁর দূতগণের সঙ্গে ঘনিষ্ঠতা রাখতে চেষ্টা কর এবং মানুষের সংস্রব এড়িয়ে চলো।

যদিও সকলের প্রতি ভালবাসা দেখান উচিত, তবুও বেশী ঘনিষ্ঠতা না থাকাই ভাল। কখনো কখনো এমন ঘটে যে, কোন অপরিচিত ব্যক্তি সুখ্যাতির যোগ্য মনে হয়; কিন্তু সে যখন ঘনিষ্ঠ হয়, তখন লোকের চোখে তার খ্যাতি লোপ পায়। কখনো কখনো আমরা ভাবি যে, আমাদের আলাপে লোকে সন্তুষ্ট হয়; কিন্তু আলাপ করার সঙ্গে সঙ্গেই, আমাদের ত্রুটি বিচ্যুতি দেখে লোকে আমাদের অপছন্দ করে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৯

আনুগত্য ও অধীনতা

কারো কর্তৃত্বে থাকা, গুরুর অধীনে বাস করা এবং স্বেচ্ছাচারী না হওয়া খুবই বাঞ্ছনীয়। কর্তৃত্ব করার চেয়ে অধীন থাকা বেশী নিরাপদ। অনেকে ভক্তির খাতিরে নয়, প্রয়োজনের খাতিরে গুরুর অধীন থাকে। তাই এরা কষ্ট অনুভব করে এবং সহজেই বিরক্তি প্রকাশ করে। ঈশ্বরের প্রতি প্রকৃত ভালবাসার জন্য সর্বান্তঃকরণে তাঁর অধীন না হওয়া পর্যন্ত এরা মনে শান্তি পায় না।

তুমি যেখানেই ছুটোছুটি কর না কেন, গুরুর পরিচালনায় নম্রভাবে অধীন না থাকলে মনে শান্তি পাবে না। অন্যত্র গিয়ে অথবা স্থান পরিবর্তন করে অনেকে শান্তি লাভের আশা করে নিজেদের প্রবঞ্চনা করেছে।

একথা সত্য যে, যা করতে ভাল লাগে এমন কাজ সকলেই করতে চায় এবং তাদের সঙ্গে যারা একমত, তাদেরই সঙ্গে তারা থাকতে চায়। কিন্তু ঈশ্বর যদি আমাদের মধ্যে থাকেন, তাহলে, শান্তি রক্ষার জন্য কখন কখন নিজেদের মতকে অগ্রাহ্য করতে হবে।

কে এমন জ্ঞানী, যে সব বিষয় সম্পূর্ণভাবে জানতে পারে? তাই তোমার অভিমতের ওপর অতিরিক্ত নির্ভর করো না, বরং পরের মত শোনার জন্য আগ্রহী হও। তোমার মত ভাল হলেও যদি সেটি ঈশ্বরের প্রেমের জন্য ছেড়ে দাও এবং পরের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মত মান, তাহলে এতে তোমার প্রভূত উন্নতি হবে।

আমি অনেকবার শুনেছি—পরামর্শ দেওয়ার চেয়ে, পরামর্শ শোনা ও মেনে চলা বেশী নিরাপদ। এমনও হতে পারে যে, উভয়েরই মত ভাল ; কিন্তু অপরের মত যুক্তিসঙ্গত ও উপযোগী হলে, তা অগ্রাহ্য করা হচ্ছে অহংকার ও জেদের লক্ষণ।

১০

বাচালতা ত্যাগ

যতদূর সম্ভব মানুষের সংস্রব ত্যাগ কর, কারণ সংসারের ব্যাপারে জড়িত হলে অনেক বিপদ ঘটতে পারে। উদ্দেশ্য সৎ হলেও আমরা সংসারের অসারতায় সহজে প্রভাবিত এবং শেষে কলঙ্কিত হয়ে পড়ি। আহা, আমি যদি প্রায় নীরব থাকতাম এবং লোকদের সঙ্গে মেলামেশা না করতাম, তাহলে কতই না ভাল হত! আলাপ আলোচনার পর মনঃক্ষুণ্ণ অবস্থায় যদি নীরবতার আশ্রয় নিতে হয়, তবে কেন আমরা স্বচ্ছন্দে কথা বলি এবং অন্যের সঙ্গে গল্প করি? আমরা আলাপ-আলোচনা করতে ভালবাসি, কারণ এ থেকে পরস্পরের সান্ত্বনা পেতে ও নানা চিন্তায় ভারাক্রান্ত হৃদয়কে হালকা করতে চাই। আর যে সব বিষয় আমরা পছন্দ বা কামনা করি, এমন কি যে বিষয়গুলিকে বিরোধী বলে মনে করি, সেই সব বিষয়ে আলোচনা বা চিন্তা করতে আমাদের খুব ভাল লাগে।

কিন্তু হায়, ওসব চেষ্টা অনর্থক ও নিষ্ফল ; কারণ এই বাহ্য সান্ত্বনা আন্তরিক ও ঐশ্বরিক সান্ত্বনার যথেষ্ট ক্ষতি করে। তাই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমাদের সতর্ক থাকতে এবং প্রার্থনা করতে হবে, পাছে বৃথাই আমাদের সময় কেটে যায়। কথা বলা আবশ্যক ও উচিত হলে, শুধু এমন কথা বলবে যাতে পরস্পরের মানসিক উপকার হতে পারে। কু-অভ্যাস এবং আধ্যাত্মিক উন্নতি বিষয়ে ঔদাসীন্য আমাদের অসংযত কথাবার্তার প্রধান কারণ।

সমবেতভাবে আধ্যাত্মিক বিষয়ের আলাচনা বিশেষ ভাবে যখন বহু ব্যক্তি একত্রে একই চিন্তাধারা পোষণ করে ঈশ্বরের সঙ্গে মিলিত হয়, তখন আলোচনাটি আধ্যাত্মিক উন্নতি প্রবর্তন করে।

১১

শান্তিলাভ ও উন্নতির উদ্‌যোগ

লোকে কি বলে বা কি করে এবং যে সকল বিষয়ে আমাদের কোন উপকার হয় না, তা নিয়ে মাথা না ঘামালে আমরা বড় শান্তি পেতাম। যে অপরের ব্যাপারে নিজেকে জড়িয়ে বাহ্য বিষয়গুলি খুঁজে বেড়ায় এবং যে খুব কমই আত্মনিবিষ্ট হয়, সে কেমন করে বেশীদিন শান্তিতে থাকতে পারে? যারা সরল, তারাই ধন্য; কারণ তারা প্রকৃত শান্তি পাবে।

কয়েকজন সাধু কেমন করে এত পুণ্যবান ও ধ্যান-পরায়ণ হতে পেরেছেন? কারণ তাঁরা সর্বপ্রকার পার্থিব বাসনাকে সংযত রাখতে চেষ্টা করেছেন। ফলে তাঁরা সর্বান্তঃ-করণে ঈশ্বরের সঙ্গে সংযুক্ত থাকতে এবং স্বচ্ছন্দে নিজেদের আধ্যাত্মিক বিষয়ে মন দিতে পেরেছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কিন্তু আমরা অসৎ অভিলাষের বিষয়ে বেশী মন দিই এবং অস্থায়ী জিনিষ নিয়ে ব্যস্ত থাকি। ফলে আমরা প্রায়ই আমাদের কোন দোষকে একেবারে নির্মূল করতে পারি না এবং দিনের-পর-দিন উন্নতি করার বিষয়ে আগ্রহও দেখাই না; আর সেইজন্য আমরা বারবার শিথিল ও উদাসীন হয়ে থাকি।

আমরা যদি নিজেদের অস্তিত্ব একেবারে ভুলে যেতাম এবং অন্তরে কোন কিছুতেই জড়িত না থাকতাম, তাহলে স্বর্গীয় স্বাদ আমরা পেতাম এবং ঐশ-দর্শনের কিছুটা উপভোগ করতে পারতাম। এর একমাত্র ও প্রধান বাধা হচ্ছে—আমরা রিপু ও কু-অভিলাষের প্রভাব থেকে মুক্ত নই এবং সাধুদের সিদ্ধির পথে চলার চেষ্টা আমাদের নেই। আর সামান্য কোন বাধা এসে পড়লেই, আমরা খুব শীঘ্র হতাশ হয়ে পড়ি এবং মানুষের কাছে সান্ত্বনা পাবার জন্য ছুটে যাই।

আমরা যদি এই জীবন-সংগ্রামে বীরপুরুষদের মত স্থির থাকতে পারতাম, তবে অবশ্যই স্বর্গ থেকে ঈশ্বরের সাহায্য আমাদের উপর আসতে দেখতাম। কারণ তাঁর কৃপা দ্বারা তিনি তাদের সাহায্য করেন যারা অশুভ শক্তির সঙ্গে যুদ্ধরত হয়ে তাঁর উপর ভরসা রাখে। বরং তিনি নিজেই সংগ্রামের সুযোগ দেন যাতে আমরা জয়ী হই।

ধর্মানুরাগ বৃদ্ধির চেষ্টায় আমরা যদি শুধু বাহ্যিক আচার-অনুষ্ঠানের ওপর নির্ভর করি, তাহলে আমাদের ধর্ম-ভক্তি খুব শীঘ্রই শেষ হয়ে যাবে। অতএব এসো, মূলে কুঠারের আঘাত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দিই যাতে কু-প্রবৃত্তি থেকে মুক্ত হয়ে আমরা মানসিক শান্তি ভোগ করতে পারি।

প্রতি বছর আমরা যদি একটি করে রিপু ধ্বংস করতাম, তাহলে অল্প দিনেই আমরা পুণ্যাত্মা পুরুষ হয়ে উঠতাম। কিন্তু এখন আমরা তার বিপরীতই দেখছি ; অর্থাৎ ধর্মীয় জীবন গ্রহণের বহু বৎসর পরের চেয়ে, সেই জীবন গ্রহণের আরম্ভে আমরা অনেক ভাল এবং বেশী পবিত্র ছিলাম। আমাদের উদ্‌যোগ ও উন্নতি দিনের-পর-দিন বৃদ্ধি পাওয়া যদিও উচিত ছিল তবুও দেখা যায় যে, পূর্বেকার উদ্‌যোগের কিছুটা বজায় রাখতে পারা গেছে এটি বড় কথা। এখন থেকে আমরা যদি নিজেদের শাসনে রাখতে শুরু করতাম, তাহলে ভবিষ্যতে খুব সহজে এবং আনন্দের সঙ্গে সব-কিছু করতে পারতাম।

কোন কু-অভ্যাস ত্যাগ করা কঠিন, আরও কঠিন নিজের ইচ্ছার বিরুদ্ধে চলা। সামান্য ও সহজ বিষয়ে তুমি যদি জয়ী হতে না পার, তাহলে কঠিন বিষয়ে কি করে জয়ী হবে? তাই প্রথম থেকে তোমার আসক্তিকে প্রতিরোধ এবং কু-অভ্যাস ত্যাগ কর ; না হলে ক্রমশঃ অনেক বাধা দেখা দেবে।

আহা, তুমি যদি ভাবতে যে, সৎভাবে চলে তুমি নিজেকে কত শান্তি এবং অপরকে কত আনন্দ দিতে পার, তাহলে আমার মনে হয়, নিশ্চয়ই তুমি তোমার আধ্যাত্মিক উন্নতির জন্য আরও বেশী মনোযোগী হতে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১২

দুঃখ-কষ্টের উপকারিতা

মাঝে মাঝে দুঃখ-কষ্ট ও বাধা পাওয়া আমাদের পক্ষে ভাল ; কারণ এসব মানুষকে স্মরণ করিয়ে দেয় যে, ইহজগত নির্বাসন মাত্র এবং এখানকার কোন জিনিষের ওপর ভরসা রাখা যায় না। কখনো কখনো আমাদের পক্ষে প্রতিরোধ সৃষ্টি হওয়া মঙ্গল ; আবার সদভিপ্রায় নিয়ে ভাল কাজ করলেও লোকে আমাদের বিষয়ে যে মন্দ ভাবে বা অভিযোগ করে, এটিও আমাদের পক্ষে ভাল ; কারণ এর ফলে আমাদের নম্রতা বৃদ্ধি পায় এবং দম্ভ থেকে রক্ষা পাওয়া যায়। বাইরে মানুষ যখন আমাদের অপমান ও অবিশ্বাস করে, তখন অন্তরে ঈশ্বরকে সাক্ষীরূপে খুঁজে পাওয়া সহজ।

অতএব, মানুষকে ঈশ্বরের ওপর এমনভাবে নির্ভর করা উচিত যাতে মানুষের কাছে সান্ত্বনা খুঁজে বেড়াতে না হয়। যে লোকের মন সৎ সে যখনই কষ্ট পায় বা প্রলোভনে পড়ে অথবা দুশ্চিন্তার তাড়নায় নির্যাতিত হয়, সে তখনই বেশ বুঝতে পারে যে, ঈশ্বরকে তার বড়ই দরকার ; কারণ ঈশ্বরের সাহায্য ছাড়া সে কোন সৎকাজই করতে পারে না। ফলে সে তার কষ্টের জন্য দুঃখ পায়, কাঁদে ও প্রার্থনা করে ; তখন সে বেশীদিন বাঁচতে চায় না—সে মৃত্যু কামনা করে। তার একমাত্র ইচ্ছা "দেহ ধ্বংস হোক, আত্মা যেন খ্রীষ্টের সঙ্গে মিলিত হতে পারে।"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সে ভালভাবে বুঝতে পারে যে, প্রকৃত নিরাপত্তা এবং পরিপূর্ণ শান্তি এই জগতে পাওয়া অসম্ভব।

১৩

প্রলোভনের প্রতিরোধ

যতদিন আমরা এ জগতে বাস করব, ততদিন কষ্ট ও প্রলোভন থেকে আমরা মুক্ত হতে পারব না। তাই 'জোব'-এর গ্রন্থে লেখা হয়েছে, "পৃথিবীতে মানুষের জীবন একটি সংগ্রাম স্বরূপ।" অতএব প্রলোভন সম্পর্কে সকলেরই সতর্ক ও প্রার্থনায় সচেতন হওয়া দরকার। তবে যে শয়তান কখনো ঘুমায় না, বরং "কাকে গ্রাস করবে, সেই খোঁজে ঘুরে বেড়ায়" সে প্রতারণা করার সুযোগ পাবে না।

জগতে এমন কোন সাধু বা পুণ্যবান লোক নেই, যে কখনো প্রলোভনের সম্মুখীন হন নি। প্রলোভন থেকে সম্পূর্ণ মুক্ত থাকার ভাগ্য আমাদের নেই।

যাই হোক, প্রলোভনগুলি যদিও বিরক্তিকর ও ভয়ানক, তবু সেগুলি মানুষের পক্ষে প্রায় উপকারী হয়; কারণ প্রলোভনের অত্যাচারে মানুষ নম্র, নির্মল ও বিজ্ঞ হওয়ার সুযোগ পায়। সকল সাধুই বহু নির্যাতন ও প্রলোভন অতিক্রম করে উন্নতি করেছেন।. কিন্তু যারা প্রলোভনের প্রতিরোধ করতে পারে নি, তারা অধঃপতিত হয়েছে। পৃথিবীতে কোন ধর্মীয় সংঘ এত পবিত্র, অথবা কোন স্থান এত নিরাপদ নয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যেখানে নির্যাতন বা প্রলোভন প্রবেশ করতে পারে না।

মানুষ যতদিন বাঁচে ততদিন সে কোন প্রলোভন থেকে সম্পূর্ণ নিস্তার পায় না; কারণ, কু-প্রবৃত্তি থেকে আমাদের জন্ম হওয়ার ফলে প্রলোভন-উৎপত্তির মূল আমাদের মধ্যেই আছে। একটি প্রলোভন বা নির্যাতন শেষ হলে আর একটি আসে; তাই সর্বদা একটা-না-একটা প্রলোভনের অত্যাচার সইতেই হয়, কারণ আমরা আদিকালের সুখাবস্থা হারিয়েছি। কোন প্রলোভনকে এড়িয়ে চলার চেষ্টা করতে গিয়ে অনেকে আরও গভীরভাবে প্রলোভিত হয়। পালিয়ে পালিয়ে বেড়ালে জয়ী হওয়া অসম্ভব; ধৈর্য ও সত্যিকারের বিনয়ের সাহায্যে আমরা আমাদের প্রলোভনকারীর চেয়ে বলবান হতে পারি।

যে লোক প্রকাশ্যে পাপ এড়িয়ে চলে, কিন্তু পাপের মূল অন্তর থেকে উপড়িয়ে ফেলে না, সে খুব কমই উন্নতি করে। পাপের মূল থাকায় প্রলোভন আবার শীঘ্রই দেখা দেয়, যার ফলে মানুষের অবস্থার আরও অবনতি হয়। কঠোর চেষ্টা এবং হঠকারিতার চেয়ে ঈশ্বরের সাহায্য এবং দীর্ঘস্থায়ী ধৈর্য দ্বারা তুমি সহজে প্রলোভনকে জয় করতে পারবে। প্রলোভন দেখা দিলে বারম্বার সৎ-পরামর্শ নাও এবং অপর কেউ প্রলোভিত হলে তার সঙ্গে কঠোর ব্যবহার করো না; বরং যেভাবে তুমি সান্ত্বনা পেতে চাও, সেইভাবেই তাকে সান্ত্বনা দাও।

মনের অস্থিরতা ও ঈশ্বরে অল্প নির্ভরতাই হচ্ছে সকল প্রলোভন উৎপত্তির কারণ। হাল না থাকলে স্রোতের মুখে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নৌকা যেমন এদিক-ওদিক চলে যায়, তেমনি অলস ও সংকল্পহীন মানুষও নানাভাবে প্রলোভিত হয়। আগুনেই লোহার গুণ এবং প্রলোভনেই মানুষের সততার পরীক্ষা হয়ে থাকে। আমরা যে কতটা প্রলোভনকে প্রতিরোধ করতে পারি, তা প্রায়ই বুঝতে পারি না; তবে প্রলোভনের মাধ্যমে আমাদের ক্ষমতার পরীক্ষা হয়। প্রলোভনের শুরুতেই বিশেষ সতর্ক হতে হবে, কারণ শত্রু আমাদের হৃদয়ের দুয়ারে এসে পড়লে, আমরা যদি তাকে কিছুতেই ঢুকতে না দিই, বরং সে যখন দুয়ারে প্রথম আঘাত করে তখনই তার প্রতিরোধ করি, তাহলে তাকে খুব সহজেই পরাজিত করতে পারি। এজন্য একজন মহান কবি বলেছেন—"প্রথম থেকেই ব্যাধি প্রতিরোধ কর; রোগ বেশী দিনের হলে ওষুধে প্রতিকার করা শক্ত।" কারণ মনের মধ্যে প্রথমে জাগে একটি সামান্য চিন্তা, পরে সেখানে দেখা দেয় প্রবল একটি কল্পনা, তারপর আসে তৃপ্তি এবং শেষে কু-প্রবৃত্তির চালনায় পাপ করার সম্মতি। তাই কপট শত্রুকে প্রথম থেকে বাধা না দিলে, সে ক্রমে সম্পূর্ণভাবে মানুষের মধ্যে ঢুকে যাবে। শত্রুকে বাধা দানে উদাসীন হয়ে মানুষ যত দেরি করে, দিনের পরদিন সে ততই দুর্বল হয়ে পড়ে এবং তার শত্রু হয়ে ওঠে প্রবল।

কয়েকজন মন-পরিবর্তনের আরম্ভে, আবার কয়েকজন জীবনের শেষের দিকে প্রলোভনে বেশী ভোগে; কেউ কেউ আছে তারা প্রায় সারা জীবনই ভোগ করে। আবার এমন লোক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আছে, যারা অল্প পরিমাণে প্রলোভিত হয়। ঈশ্বরের পরিকল্পনা অনুযায়ী এবং তাঁর সুবিচারেই এটি হয়ে থাকে, কারণ তিনি মানুষের অবস্থা ও পুণ্যের কথা বিবেচনা করে তাঁর ভক্তদের মুক্তির জন্য সকল ব্যবস্থা আগে থেকে স্থির করে দেন।

সেইজন্য প্রলোভন এলে নিরাশ হওয়া উচিত নয়; বরং ঈশ্বর যাতে দয়া করে দুঃখ-কষ্ট ও প্রলোভনের দিনে আমাদের সাহায্য করেন, সেজন্য তাঁর কাছে আরও ভক্তির সঙ্গে প্রার্থনা করব। সাধু পৌল বলেছেন, "প্রলোভন আসার সঙ্গে সঙ্গে তাকে জয় করার জন্য ঈশ্বর তোমাদের শক্তি দেবেন।" তবে এস, সকল কষ্ট ও প্রলোভনের সময় আমরা আমাদের মনকে বিনীত করে ঈশ্বরের হাতে তা নিবেদন করি, কারণ নম্র চিত্তের লোককে তিনি বিপদ থেকে রক্ষা করেন এবং উন্নতও করেন।

উন্নতির পথে মানুষ কতটা এগিয়েছে, প্রলোভন এবং কষ্টের মাঝ দিয়েই তার পরীক্ষা হয়ে থাকে; এতে বেশী পুণ্য এবং সদ্‌গুণ লাভ করা সহজ হয়। পরীক্ষা যতদিন না হয়, মানুষ যে ঈশ্বর-ভক্ত ও উদ্‌যোগী হবেই এতে আশ্চর্য হবার কিছুই নেই। কিন্তু পরীক্ষার সময় সে যদি ধীর থাকে, তবে আশা করা যায়, তার বেশ উন্নতি হয়েছে। কয়েকজন গুরুতর প্রলোভনকে জয় করতে পারে, কিন্তু সাধারণ প্রলোভনের বশবর্তী হয়ে দুর্বল হয়ে পড়ে। এসব ঘটে যেন সামান্য পরীক্ষায়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অকৃতকার্য হয়ে তারা নিজেদের শক্তিতে নির্ভর করে গুরুতর প্রলোভনের সম্মুখীন না হতে যায়।

১৪

বিবেচনাহীন বিচার ত্যাগ

নিজের প্রতি দৃষ্টি রেখে পরের চলাফেরা এবং অন্যের কাজের বিচার করতে যেয়ো না—পরের বিচার করতে গেলে, পরিশ্রম বৃথা হয়, প্রায় ভুলও হয় এবং সহজেই পাপ হয়; কিন্তু নিজেকে বিচার ও পরীক্ষা করলে সে পরিশ্রম সব সময় সফল হয়। পরের বিচার করতে গেলে আমরা আমাদের স্বার্থ অনুযায়ী প্রায়ই বিচার করে থাকি। প্রকৃতই আমাদের নিজেদের স্বার্থের প্রতি অনুরক্ত হয়ে আমরা তখন নিঃস্বার্থ ভাবে বিচার করতে পারি না।

আমাদের ইচ্ছা-বাসনার একমাত্র লক্ষ্য যদি ঈশ্বরই হতেন, তাহলে আমাদের যা অপছন্দ তা ঘটলেও এত সহজে আমরা উত্তেজিত হতাম না। কিন্তু আমাদের অন্তরে এমন প্রবণতা থাকে এবং বাইরে এমন স্বার্থ দেখা দেয়, যা মিলিত ভাবে উভয়ে আমাদের প্রবল আকর্ষণ করে। ফলে অনেকে না জেনে যা কিছু করে, তার মধ্যে তারা শুধু নিজেদের সুবিধা খোঁজে। এর প্রমান—যখন সব কিছু তাদের ইচ্ছা ও মত অনুযায়ী ঘটে, তখন তারা বেশ শান্তিতে থাকে, কিন্তু তাদের মতের প্রতিকূল কিছু ঘটলে, তারা সঙ্গে সঙ্গে অস্থির ও দুঃখিত হয়ে পড়ে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অভিমত এবং মনোভাব ভিন্ন হওয়ার ফলে বন্ধু ও নাগরিকদের মধ্যে, এমন কি ধর্ম-ব্রতাবলম্বী ও ধর্মভক্তদের মধ্যেও প্রায় বিবাদ সৃষ্টি হয়।

পুরানো চিন্তাধারা পরিবর্তন সহজে করা যায় না, আর কেউ নিজের মনোভাবের বাইরে সহজে যেতে চায় না। তুমি যদি যীশুখ্রীষ্টের শক্তির আশ্রয় নেওয়ার চেয়ে নিজের যুক্তি ও অভিজ্ঞতার ওপর বেশী নির্ভর কর, তাহলে তুমি জ্ঞানের আলো প্রায় পাবে না এবং পেলেও দেরীতে পাবে; কারণ ঈশ্বর চান যে, আমরা তাঁর সম্পূর্ণ অধীন থাকি এবং জ্বলন্ত প্রেমের জন্য নিজেদের সব অভিমত অতিক্রম করি।

১৫

প্রেমের স্বার্থে কাজ

জগতের যে কোন জিনিষ বা যে কোন ব্যক্তির প্রেমের স্বার্থে কখনো অন্যায় করতে নেই। বরং ব্যক্তি বিশেষের প্রয়োজন মত বা তার চেয়ে মহত্তর কোন শুভ কাজ করার জন্য কোন সৎকাজ সময় সময় স্বচ্ছন্দে ছেড়ে দেওয়া উচিত। এই ভাবে পরিত্যক্ত সৎকাজটি নষ্ট হয় না, বরং আরও শুভ কার্যে পরিণত হয়। প্রেম না থাকলে প্রকাশ্যে যে কোন কাজ করা হোক না কেন তা সাফল্যমণ্ডিত হয় না; কিন্তু প্রেমের সঙ্গে যা করা হয়, তা যতই সামান্য ও তুচ্ছ হোক না কেন সাফল্যদায়ক হবেই। কেননা কতটা কাজ করা হয়েছে, তা না দেখে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কতখানি উদ্‌যোগ ও প্রেম নিয়ে সেই কাজ করা হয়েছে, ঈশ্বর তাই দেখেন।

যে বেশী প্রেম করে, সে বেশী কাজ করে। আর যে নিজের কর্তব্য ভালভাবে করে, সে-ই বেশী কাজ করে। যে নিজের সুবিধার জন্য নয়, কিন্তু জনসাধারণের উপকারের জন্য কাজ করে সে ভালই করে। প্রায় দেখা যায়, যা প্রেম বলে মনে হয়, তা হচ্ছে নিছক স্বার্থপরতা; কারণ কাজের মধ্যে স্বাভাবিক প্রবৃত্তি, স্বেচ্ছাচার, পুরস্কারের আশা এবং সুখ-সুবিধার অনুসন্ধানের চেষ্টা প্রায় দেখা দেয়।

যার সত্যিকার এবং নির্মল প্রেম আছে, সে কিছুতেই নিজের স্বার্থ খোঁজে না; সে শুধু চায়—সব বিষয়েই ঈশ্বরের মহিমা প্রতিষ্ঠিত হোক। সে কাউকে হিংসা করে না; কারণ ব্যক্তিগত কোন সুখের লোভ তার নেই। সবার উপর তার কাম্য সুখ হচ্ছে—ঈশ্বরের মিলনে ধন্য হওয়া। যা কিছু মঙ্গলদায়ক তা মানুষে আরোপ না করে, সে কেবল ঈশ্বরে তা আরোপ করে; কারণ সব কিছু ঈশ্বরের কাছ থেকে আসে এবং জীবনের শেষে সাধুরা তাঁর মধ্যেই আনন্দে বিশ্রাম করেন।

আহা, প্রকৃত প্রেমের একটি কণা যদি কারও অন্তরে থাকত, তাহলে পার্থিব বিষয়ের অসারতা সে নিশ্চয়ই বুঝতে পারতো!

১৬

পরদোষে সহিষ্ণুতা

নিজের বা পরের যে সব দোষ মানুষ সংশোধন করতে পারে না, ঈশ্বর যে পর্যন্ত অন্য ব্যবস্থা না করেন, মানুষকে সেই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পর্যন্ত সেই দোষগুলো ধৈর্যের সঙ্গে সহ্য করতে হবে। ভেবে দেখ, তোমার গুণ ও ধৈর্য পরীক্ষা করার জন্য এ সব দোষ থাকা ভাল; কারণ এ ছাড়া আমাদের সৎকাজ খুব মূল্যবান হবে না। তবে তোমার এই সকল পরীক্ষার জন্য, ঈশ্বরের কাছে তোমাকে অনুরোধ করতে হবে, তিনি যেন দয়া করে তোমাকে সাহায্য করেন এবং তোমার দুর্বলতা সহ্য করার শক্তি দেন।

কোন লোককে দু' একবার সতর্ক করার পরও সে যদি দোষ এড়িয়ে না চলে, তবে তার সঙ্গে বিবাদ করো না; বরং সবই ঈশ্বরের হাতে ছেড়ে দাও—কারণ এতেই তাঁর ইচ্ছা পূর্ণ হয় এবং তাঁর সেবকদের মধ্যে তিনি সম্মানিত হন। একমাত্র তিনিই তো জানেন—কি করে অমঙ্গলকে মঙ্গলে পরিণত করতে হয়।

পরের দোষত্রুটি ও সব রকমের দুর্বলতা ধৈর্যের সঙ্গে সহ্য করতে চেষ্টা কর; কারণ তোমারও অনেক দোষ আছে, যা পরকে সহ্য করতে হয়। তুমি যখন নিজেকে নিজের মনের মত গড়ে তুলতে পার না, তখন অন্যকে কি করে নিজের মনের মত গড়ে তুলতে পারবে? অন্য লোক একেবারে নির্দোষ হোক—এ আমরা আশা করি; কিন্তু আমরা যে নিজেদের দোষই সংশোধন করি না!

আমরা চাই, অন্যকে কড়া শাসন করা হোক, কিন্তু কেউ আমাদের শাসন করুক, এ আমরা চাই না। অপরকে কিছু করার অনুমতি দেওয়া হলে আমরা অসন্তুষ্ট হই, কিন্তু আমাদের কোন কিছু অস্বীকার করা হয়, এ আমরা চাই না। আমরা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্যকে বিধিব্যবস্থার অধীন দেখতে চাই, কিন্তু নিজেরা কারও অধীন হতে চাই না। এ থেকেই প্রমাণ হয় যে, প্রতিবেশীকে আমরা খুব কমই নিজেদের মত করে দেখি। সকল মানুষ যদি সম্পূর্ণ নির্দোষ হত, তাহলে ঈশ্বরের ভালবাসার স্বার্থে মানুষের কাছে আমাদের কী-ই বা সহ্য করার থাকত?

কিন্তু ঈশ্বর "একে অন্যের ভার বইতে হবে" এই ব্যবস্থা করেছেন। কারণ নির্দোষ বলতে কেউ নেই, ভারমুক্ত কেউ নেই, স্বাবলম্বী কেউ নেই, যথেষ্ট জ্ঞানীও কেউ নেই। এ জন্যই আমাদের পরস্পরকে সহ্য করা, সান্ত্বনা দেওয়া, সাহায্য করা এবং শিক্ষা ও চেতনা দান করা উচিত।

কার কতটা সদ্‌গুণ আছে, পরীক্ষার সময় তা বেশ বোঝা যায়; কারণ পরীক্ষা মানুষকে দুর্বল করে না, বরং সে কি ধরণের, তারই প্রমাণ দেয়।

১৭

ধর্মাশ্রম জীবন

তুমি যদি অন্যের সঙ্গে শান্তি ও মিল রাখতে চাও, তবে নানা বিষয়ে নিজেকে সংযত করার বিদ্যা তোমাকে শিখতে হবে। ধর্মাশ্রমে বা ধর্ম-সংঘে বাস করে, নির্বিবাদে একসঙ্গে জীবন যাপন করা এবং মৃত্যু পর্যন্ত বিশ্বস্তভাবে ধীর-স্থির থাকা সামান্য ব্যাপার নয়। যে ব্যক্তি সেখানে থেকে ভালভাবে জীবন যাপন করে এবং আনন্দে জীবন-কাল সমাপ্ত করে সে ধন্য!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সেখানে ঠিকমত থাকতে হলে এবং উন্নতি করতে হলে, নিজেকে পৃথিবীতে প্রবাসী ও তীর্থযাত্রী মনে করতে হবে। তুমি যদি ধর্মব্রতী জীবন যাপন করতে চাও, তাহলে খ্রীষ্টের প্রেমের স্বার্থে তোমাকে হয়ত নির্বোধের মত হতে হবে।

আদর্শ ধর্মব্রতী হওয়ার জন্য বিশেষ পোষাক পরা বা মস্তক মুণ্ডন বিশেষ কোন কাজের নয়, কিন্তু অসৎ আচরণ সদাচরণে পরিবর্তন ও কু-প্রবৃত্তির সম্পূর্ণ দমন ধর্মব্রতীকে গড়ে তোলে। যে ব্যক্তি ধর্মাশ্রমে থেকে ঈশ্বর ও নিজের আত্মার মুক্তি ছাড়া অন্য কিছু খুঁজে বেড়ায়, সে শুধু দুঃখ ও কষ্টই পায়। যে নিজেকে সকলের ছোট ও সকলের অনুগত করার চেষ্টা করে না, সে সেখানে বেশীক্ষণ শান্তিতে বাস করতে পারে না।

কর্তৃত্ব করার জন্য নয়, সেবা করার জন্য ধর্মাশ্রমে তুমি এসেছ। মনে রেখো, কষ্টভোগ বা পরিশ্রম করার জন্য তোমাকে এখানে ডাকা হয়েছে, অলস তবে গল্পগুজব করে সময় কাটানোর জন্য নয়। যেভাবে সোনাকে আগুনে পরীক্ষা করা হয়, ধর্মাশ্রমে মানুষকে সেইভাবে পরীক্ষা করা হয়ে থাকে। ঈশ্বরের জন্য মনেপ্রাণে নিজেকে অবনত করতে রাজী না হলে, কেউই এখানে থাকতে পারে না।

১৮

সাধুদের আদর্শ

সাধু ধর্ম-গুরুদের উজ্জ্বল দৃষ্টান্তের কথা ভাবো; প্রকৃত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সিদ্ধিলাভের ইচ্ছা তাঁদের ছিল। এর থেকে বুঝবে, আমরা যা করি, তা কত সামান্য ; বলতে গেলে কিছুই নয়। হায়, তাঁদের জীবনের সঙ্গে তুলনা করলে, আমাদের জীবন-যাত্রা কি নগণ্য ! এই সকল সাধু, এই খ্রীষ্টের বন্ধুগণ ক্ষুধা-তৃষ্ণায়, শীত-গ্রীষ্মে, বস্ত্রাভাবে, শ্রম-শ্রান্তিতে, জাগরণ-উপবাসে, প্রার্থনা ও পবিত্র ধ্যানে, উৎপীড়ন এবং নানাপ্রকার অপমান সহ্য করে প্রভুকে সেবা করেছেন।

প্রেরিতশিষ্য, ধর্ম-শহীদ, ধর্মবীর ও কুমারীগণ এবং অন্যান্য খ্রীষ্ট-অনুসরণকারীরা কী ভীষণ এবং দুর্বহ কষ্টই না ভোগ করেছেন ! তাঁরা তো ইহলোকে নিজেদের জীবনকে তুচ্ছ ভেবেছেন—"যাতে তাঁরা অনন্ত জীবনকে চিরকালের জন্য পেতে পারেন।"

আহা, সেই ধর্মগুরুগণ অরণ্যে কত না কঠোর ও সংযত জীবন-যাপন করেছেন ! তাঁরা কত না দীর্ঘস্থায়ী ও গুরুতর প্রলোভনের সম্মুখীন হয়েছেন। কতবার তাঁরা শত্রুর দ্বারা উৎপীড়িত হয়েছেন। তাঁরা বারবার ভক্তিপূর্ণ আন্তরিক প্রার্থনা ঈশ্বরের কাছে নিবেদন করেছেন। পান-আহারেও তাঁরা কেমন সংযত ছিলেন ; নিজেদের আধ্যাত্মিক কল্যাণের জন্য তাঁদের কেমন গভীর ধর্মানুরাগ ও উদ্‌যোগ ছিল। নিজেদের ইন্দ্রিয়ের প্রবৃত্তিগুলিকে দমনের জন্য তাঁরা কি কঠোর সংগ্রামে রত ছিলেন। ঈশ্বরের কাছে তাঁদের অভিপ্রায় কেমন পবিত্র ও সৎ ছিল। তাঁরা সারাদিন কাজ করতেন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এবং রাত্রিতে দীর্ঘ সময় প্রার্থনায় কাটাতেন। কাজের সময়েও তাঁরা মনে মনে প্রার্থনা করতেন। সময়ের প্রত্যেক মুহূর্তকেই তাঁরা সার্থক করে তুলতেন ; আর যে সময় তাঁরা শুধু ঈশ্বরকে দিতেন, সে সময়টুকু তাঁদের কাছে ক্ষণস্থায়ী বলে মনে হত। ধ্যানে তাঁরা এমন মাধুর্য অনুভব করতেন যে, শরীরের প্রয়োজনীয় জিনিষের কথাও তাঁরা ভুলে যেতেন। ধন-দৌলত, মান-সম্মান, কর্তৃত্ব-প্রতিপত্তি, বন্ধু-বান্ধব এবং আত্মীয়-স্বজনকেও তাঁরা ত্যাগ করতেন ; কারণ সংসারের কিছুই তাঁরা কামনা করতেন না। জীবন ধারণে যা নিতান্ত আবশ্যক, শুধুমাত্র তাই তাঁরা গ্রহণ করতেন ; প্রয়োজন হলেও শরীরের সেবা করতে তাঁরা বিরক্তি বোধ করতেন। পার্থিব বিষয়ে তাঁরা ছিলেন দরিদ্র, কিন্তু ঐশ-কৃপায় ও সদ্‌গুণে তাঁরা ছিলেন খুবই ধনী। বাইরে তাঁরা ছিলেন অভাবগ্রস্থ, কিন্তু অন্তঃকরণে ঐশ-কৃপা ও সান্ত্বনায় তাঁরা পরিতৃপ্ত ছিলেন।

সংসারের কাছে তাঁরা ছিলেন সম্পর্কহীন ; কিন্তু ঈশ্বরের নিকট তাঁরা ছিলেন আপনজন ও ঘনিষ্ঠ। নিজেদের চোখে তাঁরা ছিলেন তুচ্ছ, সংসার তাঁদের হেয়জ্ঞান করত, কিন্তু ঈশ্বরের চোখে তাঁরা ছিলেন মূল্যবান ও প্রিয়। তাঁরা সত্যিকারের বিনয় আচরণ করতেন, সরল আনুগত্যের সঙ্গে বাস করতেন, ধৈর্য ও প্রেম নিয়ে কাজ করতেন ; তাই দিন দিন আত্মাতে উন্নত হয়ে, তাঁরা ঈশ্বরের কাছে প্রচুর কৃপা লাভ করতেন। সকল ধর্মব্রতীদের কাছে যখন আদর্শ রূপে তাঁদের দেওয়া হয়েছে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তখন বুঝতে হবে যে, উদ্যমহীন লোকদের দল, যাদের সংখ্যা নেহাৎ কম নয়, তারা আমাদের যতটা উদাসীন করতে পারে, উক্ত সাধুদের আদর্শ তার চেয়ে অনেক বেশী উন্নতির দিকে আমাদের অনুপ্রাণিত করতে পারে।

আহা, তাঁদের ধর্মসংঘ প্রতিষ্ঠার আরম্ভের দিকে ধর্ম-ব্রতীদের কত না আগ্রহ ছিল! প্রার্থনায় তাঁদের ছিল কত ভক্তি! গুণ-লাভের জন্য পরস্পরের মধ্যে কেমন প্রতিযোগিতা এবং নিয়মানুবর্তিতা তাঁদের ছিল! অধ্যক্ষের কর্তৃত্ব মেনে চলায় সকলের মধ্যে কেমন শ্রদ্ধা ও আনুগত্য ফুটে উঠতো! অমন প্রবল সংগ্রাম করে জগতকে যাঁরা পদতলে রাখতে পেরেছেন, তাঁদের পদচিহ্ন এখনো সাক্ষ্য দেয় যে, তাঁরা কত সাধু ও পুণ্যবান পুরুষ ছিলেন। কিন্তু হায়, আজকাল যে ধর্মব্রতী কেবলমাত্র আইন লঙ্ঘন করে না এবং ধৈর্যের সঙ্গে কারো অভদ্র ব্যবহার সহ্য করে, তাকে মহান মনে করা হয়!

হায়, আজকাল আমরা কেমন উদ্‌যোগহীন ও শিথিল হয়ে পড়েছি! আমরা কত তাড়াতাড়ি পূর্বেকার সংকল্প থেকে সরে এসেছি। বর্তমান আলস্য ও শৈথিল্যের জন্য আমাদের আর বাঁচতে ভাল লাগে না!

তুমি অনেকবার ধার্মিকদের উজ্জ্বল দৃষ্টান্ত দেখেছ; তাই আশা করি সদ্‌গুণ লাভের জন্য তোমার আগ্রহ একেবারে ঝিমিয়ে পড়বে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

LIBRARY

১৯

ধর্মব্রতীর সাধনা

প্রকৃত ধর্মব্রতীর জীবন সকল প্রকার সদ্‌গুণে ভূষিত হওয়া চাই। বাইরে মানুষের চোখে সে যেমন দেখায়, অন্তরেও তাকে ঠিক তেমনি গুণবান হতে হবে। বরং বাইরে যে রকম দেখায়, তার চেয়ে তাকে ভেতরেই বেশী সৎ হতে হবে; কারণ ঈশ্বর আমাদের অন্তরই দেখেন; তাঁর প্রতি সর্বত্র অকৃত্রিম শ্রদ্ধা আমাদের দেখাতে হবে এবং স্বর্গদূতদের মত আমাদের পবিত্র ভাবে চলতে হবে। প্রত্যেক দিন আমাদের নতুন করে সংকল্প গ্রহণ করতে হবে এবং নিজেদের আরও উদ্‌যোগী করে তুলতে হবে যেন বোধ হয় আজই আমরা প্রথম মন-পরিবর্তন করেছি। আমাদের বলতে হবে—"হে প্রভু ঈশ্বর, আমার সৎ-সংকল্প সাধনে ও তোমার সেবার কাজে তুমি আমাকে সাহায্য কর! কৃপা কর যেন আজ থেকেই আমি পুণ্যের পথে চলতে শুরু করি, কারণ এ পর্যন্ত যা করেছি তা কিছুই নয়।"

আমাদের সংকল্প যেমন, অগ্রগতিও তেমনি হবে; আর যে ব্যক্তি পুণ্যের পথে অগ্রসর হতে চায়, তাকে খুব বেশী মনোযোগী হতে হবে। কারণ দৃঢ় সংকল্প গ্রহণ করেও মানুষে যখন প্রায় অকৃতকার্য হয়, না জানি যে কদাচিৎ দুর্বল সংকল্প গ্রহণ করে, তার কি হবে? বিভিন্ন কারণে আমাদের সংকল্পের ত্রুটি ঘটে, আর নিজ নিজ কর্তব্য পালনে সামান্য ত্রুটিও প্রায়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ক্ষতি ছাড়া হয় না। ধার্মিকদের সংকল্প নিজেদের ক্ষমতার চেয়ে ঈশ্বরের কৃপার ওপরই বেশী নির্ভর করে। তাঁরা যা কর্তব্য স্থির করেন, সর্বদাই ঈশ্বরে নির্ভর করে তা করেন। "মানুষ সংকল্প করে, আর ঈশ্বর তার ব্যবস্থা করে দেন।" "নিজের গতি নির্ধারণ করার অধিকার মানুষের নেই"।

ধর্ম-কর্মের জন্য বা ভাইদের উপকারের জন্য যদিও কখনো কখনো নির্দিষ্ট সাধনা ত্যাগ করতে হয়, তবুও সহজেই তার প্রতিকার হয়; কিন্তু মনের বিরক্তি বা অমনোযোগিতার জন্য যদি নির্দিষ্ট সাধনা অবহেলা করি, তাহলে তাতে যথেষ্ট দোষ হয় এবং প্রভূত ক্ষতিও হয়; যতই চেষ্টা করি না কেন, আমরা সহজেই অনেক বিষয়ে ত্রুটি করি। তবুও সব সময় কোন নিশ্চিত সংকল্প এবং বিশেষ করে, যে ত্রুটি আমাদের বেশী বাধা দেয়, তার বিরুদ্ধে সংকল্প গ্রহণ করতেই হবে। আমাদের ভিতর-বার সকল ত্রুটি পরীক্ষা ও সংশোধন করা দরকার; কারণ আধ্যাত্মিক সিদ্ধি লাভে দুই দিকেই দৃষ্টি দিতে হবে।

তুমি যদি সর্বক্ষণ আত্ম-নিবিষ্ট না হতে পার, তবে সময় সময় তা হতে চেষ্টা কর। দিনে অন্ততঃ একবার, অর্থাৎ সকালে বা সন্ধ্যায় নিজের বিষয়ে মনোনিবেশ করবে। সকালে কোন একটি সংকল্প কর এবং সন্ধ্যায় তোমার আচার-ব্যবহার, কথা, কাজ ও চিন্তায় কি করেছ, তা পরীক্ষা কর। হয়ত' এ বিষয় নিয়ে ঈশ্বর ও প্রতিবেশীর বিরুদ্ধে তুমি বহুবার দোষ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করেছ। শয়তানের কদর্য আক্রমণের বিরুদ্ধে বীরের মত দাঁড়ানোর জন্য প্রস্তুত হও; খাদ্য-পানীয়ের প্রতি লোভকে দমন কর, তাহলে ইন্দ্রিয়ের সমস্ত ইচ্ছাকে সহজে নিজ আয়ত্বে আনতে পারবে। কখনো একেবারে অলস হয়ে থেকো না; কিন্তু লেখা-পড়া, প্রার্থনা-ধ্যান অথবা সাধারণের পক্ষে মঙ্গলজনক কোন কাজে রত থাক।

শারীরিক কৃচ্ছ্রসাধন করতে হলে যুক্তিসঙ্গতভাবে তা করবে; ব্যক্তি নির্বিশেষে সকলে যে সমান কৃচ্ছ্রসাধন করবে এমন নয়। যে কৃচ্ছ্রসাধন সকলের উপযোগী নয়, সে সব প্রকাশ্যে করতে নেই; ব্যক্তিগত কৃচ্ছ্রসাধনগুলি যথাযথভাবে গোপনে করাই ভাল। তবুও তোমাকে সাবধান হতে হবে, যেন নিয়মাবদ্ধ কৃচ্ছ্রসাধনের ব্যাপারে আলস্য এবং ব্যক্তিগত সাধনাগুলিতে বেশী আগ্রহ না দেখাও। তোমার নির্দিষ্ট কর্তব্য কর্ম সম্পূর্ণভাবে এবং বিশ্বস্ততার সঙ্গে সম্পাদন করার পর সময় থাকলে তোমার মনের ভক্তি অনুসারে, ব্যক্তিগত সাধনা-গুলি পালন করতে পারবে। সকলের সাধনা একই প্রকারের হতে পারে না। যেটি যার পক্ষে উপযুক্ত, অর্থাৎ একজনের একরকম এবং অন্যজনের অন্য রকম—এইভাবে সাধনা করা যেতে পারে।

বিভিন্ন সময়ে, ভিন্ন ভিন্ন সাধনা মানিয়ে নিতে হবে। কতকগুলি সাধনা পর্বদিনে, আবার কতকগুলি সাধারণ দিনে উপযোগী বলে বিবেচিত হয়। প্রলোভনের সময় একপ্রকার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এবং শান্তি ও বিশ্রামের সময় অন্ত প্রকারের সাধনা প্রয়োজনীয় বলে মনে হয়।

মনকষ্টের সময় এক প্রকার বিষয় এবং প্রভুর আবেগে আনন্দিত হলে অন্ত প্রকার বিষয় ভাবতে আমাদের ইচ্ছা হয়।

শ্রেষ্ঠ পর্বদিনগুলিতে আমাদের ধর্মানুষ্ঠান আরও উদ্‌যোগের সঙ্গে উদ্‌যাপন করা এবং পুণ্যাত্মাদের সুপারিশ লাভের জন্ত আরও আগ্রহের সঙ্গে অনুরোধ করা ভাল। প্রত্যেকটি পর্বে পরবর্তী পর্বের জন্ত আমাদের কোন সৎ সংকল্প গ্রহণ করতে হবে; এমনিভাবে করতে হবে যেন বোধ হয় আমরা তখন ইহলোক ছেড়ে দিয়ে স্বর্গে অনন্ত পর্বে যোগ দিতে চলেছি। তাই ধর্মীয় উৎসব উপলক্ষে নিজেদের আরও মনোযোগের সঙ্গে তৈরী করতে এবং আরও বেশী ভক্তি দেখিয়ে চলতে হবে; পরন্তু খুব শীঘ্রই ঈশ্বরের কাছ থেকে আমাদের শ্রমের পুরস্কার গ্রহণ করতে যাব, এই কথা ভেবে আমাদের প্রত্যেক কর্তব্য নিষ্ঠার সঙ্গে পালন করতে হবে। আর যদি সেই পুরস্কার পেতে দেরি হয়, তবে ভাবতে হবে—আমরা এখনো ঠিকমত তৈরী হতে পারিনি; নয়তো যে মহান্ গৌরব নির্দিষ্ট সময়ে আমাদের দেখান হবে, তা পাবার যোগ্য আমরা এখনও হতে পারিনি। অতএব পরলোক গমনের জন্ত উপযুক্তভাবে প্রস্তুত হবার চেষ্টা আমাদের করতেই হবে।

সাধু লুক লিখিত সু-সমাচারে যীশু বলেন—"ধন্ত সেই সেবক, মনিব এসে যাকে জাগ্রত দেখতে পাবেন! আমি তোমাদের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সত্য কথাই বলছি—তিনি তাঁর সর্বস্বের কর্তৃত্ব তাকে দান করবেন।"

২০

নির্জনতা ও নীরবতা-প্রীতি

তোমার নিজের আধ্যাত্মিক উন্নতির কথা ভাবার জন্য উপযুক্ত সময় খুঁজে নাও এবং ঈশ্বরের অনুগ্রহের কথা সর্বদা চিন্তা কর; সকল প্রকার কৌতুহল পরিহার কর। এমন সব বিষয়-বস্তু পড়, যা তোমাকে ব্যস্ত রাখার চেয়ে অনুতাপ এনে দেবে। বাজে গল্পগুজব, অলস ভাবে ঘোরাফেরা এবং সত্ত প্রচারিত খবরা খবর ও জনরব শ্রবণ থেকে যদি দূরে থাক. তাহলে, সুষ্ঠুভাবে ধ্যান করার জন্য তুমি উপযুক্ত ও প্রচুর সময় পাবে। মহান সাধুগণ যতদূর সম্ভব মানুষের সংস্রব ত্যাগ করে নির্জনে ঈশ্বরের উপাসনা করতে বড় ভালবাসতেন।

একজন দার্শনিক বলেছেন—"যতবার আমি মানুষের সঙ্গে মিশেছি, ততবার হীন মানুষ হয়ে ফিরেছি।" দীর্ঘ সময় আমরা যখন মানুষের সঙ্গে কথাবার্তা বলেছি, তখন ঐ কথার সত্যতা উপলব্ধি করতে পেরেছি। অতিরিক্ত কথা বলার চেয়ে একেবারে চুপ করে থাকা সহজ। বাইরে নিজেকে সতর্ক রাখার চেয়ে গৃহবন্দী হয়ে থাকা বরং সহজ। যে আন্তরিক ভাবে আধ্যাত্মিক-পর্যায়ে উপনীত হতে চায়, তাকে জনতা থেকে সরে এসে শুধু যীশুর সঙ্গে থাকতে হবে। যে নির্জনে থাকতে আনন্দ পায়, সেই নিরাপদে লোকদের সঙ্গে মিশতে পারে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যে চুপ করে থাকতে ভালবাসে, সে নিরাপদে কথা বলতেও পারে। যে অধীন থাকতে পছন্দ করে, সে নিরাপদে কর্তৃত্ব করতে পারে। যে ঠিকমত অনুগত হতে শিখেছে, সে নির্বিঘ্নে আদেশ করতেও পারে।

যার অন্তরে সৎ-বিবেকের সাক্ষ্য আছে, সেই নিশ্চিন্তে আনন্দভোগ করে। সাধুদের নিরাপত্তা সর্বদা ঈশ্বর-ভীতির সঙ্গে যুক্ত ছিল। খুব বেশী সৎগুণ ও ঐশ-কৃপায় ভূষিত ছিলেন বলে তাঁরা যে নিজেদের বিষয়ে কম সতর্ক বা কম বিনীত ছিলেন তা নয়। পক্ষান্তরে দুরাচারীদের নিরাপত্তা অহংকার এবং দুঃসাহস থেকে যা আসে এবং পরিণামে তা নৈরাশ্যে পরিণত হয়। তুমি খাঁটি মঠবাসী বা ভক্ত অরণ্যবাসী বলে পরিচিত হলেও ইহজীবনে নিজেকে নিরাপদ ভেবো না।

অনেকবার যারা মানুষের বিচারে খুব ভাল বলে বিবেচিত হয়েছিল, তারা অতিরিক্ত আত্মনির্ভরতার ফলে নিজেদের বিপদ-গ্রস্তও করেছে। এজন্য একেবারে প্রলোভন-মুক্ত না হয়ে বারবার নির্যাতিত হওয়া অনেকের পক্ষে বরং ভাল। তাহলে তারা নিজেদের নিরাপদ ভাববে না, অহংকারে স্ফীত হবে না এবং পার্থিব সুখে সহজে আকৃষ্ট হবে না। আহা, যে ব্যক্তি কখনো অস্থায়ী আনন্দ খোঁজে না বা সংসারের জালে জড়িয়ে পড়ে না তার বিবেক কত না সৎ! আহা, যে ব্যক্তি সবরকম বাজে চিন্তা দূর করে শুধু নিজের আত্মার মুক্তি ও ঈশ্বরের বিষয় চিন্তা করে এবং তার সমস্ত আশা ঈশ্বরে স্থাপন করে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সে কত শান্তি ও সান্ত্বনা ভোগ করবে!

মনোযোগের সঙ্গে প্রকৃত অনুতাপ করতে অভ্যস্ত না হলে কেউই দিব্য সান্ত্বনা পাবার যোগ্য হয় না। তুমি যদি অন্তরে অনুতাপ অনুভব করতে চাও, তাহলে তোমার কক্ষে প্রবেশ কর এবং সংসারের গোলযোগ থেকে দূরে থাক—যেমন লেখা আছে, "নিজ কক্ষে অনুশোচনা কর।" এতে দেখবে বাইরে যা প্রায় পাওয়া যায় না—তোমার কক্ষে তাই পাবে। নিজ কক্ষে প্রায় অবস্থান করলে, ক্রমশঃ তা মধুর লাগবে ; কিন্তু কক্ষে কদাচিৎ থাকলে সেটি অপ্রিয় বোধ হবে। তোমার মন পরিবর্তনের শুরু থেকেই কক্ষে থাকার অভ্যাস করো এবং তাকে যত্নে রাখো, তাহলে পরিণামে সে তোমার কাছে হবে বন্ধুর মত প্রিয় এবং আনন্দদায়ক।

ভক্তের আত্মা নীরবতা ও শান্তির মধ্যে উন্নতি লাভ করে এবং শাস্ত্রের গূঢ় রহস্যগুলি শিখে নেয়। এখানে সে পাবে অশ্রুনদী যার দ্বারা প্রত্যেক রাত্রিতে সে নিজের মনকে ধুয়ে পবিত্র করবে ; ফলে সংসারের কোলাহল থেকে সে যত দূরে থাকবে, সে ততই তার সৃষ্টিকর্তার সঙ্গে অন্তরঙ্গ হয়ে উঠবে। যে তার পরিচিত লোক ও বন্ধুদের কাছ থেকে সরে থাকে, ঈশ্বর তাঁর দূতগণের সঙ্গে তার কাছে আসেন। নিজেকে অবহেলা করে অদ্ভুত কাজ করার চেয়ে গোপনে নিজের বিষয়ে মন দেওয়া বরং ভাল। বাইরে কম যাওয়া, লোকের চোখ এড়িয়ে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চলা, এমন কি মানুষ দেখতে অপছন্দ করা ধর্মব্রতীর পক্ষে প্রশংসনীয় কাজ।

যা পাওয়ার অধিকার তোমার নেই, তা কেন দেখতে চাও? "সংসার ও তার অভিলাষ তো চলে যায়।" ইন্দ্রিয়ের বাসনাগুলি তোমাকে এদিকে ওদিকে নিয়ে যায়, কিন্তু সময় উত্তীর্ণ হলে ভারাক্রান্ত বিবেক ও চঞ্চল মন ছাড়া আর কি নিয়ে তুমি ফিরে আসবে? আনন্দময় প্রস্থান অনেক সময় দুঃখিত মনে প্রত্যাবর্তনে পরিণত হয় এবং পুলকিত সন্ধ্যা পরের সকালকে বিষণ্ণ করে তোলে। এইভাবে প্রত্যেকটি ইন্দ্রিয়-বিলাস সুরু হয় মধুর ভাবে, শেষ হয় মারত্মক দংশনে। এখানে যা দেখছ, অন্যত্র তার বেশী আর কি দেখতে পাবে? এই তো দেখছো আকাশ, পৃথিবী ও সৃষ্টির অন্যান্য উপাদান—এর থেকেই তো সবকিছু হয়েছে।

সূর্যের নীচে চিরকাল স্থায়ী হবে, এমন কোন বস্তু অন্যত্র দেখতে পারবে কি? তুমি হয়তো মনে করছ, অন্যত্র তৃপ্তি পাবে, কিন্তু তা পাবে না। যদিও বিশ্ব-জগতের সবকিছু তোমার চোখের সামনে দেখা দিত, তাহলে বুঝতে পারতে এসব অলীক দর্শন মাত্র।

উর্দ্ধে, ঈশ্বরের দিকে চোখ তুলে নিজের পাপ ও দোষত্রুটি-গুলির জন্যে ক্ষমা চাও। অসার লোকের হাতে অসার বস্তু ছেড়ে দাও। ঈশ্বর তোমাকে যা করতে বলেছেন, তা নিয়ে ব্যস্ত থাক। তোমার দুয়ার বন্ধ করে তোমার প্রিয়তম যীশুকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তোমার কাছে ডেকে নাও। তাঁর সঙ্গে একই কক্ষে থাক; কারণ এমন শান্তি আর কোথাও তুমি পাবে না। যদি তুমি বাইরে না যেতে এবং এত খবরাখবর সংগ্রহ না করতে, তবে বেশ শান্তিতেই বাস করতে। যেহেতু মাঝে মাঝে নতুন খবর শুনে তৃপ্তি পেতে চাও, সেজন্য তোমাকে হৃদয়ের উদ্বেগ ভোগ করতেই হবে।

২১

অন্তরের অনুতাপ

যদি তুমি পুণ্যলাভ করে উন্নতি করতে চাও, তাহলে, ঈশ্বরকে ভয় করে চলো এবং অতিরিক্ত স্বাধীন না হয়ে ইন্দ্রিয় গুলোকে নিয়মানুবর্তিতার অধীন রাখ। নিজেকে অযথা উল্লাসের হাতে তুলে দিয়ো না; হৃদয়ের অনুতাপে নিবিষ্ট হও, তাহলে ভক্তি লাভ করবে। অনুতাপে বহু প্রকার মঙ্গল লাভ হয়, কিন্তু চাঞ্চল্যে সে সব নষ্ট হয়ে যায়। ইহলোক নির্বাসন মাত্র এবং আত্মার পক্ষে ক্ষতিকরও বটে, এই কথা বিবেচনা করলে মানুষ ইহজীবনে পরিপূর্ণ সুখ পেতে পারে, এতো বড় আশ্চর্যের কথা।

মন হালকা বলে এবং নিজেদের দোষ-ত্রুটি সম্বন্ধে কোন চিন্তা নেই বলে, আমরা আমাদের আত্মার ক্ষতির কথা বুঝতে পারি না; তাই যেখানে আমাদের কাঁদা উচিত, সেখানে আমরা অনর্থক হাসি। সৎ-বিবেক নিয়ে ঈশ্বরকে ভয় করতে না পারলে প্রকৃত স্বাধীনতা এবং নির্মল আনন্দ পাওয়া যায় না। সর্ব-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকার চাঞ্চল্যের প্রতিবন্ধ অপসরণ করে পবিত্র অনুতাপে যে নিবিষ্ট থাকতে পারে সে ধন্য! বিবেককে যা কিছু কলুষিত বা ভারাক্রান্ত করতে পারে, সে সব থেকে যে ব্যক্তি নিজেকে দূরে রাখে সেই ধন্য! বীরের মত যুদ্ধ কর; কু-অভ্যাসকে সৎ অভ্যাস দিয়ে জয় করা যায়। তুমি যদি অপরের কাজে হস্তক্ষেপ না কর, তবে অপরেও তোমার কাজে হস্তক্ষেপ করবে না।

পরের ব্যাপার নিয়ে ব্যস্ত হয়ো না এবং কর্তৃপক্ষদের বিষয়ে জড়িত হয়ো না। সবার আগে নিজের চলাফেরায় দৃষ্টি রাখো এবং তোমার সকল প্রিয়জনের আগে নিজেকেই উপদেশ দাও। মানুষের অনুগ্রহ না পাওয়ার জন্য দুঃখ করো না, বরং ঈশ্বরের সেবক এবং ভক্ত ধর্মব্রতীর যে ভাবে চলা উচিত, তুমি যদি সেই ভাবে না চল এবং সবদিকে সতর্ক না হও, তবে এরই জন্য তোমাকে দুঃখ করতে হবে।

ইহলোকে বেশী আনন্দ, বিশেষ করে পার্থিব আনন্দ মানুষের পক্ষে না থাকাই বরং ভাল ও নিরাপদ। আর দিব্য আনন্দ যদি না পাই বা কম পাই, তাহলে দোষ আমাদেরই, কারণ আমরা অন্তরে অনুতাপ করার চেষ্টা করি না এবং অসার বাহ্য আনন্দ সম্পূর্ণভাবে ত্যাগ করি না।

নিজেকে ঈশ্বরের সান্ত্বনা পাবার অযোগ্য এবং বহু কষ্ট পাবার যোগ্য বলে মনে করো। মানুষ যখন সত্যিকারের অনুতাপ করে, তখন সংসার তার কাছে দুর্বহ ও তিক্ত বোধ হয়। দুঃখ করার এবং কান্নার যথেষ্ট কারণ সৎ লোকেরই আছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কারণ নিজের বিষয় বিবেচনা করুক, আর পরের কথাই ভাবুক, সে বোঝে যে, ইহলোকে কষ্ট ছাড়া আর কিছু নেই ; আর যতই সূক্ষ্মভাবে সে আত্মপরীক্ষা করে, ততই সে শোকবিষ্ট হয়। প্রকৃত দুঃখ এবং আন্তরিক অনুশোচনার কারণ হচ্ছে আমাদের পাপ ও ইন্দ্রিয়াসক্তি। এরা আমাদের এমনভাবে জড়িয়ে রাখে যে, আমরা দিব্য বিষয়গুলি খুব কমই অনুভব করতে পারি।

নিজের দীর্ঘায়ুর চেয়ে তুমি যদি মৃত্যুর বিষয় বেশী ভাবতে, তাহলে আরও বেশী আগ্রহের সঙ্গে তুমি যে নিজেকে সংশোধন করতে তাতে কোন সন্দেহ নেই। তাছাড়া, যদি নরক ও শুচ্যগ্নির ভাবী যন্ত্রণা-ভোগের কথা তুমি গভীরভাবে চিন্তা করতে, আমার মনে হয়, তুমি খুশী মনে পরিশ্রমের ক্লান্তি ও শোক সহ্য করতে এবং কোন কঠিন অবস্থাকেই ভয় করতে না। যেহেতু এই সকল চিন্তা আমাদের মনের মধ্যে আসে না এবং আমরা এখনো সুখ-সুবিধা ভালবাসি, সেজন্য আমরা শিথিল ও অত্যন্ত অলস হয়ে থাকি।

আধ্যাত্মিক উৎসাহের অভাবের জন্যই আমাদের তুচ্ছ শরীর সামান্য কারণে অসন্তোষ প্রকাশ করে। অতএব প্রভুর কাছে বিনীত প্রার্থনা কর, তিনি যেন তোমাকে আন্তরিকভাবে অনুতাপ করার প্রেরণা দেন। ভবিষ্যদ্‌বক্তার সঙ্গে বল—"হে প্রভু, অনুতাপের খাদ্যে আমাকে পুষ্ট কর এবং পানীয় রূপে প্রচুর পরিমাণ অশ্রু আমাকে দাও!"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২২

মানবের দুরবস্থা

তুমি যেখানেই থাকো, আর যেখানেই যাও না কেন, ঈশ্বরের কাছে না আসা পর্যন্ত তুমি অসুখীই থাকবে। তোমার ইচ্ছা বা কামনা অনুযায়ী সবকিছু ঘটে না বলে, তুমি এত বিরক্ত হও কেন? তার ইচ্ছা মত সবকিছু ঘটে, এমন কেউ আছে কী? আমি নই, তুমিও নও, পৃথিবীতে তেমন কেউই নেই। রাজা বলো আর পোপই বলো—এই জগতে এমন কেউ নেই, যার কোন কষ্ট বা শোক নেই। কার অবস্থা সবার চেয়ে সুখময়? নিশ্চয়ই সেই ব্যক্তির যে ঈশ্বরের প্রেমের জন্য সব কষ্ট ভোগ করতে পারে।

অনেক দুঃস্থ ও পীড়িত লোক প্রায়ই এই কথা বলে—"দেখ, অমুক ব্যক্তি কেমন সুখে আছে! সে কত ধনী, কত মহৎ, কত ক্ষমতাশালী!" কিন্তু স্বর্গীয় কল্যাণের দিকে তাকালে তুমি দেখবে যে, এইসব পার্থিব বিষয় কিছুই নয়, বরং খুব অনিশ্চিত ও কষ্টদায়ক; কারণ সেগুলি রাখতে হলে সর্বদা ব্যতিব্যস্ত এবং ভীত থাকতে হয়। পার্থিব বিষয় পর্যাপ্ত পরিমাণে পেলেও মানুষের সুখ হয় না; পরিমিতভাবে পাওয়াই তার পক্ষে যথেষ্ট। পৃথিবীতে বাস করা সত্যই দুর্ভাগ্যের বিষয়।

মানুষ যতই আত্মনিষ্ঠ হতে চেষ্টা করে, এই জীবন তার কাছে ততই তিক্ত হয়; কারণ সে তখন ভ্রষ্ট মানব-স্বভাবের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দোষগুলি ভালভাবে বুঝতে ও বেশী স্পষ্টভাবে দেখতে পায়। পান-আহার, নিদ্রা-জাগরণ, বিশ্রাম-পরিশ্রম এবং মানব-প্রকৃতির অন্যান্য আবশ্যকীয় বিষয়ের বশীভূত হওয়া আত্মনিষ্ঠ ব্যক্তির পক্ষে সত্যই দুর্ভাগ্য ও দুঃখের বিষয়, কেননা সে সবরকম পাপ থেকে মুক্ত ও অনাসক্ত হতে চায়।

আত্মনিষ্ঠ ব্যক্তি এই সংসারের আবশ্যকীয় পার্থিব বস্তু সমূহ ভারস্বরূপ মনে করে। এজন্য ভবিষ্যদ্‌বক্তাগণ এইসব থেকে মুক্তি পাবার জন্য ভক্তিভরে ঈশ্বরের কাছে এই অনুরোধ করতেন—"হে প্রভু, সব কিছু প্রয়োজনীয় বিষয় থেকে আমায় বিচ্ছিন্ন করো!"

কিন্তু যারা নিজেদের দুর্বলতার কথা বুঝতে পারে না, তাদের ধিক্! আবার যারা এই হীন ও নশ্বর জীবনকে ভালবাসে, তাদের আরও ধিক্! কারণ কতকগুলি লোক আছে, তারা যদিও প্রয়োজনীয় গ্রাসাচ্ছাদনের জন্য পরিশ্রম বা ভিক্ষা করে, তবুও তারা ইহজীবনে এমনভাবে আসক্ত যে, এখানে যদি তারা চিরকাল বেঁচে থাকতে পারত, তবে ঈশ্বরের রাজ্যের কথা মোটেই ভাবত না। হায়, পার্থিব বিষয়ে গভীর ভাবে আসক্ত হয়ে যারা ইন্দ্রিয়বিলাস ছাড়া আর কিছুই বোঝে না তারা নির্বোধ ও ভ্রষ্ট-হৃদয়। আর এই সব হতভাগ্যেরা শেষে দুঃখের সঙ্গেই অনুভব করবে যে, তারা যা ভালবেসেছে, তা কত তুচ্ছ ও অসার!

কিন্তু ঈশ্বরের প্রীতিভাজন সাধুগণ ও খ্রীষ্টের ভক্ত-বন্ধুরা,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শরীরের তৃপ্তিদায়ক বা ইহকালের উন্নতিশীল বস্তুগুলির দিকে মন দেননি; চিরস্থায়ী সম্পদ লাভই ছিল তাঁদের আশা ও আকাঙ্ক্ষার বিষয়। পাছে প্রত্যক্ষ বিষয়গুলির অনুরাগ তাঁদের মনকে হীন বস্তুগুলির প্রতি আকর্ষণ করে, এই ভয়ে তাঁরা উর্ধ্ব-স্থিত, চিরস্থায়ী ও পরোক্ষ বিষয়ের দিকে চেয়ে থাকতেন।

ভাই, আধ্যাত্মিক-জীবনে উন্নত হবার আশা ত্যাগ করো না! তোমার হাতে এখনো সময় ও সুযোগ আছে। সংকল্প নিতে কেন তুমি দেরী করছ? ওঠ এবং এখনই কাজ আরম্ভ করে বল—এই তো কাজের সময়, সংগ্রাম করার সময়ও এই; এটি হচ্ছে জীবনকে সংশোধন করার উপযুক্ত লগ্ন। যখন দুঃসময় আসে এবং কষ্ট পেতে হয় তখন জানবে সেটিই হচ্ছে পুণ্যলাভের সময়। শান্তিময় স্থানে আসার আগে, আগুন ও জলের মাঝ দিয়ে তোমাকে যেতে হবে। নিজের ওপর বল প্রয়োগ না করলে, রিপুকে কখনই জয় করতে পারবে না। আমরা যতদিন এই দুর্বল শরীর নিয়ে থাকব, ততদিন আমরা পাপমুক্ত হতে বা অসুবিধা ও শোক-পরিত্যক্ত হয়ে থাকতে পারব না। অবশ্য সকল রকম কষ্ট থেকে নিস্তার পাবার ইচ্ছা আমাদের হয়; কিন্তু যেহেতু পাপের ফলে আমরা নির্দোষ অবস্থা হারিয়েছি, সেজন্য প্রকৃত সুখও হারিয়ে ফেলেছি। তাই যে পর্যন্ত এই দুরবস্থা শেষ না হয় এবং এই নশ্বর জীবন অবিনশ্বর জীবনে পরিণত না হয়, সেপর্যন্ত আমাদের ধৈর্য ধরে থাকতেই হবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হায়, মানব-স্বভাব কত না দুর্বল! সে সর্বদা পাপের দিকেই ধাবিত হয়! আজ তুমি তোমার পাপ স্বীকার করছো; আবার, আজ যে পাপ স্বীকার করেছ, কাল হয়তো সেই পাপই পুনরায় করে বসবে। এখন সতর্ক হয়ে থাকার সংকল্প করছ, আর একঘণ্টা পরেই এমন কাজ করবে, যাতে মনে হবে, তুমি কোন সংকল্প করো নি। ফলে আমরা যখন এত দুর্বল ও চঞ্চল, তখন নিজেকে নম্র করার এবং নিজেকে কখনো বড় বলে না ভাবার যথেষ্ট কারণ আছে। ঐশ-কৃপায় এবং অনেক পরিশ্রমে, দীর্ঘকাল পরে যে পুণ্য অর্জন করেছি, তা অসাবধানতার জন্য মুহূর্তের মধ্যেই হারাতেও পারি।

হায়, আমরা যদি একেবারে সূচনার দিকেই আগ্রহহীন হয়ে পড়ি, তবে শেষের দিকে আমাদের কি হবে? আমাদের আচার ব্যবহারে এখনও সত্যিকার পবিত্রতার চিহ্নমাত্র না দেখা দিলেও শান্তি ও নিরাপদে আছি বলে আমরা যদি আরামে নিষ্ক্রিয় হয়ে পড়ি, তাহলে ধিক্ আমাদের! ভবিষ্যতে আমাদের আচার-ব্যবহার সংশোধন ও আধ্যাত্মিক উন্নতির আশা যদি থাকত, তাহলে নিষ্ঠাবান নবীন ধর্মব্রতীর মত ধর্মনীতির বিষয়ে পুনরায় শিক্ষা গ্রহণই আমরা আবশ্যক মনে করতাম।

২৩
মৃত্যু-চিন্তা

খুব শীঘ্রই তোমার সব কিছু শেষ হয়ে যাবে; সুতরাং তোমার অবস্থার কথা ভেবে দেখ। মানুষ আজ আছে, কাল

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আর সে নেই ! আর সে যখনই লোকদের চোখের সামনে থেকে চলে যায়, তখনই সে তাদের মনের সামনে থেকেও চলে যায়। হায়, মানুষের মন কি অবোধ ও কঠিন! ভবিষ্যতের কথা না ভেবে সে শুধু বর্তমানের কথা ভেবে থাকে। তোমাকে আজই মৃত্যুর সম্মুখীন হতে হবে, এই ভেবে তদনুযায়ী প্রত্যেক কাজ ও চিন্তা তোমাকে করতে হবে। তোমার বিবেক নির্দোষ হলে, মৃত্যুকে তুমি ভয় করতে না। মৃত্যু থেকে রক্ষা পাওয়ার চেয়ে, পাপকে এড়িয়ে চলা তোমার পক্ষে ভাল। আজ যদি অপ্রস্তুত থাকো, কাল কি করে প্রস্তুত হবে? কাল তো অনিশ্চিত ; কে জানে কাল পর্যন্ত তুমি বেঁচে থাকবে কিনা ?

আমরা যখন এত কম আত্মসংশোধন করি, তখন বেশী দিন বেঁচে আমাদের কি লাভ? হায়, দীর্ঘ জীবনেও প্রায় আত্ম-সংশোধন হয় না ; বরং অপরাধই বৃদ্ধি পায়। আহা, ইহলোকে 'এক' দিনও যদি আমরা ভালভাবে চলতাম! অনেকে মন-পরিবর্তনের সময় থেকে বৎসর গণনা করে বটে ; কিন্তু তাদের সংশোধনের ফল প্রায় দেখা যায় না। যদিও মরতে ভয় লাগে, তবুও জেনো দীর্ঘকাল বেঁচে থাকা হয়ত' আরও বেশী বিপদজনক। যে নিজের মৃত্যু-সময়কে সর্বদা চোখের সামনে রাখে এবং দিনের-পর-দিন নিজেকে মৃত্যুর জন্য প্রস্তুত করে, সে ধন্য! কোন লোককে কখনো মৃত্যু বরণ করতে দেখলে ভাববে যে, তোমাকেও সেই একই পথে যেতে হবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সকাল হলে তুমি ভাববে সন্ধ্যা পর্যন্ত তুমি বাঁচবে না; আবার সন্ধ্যা এলে, সকাল দেখার আশা করো না। তাই বলছি, সব সময় প্রস্তুত হয়ে থাক, আর এমনভাবে চল মৃত্যু এসে যেন তোমাকে অপ্রস্তুত অবস্থায় না পায়। অনেকে হঠাৎ এবং অতর্কিতে মারা যায়; "কারণ যখন কেউ আশা করে না, তখনই 'মানবপুত্র' (যীশুখ্রীষ্ট) আসেন।" শেষ মুহূর্ত এসে পড়লে, তোমার সমস্ত অতীত-জীবন সম্বন্ধে তুমি একেবারে অন্যভাবে বিচার-বিবেচনা করবে। উদাসীন ও অলসভাবে তোমার সময় অতিবাহিত করেছ বলে তখন তুমি খুব দুঃখও করবে।

যে ব্যক্তি মৃত্যুর সময় নিজেকে যেমন হওয়ার আশা করে, এখন জীবিত অবস্থায় যদি তেমনি হওয়ার জন্য চেষ্টা করে, তাহলে সে প্রকৃত সুখী ও সু-বিবেচক। সংসারকে সম্পূর্ণ অবজ্ঞা করে পুণ্যের পথে অগ্রসর হওয়ার একান্ত আগ্রহ, নিয়মানুবর্তিতার প্রতি অনুরাগ, প্রায়শ্চিত্তে কষ্ট-স্বীকার, আজ্ঞা-পালনে উদ্‌যোগ, স্বার্থত্যাগ এবং খ্রীষ্টের প্রেমের জন্য সর্বপ্রকার দুঃখ-কষ্ট সহ্য—এইগুলি সমস্তই সুখময় মৃত্যু লাভের অভয় এনে দেয়। তুমি এখন সুস্থ অবস্থায় অনেক ভাল কাজ করতে পার; কিন্তু অসুস্থ হয়ে পড়লে, জানি না তুমি কি করতে পারবে। খুব কম লোকই অসুস্থ অবস্থায় উন্নতি করতে পারে; ঠিক তেমনি যারা তীর্থ যাত্রার উদ্দেশ্যে প্রায় ঘুরে বেড়ায়, তাদের মধ্যে খুব কম ব্যক্তিই পুণ্যবান হতে পারে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মৃত্যুর পর বন্ধু বা আত্মীয়দের প্রার্থনায় ভরসা করো না; তোমার মুক্তির ব্যবস্থা পরকালের জন্যও ফেলে রেখো না; কারণ তোমার ধারণার চেয়েও তাড়াতাড়ি মানুষে তোমার কথা ভুলে যাবে; মৃত্যুর পর লোকে প্রার্থনা করে তোমায় সাহায্য করবে, এমন ভরসা না করে, বরং এখন থেকে পরকালের জন্য ব্যবস্থা করে যথাসময়ে পুণ্য কর্ম সাধন কর। বর্তমানে তুমি যদি 'নিজেই' নিজের বিষয় চিন্তা না কর, তবে পরকালে তোমার হয়ে কে তোমার বিষয় চিন্তা করবে? বর্তমান কালটি অতি মূল্যবান, "এইতো মুক্তির দিন, এইতো উপযুক্ত সময়।" কিন্তু দুঃখের বিষয় অনন্ত জীবন লাভের জন্য যে সময়ে তুমি পুণ্য অর্জন করতে পারতে, সেই সময়টি তুমি যে উপযুক্তভাবে উদ্‌যাপন করছ না। এমন সময় আসবে, যখন তুমি একটি দিন, এমন কি মাত্র একঘণ্টা সময় আত্ম-শোধনের জন্য চাইবে, কিন্তু তা পাবে কিনা জানি না।

হে প্রিয়তম, তুমি যদি মৃত্যুর জন্য সর্বদা শংকিত ও সংশয়াপন্ন থাকতে, তবে সেই ভীষণ বিপদ থেকে তুমি নিজেকে মুক্ত করতে এবং মহাশংকা থেকেও নিজেকে উদ্ধার করতে পারতে। মৃত্যু-মুহূর্তে ভয় না পেয়ে যাতে আনন্দ পেতে পার, সেজন্য এখন থেকে ঠিকভাবে চলার চেষ্টা কর। এখন সংসারের কাছে নিজেকে মৃত ভাবতে শেখো, যাতে পরে খ্রীষ্টের সঙ্গে জীবনযাপন করতে পার। এখন সব-কিছু তুচ্ছ ভাবতে শেখো, তাহলে পরে খ্রীষ্টের কাছে স্বাধীনভাবে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যেতে পারবে। প্রায়শ্চিত্ত করে তোমার শরীর এখন সংশোধন কর, যাতে তখন নিশ্চিত অভয় লাভ করতে পার।

নির্বোধ, যখন একটি দিনও বাঁচার ক্ষমতা তোমার হাতে নেই, তখন তুমি কেন ভাব যে, তুমি অনেক দিন বাঁচবে? হায়, কতলোক বেশী দিন বাঁচার আশা করে বঞ্চিত হয়েছে! মৃত্যু তাদের অকস্মাৎ ছিনিয়ে নিয়ে গেছে। কতবার তুমি শুনেছ অমুক লোক তরবারির আঘাতে নিহত হয়েছে, কেউ ডুবে মরেছে, উঁচু জায়গা থেকে পড়ে গিয়ে অমুক লোক মাথা ফাটিয়েছে, আর একজন খেতে খেতে মরেছে, আবার খেলার সময় কেউ হয়ত' মারা গেছে। কেউ আগুনে, কেউ তরবারিতে, কেউ মহামারীতে, কেউ বা ডাকাতিতে মারা যাচ্ছে। সকলের শেষ পরিণামই মৃত্যু—"মানুষের জীবন ছায়ার মত হঠাৎ মিলিয়ে যায়"।

তোমার মৃত্যুর পর কে তোমার কথা মনে রাখবে? কে তোমার জন্য প্রার্থনা করবে? হে প্রিয়তম, যা কিছু ভাল করতে পার, তা করে নাও, এখনই করে ফেল; কারণ তুমি কবে মরবে, তা তুমি জান না এবং মৃত্যুর পর তোমার কি হবে, সে-ও তোমার জানা নেই। এখন তোমার সময় থাকতে থাকতে নিজের জন্য অক্ষয় ঐশ্বর্য সংগ্রহ কর। তোমার মুক্তির বিষয় ছাড়া আর কিছু ভেবো না, শুধু ঈশ্বরের বিষয়ে মনোযোগী হও। ঈশ্বরের প্রীতিভাজন সাধুগণকে শ্রদ্ধা জানিয়ে এবং তাঁদের অনুকরণ করে, তাঁদের নিজের বন্ধু করে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নাও; তাহলে তুমি ইহলোক থেকে প্রস্থান করলে তাঁরা তোমাকে শাশ্বত আশ্রয়ে গ্রহণ করবেন।

এই পৃথিবীতে এমন পর্যটক বা অতিথির মত নিজেকে মনে করো, সংসারের সঙ্গে যার কোন সম্পর্ক নেই। তোমার হৃদয়কে মুক্ত করে রেখে ঈশ্বরের উদ্দেশে তাকে তুলে ধরো; কারণ এখানে তোমার স্থায়ী বাসস্থান নেই। তোমার দৈনিক প্রার্থনা অশ্রুপাতসহ ঊর্ধ্বে উত্তোলন কর, তাহলে তোমার আত্মা মৃত্যুর পরেই আনন্দে প্রভুর কাছে যাবার যোগ্য হবে। আমেন।

২৪

বিচার ও পাপের শাস্তি

প্রত্যেক বিষয়ে তোমার পরিণামের কথা ভাব, যাঁর কাছে গুপ্ত বলতে কিছু নেই, যিনি পারিতোষিকে তুষ্ট হন না এবং কোন আপত্তি শোনেন না, কিন্তু ন্যায় বিচার করেন, এমন ন্যায়বান বিচারকের সামনে তোমাকে দাঁড়াতে হবে—এ কথাও ভাব। হে দুর্ভাগা নির্বোধ পাপী, কখনো কখনো মানুষের ক্রুদ্ধ চেহারা দেখে তুমি কত ভয় পাও, আর যে ঈশ্বর তোমার সমস্ত দোষের কথা জানেন, তাঁকে দেখে তুমি কি উত্তর দেবে? যে দিন কেউ পরের বিষয়ে আপত্তি জানাতে বা প্রতিবাদ করতে পারবে না, বরং প্রত্যেক জনকে নিজের বিষয় নিয়ে ব্যতিব্যস্ত থাকতে হবে, সেই বিচারের দিনটির জন্য আগে থেকেই কেন ব্যবস্থা করছ না? তোমার শ্রম এখনও সুফলদায়ক হয়, তোমার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ক্রন্দন এখনও গৃহীত হয়, তোমার কাতর অনুশোচনা এখনও কর্ণগোচর হয়, এখনও শোধনযোগ্য এবং পাপমোচনের উপযুক্ত হয় তোমার দুঃখ।

যে ধৈর্যশীল ব্যক্তি অপমানিত হয়েও নিজের অপমান অপেক্ষা অন্যের দুর্বুদ্ধিতার জন্য বেশী দুঃখ পায়; যে ব্যক্তি নির্যাতনকারীদের জন্য স্বচ্ছন্দে ঈশ্বরের কাছে প্রার্থনা করে এবং সহৃদয়তার সঙ্গে অপরাধ ক্ষমা করে, পরের কাছে যে ক্ষমা চাইতে বিলম্ব করে না, যে রাগ করার চেয়ে সহজে দয়া করে, যে প্রায় নিজেকে সংযত রাখতে এবং ইন্দ্রিয়গুলিকে আত্মার সম্পূর্ণ বশীভূত করতে চেষ্টা করে, সেই ব্যক্তি ইহজীবনে পাপ শোধন করার উত্তম ও মঙ্গলজনক সুযোগ পাবে। পরলোকে পাপের প্রায়শ্চিত্ত করার চেয়ে, এখনই পাপের শোধন ও রিপু-গুলি নাশ করা ভাল। শরীরের প্রতি অযথা আসক্তি দেখিয়ে সত্যই আমরা নিজেদের বঞ্চনা করি।

পরলোকের সেই আগুন তোমার পাপ ছাড়া আর কি ধ্বংস করবে? এখন তুমি নিজেকে যত ক্ষমা ও ইন্দ্রিয়কে যত সেবা করবে, ভবিষ্যতে তত কঠিন শাস্তি তোমাকে পেতে হবে এবং দাহ করার তত বেশী উপাদান জমিয়ে রাখবে। "মানুষ যে বিষয়ে যত বেশী পাপ করবে, সেই বিষয়ে সে তত বেশী শাস্তি পাবে।" তাই অলসেরা উত্তপ্ত লৌহ-শলাকা দ্বারা তাড়িত হবে, ভোজন-বিলাসীরা ক্ষুধা এবং পিপাসায় ভীষণ কষ্ট পাবে। সেখানে কামুক ও ইন্দ্রিয় বিলাসীরা জ্বলন্ত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আলকাতরা ও দুর্গন্ধময় গন্ধকে আচ্ছন্ন হবে এবং হিংসুকেরা উন্মত্ত কুকুরের মত শোকে চিৎকার করবে।

প্রত্যেকটি রিপুর জন্য উপযুক্ত শাস্তি হবে। সেখানে অহংকারীরা লজ্জায় বিব্রত হবে এবং কৃপণেরা ভীষণ অভাব-অনটনে কষ্ট পাবে। এখানকার একশ' বৎসরের অতি কঠোর প্রায়শ্চিত্তের চেয়ে সেখানকার এক ঘণ্টার যন্ত্রণা বেশী কষ্টকর হবে। এখানে পরিশ্রমের পর বিশ্রাম এবং বন্ধুদের কথাবার্তায় সান্ত্বনা পাওয়া যায়, কিন্তু সেখানে দণ্ডভোগীদের কোন বিশ্রাম, কোন সান্ত্বনা নেই। অতএব বিচারের দিনে তুমি যাতে সাধুদের সঙ্গে শান্তিতে থাকতে পার, সেজন্য এখন তোমার পাপের জন্য চিন্তিত ও অনুতপ্ত হও। সেই দিনে, "ধার্মিকেরা বেশ অভয়ের সঙ্গে তাঁদের নির্যাতনকারী ও অপমানকারীদের সম্মুখে দণ্ডায়মান হবেন।" এখন মানুষের বিচার যে বিনীতভাবে মেনে নেয়, সে তখন পরের বিচারে বসবে; তখন দরিদ্র ও নম্র ব্যক্তিরা আশ্বাস পাবে, আর ভয়ে আতঙ্কিত হবে অহংকারীরা।

খ্রীষ্টের জন্য যে নিজে নির্বোধ ও তুচ্ছ প্রতিপন্ন হতে শিখেছে, সে ইহলোকে কত না বুদ্ধিমান ছিল তখন তা বেশ বোঝা যাবে। ধৈর্যের সঙ্গে সহ্য-করা সকল কষ্টই তখন আনন্দে পরিণত হবে; "সকল কদাচারীর মুখ তখন স্তব্ধ হবে।" তখন ধার্মিক আনন্দ করবে, কিন্তু অধার্মিক করবে বিলাপ। ইহজগতে সুখ-বিলাসে পরিতৃপ্ত হওয়ার চেয়ে, কষ্ট-শাসিত হয়েছিল বলে শরীর তখন অধিক আনন্দিত হবে। তখন দরিদ্রের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জীর্ণ পোষাক উজ্জ্বল হবে এবং ধনীর মিহি পরিচ্ছদ মলিন দেখাবে। তখন স্বর্ণমণ্ডিত প্রাসাদের চেয়ে গরীবের কুঠির অধিক প্রশংসাযোগ্য হবে। সমস্ত পৃথিবীর প্রতাপের চেয়ে স্থায়ী ধৈর্য তখন বেশী ফলপ্রদ হবে। সমস্ত প্রকার পার্থিব কৌশলের চেয়ে সরল আনুগত্য তখন প্রশংসিত হবে।

নির্দোষ ও সৎ বিবেক তখন গভীর দর্শন-বিদ্যার চেয়ে অধিকতর আনন্দদায়ক হবে। তখন পার্থিব ধনসম্পদের চেয়ে ঐশ্বর্যের প্রতি অবজ্ঞা হবে বেশী মূল্যবান। তখন সুখাদ্য ভোগের চেয়ে ভক্তিভরে কৃত প্রার্থনায় অধিক সন্তোষ পাওয়া যাবে। তখন দীর্ঘ বক্তৃতা করার চেয়ে নীরব থাকার জন্য বেশী আনন্দ বোধ হবে। তখন সুন্দর সুন্দর কথার চেয়ে পুণ্য-কর্ম অধিক মূল্যবান মনে হবে। তখন পার্থিব সকল সুখ-বিলাস অপেক্ষা কষ্টকর জীবন ও কঠিন প্রায়শ্চিত্তের জন্য বেশী আনন্দ পাওয়া যাবে।

পরিণামে সেই ভীষণ যন্ত্রণা থেকে মুক্তি পাওয়ার জন্য এখন থেকে সামান্য কষ্ট সহ্য করতে শেখ। পরিণামে তুমি কতটা যন্ত্রণা সহ্য করতে পারবে, এখানেই তার পরীক্ষা কর। এখন যদি সামান্য কিছু সহ্য করতে না পার, তবে কি করে চিরস্থায়ী যাতনা সহ্য করবে? এখন সামান্য কষ্টই যদি তোমাকে এত অধৈর্য করে তোলে, তাহলে চিরস্থায়ী যন্ত্রণা কেমন করে তুমি সহ্য করবে? একথা সত্য যে, এই সংসারের আমোদ-প্রমোদ এবং পরে খ্রীষ্টের সঙ্গে ঐশ্বরাজ্য উপভোগ—এই দুই প্রকার সুখ কখনও পরপর উপভোগ করতে পারবে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধর, এতদিন শুধু সম্মান ও বিলাস নিয়ে তুমি কাল কাটালে, আর এখনই এই মুহূর্তে তোমাকে মরতে হবে, তাহলে ঐসব নিয়ে তোমার কি লাভ? তাই ঈশ্বরকে প্রেম-নিবেদন ও শুধু তাঁরই সেবা করা ছাড়া আর সবই অসার। যে ঈশ্বরকে মনেপ্রাণে ভালবাসে—মৃত্যু, যন্ত্রণা, বিচার, নরক কিছুতেই সে ভয় পায় না; কারণ প্রকৃত প্রেম ঈশ্বরের কাছে যাওয়ার পথকে নিরাপদ করে তোলে। কিন্তু যে এখনো পাপ করে আনন্দ পায়, সে মৃত্যু এবং বিচারে ভয় পাবে তাতে আর আশ্চর্যের কি? তবে ঈশ্বরের প্রতি প্রেম তোমাকে যদি এখনো কু-পথ থেকে দূরে রাখতে না পারে, অন্ততঃ নরকের ভয় তোমাকে দূরে রাখুক। কারণ যে ঈশ্বরকে ভয় করতে চেষ্টা করে না, সে বেশী দিন সৎপথে থাকতে পারবে না; সে খুব সহজেই শয়তানের ফাঁদে পড়বে।

২৫

সত্যিকার আত্ম-সংশোধন

ঈশ্বরের সেবাকার্যে সতর্ক ও মনোযোগী হও; এখানে এই ধর্মাশ্রমে কেন এসেছ এবং কেন সংসার ছেড়েছ, এই কথা বারবার ভাব। ঈশ্বরের সেবায় জীবন যাপন করতে এবং ধার্মিক হওয়ার জন্য কি এখানে আসনি? তা যদি হয়, তবে আধ্যাত্মিক উন্নতি বিষয়ে উদ্‌যোগী হও। শীঘ্রই তো তুমি পরিশ্রমের পুরস্কার পাবে, আর তখন তোমার ভয় বা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দুঃখ থাকবে না। এখন অবশ্য সামান্য পরিশ্রম করতে হবে. কিন্তু পরে তুমি পাবে দীর্ঘ বিশ্রাম—অক্ষয় আনন্দ! তুমি যদি কর্তব্য-সাধনে বিশ্বস্ত ও উদ্‌যোগী হও, তবে পুরস্কার দেবার সময় ঈশ্বরও নিশ্চয় বিশ্বস্ত ও উদার হবেন। তুমি বিজয়ী হবে—এ সম্পর্কে যথোচিত দৃঢ় আশা পোষণ কর, কিন্তু একেবারে নিশ্চিত হয়ো না, পাছে তুমি উদাসীন ও আত্মগর্বী হয়ে পড়।

জনৈক ব্যক্তি একবার ভয় আর একবার আশা নিয়ে প্রায়ই ইতস্ততঃ করত। একদিন মনে উদ্বেগ নিয়ে সে গির্জায় গেল এবং কোন একটি বেদীর সামনে সাষ্টাঙ্গে প্রণিপাত করে মনে মনে ভাবতে লাগল, "হায়, আমি যদি জানতে পারতাম যে সবসময় সুপথে থাকতে হবে!" তখনি তার মনে এই দিব্য উত্তর ধ্বনিত হল,—"তা যদি জানতে, তাহলে কি করতে তুমি? তখন যা করতে, এখন তাই কর; তাহলে নিরাপদে সৎ পথে থাকবে।"

সঙ্গে সঙ্গে সান্ত্বনা ও আশ্বাস পেয়ে সে ঈশ্বরের ইচ্ছা পালনে আত্ম-সমর্পণ করল এবং তারপর থেকে তার মনে আর উদ্বেগ দেখা দেয়নি। ভবিষ্যতে তার কি হবে, কৌতূহলের বশবর্তী হয়ে, তা জানার চেষ্টা সে আর করেনি; বরং প্রত্যেকটি সৎকাজ কি ভাবে শুরু ও শেষ করলে "ঈশ্বর সম্পূর্ণ তুষ্ট হন", তারই সন্ধান সে করল।

ভবিষ্যদ্বক্তা বলেন, "প্রভুতে আস্থা স্থাপন কর, সৎকাজ করে যাও এবং তোমার ভূমিতে বাস করতে থাক, তাঁর ঐশ্বর্যও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুমি ভোগ করবে।" একটি বিষয় অনেককে উন্নতি সাধন ও আত্ম-সংশোধনের চেষ্টা থেকে বিরত রাখে। সেটি হচ্ছে—সংগ্রাম করতে হলে যে কষ্ট স্বীকার এবং পরিশ্রম করতে হয় তার জন্য ভীতি প্রকাশ। যে সকল বিষয় বেশী কঠিন বা প্রতিকূল সেইসব যারা বীরের মত জয় করার চেষ্টা করে, তারা অপরের চেয়ে বেশী পুণ্যলাভের পথে অগ্রসর হয়। প্রকৃতপক্ষে যে পরিমাণে মানুষ নিজেকে জয় করে এবং মনকে সংযত রাখে, সেই পরিমাণেই সে আধ্যাত্মিক উন্নতি ও অধিক ঐশ-কৃপা লাভ করে থাকে।

অবশ্য জয় ও সংশোধন করার মত একই প্রকার দোষ-ত্রুটি সকলের থাকে না। কু প্রবৃত্তি বেশী হলেও তা সংশোধনের জন্য যে বেশী মনোযোগী ও উদ্‌যোগী হয় এবং কু-প্রবৃত্তি কম হলেও যার সৎগুণ লাভে চেষ্টা কম এমন তু'জন ব্যক্তির মধ্যে প্রথম জন বেশী উন্নতি করতে পারে। প্রবৃত্তি শোধনের কাজে তু'টি চেষ্টার বিশেষ প্রয়োজন: প্রথমতঃ ভ্রষ্ট প্রবৃত্তি আমাদের যার প্রতি আকর্ষণ করে, সেটিকে দৃঢ়ভাবে পরিহার করা; দ্বিতীয়তঃ যে গুণটির অভাব আমাদের বেশী, তা অর্জন করার জন্য সর্বান্তঃকরণে চেষ্টা করা। পরন্তু যে দোষগুলি অন্যের মধ্যে দেখে তোমার ঘৃণা হয়, তুমি নিজে সেগুলি এড়িয়ে চলতে ও জয় করতে বিশেষ মনোযোগী হও।

সব কিছুতে তোমার আধ্যাত্মিক উন্নতির সুযোগ খুঁজবে: তাই কারো সৎ-দৃষ্টান্ত দেখলে, বা তার কথা শুনলে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তা অনুকরণ করার জন্য উৎসাহিত হবে। কিন্তু কারো কোন কাজ যদি দোষণীয় বলে তোমার মনে হয়, সাবধান থাক পাছে তুমি নিজে তা করে ফেল। আর যদি কোন সময় তা করে থাক, সত্বর তা সংশোধনের চেষ্টা কর। মনে রেখো, তোমার চোখ যেমন অপরকে দেখে, অন্যের চোখও তেমনি তোমাকে দেখে। অন্য ভাইদের উদ্‌যোগী, ভক্তিমান্, মিতাচারী ও নিয়মানুবর্তী দেখলে কেমন আনন্দ হয়, কেমন ভাল লাগে! পক্ষান্তরে যারা বিশৃঙ্খলভাবে চলা ফেরা করে এবং তাদের কর্তব্য কর্ম করে না, তাদের দেখলে কী দুঃখ হয়, কত খারাপ লাগে! ঐশ আহ্বান অনুযায়ী কাজ না করলে এবং যা আমাদের কর্তব্য নয় তাতে মন দিলে, আমাদের কতই না ক্ষতি হয়!

তোমার গৃহীত সংকল্পের কথা মনে রাখ এবং তোমার সামনে রেখো ক্রুশবিদ্ধ যীশুর মূর্তি। যীশুখ্রীষ্টের জীবন-কথা ভেবে লজ্জিত হবার অনেক কারণ তুমি পাবে; কারণ ঈশ্বরের নির্দিষ্ট পথে অনেক দিন থেকেও তুমি এখনো তাঁর সঙ্গে নিজেকে মিলিয়ে দেবার বিশেষ চেষ্টা করছ না। যে ধর্মব্রতী মনোযোগ ও ভক্তির সঙ্গে প্রভুর অতি পবিত্র জীবন ও তাঁর যন্ত্রণাভোগের কথা ধ্যান করে থাকে, তার পক্ষে যা উপকারী ও প্রয়োজনীয় সেসব সে পেয়ে যাবে এবং যীশু ছাড়া মঙ্গলজনক বলে আর কিছু তাকে খুঁজতে হবে না। আহা, ক্রুশবিদ্ধ যীশু যদি আমাদের অন্তরে স্থান পেতেন,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাহলে আমরা কত না সত্বর ও উপযুক্তভাবে শিক্ষিত হয়ে উঠতাম!

উদ্‌যোগী ধর্মব্রতী যে কোন আদেশই ভালভাবে গ্রহণ করে এবং তা যথাযথ মেনে চলে। আর অমনোযোগী ও শিথিল ধর্মব্রতী কষ্টের ওপর কষ্ট পায় এবং সব দিক দিয়ে দুঃখ ভোগ করে; কারণ তার অন্তরে শান্তি নেই, আর বাইরেও তা খুঁজে বার করা তার পক্ষে সম্ভব নয়। যে ধর্মব্রতী নিয়মানুবর্তী হয় না, সে বড় বিপদের সামনে থাকে। যে অসংযত ও সহজ পথ খুজে বেড়ায়, সে সর্বদা অশান্তির মধ্যে থাকবে; কেননা কোন-না-কোন প্রতিকূল বিষয় তাকে পীড়া দেবেই।

আর যেসব ধর্মব্রতী মঠের নিয়মাবলী নিষ্ঠার সঙ্গে মেনে চলে, তারা কি ভাবে থাকে? তারা প্রায় বাইরে যায় না, নির্জনে বাস করে, অতি সাধারণ খাদ্য গ্রহণ করে, মোটা সুতোর পোষাক পরিধান করে, কঠোর পরিশ্রম করে, অল্প কথা বলে, বেশী সময় জেগে থাকে, সকাল সকাল ঘুম হতে ওঠে, দীর্ঘ সময় প্রার্থনায় কাটায়, প্রায়ই শাস্ত্র পাঠ করে এবং সর্ববিষয়ে নিয়মাধীন থাকে। কার্থুসিয়ান্, সিষ্টারসিয়ান্ ও অন্যান্য সংঘের মঠবাসী ও মঠবাসিনীদের কথা ভেবে দেখ। তারা প্রতি-রাতে প্রভুর স্তুতিগান করার জন্য কেমন জেগে থাকে! যে সময় তাঁরা সানন্দে প্রভুর স্তব শুরু করে, সেই সময় তুমি যে আলস্যে কাটাবে, এ তো তোমার পক্ষে লজ্জার বিষয়!

আহা, অন্তরে ও মুখে আমাদের প্রভু ঈশ্বরের স্তব করা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ছাড়া আমাদের যদি আর কোন কাজ না থাকত! আহা, তোমার যদি পান-ভোজন ও নিদ্রার প্রয়োজন কখনো না হত এবং তুমি যদি সর্বক্ষণ প্রভুর স্তব করতে এবং কেবল আধ্যাত্মিক সাধনায় নিযুক্ত থাকতে, তবে আজকের চেয়ে আরও কত-না সুখী হতে তুমি! এখন তো তোমাকে নানাপ্রকার প্রয়োজনে শরীরের সেবা করতে হয়। আহা, এই সব পার্থিব প্রয়োজন না থাকলে, কেবলমাত্র আত্মার উপযোগী পারমার্থিক বিষয়ের প্রয়োজন যদি থাকত! কিন্তু হায়, এসব আমরা প্রায়ই উপলব্ধি করি না!

মানুষ যখন কোন সৃষ্ট বিষয়ে আর সন্তোষ খোঁজে না, তখন সর্বপ্রথম সে ঈশ্বরকে অনুভব করতে শুরু করে, আর সেই অবস্থায় যাই ঘটুক না কেন, তাতে সে প্রীত হয়। তখন সে প্রাচুর্যের জন্য আনন্দ এবং অভাবের জন্য দুঃখ করে না; সম্পূর্ণরূপে ও বিশ্বস্তভাবে সে নিজেকে ঈশ্বরের হাতে তুলে দেয়; কারণ ঈশ্বর হচ্ছেন সবার মধ্যে তার সর্বস্ব—যাঁর মধ্যে কিছুই নষ্ট বা ধ্বংস হয় না, বরং তাঁর মাধ্যমে সবই বিদ্যমান থাকে এবং তাঁর আদেশ সত্বর পালন করে।

সর্বদা অন্তিমকালের কথা ভাব—ভাব যে সময় নষ্ট করা হয়েছে, তা আর ফিরে আসবে না। যত্ন ও অধ্যবসায় ব্যতীত তুমি কখনো সদ্‌গুণ অর্জন করতে পারবে না। শিথিল হতে আরম্ভ করলে তোমার অবস্থা শোচনীয় হবেই হবে। কিন্তু তুমি যদি আগ্রহী হতে থাক, বড় শান্তি পাবে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এবং ঈশ্বরের কৃপায় ও গুণের অনুরাগে তোমার পরিশ্রমের ক্লেশ লঘু মনে হবে। আগ্রহী ও মনোযোগী ব্যক্তি সকল কিছুর জন্যই প্রস্তুত থাকে। শারীরিক শ্রম করার চেয়ে, রিপু ও কু-প্রবৃত্তি প্রতিরোধ করাই বেশী কষ্টকর। "যে সামান্য দোষ ত্রুটিগুলি এড়িয়ে চলে না, সে ক্রমশ গুরুতর দোষে পতিত হয়।" সারা দিনটিকে সার্থক করে তুললে, সন্ধ্যায় তুমি নিশ্চয় আনন্দ পাবে। নিজের ওপর সতর্ক দৃষ্টি রাখ, নিজেকে জাগিয়ে তোল, তিরস্কার করো; নিজের এবং অন্যের জীবনে যাই ঘটুক না কেন, তুমি কখনো নিজের কথা ভুলো না। তোমার ওপর তুমি যত চাপ দেবে, ততই তুমি উন্নতি করবে। আমেন।

দ্বিতীয় ভাগ

১

আভ্যন্তরিক দর্শন

প্রভু বলেছেন, "ঈশ্বরের রাজ্য তোমাদেরই মধ্যে।" এই দুঃখময় সংসারকে ত্যাগ করে সর্বান্তঃকরণে প্রভুর কাছে চলে এসো, তাহলে তোমার আত্মা শান্তি পাবে। পার্থিব বিষয়কে অবজ্ঞা করে আভ্যন্তরিক বিষয়ে মনোনিবেশ করতে শেখ, তাহলে তোমার মধ্যে ঈশ্বরের রাজ্য দেখতে পাবে। "ঈশ্বরের রাজ্য হচ্ছে 'পবিত্র আত্মার' সহযোগে শান্তি ও আনন্দ-ভোগ।" মন্দ লোকদের এটি দেওয়া হয় না। তুমি যদি অন্তরে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

খ্রীষ্টের জন্য উপযুক্ত মন্দির তৈরী করতে পার, তাহলে তোমার কাছে এসে তিনি তোমাকে তাঁরই সান্ত্বনা দেবেন। তাঁর সকল গৌরব ও সৌন্দর্য অন্তর থেকেই আসে; সেখানেই তিনি আনন্দবোধ করেন। অন্তর্মুখী ব্যক্তির সঙ্গে তিনি ঘন ঘন দেখা করেন। তার সঙ্গেই তিনি মধুর আলাপ করেন, তাকে সুখময় সান্ত্বনা ও প্রচুর শান্তি দেন এবং অপূর্ব অন্তরঙ্গতায় তার সঙ্গে মিলিত হন।

হে বিশ্বস্ত আত্মা, তোমার এই প্রিয়তমের জন্য তোমার হৃদয় প্রস্তুত করে রাখ; তিনি এসে যেন তোমার মধ্যে বাস করে প্রসন্ন হন। তিনি তো বলেছেন, "যে আমাকে ভাল-বাসে, সে আমার কথা শোনে; আমার পিতা তাকে ভালবাসেন, আর আমরা তার কাছে এসে তার সঙ্গে থাকব।" অতএব তোমার হৃদয়ে খ্রীষ্টকে স্থান দাও এবং অন্য কাউকে সেখানে ঢুকতে দিয়ো না। খ্রীষ্টকে পেলে তুমি ধনী হবে; এটি তোমার পক্ষে যথেষ্ট। তিনি তোমার জন্য সব-কিছুরই ব্যবস্থা করবেন এবং তিনি হবেন তোমার বিশ্বস্ত কার্যাধ্যক্ষ; তাই তোমাকে আর মানুষের ওপর নির্ভর করতে হবে না। মানুষ তো সত্বর মত পরিবর্তন করে এবং নিমেষের মধ্যে সে বিলুপ্ত হয়, কিন্তু খ্রীষ্ট চিরকাল থাকেন এবং শেষ পর্যন্ত আমাদের অটল সহায়ক হন।

উপকারী ও প্রিয় হলেও দুর্বল নশ্বর মানুষের ওপর বেশী নির্ভর করতে নেই; আর কেউ তোমার বিপক্ষ হয়ে প্রতিবাদ জানালেও তার জন্য শোক করো না। আজ যারা তোমার স্বপক্ষে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কাল তারা তোমার বিপক্ষে যেতে পারে, আবার এর বিপরীতও হয়। বাতাসের ন্যায় মানুষের মত বদলাতে থাকে।

ঈশ্বরে তোমার সম্পূর্ণ ভরসা রাখ; তাঁকে ভয় কর, তাঁকে ভালবাস। তিনি তোমার মুখপাত্র হবেন এবং যাতে তোমার মঙ্গল হয় সেই ব্যবস্থা তিনি করবেন। "ইহলোকে তো আমাদের স্থায়ী বাসস্থান নেই।" তুমি যেখানেই থাক-না-কেন সেখানেই তুমি বিদেশী ও যাত্রী মাত্র। অন্তরে খ্রীষ্টের সঙ্গে মিলিত না হলে তুমি শান্তি পাবে না।

কেন এদিক-ওদিক চেয়ে থাক? এতো তোমার চিরস্থায়ী বাসস্থান নয়! যেহেতু স্বর্গেই তোমার বাসস্থান, সেজন্য পার্থিব বিষয়গুলি ক্ষণস্থায়ী—এইভাবেই তাদের দেখতে হবে। সব-কিছু চলে যাচ্ছে এবং তুমিও চলেছ তাদের সঙ্গে অবলুপ্তির পথে। সাবধান থেকো পার্থিব বিষয়গুলির সঙ্গে নিজেকে জড়িয়ে রেখো না তাহলে তুমিও তাদের সঙ্গে নষ্ট হয়ে যাবে।

সর্বোত্তম ঈশ্বরের বিষয় চিন্তা কর এবং খ্রীষ্টকে অবিরত তোমার প্রার্থনা নিবেদন কর। গভীর ও দিব্য তত্ত্বের ধ্যান করতে যদি না পার, তাহলে খ্রীষ্টের দুঃখভোগের বিষয়ে ধ্যানরত থাক এবং তাঁর পবিত্র ক্ষতগুলিতে মনোনিবেশ করে খুশী হও। কারণ যীশুর ক্ষত এবং মহামূল্য আহত স্থানগুলির মধ্যে আশ্রয় নিলে, কষ্টের মধ্যে তুমি বড় সান্ত্বনা পাবে এবং মানুষ অপমান করলেও তুমি কিছু মনে করবে না এবং নিন্দা অনায়াসে সহ্য করবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই জগতে খ্রীষ্টও মানুষের কাছে অপমানিত হয়েছিলেন এবং যখন তাঁর সাহায্যের বিশেষ প্রয়োজন ছিল, তখন তাঁর পরিচিত ব্যক্তি ও বন্ধুরা তাঁকে অপমানের মাঝে ফেলে রেখেছিল। খ্রীষ্ট কষ্ট ও অপমান সহ্য করতে চেয়েছিলেন, আর তুমি সামান্য কারণেই ক্রুদ্ধ হবে কী? খ্রীষ্টের অনেক শত্রু ও নিন্দুক ছিল; আর তুমি কি চাও যে, সকলেই তোমার বন্ধু ও হিতকারী হবে? তোমার বিরুদ্ধে কিছু না ঘটলে, কেমন করে ধৈর্যের পুরস্কার পাবে? তোমার বিষয়ে প্রতিরোধ না এলে তুমি কি করে খ্রীষ্টের বন্ধু হবে? খ্রীষ্টের সঙ্গে যদি রাজত্ব করতে চাও, তাহলে খ্রীষ্টের সঙ্গে এবং খ্রীষ্টের জন্য কষ্ট সহ্য কর।

তুমি যদি একবারও খ্রীষ্টের মধ্যে সম্পূর্ণভাবে প্রবেশ করতে এবং তাঁর প্রগাঢ় প্রেমের একটি কণাও অনুভব করতে, তবে তুমি নিজের সুবিধা-অসুবিধার দিকে মোটেই মন দিতে না; বরং অপমানিত হলে আনন্দ করতে, কারণ যীশুকে ভালবাসলে নিজেকে অবজ্ঞা করা সহজ হয়। যে ব্যক্তি যীশু ও সত্যকে ভালবাসে, যে সত্যই আত্মনিবিষ্ট এবং অনর্থক বাসনা-মুক্ত হয়; সে সহজে ঈশ্বরের সঙ্গে যুক্ত হতে পারে এবং আধ্যাত্মিক ভাবে উন্নীত হয়ে পরম শান্তি উপভোগ করতে পারে।

পার্থিব বিষয়বস্তু সম্পর্কে যা বলা হয় বা কল্পনা করা হয় তা নয়, কিন্তু সেগুলি ঠিক যেরূপ আছে সেই সম্পর্কে যার জ্ঞান আছে, সে-ই প্রকৃত জ্ঞানী; তার বিদ্যা মানুষের কাছ থেকে নয়, ঈশ্বরের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কাছ থেকেই আসে। যে আত্মনিবেশ করতে জানে এবং বাহ্য বিষয়ে বিশেষ মন দেয় না, ভক্তি-সাধনা করার জন্য বিশেষ স্থান বা কালের সুযোগের অপেক্ষা সে করে না। অন্তর্মুখী ব্যক্তি শীঘ্রই আত্মনিবিষ্ট হয়, কেননা বাহ্য-বস্তুর হাতে সে কখনো নিজেকে সম্পূর্ণরূপে বিসর্জন দেয় না; বাইরের কোন কাজ বা নির্দিষ্ট কোন কর্তব্য তাকে বাধা দেয় না; কারণ ঘটনা চক্র অনুযায়ী সে তার কাজ চালিয়ে যায়। যার অন্তরে সব কিছু সুশৃঙ্খলভাবে বিন্যস্ত, সে মানুষের জাঁকজমকে বা নিকৃষ্ট কাজে মন দেয় না। মানুষ সংসারকে যতই তার কাছে টানতে চায়, সে ততই বাধাপ্রাপ্ত ও চঞ্চল হয়।

তুমি যদি প্রকৃতই সৎ ও নির্দোষ হতে, তবে সব কিছুই তোমার মঙ্গল ও উন্নতিতে পরিণত হত। অনেক কিছু তোমাকে দুঃখ দেয় ও প্রায় অস্থির করে তোলে, কারণ তুমি তোমার কথা ভুলতে বা পার্থিব বিষয় সম্পূর্ণ ছাড়তে এখনও পারনি। সৃষ্ট জিনিষের প্রতি অপবিত্র অনুরাগ মানুষের হৃদয়কে যতটা কলঙ্কিত ও মোহগ্রস্ত করে, অন্য কিছু ততটা পারে না। তুমি যদি পার্থিব সান্ত্বনা পাওয়ার ইচ্ছাকে অগ্রাহ্য কর, তবে তুমি স্বর্গীয় বিষয়ে মনোনিবেশ করতে এবং আন্তরিক আনন্দ ভোগ করতে পারবে।

২

বিনীত বশবর্তিতা

কে তোমার স্বপক্ষে আর কে তোমার বিপক্ষে, সে বিষয়ে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বেশী চিন্তা করো না; কিন্তু তুমি যা-ই করো-না-কেন, তাতেই ঈশ্বর তোমার সহায় হবেন—এই মনোভাব নিয়ে কাজ করবে এবং চেষ্টাও করতে থাকবে। সৎ-বিবেক নিয়ে চল, তাহলে ঈশ্বর যথাযথভাবে তোমাকে রক্ষা করবেন। কারণ ঈশ্বর যাকে সাহায্য করেন, কারও নিষ্ঠুরতা তার ক্ষতি করতে পারে না। তুমি যদি নীরবে কষ্ট সহ্য করতে পার, তবে নিশ্চিত হও, ঈশ্বর তোমাকে সাহায্য করবেন। তিনি তো জানেন, কোন্ সময়ে এবং কি ভাবে তোমাকে উদ্ধার করতে হবে; অতএব তাঁর হাতে নিজেকে ছেড়ে দিতে হবে। আমাদের সাহায্য করা এবং সব রকম মানসিক বিভ্রাট থেকে রক্ষা করা ঈশ্বরেরই কাজ। মাঝে মাঝে আমাদের দোষের কথা জেনে লোকে আমাদের তিরস্কার করে; এটি আরও নম্র হওয়ার জন্য প্রায়ই আমাদের সাহায্য করে।

মানুষ যখন নিজের পাপের জন্য নিজেকে অবনত করে, তখন সহজেই সে পরকে শান্ত এবং যারা তার প্রতি ক্ষুব্ধ তাদেরও অনায়াসে তুষ্ট করে। ঈশ্বর বিনীত ব্যক্তিকে রক্ষা ও উদ্ধার করেন; বিনীত ব্যক্তিকে তিনি ভালবাসেন ও সান্ত্বনা দেন; বিনীতের প্রতি তিনি প্রসন্ন হন; তিনি বিনীতকে প্রচুর কৃপা দেন এবং সে অবনত হওয়ার পর তাকে গৌরবে উত্তোলিত করেন। বিনীত ব্যক্তিকে ঈশ্বর নিজের গুপ্ত-তত্ত্ব প্রকাশ করেন এবং মধুরভাবে তাকে আহ্বান করে নিজেরই কাছে টেনে নেন। অপমানিত হয়েও বিনীত ব্যক্তি শান্তিতে থাকে;

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কারণ সে সংসারের উপর নয়, বরং ঈশ্বরে নির্ভর করে।

নিজেকে সবার চেয়ে হীন মনে না করা পর্যন্ত তোমার কোন উন্নতি হয়েছে, এ আশা করো না।

৩

সৎ ও শান্ত মানুষ

প্রথমে নিজেকে শান্তিতে রাখ, তাহলে পরকেও তুমি শান্তি দিতে পারবে। সুপণ্ডিতের চেয়ে শান্তিপ্রিয় মানুষ বেশী উপকারী। অশান্ত লোক ভালকে মন্দে পরিণত করে এবং মন্দকে সহজেই বিশ্বাস করে। সৎ ও শান্তিপ্রিয় মানুষ সব-কিছুকেই মঙ্গলে পরিণত করে। যে শান্তিতে থাকে, সে কাউকে সন্দেহ করে না; কিন্তু যে অসন্তুষ্ট ও অস্থির, সে নানা সন্দেহে উত্তেজিত হয়, সে নিজে শান্তি পায় না, পরকেও শান্তিতে থাকতে দেয় না। তার যা বলা উচিত নয়, সে প্রায়ই তা বলে ফেলে এবং যে কাজ তার বিশেষভাবে করা উচিত, তা সে অবহেলা করে। অপরের যা করণীয় তা নিয়ে সে ব্যস্ত হয়, কিন্তু নিজের যা কর্তব্য তা অবহেলা করে। তাই সবার আগে নিজের বিষয় নিয়ে তুমি মনোযোগী হও, তবেই তুমি পরের বিষয়ে যথার্থ আগ্রহ দেখাতে পারবে।

তুমি তো নিজের দোষগুলি গ্রাহ্য করো না, বরং গোপনে রাখ, অথচ অন্যের দোষ বেশী বড় করে দেখ। নিজেকে দোষী এবং অন্যকে নির্দোষ সাব্যস্ত করাই তোমার পক্ষে ন্যায়সঙ্গত কাজ। অপরে তোমাকে সহ্য করুক, এটি যদি চাও, তবে তুমি নিজেই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অপরকে সহ্য কর। ভেবে দেখ, প্রকৃত প্রেম ও নম্রতা থেকে তুমি এখনো কত দূরে রয়েছ! কারণ এ দু'টি গুণ থাকলে নিজের ওপর ছাড়া, আর কারো ওপর তুমি রাগ করতে না। সৎ ও শান্ত লোকদের সঙ্গে বাস করা কঠিন নয়; বরং স্বভাবতঃ সকলেরই তা ভাল লাগে, কারণ সকলেই শান্তিতে থাকতে চায় এবং একই মতের লোকদের তারা বেশী পছন্দ করে। কিন্তু উগ্র, নিষ্ঠুর অথবা উচ্ছৃঙ্খল বা প্রতিরোধকারীদের সঙ্গে শান্তিতে বাস করা কঠিন; এটি হল বড় পুণ্য ও অতি-প্রশংসনীয় বীরের কাজ।

এমন লোক আছে, যারা নিজেরাই শান্তিতে থাকে এবং পরের সঙ্গেও শান্তিতে বাস করে। আবার কেউ কেউ আছে, যাদের নিজেদের শান্তি নেই, পরকেও তারা শান্তিতে থাকতে দেয় না। এরা অপরকে কষ্ট দেয়, কিন্তু তার নিজেদেরও বেশী কষ্ট দেয়। আবার কতকগুলো লোক আছে যারা নিজের শান্তি বজায় রেখে পরের মধ্যে শান্তি স্থাপনের চেষ্টা করে। তবে এই দুঃখময় জীবনে, বিরোধিতার অভাবে নয়, বরং বিনীত অধ্যবসায়ের ওপর আমাদের শান্তি প্রতিষ্ঠা করতে হবে। যে ব্যক্তি বেশী কষ্ট সহ্য করতে জানে, সে বেশী শান্তি পায়। সে হচ্ছে আত্মজয়ী, জগতের প্রভু, খ্রীষ্টের বন্ধু ও স্বর্গের উত্তরাধিকারী।

৪

পবিত্র মন ও সরল অভিপ্রায়

সরলতা ও পবিত্রতা হচ্ছে মানুষের দু'টি পক্ষ স্বরূপ; তাদের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাহায্যে মানুষ পার্থিব বিষয় থেকে নিজেকে তুলে নেয়। কার্যের মধ্যে সরলতা এবং উদ্দেশ্যের মধ্যে পবিত্রতা থাকা চাই। সরলতা ঈশ্বরকে লক্ষ্য করে এবং পবিত্রতা তাঁকে গ্রহণ ও অনুভব করে। তুমি যদি অযথা বাসনা থেকে মুক্ত হও, তাহলে কোন সৎকাজে বাধা পাবে না। ঈশ্বরের সন্তোষ ও প্রতিবেশীর মঙ্গল ছাড়া আর কিছু কামনা ও সন্ধান করো না, তবে তুমি অন্তরে শান্তি ভোগ করবে। তোমার হৃদয় যদি সৎ হত, তাহলে প্রত্যেক সৃষ্ট বস্তু তোমার পক্ষে জীবনের দর্পণ ও পবিত্র শিক্ষা-পুস্তকের মতই হত। কারণ এমন নগণ্য ও তুচ্ছ সৃষ্ট-বস্তু নেই, যা ঈশ্বরের দয়া প্রকাশ করে না।

অন্তরে সৎ ও পবিত্র হলে, তুমি সকল বিষয় নিঃসঙ্কটে দেখতে এবং ভাল করে বুঝতে পারতে। পবিত্র হৃদয় স্বর্গ ও নরক ভেদ করে। আমাদের অন্তরের ভাবধারা অনুসারে আমরা বাইরের সব কিছু বিচার করি। ইহজগতে সুখ বলতে যদি কিছু থাকে, তবে তা পবিত্র-হৃদয় ব্যক্তিদের নিকটেই আছে। আর যদি ক্লেশ ও উদ্বেগ থাকে, তবে যার বিবেক অসৎ, সে তা ভোগ করে। আগুনে থাকলে লোহা যেমন মরিচা-মুক্ত হয়ে ভাস্বর হয়ে ওঠে, মানুষও তেমনি ঈশ্বরের নিকট সম্পূর্ণরূপে আত্ম-সমর্পণ করলে, শৈথিল্য-মুক্ত হয়ে নতুন মানুষে পরিণত হয়।

মানুষ যখন উদ্যমহীন হতে সুরু করে, সে তখন সামান্য পরিশ্রমকে ভয় করে ও স্বচ্ছন্দে বাহ্য সান্ত্বনাকে গ্রহণ করে। কিন্তু সে যখন নিজেকে সম্পূর্ণ জয় করতে এবং ঈশ্বরের পথে চলতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আরম্ভ করে, তখন পূর্বে সে যা গুরুভার মনে করত, এখন তা সামান্য মনে করে।

৫
আত্ম-সমীক্ষা

আমরা নিজেদের খুব বিশ্বাস করতে পারি না, কারণ ঐশ-কৃপা ও জ্ঞানের আলো আমরা প্রায়ই উপলব্ধি করতে পারি না। আমাদের মধ্যে যেটুকু জ্ঞানের আলো আছে, তা প্রায়ই কম এবং সেটুকুও অমনোযোগিতার জন্য শীঘ্রই হারাতে পারি। আমাদের আন্তরিক অন্ধতা কতখানি, অনেক সময় আমরা তা বুঝতে পারি না। প্রায়ই আমরা দোষ করে থাকি, আর নিজেদের স্বপক্ষে বলতে গিয়ে আরও দোষ করে ফেলি। কখনো কখনো যে উত্তেজনার বশে আমরা চালিত হই, তাকে উদ্‌যোগ মনে করি। সামান্য দোষের জন্য পরকে নিন্দার যোগ্য ভাবি, কিন্তু নিজেদের গুরুতর দোষের কথা আমরা ভাবি না। অপরের কাছ থেকে আমরা যে কষ্ট পাই তা সঙ্গে সঙ্গে আমাদের মনে লাগে এবং তা মনেও রাখি; কিন্তু অন্যে আমাদের কাছ থেকে যে কষ্ট পায়, সে ব্যাপারে আমরা মন দিই না। যে নিজের বিষয়ে সূক্ষ্ম ও যথার্থ বিচার করে, সে পরের বিষয় কঠোর বিচার করার সুযোগ পায় না।

অন্তর্মুখী মানুষ আর সব চিন্তার চেয়ে নিজের চিন্তা আবশ্যক মনে করে; আর যে নিজের বিষয়ে মনোযোগী হয়, সে পরের বিষয়ে অনায়াসে নীরব থাকে। পরের বিষয়ে নীরব না থাকা এবং নিজের ওপর দৃষ্টি না রাখা পর্যন্ত তুমি কিছুতেই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অন্তর্মুখী ও ভক্তিমান হতে পারবে না। নিজের ও ঈশ্বরের বিষয়ে সম্পূর্ণ মন দিলে, বাইরে যা দেখবে তা তোমাকে খুব কমই বিচলিত করে তুলবে। যখন তুমি আত্ম-বিস্মৃত হও, তখন তোমার মন কোথায় থাকে? আর যাবতীয় বিষয় চিন্তা করেও নিজেকে যদি অবহেলা কর, তাহলে তোমার কি লাভ? প্রকৃত শান্তি ও ঈশ্বরের সঙ্গে পূর্ণ মিলন যদি লাভ করতে চাও, তাহলে সব কিছু ছেড়ে দিয়ে তোমাকে নিজের ওপর দৃষ্টি রাখতে হবে।

সাংসারিক ভাবনা থেকে নিজেকে মুক্ত রাখতে পারলে তুমি অনেক বেশী উন্নতি করতে পারবে। কোন পার্থিব বিষয়কে যদি তুমি মূল্যবান মনে কর, তাহলে তোমার যথেষ্ট অবনতি হবে। একমাত্র ঈশ্বর ও ঐশ্বরিক বিষয় ছাড়া আর কিছু যেন তোমার চোখে মহৎ, উন্নত, প্রীতিকর ও গ্রহণযোগ্য না হয়। কোন সৃষ্ট-বস্তু থেকে যে আনন্দ আসে পরে তা একেবারে অসার মনে করবে। যে আত্মা ঈশ্বরকে ভালবাসে, ঈশ্বর ছাড়া আর সব-কিছুকেই সে তুচ্ছ ভাবে। কেবলমাত্র সনাতন, অসীম ও সর্বত্র বিরাজমান ঈশ্বরই আত্মার পরম আনন্দ ও হৃদয়ের প্রকৃত শান্তি।

৬

সৎ-বিবেকের আনন্দ

সৎ বিবেকের সাক্ষ্যই, সৎ মানুষের গৌরব। সৎ-বিবেক অনুসরণ কর, তবে সর্বদা আনন্দ পাবে। সৎ-বিবেক অনেক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কিছু সহ্য করতে পারে এবং কষ্টের মধ্যেও আনন্দ অনুভব করে। অসৎ বিবেক সর্বদা ভীরু ও অস্থির। তোমার বিবেক যদি তোমাকে তিরস্কার না করে, তাহলে তুমি শান্তভাবে বিশ্রাম করতে পার। শুধু তখনই আনন্দ কর, যখন সৎকর্ম করবে। অনাচারীরা কখনো প্রকৃত আনন্দ পায় না, অন্তরের শান্তিও তারা অনুভব করে না; কারণ প্রভু বলেন—"অনাচারীর শান্তি নেই।" আর তারা যদিও বলে, "আমরা বেশ শান্তিতে আছি, আমাদের কোন অমঙ্গল ঘটবে না, কে আমাদের ক্ষতি করতে সাহস করবে?" তবুও তাদের বিশ্বাস করো না; কারণ ঈশ্বরের রোষ হঠাৎ এসে পড়বে এবং তাদের কাজগুলি বিলুপ্ত হয়ে যাবে, নষ্ট হয়ে যাবে তাদের সব পরিকল্পনা।

যে ঈশ্বরকে ভালবাসে, তার পক্ষে কষ্টের মধ্যে গৌরব বোধ করা কঠিন নয়, কারণ কষ্টে আত্মগৌরব অনুভব করা এবং প্রভুর ক্রুশে গৌরব করা একই কথা। মানুষকে যে গৌরব দেওয়া হয় বা তাদের কাছ থেকে যে গৌরব পাওয়া যায়, তা ক্ষণস্থায়ী। পার্থিব গৌরব সর্বদা শোক-মিশ্রিত। সদাচারীর গৌরব তারই নিজের বিবেকে থাকে, মানুষের মুখে নয়। সৎ মানুষের আনন্দ ঈশ্বর থেকে আসে এবং ঈশ্বরের মধ্যে থাকে; সত্যকে অনুসরণ করে মানুষ সুখ বোধ করে। যে যথার্থ ও চিরন্তন গৌরব চায়, সে সাময়িক পার্থিব গৌরব খোঁজে না। যে পার্থিব গৌরব খোঁজে এবং অন্তরের সঙ্গে তাকে অবজ্ঞা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করে না, সে স্বর্গীয় গৌরবকে কম ভালবাসে এমন পরিচয় দেয়। যে প্রশংসা বা অপবাদে মন দেয় না, তার মনে সর্বদা শান্তি থাকে।

যার বিবেক নির্মল, সে সহজেই সন্তুষ্ট ও শান্ত হয়। প্রশংসা পেলেও তুমি বেশী ধার্মিক হবে না এবং অপমান পেলেও নিকৃষ্ট হয়ে পড়বে না; তুমি যেমন আছ, তেমনি থাকবে। ঈশ্বরের দৃষ্টিতে যে ভাবে তুমি আছ তার চেয়ে বেশী বড় হওয়ার আশা তুমি করো না। তোমার অন্তরের অবস্থার কথা যদি ভাব, তবে মানুষে তোমার বিষয়ে কি বলে তাতে তোমার কিছু এসে যায় না। মানুষ শুধু চেহারা দেখে, কিন্তু ঈশ্বর দেখেন অন্তর। মানুষ কাজকর্মের বিচার করে; কিন্তু ঈশ্বর পরীক্ষা করেন মনের অভিপ্রায়। সর্বদা সৎভাবে চলা সত্ত্বেও নিজেকে সামান্য ভাবা—বিনয়ের প্রকৃত লক্ষণ। কোন সৃষ্ট-বস্তু থেকে সান্ত্বনা আশা না করা হচ্ছে পরিপূর্ণ পবিত্রতা এবং আন্তরিক ভাবে ঈশ্বরে নির্ভরতার লক্ষণ।

যে কারো কাছ থেকে নিজের সমর্থনে সাক্ষ্য খোঁজে না, সে সম্পূর্ণই ঈশ্বরের হাতে আত্ম-সমর্পণ করেছে এমন পরিচয় দেয়। সাধু পৌল বলেছেন—"যে নিজেকে প্রশংসা করে, সে নয়, কিন্তু ঈশ্বর যার প্রশংসা করেন, সে-ই সুযোগ্য বলে বিবেচিত হয়।" অন্তরে ঈশ্বরের সঙ্গে যুক্ত হওয়া এবং বাইরে কোন বিষয়ে জড়িত না থাকাই হচ্ছে আধ্যাত্মিক মানুষের অবস্থা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৭

সবার ওপর যীশুর প্রতি প্রেম

ধন্য সে, যে যীশুকে ভালবাসা ও যীশুর জন্য নিজেকে উপেক্ষা করার অর্থ বোঝে। প্রিয়তমের জন্য প্রিয় জিনিষ আমাদের ত্যাগ করতে হয়, কারণ যীশু চান, সবার ওপর শুধু তাঁকেই ভালবাসা হোক। সৃষ্ট-বস্তুর প্রেম অলীক ও অস্থায়ী, কিন্তু যীশুর প্রেম বিশ্বস্ত ও শাশ্বত। যে সৃষ্ট-বস্তুতে আসক্ত, সে ঐ পতনশীল বস্তুর সঙ্গে নিজেও পতিত হবে; কিন্তু যীশুকে যে ধরে থাকে, সে অনন্তকাল স্থির থাকবে। সকলে যখন তোমাকে ছেড়ে যাবে, তখনও যিনি তোমাকে ছাড়বেন না বা পরিশেষে তোমাকে বিনষ্ট হতেও দেবেন না, তাঁকে ভালবাস ও বন্ধু করে রাখ। তুমি চাও আর নাই চাও, কোন না কোন দিন তোমাকে সকলকে ছেড়ে যেতেই হবে।

জীবনে ও মরণে নিজেকে যীশুর কাছে রাখ; সকলে অসমর্থ হলেও একমাত্র যিনি তোমাকে বিশ্বস্তভাবে সাহায্য করতে পারেন, তাঁরই হাতে তুমি আত্ম-সমর্পন কর। তোমার প্রিয়তমের এমন স্বভাব যে, অপর কাউকে তিনি সহ্য করবেন না। শুধু নিজের জন্য তিনি তোমার হৃদয় চান এবং নিজের রাজ্যের মত সেখানে রাজত্ব করতে চান। সকল সৃষ্ট-বস্তুর বাসনা থেকে নিজেকে যদি তুমি বিমুক্ত করতে পারতে, তাহলে যীশু খুশীমনে তোমার অন্তরে বাস করতেন। যীশুকে ছেড়ে মানুষের প্রতি যত অনুরাগ তুমি পোষণ করেছ, সে সবই বৃথা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হয়েছে বলে মনে কর। বায়ু-কম্পিত নল-ঘাসের ওপর নির্ভর করো না, কারণ "সমস্ত জীব তৃণের মত, আর তার গৌরব ঘাসফুলের মতই শুকিয়ে ঝরে যাবে।"

তুমি যদি শুধু মানুষের বাইরের চেহারা দেখ, তাতে শীঘ্রই প্রতারিত হবে। লোকের কাছে যদি আমোদ ও লাভ খোঁজ, তাহলে তোমাকে প্রায়ই ক্ষতি ভোগ করতে হবে। সকল বিষয়ে যীশুকে খুঁজলে, তাঁকে অবশ্যই পাবে, কিন্তু নিজেকে খুঁজলে নিজেকে পাবে বটে, কিন্তু তাতে তোমার ক্ষতি হবে। আর সমস্ত জগৎ বা সকল শত্রু তোমার যতটা ক্ষতি করতে পারে, তার চেয়েও বেশী ক্ষতি হবে যীশুকে না খুঁজলে।

৮

যীশুর সঙ্গে একান্ত বন্ধুত্ব

যীশু উপস্থিত থাকলে সবই ভাল লাগে, কিছুই কঠিন বলে বোধ হয় না; কিন্তু তিনি না থাকলে সবই কঠিন মনে হয়। যীশু যখন অন্তঃকরণে নীরব থাকেন তখন যে কোন সান্ত্বনা মূল্যহীন; কিন্তু যীশু যদি একটি কথা বলেন তাতে আমরা বড় সান্ত্বনা লাভ করি। 'মার্থা' যখন 'মেরী মাগ্‌দালেন'-কে বললেন— "গুরু এসে গেছেন তিনি তোমাকে ডাকছেন", তখন যেখানে পড়ে তিনি কাঁদছিলেন, সেখান থেকে কি মেরী তৎপর হয়ে উঠে ছুটে যান নি? ধন্য সেই মুহূর্ত, যখন যীশু ক্রন্দনরত অবস্থা থেকে আধ্যাত্মিক আনন্দলাভের জন্য তোমাকে ডাকবেন। যীশুকে না

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পেলে কেমন নীরস ও কঠিন লাগে! যীশুকে ছাড়া তুমি যদি অন্য কিছু কামনা কর, তবে তুমি সত্যই নির্বোধ ও লঘুচিত! সমস্ত বিশ্বকে হারানোর চেয়ে এ কি বেশী ক্ষতি নয়?

জগৎ কি তোমাকে যীশুর চেয়েও বড় কিছু দিতে পারে? যীশু ছাড়া থাকা ভীষণ নরক-বাস, মধুর স্বর্গ-বাস হচ্ছে যীশুর সঙ্গে অবস্থান। যীশু সঙ্গে থাকলে, এমন কোন শত্রু নেই যে তোমার ক্ষতি করতে পারে। যীশুকে যে পায় সে বেশ মূল্যবান ধন লাভ করে; মঙ্গলের মধ্যে সে শ্রেষ্ঠ মঙ্গল লাভ করে। আর যীশুকে যে হারায়, সে অনেক কিছু হারায়, সারা বিশ্বের চেয়েও অনেক মূল্যবান সম্পদ সে হারিয়ে ফেলে। যীশু বিনা যে বেঁচে থাকে, সে নিতান্ত দরিদ্র; আর যে যীশুর সঙ্গে থাকে, সে প্রকৃতই ধনী!

যীশুর সঙ্গে আলাপ করতে জানা বড় গুণ এবং যীশুকে কি-ভাবে সঙ্গে রাখতে হয়, তা জানা গভীর জ্ঞানের পরিচয়। নম্র হও, শিষ্ট হও, যীশু তোমার সঙ্গে বাস করবেন। বাহ্য বস্তুগুলির প্রতি আসক্ত হলে তুমি শীঘ্রই যীশুকে বর্জন করবে এবং কৃপাও হারাবে। আর তাঁকে বর্জন করলে, কার কাছে তুমি আশ্রয় নেবে, কাকেই বা তখন বন্ধু বলে খুঁজবে? বন্ধু ছাড়া তুমি ভালভাবে চলতে পারবে না এবং যীশু যদি তোমার শ্রেষ্ঠ বন্ধু না হন, তাহলে তুমি নিতান্ত দুঃখী ও হতাশ হবে। তাই অন্য কারো ওপর ভরসা করলে বা তাতে তুষ্ট

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হলে তুমি নির্বোধের মত কাজ করবে। যীশুকে অসন্তুষ্ট করার চেয়ে, সমস্ত জগৎ তোমার বিরুদ্ধে থাকা বরং ভাল। সুতরাং তোমার প্রিয়জনদের মধ্যে যীশু যেন তোমার শ্রেষ্ঠ প্রীতিভাজন হন।

যীশুর জন্য সকলকে ভালবাসবে, আর যীশুকে ভালবাসবে তাঁর নিজেরই জন্য। যীশু খ্রীষ্টকেই ব্যক্তিগতভাবে ভালবাসবে, কারণ সকল বন্ধুর মধ্যে কেবল তিনি উত্তম ও বিশ্বস্ত। তাঁর জন্য এবং তাঁরই মধ্য দিয়ে শত্রু-মিত্র সকলেই তোমার প্রিয়ভাজন হোক এবং তাদের জন্য তোমাকে যীশুর কাছে প্রার্থনা করতে হবে, তারা যেন তাঁকে চিনতে ও ভালবাসতে পারে। শুধু তোমার নিজের জন্য প্রশংসা ও ভালবাসা কামনা কর না, কারণ এই সব কেবল ঈশ্বরের প্রাপ্য—তিনি অদ্বিতীয়, তাঁর সমতুল্য যে কেউ নেই। কেউ তোমার প্রতি আসক্ত হোক বা তুমি কারো প্রেমে আসক্ত হও, এমন কামনা করো না; যীশুই তোমার হৃদয়ে ও সকল সৎ মানুষের অন্তরে বাস করুন।

তুমি অন্তরে পবিত্র ও নির্দোষ হও, কোন সৃষ্ট-বস্তুর সঙ্গে জড়িয়ে পড়ো না। প্রভু যে কত মধুর তুমি যদি স্বাধীন ভাবে তা অনুভব করতে চাও, তাহলে তোমাকে অনাসক্ত হতে হবে এবং তোমার হৃদয় পবিত্র রেখে তা ঈশ্বরকে সমর্পণ করতে হবে। অবশ্যই তাঁর কৃপা দ্বারা পূর্ব হতে পরিচালিত বা আকৃষ্ট না হলে তুমি ঐ অবস্থায় পৌঁছাতে পারবে না। আর ঐ অবস্থায় উপনীত হতে হলে অন্য সকলকে ত্যাগ করে বা বিদায় দিয়ে একমাত্র

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাঁরই সঙ্গে তোমাকে যুক্ত থাকতে হবে। প্রকৃত পক্ষে যখন ঈশ্বরের কৃপা মানুষের অন্তরে আসে, মানুষ তখন সবই করতে পারে; কিন্তু ঐ কৃপা সরে গেলে, সে দীন ও দুর্বল হয়ে পড়ে, কষ্টের আঘাত সহ্য করার জন্য সে পরিত্যক্ত হয়। এই অবস্থাতেও তাকে বিষণ্ণ বা হতাশ হলে চলবে না; ঈশ্বরের ইচ্ছা তাকে সমভাবে মেনে নিতে হবে এবং যা ঘটে তা ঈশ্বরের মহিমার জন্য সহ্য করা উচিত, কারণ শীতের পর আসে গ্রীষ্ম, রাতের পর আসে দিন এবং ঝড়ের পর দেখা দেয় মহাশান্তি।

৯

সান্ত্বনার অভাব

ঈশ্বরের কাছে সান্ত্বনা পেলে, মানুষের কাছে-পাওয়া সান্ত্বনাকে উপেক্ষা করা কঠিন নয়। কিন্তু মানুষ ও ঈশ্বর— উভয়েরই সান্ত্বনার অভাব হলে, ঈশ্বরের মহিমার জন্য স্বেচ্ছায় এই আন্তরিক অভাব সহ্য করা, কিছুতেই স্বার্থ না খোঁজা এবং নিজের যোগ্যতার বিষয়ে মন না দেওয়া সত্যই কঠিন, খুবই কঠিন। ঐশকৃপা পেলে তুমি যে প্রফুল্ল ও ধর্মানুরাগী হবে, তাতে আশ্চর্য হওয়ার কি আছে? এই অবস্থা তো সকলেই চায়। ঈশ্বরের কৃপা যাকে বয়ে নিয়ে যায়, সে বেশ আরামে চলে। যাকে সর্বশক্তিমান প্রভু বহন করেন এবং এরূপ সর্বশ্রেষ্ঠ চালক করেন চালনা, তার যে কোন কষ্ট হয় না—এতে আশ্চর্য হবার কিছুই নেই।

কিছু না কিছু নিয়ে আমরা সান্ত্বনা পেতে চাই, আর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মানুষ তা ছাড়তেও চায় না। ধর্মশহীদ সাধু লরেন্স তাঁর পুরোহিতসহ সংসারকে জয় করতে পেরেছিলেন কারণ সংসারে যা কিছু তৃপ্তিকর মনে হয়, তা তিনি উপেক্ষা করে-ছিলেন। এমন কি, ঈশ্বরের প্রেমের জন্য তাঁর অতি শ্রদ্ধাভাজন মহাযাজক পোপ সিক্স্টাসের কাছ থেকে পৃথক হবার বেদনাও তিনি শান্ত ভাবে সহ্য করেছিলেন। তাই তিনি স্রষ্টিকর্তার প্রতি প্রেমের প্রকাশে মানুষের প্রতি প্রেমকে ছাড়িয়ে গেলেন। আর মানুষের সান্ত্বনার পরিবর্তে তিনি ঈশ্বরের সন্তোষকে বেছে নিলেন। তাঁর মত তুমিও ঈশ্বরের প্রেমের জন্য তোমার কোন ঘনিষ্ঠ ও প্রিয় বন্ধুকে ত্যাগ করতে শেখ। আর যখন কোন বন্ধু তোমাকে ত্যাগ করবে, তখন দুঃখ করো না; জেনো, কোন-না-কোন দিন আমাদের সকলকেই পরস্পরকে ছেড়ে দিতে হবে।

নিজেকে সম্পূর্ণ জয় করতে শেখা পূর্বে এবং নিজের সকল বাসনা ঈশ্বরের প্রতি চালিত করার আগে, মানুষকে তার নিজের অন্তরে ব্যাপক এবং দীর্ঘস্থায়ী সংগ্রাম করতেই হবে। মানুষ যখন নিজের ওপর বেশী নির্ভর করে, সে তখন সহজেই লোকের সান্ত্বনা খুঁজে বেড়ায়। কিন্তু যে খ্রীষ্টকে সত্যই ভালবাসে এবং যে সদ্‌গুণ অনুসরণে আগ্রহান্বিত, সে এই সব সান্ত্বনায় নির্ভর করে না, বা ইন্দ্রিয়গ্রাহ্য সুখ অথবা আরাম খোঁজে না, বরং খ্রীষ্টের জন্য কঠোর সংগ্রাম এবং কষ্টকর শ্রম করতে সে ইচ্ছুক হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অতএব ঈশ্বর তোমাকে আধ্যাত্মিক সান্ত্বনা দিলে, তুমি কৃতজ্ঞ মনে তা গ্রহণ করবে; তবে মনে রেখো ওটি তোমার প্রাপ্য নয়, ঈশ্বরের দান মাত্র। এই ঐশদানের জন্য গর্ব করো না, আনন্দে আত্মহারাও হয়ো না বা বৃথা দুঃসাহস দেখিও না; বরং এই দানের জন্য আরও নম্র, সতর্ক এবং তোমার প্রতিটি কাজে আরও মনোযোগী হয়ে থেকো; কারণ এই সান্ত্বনার সময় চলে গেলে আবার প্রলোভন আসবে। সান্ত্বনা সরে গেলে সঙ্গে সঙ্গে তুমি নিরাশ হয়ে পড়ো না; বিনয় ও ধৈর্য নিয়ে দিব্য-দর্শনের জন্য অপেক্ষা করো, কারণ ঈশ্বর তোমাকে আরও বড় সান্ত্বনা দিতে সক্ষম। যারা ঈশ্বরের পথের কথা জানে, তাদের কাছে এ ব্যাপার নতুন বা অদ্ভুত নয়, কারণ মহান সাধু ও প্রাচীন ভবিষ্যদ্বক্তাদের মধ্যেও এমনি পরিবর্তনশীল ব্যাপার প্রায়ই দেখা গিয়েছে।

তাই ঐশ্ব-কৃপা পেয়ে তাদের একজন বলেছিলেন, "এত বেশী পরিমাণ কৃপা পেয়েছি যে, কোন দিন বিচলিত হব না।" কিন্তু কৃপা সরে গেলে, অন্তরে তিনি যা অনুভব করেছিলেন তাই জানালেন—"প্রভু, তুমি আমার প্রতি বিমুখ হওয়ায় আমি ব্যাকুল হয়ে পড়েছি।" তবুও তিনি তখন মোটেই হতাশ হননি; বরং আরও আগ্রহের সঙ্গে প্রভুর কাছে প্রার্থনা জানালেন, "হে প্রভু, আমি তোমাকেই ডাকি, তোমার-ই কাছে আমি প্রার্থনা করি!" শেষে তিনি তাঁর প্রার্থনার ফল পেয়ে স্বীকার করলেন যে তার প্রার্থনা সফল হয়েছে, "আমার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুরোধ শুনে প্রভু আমাকে দয়া করেছেন, প্রভুই আমার সহায় হয়েছেন।" প্রভু কিভাবে সাহায্য করেছেন, তাও তিনি বললেন—"তুমি আমার শোককে সুখে পরিণত করেছ, আনন্দে আমাকে পরিবেষ্টিত করেছ।" মহান সাধুদের ক্ষেত্রে যখন এসব ঘটেছে, তখন আমরা যে এত দুর্বল ও দীন হয়ে কখনো উদ্‌যোগী, কখনো শিথিল হয়ে পড়ি, তার জন্য হতাশ হওয়া আমাদের উচিত নয় ; কারণ ঐশ-আত্মা তাঁর ইচ্ছামত আসেন ও চলে যান। সেই জন্যই সাধু জোব বলেছেন, "হে ঈশ্বর, তুমি প্রাতঃকালে মানুষকে দর্শন দিয়ে থাক, আর পরক্ষণেই তাকে পরীক্ষায় ফেলে দাও।"

অতএব একমাত্র ঈশ্বরের মহান্ করুণা এবং একমাত্র তাঁর কৃপা ছাড়া আমি আর কি আশা বা কি ভরসা করতে পারি ? কারণ সৎ মানুষ বা ধর্মপরায়ণ ভক্ত অথবা বিশ্বস্ত বন্ধুগণ কিংবা পবিত্রগ্রন্থ অথবা উত্তম ধর্ম-পুস্তক বা মধুর সঙ্গীত ও স্তোত্র আমার কাছে থাকা সত্ত্বেও আমি যদি ঐশ-কৃপা হ'তে বঞ্চিত হই এবং নিজের অকিঞ্চনতার গণ্ডীর মধ্যে থাকি, তবে পূর্বোক্ত উপায়গুলি আমার সামান্যই উপকার করতে পারে এবং এতে আমার শান্তিলাভ কমই হয়। এই অবস্থায় ধৈর্য ধরা এবং নিজের ইচ্ছার পরিবর্তে ঈশ্বরের ইচ্ছা মেনে চলা ছাড়া আর কোন সদুপায় নেই।

আমি কখনো এমন কোন ধর্মপরায়ণ বা ভক্ত ব্যক্তিকে দেখিনি যিনি কখনো-না-কখনো ঐশ-কৃপার অভাব বা উদ্‌যোগহীনতা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনুভব করে নি। এমন কোন উন্নত এবং উদ্বুদ্ধ সাধু নেই: যিনি আগে বা পরে প্রলোভিত হন নি। কারণ যে ঈশ্বরের পরিকল্পনায় নির্যাতন দ্বারা পরীক্ষিত হয় নি, সে ঈশ্বরের গভীর দর্শন লাভের যোগ্য নয়। পূর্ব-ঘটিত প্রলোভন পরবর্তীকালে সান্ত্বনা লাভের নির্দেশক। প্রকৃতপক্ষে যারাই প্রলোভন দ্বারা পরীক্ষিত হয়েছে, তারা দিব্য-সান্ত্বনা পাওয়ার প্রতিশ্রুতিও পেয়েছে। প্রভু বলেছেন, "যে জয়ী হবে, তাকেই জীবন-বৃক্ষের ফল খেতে দেব।"

মানুষ যাতে দুঃখ-কষ্ট সহ্য করার শক্তি পায়, সেজন্য তাকে দিব্য-সান্ত্বনা দেওয়া হয়। কিন্তু সে যেন উন্নতি বিষয়ে গর্ব না করে—সেজন্য প্রলোভন তার কাছে আসে। শয়তান তো ঘুমোয় না, আর আমাদের ইন্দ্রিয় এখনো মরেনি ; তাই সংগ্রামের জন্য সব সময় তুমি প্রস্তুত থাক, কেন না তোমার বাম দিকের বা ডান দিকের শত্রু কখনো বিশ্রাম করে না।

১০

ঐশ-কৃপার জন্য কৃতজ্ঞতা

তুমি তো পরিশ্রম করতে জন্মেছ, তবে বিশ্রাম খোঁজ কেন? সান্ত্বনা লাভের চেষ্টার চেয়ে ধৈর্য অবলম্বন করতে এবং আনন্দভোগের চেয়ে ক্রুশ-বহন অর্থাৎ কষ্টভোগ করতে আগ্রহী হও। সবসময় যদি পাওয়া যেত, তাহলে সংসারী লোকদের মধ্যে কে না ঐশ-সান্ত্বনা ও আধ্যাত্মিক আনন্দ স্বচ্ছন্দে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গ্রহণ করত? কারণ সকল রকম পার্থিব আমোদ ও ইন্দ্রিয়-বিলাসের চেয়ে আধ্যাত্মিক সান্ত্বনা অনেক বেশী আনন্দদায়ক। বাস্তবিক, সংসারের সকল আমোদ হয় নীরস নয়তো কুৎসিত। কেবল আধ্যাত্মিক আনন্দ তৃপ্তিকর ও নির্দোষ, কারণ এটি সৎগুণ থেকে উৎপন্ন হয়ে ঈশ্বর কর্তৃক পবিত্র মনের মধ্যে রোপিত হয়। তবে কেউ-ই সব সময় ইচ্ছামত এই দিব্য সান্ত্বনা লাভ করতে পারে না, কারণ পরীক্ষা আসতে বেশী দেরী হয় না।

মনের অলীক স্বাধীনতা ও নিজের ওপর অধিক বিশ্বাসই ঈশ্বর-দর্শনের বড় বাধা। সান্ত্বনার কৃপা দিয়ে ঈশ্বর উত্তম কাজই করছেন; কিন্তু কৃতজ্ঞতাসহ তা ঈশ্বরে আরোপ না করায় মানুষ অন্যায় করে। যেহেতু দাতার কাছে আমরা অকৃতজ্ঞ থাকি এবং উৎসে সব কিছু আরোপ ক'র না, সেজন্য ঐশ্ব-কৃপার দানটি আমাদের মধ্যে প্রবাহিত হয় না। যে যথার্থ কৃতজ্ঞতা প্রকাশ করে, তাকে সর্বদা কৃপা দেওয়া হয় এবং বিনয়ীকে যা দেওয়া হয়ে থাকে, অহংকারীর কাছ থেকে তা কেড়ে নেওয়া হয়।

যে সান্ত্বনা আমায় অনুতপ্ত হতে দেয় না, তা আমি চাই না, আর যে দিব্য-দর্শনের বাসনা আমাকে অহংকারী করে তোলে তাও আমি চাই না। কারণ সকল উচ্চ বিষয়ই পবিত্র নয়, প্রতিটি তৃপ্তিদায়ক বস্তু ভাল নয়, আমাদের সকল বাসনাও শুদ্ধ নয় এবং আমাদের যে প্রিয় তা ঈশ্বরের প্রিয়ভাজন নয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যে ঐশকৃপা সব সময় আমাকে আরও বেশী নম্র ও ধর্মভীরু করে রাখে এবং নিজের স্বার্থ ত্যাগ করতে সাহায্য করে, সেই কৃপাকে আমি সন্তুষ্ট চিত্তে গ্রহণ করি। ঐশ-কৃপা লাভের ফলে যে ব্যক্তি প্রবুদ্ধ হয়েছে এবং কষ্টের আঘাতে যে বিজ্ঞ হয়েছে, সে নিজের ওপর ভাল কিছু আরোপ করে না, বরং স্বীকার করে যে, সে দীন ও সম্পূর্ণ নির্গুণ। ঈশ্বরের যা প্রাপ্য, তা ঈশ্বরকে দাও এবং তোমার যা কিছু, তা নিজের ওপর আরোপ করো। অর্থাৎ তাঁর কৃপা-লাভের জন্য ঈশ্বরকে ধন্যবাদ জানাও এবং নিশ্চিত হও যে, পাপ ও পাপের শাস্তি তোমার ওপর আরোপিত হওয়া উচিত।

নিজেকে সবার নীচে রাখ, তবেই তোমাকে সর্বোচ্চ স্থান দেওয়া হবে, কারণ নিম্নতম স্থানে না থাকলে, উচ্চতম স্থান লাভ সম্ভব হতে পারে না। ঈশ্বরের দৃষ্টিতে যাঁরা শ্রেষ্ঠ সাধু, তাঁরা নিজেদের চোখে সর্বাপেক্ষা ক্ষুদ্র এবং তাঁরা যতই প্রশংসার পাত্র হন, ততই তাঁরা নম্র থাকেন। সত্য ও দিব্য গৌরবে পরিপূর্ণ হয়ে তাঁরা নিরর্থক গৌরবের অভিলাষী নন। ঈশ্বরের মধ্যে একীভূত ও সংস্থাপিত হয়ে তাঁরা কিছুতেই অহংকারী হতে পারেন না। আর যেহেতু মঙ্গলজনক বলতে যা কিছু তাঁরা পেয়েছেন, তা তাঁরা ঈশ্বরকে আরোপ করেন, সেজন্য তাঁরা মানুষের কাছে গৌরব খুঁজে বেড়ান না। যে গৌরব কেবল ঈশ্বরের কাছ থেকে আসে, তাঁরা তাই খোঁজেন। তাঁদের এবং সকল সাধুর মাঝ দিয়ে ঈশ্বর সবার উপরে প্রশংসিত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হন, এই হচ্ছে তাঁদের অন্তরের চির-আকাঙ্ক্ষা!

ক্ষুদ্রতম দানের জন্যও কৃতজ্ঞ হও, তাহলে তুমি আরও বেশী পাওয়ার যোগ্য হবে। সবচেয়ে সামান্য দানকেও খুব বড় দান বলে মনে কর এবং অতি তুচ্ছ দানকে বিশিষ্ট কৃপা বলে ভাব। দাতার মর্যাদার কথা বিবেচনা করলে, কোন দানই সামান্য বা অতি তুচ্ছ মনে হবে না। পরমেশ্বর যা দান করেন, তা কখনো সামান্য হতে পারে না; আর তিনি আমাদের শাস্তি বা আঘাত দিলেও সবই প্রীতিকর বলে স্বীকার করে নেওয়া উচিত; কেননা তিনি যা ঘটতে দেন, তা আমাদের মুক্তির জন্যই ঘটে। ফলে যে ব্যক্তি ঈশ্বরের কৃপা পেয়ে তা রাখতে চায়, সে প্রাপ্ত কৃপার জন্য কৃতজ্ঞ হোক, আর তা যখন তার কাছ থেকে অপসারিত হবে, তখন সে ধৈর্য ধারণ করুক। হারান কৃপা ফিরে পাবার জন্য সে প্রার্থনা করুক এবং যাতে তা আর হারিয়ে না যায়, তার জন্য সে নম্র ও সতর্ক থাকুক।

১১

যীশুর ক্রুশের ক্ষুদ্র সংখ্যক অনুরাগী

যীশুর স্বর্গরাজ্যকে ভালবাসে এমন শিষ্য যীশুর অনেক আছে; কিন্তু তাঁর ক্রুশ বয়ে নিয়ে যাওয়ার উপযুক্ত শিষ্যের সংখ্যা অতি কম। অনেকে সান্ত্বনা চায়, কিন্তু দুঃখ-কষ্ট কম চায়। যীশু ভোজনের সাথী হিসাবে অনেককে পান, কিন্তু তাঁর সঙ্গে উপবাসে যোগ দেওয়ার লোক কমই আছে। সকলেই তাঁর সঙ্গে আনন্দ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করতে চায়, কম লোকই তাঁর জন্য কষ্টভোগ করতে ইচ্ছুক। রুটি খণ্ড করার সময় পর্যন্ত অনেকে যীশুর অনুসরণ করে, আবার তাঁর যন্ত্রণা-ভোগের পান-পাত্র গ্রহণ করা পর্যন্ত কম লোকেই তাঁকে অনুসরণ করে। অনেকে তাঁর আশ্চর্য কাজের প্রতি শ্রদ্ধা দেখায়, কিন্তু কম লোকই তাঁর ক্রুশের অপমানের কথা বুঝতে চেষ্টা করে। যতদিন কোন দুঃখ-কষ্ট না আসে, ততদিন অনেকে যীশুকে ভালবাসে; যতদিন তারা তাঁর সান্ত্বনা পায়, ততদিন তারা যীশুকে প্রশংসা ও স্তব করে, কিন্তু যীশু যদি তাদের কাছ থেকে চলে যান বা কিছুক্ষণের জন্য তাদের ছেড়ে দেন, তাহলে তারা অসন্তোষ প্রকাশ করে বা অত্যন্ত বিষণ্ণ হয়ে পড়ে।

তবে যারা কোন সান্ত্বনা লাভের উদ্দেশ্যে নয়, কিন্তু যীশুরই স্বার্থে যীশুকে ভালবাসে, তারা মহাসান্ত্বনার সময়ে যেমন কষ্ট বা মনোবেদনার সময়েও তেমনি যীশুকে ধন্যবাদ দেয়। আর যদিও যীশু তাদের কখনো কোন সান্ত্বনা না দেন, তবুও তারা সর্বদা তাঁর প্রশংসা করে ও তাঁকে ধন্যবাদ জানায়।

আহা, স্বার্থপরতা বা আত্মপ্রীতি থেকে বিমুক্ত হয়ে যীশুর প্রতি বিশুদ্ধ প্রেম কিনা করতে পারে! যারা সর্বদা সান্ত্বনা খুঁজে বেড়ায়, তাদের স্বরূপ কি বেতনভোগীর মত নয়? কেননা তারা সর্বক্ষণ নিজেদের লাভ ও সুবিধার কথা ভাবে, সেজন্য তাদের কি বলা যেতে পারে না যে, খ্রীষ্টের চেয়ে তারা নিজেদের বেশী ভালবাসে? বিনা স্বার্থে ঈশ্বরের সেবা করবে, এমন লোক কোথায় বা পাওয়া যাবে?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিষয়াসক্তি থেকে মুক্ত এমন আধ্যাত্মিক চেতনা-সম্পন্ন মানুষ খুব কমই পাওয়া যায়। বাস্তবিকই প্রকৃত দীনাত্মা ও সর্ব সৃষ্টবস্তুর অনুরাগ-মুক্ত মানুষকে কেই বা পেতে পারে? "পৃথিবীর দূরতম প্রান্ত থেকে আনীত মুক্তাগুলির মতই সে অতি মূল্যবান!" মানুষ তার সর্বস্ব বিতরণ করেও সে কিছুই করে না; সে যদি কঠিন প্রায়শ্চিত্ত করে, তাও সামান্য কাজ এবং সে যদি সকল প্রকার বিদ্যালাভ করে, তবু তার অনেক কিছু করার থাকে; আর যদিও তার অনেক সদ্‌গুণ ও একনিষ্ঠ ভক্তি থাকে, তবু তার অনেক অভাব আছে; তার অত্যন্ত প্রয়োজনীয় বিষয় বাকী থাকে। সেটি কি? সেটি হচ্ছে—সব ত্যাগ করার সঙ্গে সে যেন নিজেকেও ত্যাগ করে, নিজের ভেতর থেকে সম্পূর্ণ বেরিয়ে আসে এবং আত্মপ্রীতির লেশমাত্র না রাখে। আর তার যা করণীয় তা করার পরও সে যেন ভাবে—সে কিছুই করে নি।

মানুষে যা মহৎ মনে করে, সে যেন তাকে মহৎ বলে না ভাবে; বরং সে নিজেকে অপদার্থ দাস মনে করুক; 'স্বয়ং সত্য' (যীশু) যেমন বলেন—"তোমাদের যে কাজ করার আদেশ দেওয়া হয়েছে, তা করার পর তোমরা বলবে—আমরা অপদার্থ দাস।" তা করলে আত্মাতে সত্যকারের দীনহীন ও ত্যাগী হতে পারবে এবং ভবিষ্যদ্বক্তার সঙ্গে একত্রে বলতে পারবে—"আমি সম্পূর্ণ একা ও নিঃস্ব!" এমন ব্যক্তির চেয়ে বেশী ধনী, বেশী ক্ষমতাশালী আর কেউ নেই; কারণ নিজেকে এবং সব

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কিছুকে ত্যাগ করতে সে জানে আর নিজেকে সবচেয়ে নীচু স্থানে রাখতেও সে লজ্জা পায় না।

১২

ক্রুশের রাজপথ

"নিজেকে অস্বীকার করে তোমার ক্রুশ নিয়ে যীশুকে অনুসরণ কর।" অনেকের কাছে এই উপদেশ কঠিন লাগে। কিন্তু এর চেয়ে সেই শেষ উক্তি শোনা আরও কঠিন—"রে অভিশপ্ত, আমার কাছ থেকে দূর হয়ে অনন্ত অগ্নিতে যাও।" বর্তমানে যারা ক্রুশের কথা সাগ্রহে শোনে এবং তা মেনে চলে ভবিষ্যতে অনন্ত দণ্ডের কথায় তারা ভয় পাবে না। "প্রভু যখন বিচার করতে আসবেন, তখন এই ক্রুশের চিহ্নই আকাশে দেখা দেবে।" সেই সময় যে সকল ক্রুশ-বহনকারী জীবন-কালে ক্রুশবিদ্ধ যীশুর সঙ্গে নিজেদের জীবনকে একীভূত করে দিয়েছে, তারা উৎসাহের সঙ্গে বিচারকর্তা খ্রীষ্টের কাছে যাবে।

যে ক্রুশ নিয়ে স্বর্গরাজ্যে প্রবেশ করা যায়, তবে তাকে সঙ্গে নিয়ে চলতে তুমি ভয় করছ কেন? ক্রুশে মুক্তি আছে, ক্রুশে জীবন আছে, ক্রুশে আছে শত্রু থেকে নিরাপত্তার ব্যবস্থা। ক্রুশে স্বর্গীয় মাধুর্যের বর্ষণ, ক্রুশে মনের শক্তি—আত্মার আনন্দ; ক্রুশে সর্বগুণের সঞ্চয়, ক্রুশে পুণ্যের পূর্ণতা। ক্রুশ ছাড়া আর কোথাও আত্মার মুক্তি বা অনন্ত জীবনের আশা নেই। তাই তোমার নিজের 'ক্রুশ' নিয়ে যীশুকে অনুসরণ কর, তাহলে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুমি অনন্ত জীবন-রাজ্যে প্রবেশ করবে। যীশু নিজের ক্রুশ নিয়ে তোমার আগে আগে চলেছেন এবং তোমার জন্য তিনি ক্রুশে মারা গেছেন। তিনি এসব করেছেন যাতে তুমিও তোমার ক্রুশ বয়ে সেই ক্রুশীয় মৃত্যু বরণ করতে ইচ্ছা পোষণ কর। কারণ তুমি যদি তাঁরই সঙ্গে মৃত্যুবরণ কর, তাহলে তাঁরই সঙ্গে জীবনধারণ করবে এবং কষ্টে তাঁর সঙ্গী হলে, তাঁর গৌরবেও তুমি তাঁর সঙ্গী হবে।

এতে বোঝা যায় যে, ক্রুশ-বহন এবং ক্রুশে প্রাণত্যাগ করার ওপর সবকিছু নির্ভর করে। ক্রুশের পথ ও দৈনন্দিন সংযম ছাড়া প্রকৃত জীবন ও আত্মিক শান্তি লাভের আর কোন পথ নেই। যেখানে খুশি সেখানে তুমি যাও, যা ইচ্ছা তাই খোঁজ, কিন্তু ক্রুশের পথ ছাড়া উপর নীচ কোথাও আর ভাল বা বেশী নিরাপদ পথ খুঁজে পাবে না। তোমার ইচ্ছা বা পরিকল্পনা অনুসারে সব-কিছুই ব্যবস্থাযুক্ত বা বিন্যস্ত করেও স্বেচ্ছায়ই হোক আর অনিচ্ছায় হোক—তোমাকে কোন না কোন কষ্ট পেতেই হবে; তাই তোমাকে সবসময় ক্রুশের সঙ্গে সাক্ষাৎ করতেই হবে। কারণ তোমাকে হয় শরীরে কষ্ট পেতে হবে, নয়তো আত্মায় অনুশোচনা ভোগ করতেই হবে।

কখনো কখনো ঈশ্বরকে না-পাওয়ার বেদনা তোমাকে ভোগ করতে হবে, কখনো কখনো প্রতিবেশীর কাছে তোমাকে দুঃখ-কষ্ট পেতে হবে; আর যা বেশী কষ্টকর সেটি হচ্ছে নিজেই নিজের কাছে ভার-স্বরূপ হওয়া। কোন পন্থা বা সান্ত্বনা এই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অবস্থা থেকে তোমাকে উদ্ধার বা মুক্ত করতে পারবে না ; ঈশ্বর যতদিন চান, ততদিন তোমাকে সেসব ভোগ করতেই হবে। কারণ ঈশ্বরের ইচ্ছা হচ্ছে—সান্ত্বনা না পেয়েও তুমি দুঃখ-কষ্ট সহ্য করতে শেখ, তাঁর সম্পূর্ণ অধীন থাক এবং কষ্টের মাঝ দিয়ে নম্র হও। যে ব্যক্তি খ্রীষ্টের যাতনাভোগের অনুরূপ কিছুটা কষ্টভোগ করেছে, তারই মত আর কেউ নয় যে খ্রীষ্টের যাতনাভোগের প্রতি গভীর সহানুভূতি পোষণ করতে পারে। ক্রুশ তো সব-সময় কাছেই আছে এবং সর্বত্র তোমার জন্য অপেক্ষা করছে। তুমি যেখানেই ছোটো না কেন ক্রুশকে এড়িয়ে যেতে পারবে না ; কারণ যেখানে যাবে, সেখানেই তুমি নিজেকে বয়ে নিয়ে যাবে এবং সব সময় নিজের দেখা পাবে। তুমি ওপরে চেয়ে দেখ, নীচে লক্ষ্য কর, বাইরের দিকে ঘোর, ভেতরে ফিরে দেখ সকল, স্থানেই তুমি ক্রুশ দেখতে পাবে। তাই যদি আত্মিক শান্তি ও চিরস্থায়ী জয়-মুকুট লাভ করতে চাও, তাহলে তোমাকে সর্বত্র ধৈর্য ধারণ করতে হবে।

তুমি যদি খুশী মনে ক্রুশ বয়ে চলো, তাহলে সে তোমাকে তোমার আকাঙ্ক্ষিত গন্তব্য স্থানে নিয়ে যাবে। সেই স্থানেই দুঃখ-কষ্ট শেষ হবে, যদিও সংসারে কষ্টের শেষ নেই। অনিচ্ছার সঙ্গে ক্রুশ বইলে, সে তোমার পক্ষে ভার-স্বরূপই হবে এবং তোমাকে আরও ভারাক্রান্ত করবে, তবুও যেমন করে হোক তোমাকে তা বইতেই হবে। যদি একটি ক্রুশ বর্জন কর, তবে আর একটি অবশ্যই এসে যাবে, হয়ত এটি হবে আরও ভারী।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নশ্বর মানুষের মধ্যে কেউই দুঃখ-কষ্ট এড়াতে পারেনি, আর তুমি কি তা এড়িয়ে যাওয়ার আশা কর? ইহলোকে সাধুদের মধ্যে কার ক্রুশ বা দুঃখকষ্ট ছিল না? এমন কি আমাদের প্রভু যীশুখ্রীষ্ট তাঁর জীবন কালে এক ঘণ্টার জন্যও দুঃখ-যন্ত্রণা ভোগ থেকে নিস্তার পান নি। তিনি বলেছেন, "তাঁর মহিমা-রাজ্যে প্রবেশ করার জন্য যন্ত্রণাভোগ এবং মৃতদের মধ্য থেকে উত্থান করার খ্রীষ্টের প্রয়োজন হয়েছিল।" তবে তুমি কি করে এই রাজপথ অর্থাৎ পবিত্র ক্রুশের পথ না খুঁজে অন্য পথ খুঁজতে থাকবে?

খ্রীষ্টের সারা-জীবন ছিল একটি ক্রুশ ও কষ্টে আত্মনিয়োগ, আর তুমি নিজের জন্য বিশ্রাম ও সুখ খোঁজ? কষ্টভোগ ছাড়া অন্য কিছু যদি তুমি খোঁজ, তাহলে তুমি ভুল করবে, কারণ এই নশ্বর জীবন-যাত্রা দুঃখকষ্টে পরিপূর্ণ এবং তার সকল দিক ক্রুশ-চিহ্নে চিহ্নিত। মানুষ আধ্যাত্মিকভাবে যত উন্নত হয়, সে ততই ঘনঘন ভারী ক্রুশের সাক্ষাৎ পেয়ে থাকে; কারণ ঈশ্বরের প্রতি তার প্রেম বৃদ্ধির সঙ্গে সঙ্গে এই নির্বাসনে বেদনাও বেড়ে যায়।

তবু এরূপ উন্নত ব্যক্তি নানা কষ্টে নির্যাতিত হলেও তার সান্ত্বনা-জনিত উপশমের অভাব হয় না, কেননা ক্রুশবহনের কষ্ট থেকে তার কি কল্যাণ হবে তা সে জানে। কারণ ক্রুশকে স্বেচ্ছায় গ্রহণ করলে কষ্টের ভার ঈশ্বরের সান্ত্বনা পাবার আশায় পরিণত হয়। কষ্টের আঘাতে শরীর যত অবসন্ন হয়,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আত্মা ততই সবল হয়ে ওঠে। বরং খ্রীষ্টের কষ্টের সঙ্গে নিজেকে মিলিত করার বাসনায়, কষ্ট ও দুর্দশা থেকে সে সময় সময় এমন সান্ত্বনা পায় যে, দুঃখকষ্ট থেকে সে মুক্তি চায় না; কারণ সে ভাবে, ঈশ্বরের জন্য যত বেশী ও ভারী কষ্ট সে পাবে, ততই সে ঈশ্বরের প্রিয় হয়ে উঠবে। এ তো মানুষের গুণ নয়, এটি হল খ্রীষ্টের কৃপা। এই কৃপা মানুষের দুর্বল শরীরের মধ্যে এমন প্রবল হয় বা এমন কাজ করে যে, শরীর যাকে স্বভাবতঃ ঘৃণা বা পরিহার করতে চায়, এমন আধ্যাত্মিক প্রেরণায় অনুপ্রাণিত হয়ে তাকেই সে ভালবাসে ও গ্রহণ করে।

ক্রুশ বহন করা, ক্রুশকে ভালবাসা, শরীরকে শাসন করা বা তাকে বশে রাখা, সম্মান এড়িয়ে চলা, স্বচ্ছন্দে অপমান সহ্য করা, নিজেকে অবজ্ঞা করা বা অবজ্ঞাত হওয়ার ইচ্ছা করা, দুর্দশা বা ক্ষতি বরণ করা এবং জগতে কোন সৌভাগ্যের আশা না করা—এসব মানুষের স্বাভাবিক কাজের মধ্যে গণ্য হয় না। তুমি যদি নিজের শক্তির ওপর নির্ভর করে থাক, তাহলে জানবে নিজে থেকে পূর্বোক্ত কাজগুলির মধ্যে একটিও করতে পারবে না। কিন্তু প্রভুর ওপর নির্ভর করলে, স্বর্গ থেকে তোমাকে শক্তি দেওয়া হবে, তখন সংসার ও ইন্দ্রিয় তোমার বশীভূত হবে। তুমি যদি ধর্ম-বিশ্বাসে অনুপ্রাণিত ও খ্রীষ্টের ক্রুশে চিহ্নিত হতে, তাহলে শত্রু-শয়তানকেও তুমি ভয় করতে না।

সুতরাং তুমি খ্রীষ্টের উত্তম ও বিশ্বস্ত সেবকের মত সাহসের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সঙ্গে প্রভুর ক্রুশ বহণের জন্য প্রস্তুত হও; তিনি তো তোমার প্রেমের জন্য ক্রুশে বিদ্ধ হয়েছেন। এই দুর্ভাগা জীবনে বহু প্রতিরোধ ও নানা অসুবিধা সহ্য করতে প্রস্তুত থাক, কারণ তুমি যেখানেই থাক এসব ঘটবেই এবং যেখানেই লুকাও না কেন, সেখানে দুঃখ-কষ্টের দেখা পাবেই। এসব ঘটাই উচিত: কষ্ট ও দুঃখ এড়িয়ে যাবার অন্য কোন পথ নেই; সে সবের একমাত্র পথ হচ্ছে সহিষ্ণুতাসহ তা সহ্য করা। প্রভুর বন্ধু ও তাঁর সহভাগী হতে ইচ্ছা করলে, তোমাকে তাঁর দুঃখের পান-পাত্রে ভক্তিভরে চুম্বন করতে হবে। সান্ত্বনা লাভের ব্যাপার ঈশ্বরের হাতে ছেড়ে দাও; তিনি যা ভাল বোঝেন, তাই করবেন। যদিও তোমাকে একা সব রকম কষ্ট সহ্য করতে হয়, তবুও দুঃখ-কষ্ট ভোগ করার জন্য তুমি নিজেকে তৈরী কর, এটাই তোমার বড় সান্ত্বনা হবে, "কারণ ইহজীবনের দুঃখ-কষ্ট ভবিষ্যৎ জীবনে গৌরবলাভের সঙ্গে মোটেই তুলনা করা যায় না।"

যখন তুমি এমন অবস্থায় পৌছাবে যে দুঃখ-কষ্ট তোমার কাছে মধুর এবং খ্রীষ্টের প্রেমের জন্য তা ভাল লাগবে, তখন নিজেকে ভাগ্যবান মনে কর, কারণ তখন পৃথিবীতেই তুমি স্বর্গলাভ করবে। কষ্ট-ভোগ যতদিন তোমার খারাপ লাগবে এবং যতই তুমি তাকে এড়িয়ে যাবার চেষ্টা করবে, ততই তোমার অমঙ্গল হবে এবং যে কষ্টকে এড়িয়ে চলতে চাইবে সেটিও তোমাকে সর্বত্র অনুসরণ করবে।

কষ্ট সহ্য করা ও মৃত্যু বরণ করা, তোমার এই আবশ্যক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কাজের জন্য যদি তুমি তৈরী হও, তাহলে শীঘ্রই তোমার মঙ্গল হবে এবং শান্তি পাবে। সাধু পৌলের সঙ্গে তুমিও যদি স্বর্গের তৃতীয় অর্থাৎ সর্বোচ্চ পর্যায় উন্নীত হও, তবুও তুমি যে আর কোন দুঃখ-কষ্ট পাবে না, তার কোন নিশ্চয়তা নেই। পৌলের বিষয়ে যীশু বলেছিলেন—"আমি তাকে দেখাব, আমার জন্য তাকে কত কষ্ট ভোগ করতে হবে।" অতএব তুমি যদি যীশুকে ভালবাসতে এবং চিরকাল তাঁর সেবা করতে চাও, তাহলে তোমাকে কষ্ট ভোগ করতেই হবে।

আহা, তুমি যদি যীশুর জন্য কিছু কষ্টও ভোগ করারও যোগ্য হতে, তাহলে তুমি কী গৌরবে গৌরবান্বিত হতে! আর ঈশ্বরভক্ত সাধুগণ কত উল্লাসে উল্লসিত হতেন এবং তোমার প্রতিবেশীরা তোমার কাছ থেকে কেমন সুন্দর আদর্শ না লাভ করত! সকলেই সহিষ্ণুতার প্রশংসা করে; কিন্তু হায়, খুব কম লোকই কষ্ট স্বীকার করতে চায়! সত্যই অনেকে যখন সংসারের জন্য বড় বেশী কষ্ট পেয়ে থাকে, তখন খ্রীষ্টের জন্য খুশী মনে তোমার কিছুটা কষ্টও ভোগ করা উচিত।

তুমি জেনে রেখ, তোমাকে মরণশীল জীবন-যাপন করতে হবে। আর যে নিজের চোখে যত মৃত, ঈশ্বরের চোখে সে তত জীবিত হতে আরম্ভ করে। খ্রীষ্টের জন্য দুঃখ-কষ্ট স্বীকার না করলে, কেউই দিব্য-দর্শন উপলব্ধি করার শক্তি পাবে না। স্বেচ্ছায় খ্রীষ্টের জন্য দুঃখ-কষ্ট সহ্য করা ছাড়া, ঈশ্বরের প্রিয় ও তোমার পক্ষেও বেশী কল্যাণকর বলতে ইহজগতে আর কিছুই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নেই। তোমাকেই যদি বেছে নিতে হয়, তাহলে বহু সান্ত্বনায় পুলকিত হওয়ার চেয়ে খ্রীষ্টের জন্য দুঃখ-কষ্ট পাওয়াই বেশী পছন্দ করা উচিত; কারণ এতে তুমি খ্রীষ্টকে আরও বেশী অনুকরণ করতে পারবে এবং আরও বেশী সাধুদের সমতুল্য হবে। আমাদের পুণ্য ও উন্নতি আনন্দ বা সান্ত্বনালাভের ওপর নির্ভর করে না—নির্ভর করে বহু ক্লেশ ও দুঃখ-কষ্ট সহ্য করার উপর।

মানুষের মুক্তি-সাধনে যদি আরও বেশী উপযুক্ত বা কল্যাণকর উপায় থাকত, তবে কথা বা দৃষ্টান্ত দিয়ে খ্রীষ্ট নিশ্চয়ই তা জানিয়ে দিতেন। কিন্তু তাঁর শিষ্য ও অনুগামী এবং যত লোক তাঁকে অনুসরণ করতে চায়, তাদের সকলকে ক্রুশ বহন করতে তিনি উপদেশ দেন। তিনি বলেন—"কেউ যদি আমাকে অনুসরণ করতে চায়, তাহলে নিজেকে প্রত্যাখ্যান করুক এবং তার নিজের ক্রুশ নিয়ে আমাকে অনুসরণ করুক।" অতএব সবকিছু ধ্যান-সাধনা ও ধর্ম-শাস্ত্র পাঠ করার পর এই সিদ্ধান্তে উপনীত হই—"অনেক দুঃখ-কষ্টের মধ্য দিয়ে ঈশ্বরের রাজ্যে আমাদের প্রবেশ করতে হবে।"

তৃতীয় ভাগ

১

ভক্তের অন্তরে খ্রীষ্টের বাণী

সেবক—"আমি শুনব, ঈশ্বর আমার অন্তরে কি বলেন।" যে আত্মা তার অন্তরে ঈশ্বরের কথা শুনতে পায় এবং তাঁর মুখ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

থেকে সান্ত্বনার বাক্য গ্রহণ করতে পারে, সেই আত্মা ধন্য। যে কান ঈশ্বরের মৃদু-স্বর ধ্বনি শুনতে পায় এবং সংসারের কোলাহল শোনে না, সেই কান ধন্য। সত্যই ধন্য সেই কান, যা বাইরের কলরব না শুনে স্বয়ং 'সত্য' অন্তরে কি শিক্ষা দেন তাই শোনে। ধন্য সেই চোখ যা বাইরের বিষয়ের প্রতি দৃষ্টি না দিয়ে আন্তরিক বিষয়ের দিকেই লক্ষ্য রাখে। যারা আন্তরিক বিষয়ে মনোনিবেশ করে দৈনিক সাধনা দ্বারা দিব্য রহস্যগুলি বোঝার জন্য নিজেদের আরও বেশী প্রস্তুত রাখতে চেষ্টা করে, তারাই ধন্য। যারা ঈশ্বরের বিষয়ে মনোনিবেশ করে সংসারের সকল বাধা থেকে নিজেদের মুক্ত রাখে, তারাই ধন্য।

হে আত্মা আমার, এইসব বিষয় বিবেচনা কর এবং তোমার ইন্দ্রিয়ের দ্বারগুলি বন্ধ কর, তবেই শুনতে পাবে প্রভু ঈশ্বর তোমার অন্তরে কি বলছেন!

প্রভু—তোমার প্রিয়তম এই কথা বলেন—আমিই তোমার মুক্তি, তোমার শান্তি ও তোমার জীবন। তুমি আমার কাছে থাক, তাহলে শান্তি পাবে। সকল অস্থায়ী বিষয় ত্যাগ কর, আর চিরস্থায়ী বিষয়গুলি খোঁজ। পার্থিব বিষয়গুলি প্রবঞ্চনা ছাড়া আর কি? আর সৃষ্টিকর্তা তোমাকে ত্যাগ করলে, সৃষ্টির সকল জিনিষ নিয়ে তোমার কি লাভ? তাই সব ছেড়ে দিয়ে, তোমার সৃষ্টিকর্তার কাছে প্রিয় ও বিশ্বস্ত হও, তাহলে তুমি প্রকৃত আনন্দ পাবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২

অন্তরে 'সত্য'-এর নীরব বাণী

সেবক—হে প্রভু, কথা বল, তোমার সেবক যে শুনছে! আমি তো তোমার সেবক, আমাকে বুদ্ধি দাও, আমি যেন তোমার আদেশ বুঝতে পারি। তোমার বাণীর প্রতি আমার হৃদয় আকর্ষণ কর; শিশিরের মত তোমার বাণী ঝরে পড়ুক। একদিন ইস্রায়েলীয় সন্তানেরা মোশীকে বলেছিল—"তুমি আমাদের কাছে কথা বল, আর আমরা শুনব। ঈশ্বর যেন আমাদের কাছে কথা না বলেন, তাহলে আমরা মরে যাব।" তা নয় প্রভু, আমি এমন প্রার্থনা করি না, বরং নম্র ও উদ্‌যোগী হয়ে, ভবিষ্যদ্বক্তা সামুয়েলের সঙ্গে আমি এই অনুরোধ জানাই, "কথা বল প্রভু, কথা বল, কারণ তোমার সেবক কথা শুনছে।" আমি চাই না যে, মোশী বা ভবিষ্যদ্বক্তাদের কেউ আমার সঙ্গে কথা বলেন, তুমিই প্রভু ঈশ্বর, কথা বল! তুমি সকল ভবিষ্যদ্বক্তার প্রেরণা, জ্ঞান ও আলোক! তাঁরা না থাকলেও একমাত্র তুমিই আমাকে যথার্থ শিক্ষা দিতে পার, কিন্তু তুমি না থাকলে, তাঁরা আমার কোন উপকার করতে পারবেন না।

তাঁরা অবশ্যই কথা বলতে পারেন, কিন্তু প্রেরণা দিতে পারেন না। তাঁরা খুব সুন্দর উপদেশ দিতে পারেন, কিন্তু তুমি নীরব হলে তাঁদের কথাতে হৃদয় উদ্দীপ্ত হয় না। তাঁরা মাত্র রচনা করেন, কিন্তু তুমি অর্থ প্রকাশ করে দাও। তাঁরা রহস্যগুলি ঘোষণা করেন, কিন্তু তুমি নিহিত তত্ত্ব উদ্‌ঘাটন কর। তাঁরা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আদেশ প্রচার করেন, সেই আদেশ পালন করতে তুমি সাহায্য কর। তাঁরা পথ দেখান, কিন্তু তুমি পথ-চলার শক্তি দান কর। তাঁরা কেবল বাইরে কাজ করতে পারেন, কিন্তু তুমি হৃদয়ে প্রবেশ করে শিক্ষা ও আলোক দান কর। তাঁরা বাইরে থেকে অন্তর-ভূমিতে জল সেচন করেন, কিন্তু তুমি দান কর উর্বরতা। তাঁরা উচ্চৈস্বরে ভাষণ দেন, কিন্তু তুমি শ্রোতাকে বোধ-শক্তি প্রদান কর।

সুতরাং মোশী বরং তুমি আমার কাছে কথা না বললেও হে আমার প্রভু ঈশ্বর, হে অনন্ত সত্য, তুমিই কথা বল। কারণ কেবল বাইরে থেকে যদি আমাকে সতর্ক করা হয়, এবং ভেতর থেকে আমি যদি অনুপ্রাণিত না হই, তাহলে আমার অবসান হবে এবং বিফল-মনোরথ হয়ে পড়ব। তা না হলে আমি যে কথা শুনেছি তা মানিনি, যা জেনেছি তা ভালবাসিনি এবং যা বিশ্বাস করেছি তা পালন করি নি এমন অভিযোগে আমাকে দণ্ডিত হতে হবে। তাই "কথা বল হে প্রভু, তোমার সেবক যে শুনছে!" "তোমার কাছেই তো অনন্ত জীবনের কথা আছে!" আমার সঙ্গে কথা বল, তবেই আমার আত্মা সান্ত্বনা পাবে; আমার সমস্ত জীবনে পরিবর্তন দেখা দেবে এবং তোমার হবে প্রশংসা, গৌরব ও শাশ্বত সম্মান।

৩

বিনীত ভাবে ঈশ্বরের বাণী শ্রবণ

প্রভু—বৎস, আমার কথা শোন! এ কথা অতি মধুর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এবং তা ইহজগতের দার্শনিক ও পণ্ডিতদের বিদ্যাকেও অতিক্রম করে। আমার বাণী আত্মা ও জীবন, তা পার্থিব অর্থে বোধগম্য নয়! আমার বাণী বৃথা আত্ম-তৃপ্তির জন্য প্রয়োগ করতে নেই, বরং নীরবে তা শুনতে হবে এবং নম্রভাবে এবং অনুরাগের সঙ্গে গ্রহণ করতে হবে।

সেবক—হে প্রভু, যাকে তুমি প্রবুদ্ধ করবে এবং তোমার বিধির তথ্য যাকে শিক্ষা দেবে সে ধন্য! তার কষ্টের দিনগুলিতে তাকে শান্তি দাও, সে যেন পৃথিবীতে নিরাশ হয়ে না পড়ে।

প্রভু—অতীতের ভবিষ্যদ্বক্তাদের আমি শিক্ষা দিয়েছি; এমন কি আজও সকলের কাছে কথা বলতে আমি বিরত হই না; কিন্তু অনেকে আমার কথায় কর্ণপাত করে না এবং তারা অনমনীয় হয়েই থাকে। অধিকাংশ লোক ঈশ্বরের কথা শোনার চেয়ে সংসারের কথা শুনতেই বেশী পছন্দ করে; তারা ঈশ্বরকে প্রসন্ন করার চেয়ে নিজেদের ইন্দ্রিয়ের ইচ্ছাকে অনুগমন করতে বেশী তৎপর। সংসার মাত্র অস্থায়ী ও সামান্য জিনিষ দেবার প্রতিশ্রুতি দিলেও তাকে খুব আগ্রহের সঙ্গে সেবা করা হয়; আমি উৎকৃষ্ট ও চিরস্থায়ী মঙ্গল প্রতিজ্ঞা করি, কিন্তু মানুষের হৃদয় তাতে উদাসীন হয়ে থাকে। সংসার ও তার কর্তাদের যেভাবে সেবা করা হয়, কে এমন আছে, যে আমাকে সব বিষয়ে সেইভাবে সেবা করবে বা আমার কথা মানবে? "সমুদ্র তার তীরস্থিত সাইডন শহরকে বলে—রে সাইডন, লজ্জিত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হও!" এ বলার কারণ তুমি যদি জানতে চাও, তবে শোন— সামান্য আয়ের জন্য মানুষ অনেক দূর ছুটে যায়; কিন্তু অনন্ত জীবন-লাভের জন্য অনেকে মাটি থেকে একটি পাও তুলতে চায় না। তুচ্ছ লাভের জন্য কত চেষ্টা করা হয়, সামান্য পয়সার জন্য মানুষে কখনো কখনো লজ্জাজনক বিবাদ করে; তুচ্ছ ব্যাপারে বা সামান্য কিছু পাবার আশায় দিনরাত লোকে পরিশ্রম করতে দ্বিধাবোধ করে না।

কিন্তু হায়, অবিনশ্বর সম্পদ, অমূল্য পুরস্কার, শ্রেষ্ঠ সম্মান এবং অনন্ত গৌরবলাভের জন্য লোকে সামান্য পরিশ্রমেও প্রবৃত্ত হতে চায় না। সুতরাং হে অলস ও বাকসর্বস্ব সেবক, লজ্জিত হও, কারণ জীবনলাভের জন্য তুমি যতটা আগ্রহী, তারা তার চেয়ে বেশী আগ্রহী নিজেকে বিনাশ করার কাজে। সত্য নিয়ে তুমি যতটা আনন্দ কর, তার চেয়েও তারা অলীক বিষয় নিয়ে বেশী আনন্দ করে। অবশ্যই কখনো কখনো তারা নিজেদের আশায় নিরাশ হয়ে পড়ে, কিন্তু আমার প্রতিশ্রুতি কাউকে বঞ্চনা করে না এবং যে আমাতে ভরসা রাখে, সে কখনও শূন্য হাতে ফিরবে না। যদি কোন মানুষ শেষ পর্যন্ত আমার প্রতি প্রেমে বিশ্বস্ত থাকে তাহলে আমি যা দেব বলেছি, তাই তাকে দেব, যে কথা দিয়েছি, তা রক্ষা করব অক্ষরে অক্ষরে। আমি সকল সৎমানুষের পুরস্কার-দাতা এবং সকল ভক্তের ক্ষমতাশালী পরীক্ষক।

আমার কথাগুলো তোমার হৃদয়ে লিখে নিয়ে মনোযোগের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সঙ্গে তা ধ্যান কর; কারণ প্রলোভনের সময় সেসব তোমার খুব কাজে লাগবে। যা পাঠ করছ, তা এখন বুঝতে না পারলেও আমার দর্শন-দানের দিনে তা তুমি বুঝতে পারবে। আমার প্রিয়জনদের সঙ্গে আমি দু'ভাবে দেখা করে থাকি—পরীক্ষা এবং সান্ত্বনার মাধ্যমে। আর প্রতিদিন আমি তাদের দু'টি উপদেশ দিই: একটি হচ্ছে তাদের দোষ-ত্রুটির জন্য তিরস্কার, অন্যটি সৎগুণে উন্নত হওয়ার উৎসাহ। যে আমার বাণী জেনেও তা অবহেলা করে, শেষ দিনে এমন একজন থাকবেন, যিনি তাকে বিচার করবেন।

ভক্তি-কৃপা লাভের প্রার্থনা

সেবক—"হে আমার প্রভু ঈশ্বর, তুমিই আমার সকল মঙ্গলের আকর! আমি এমন কে, যে তোমার সঙ্গে কথা বলতে সাহস করি? আমি তোমার সবচেয়ে দীনহীন সেবক, আমি ক্ষুদ্র কীট অপেক্ষা অধম! আমি নিজে যা ধারণা করি বা প্রকাশ করতে পারি, তার চেয়েও বেশী হীন ও ঘৃণার পাত্র আমি! হে প্রভু, মনে রেখো যে, আমি কিছুই নই, আমার কিছু নেই, আমি কিছু করতেও পারি না। কেবল তুমিই মঙ্গলময়, ন্যায়পরায়ণ ও সাধু! তুমি সবই দিয়ে থাক, নিজের অস্তিত্বে তুমি সব-কিছুই পূর্ণ কর, কেবল অপূর্ণ রাখ পাপীকে। তোমার করুণার কথা স্মরণ করে আমার হৃদয় তোমার কৃপায় পূর্ণ করে দাও, কারণ তোমার কাজ নিষ্ফল হোক—সে তো তোমার ইচ্ছা নয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তোমার করুণা ও কৃপা আমাকে উৎসাহ না দিলে, এই দুঃখময় জীবনে কেমন করে আমি নিজের ভার বহন করব? তুমি আমার প্রতি বিমুখ হয়ো না, তোমার দর্শন দানে বিলম্বী হয়ো না, আমার কাছ থেকে সরিয়ে নিও না তোমার সান্ত্বনা; তাহলে, "আমার আত্মা তোমার কাছে শুষ্ক মরুপ্রান্তরের মত হয়ে দাঁড়াবে।" "প্রভু, তোমার ইচ্ছা পূর্ণ করার শিক্ষা আমাকে দাও।" তোমার সম্মুখে যোগ্যভাবে এবং নম্রতার সঙ্গে আমাকে চলতে শেখাও; কারণ তুমিই আমার জ্ঞান! তুমিই তো আমাকে ঠিকই জান; জগৎসৃষ্টি ও আমার জন্মের পূর্বেই তুমি আমাকে জানতে।

৪

ঈশ্বরের সম্মুখে সত্য ও নম্রতার সঙ্গে বিচরণ

প্রভু—বৎস, আমার সম্মুখে সত্য-পথে চল এবং সরল মনে সব সময় আমাকে খুঁজতে থাক। আমার সম্মুখে সত্যকে পাথেয় করে যে চলবে, সে অনাচারের প্রভাব থেকে রক্ষা পাবে এবং প্রতারক ও অনাচারীদের অপবাদ থেকে স্বয়ং 'সত্য' (যীশু) তাকে উদ্ধার করবেন। 'সত্য' তোমাকে মুক্তি দিলে, তুমি সত্যই মুক্ত হবে এবং মানুষের বাচালতায় তুমি মন দেবে না।

সেবক—প্রভু, এ কথা সত্য! প্রার্থনা করি, তুমি যেভাবে বলেছ আমি যেন সেই ভাবে চলি। তোমার 'সত্য' আমাকে শিক্ষা দিন, তিনি আমাকে রক্ষা করুন এবং চূড়ান্ত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মুক্তির পথে আমাকে পরিচালিত করুন। তিনি আমাকে সকল অসৎ অনুরাগ ও অযথা আসক্তি থেকে মুক্ত করুন, তাহলে আমি সম্পূর্ণ স্বাধীন ভাবে তোমার সঙ্গে অবস্থান করতে পারব।

প্রভু—আমার দৃষ্টিতে যা যথার্থ ও প্রীতিকর, তা তোমাকে শেখাব। তোমার পাপের কথা মনস্তাপ ও দুঃখের সঙ্গে চিন্তা কর এবং তোমার সৎকাজের জন্য তুমি নিজেকে সুখ্যাতির যোগ্য বলে মনে করো না। প্রকৃতপক্ষে তুমি পাপী এবং নানাপ্রকার কু-প্রবৃত্তির বশীভূত ও তাদের সঙ্গে জড়িত। স্বভাবতঃই তুমি শূন্যতার দিকে ঝুঁকে পড়. তুমি তো শীঘ্র ও সহজেই পতিত হও, সত্বর পরাজিত হও, শীঘ্র বিচলিত হও এবং অল্পেই হতাশ হয়ে পড়। আত্মগর্ব করার মত তোমার কিছুই নেই. বরং নিজেকে অবজ্ঞা করার মত অনেক কারণ আছে ; কারণ তোমার ধারণা অপেক্ষা তুমি বড় বেশী দুর্বল।

তাই তুমি যা-ই কর না কেন, তা যেন তোমার চোখে বড় বলে মনে না হয়। যা চিরস্থায়ী ও শাশ্বত, তা ত্যাগ করে অন্য কিছু যেন তোমার দৃষ্টিতে মহৎ বা মূল্যবান, অপূর্ব বা উন্নত, সম্মানযোগ্য বা প্রশংসনীয় অথবা বাঞ্ছনীয় মনে না হয়। অনন্ত 'সত্য'ই যেন তোমার কাছে সবার উপরে প্রিয় বলে গণ্য হয়। আর তোমার অপরিমেয় কলুষতা যেন সব সময় তোমার অপ্রীতিকর হয়। তোমার রিপু ও পাপকে সব চেয়ে ভয় কর, তাদের সর্বাধিক ঘৃণা কর, পরিত্যাগ কর তাদের ; যে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কোন ক্ষতির চেয়ে সেগুলোকে বেশী ভয়ঙ্কর মনে কর। কিছু লোক আমার সামনে সরলভাবে চলে না; কোন এক কৌতূহল বা অহংকারের বশে চালিত হয়ে তারা আমার গুপ্ত তত্ত্বগুলি জানতে এবং ঈশ্বরের গভীর বিষয়ও বুঝতে চেষ্টা করে, কিন্তু নিজেদের বিষয়ে এবং নিজ মুক্তি সম্বন্ধে তারা উদাসীন থাকে। আমি তাদের প্রতিবোধ করলে নিজেদের অহংকার ও কৌতূহলের বশে তারা প্রায়ই গুরুতর পরীক্ষায় পরীক্ষিত হয়ে পাপে পতিত হয়।

ঈশ্বরের ন্যায়দণ্ডকে ভয় কর, সর্বশক্তিমানের অসন্তোষে শংকিত হও। পরমেশ্বরের কার্যকলাপ পরীক্ষা করো না, কিন্তু মনে মনে তোমার অপরাধের কথা চিন্তা কর—দেখবে কত বিষয়ে তুমি অন্যায় করেছ এবং কত না সৎ কাজ অবহেলা করেছ। কিছু লোক নিজেদের ধর্মভক্তি কেবল ধর্মপুস্তকে, কয়েকটি ধর্মীয় ছবিতে, আর কেউ বা বাহ্য-চিহ্ন ও প্রতিমূর্তিতে সীমাবদ্ধ করে রাখে। কিছু লোক তাদের মুখের কথায় আমাকে দেয় স্থান, কিন্তু হৃদয়ে স্থান দেয় খুবই কম। এমন কিছু লোক আছে, যারা জ্ঞানে জাগ্রত এবং অনুরাগে বিশুদ্ধ হয়ে অবিরত অনন্ত বিষয়গুলি কামনা করে; তারা পার্থিব বিষয়ের কথা অনিচ্ছায় শোনে এবং স্বাভাবিক প্রয়োজনকে দুঃখের সঙ্গে বরণ করে। 'সত্যের আত্মা' অন্তরে কি বলেন, তা তারা অনুভব করতে পারে। তিনি পার্থিব বিষয়কে অবহেলা করতে ও স্বর্গীয় বিষয়কে ভালবাসতে, জগতকে অনাদর করতে এবং

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দিনরাত স্বর্গের আকাঙ্ক্ষা করতেই তাদের শিক্ষা দেন।

৫

দিব্য প্রেমের আশ্চর্য ফল

সেবক—হে স্বর্গস্থ পিতা, আমার প্রভু যীশুখ্রীষ্টের জনক, আমি তোমার গুণগান করি ; কারণ তুমি দয়া করে এই দীন-হীনের কথা স্মরণ করেছ ! হে পরম-করুণাময় পিতা, হে সান্ত্বনাদাতা ঈশ্বর, আমি তোমাকে ধন্যবাদ দিই, কেননা আমি সান্ত্বনার অযোগ্য হলেও, মাঝে মাঝে তুমি তোমার সান্ত্বনা দিয়ে আমাকে উৎফুল্ল করে তোল। আমি তোমার, এবং তোমার অদ্বিতীয় পুত্র ও আশ্বাসদাতা পবিত্র-আত্মার অবিরত গুণগান ও গৌরব কীর্তন করি। হে প্রভু ঈশ্বর, তুমি আমার পুণ্যময় প্রিয়তম। তুমি যখন আমার হৃদয়ে আসবে, তখন আমার সম্পূর্ণ অন্তঃকরণটি উল্লসিত হয়ে উঠবে। তুমি আমার গৌরব, তুমি আমার হৃদয়ের পরম আনন্দ, তুমি আমার ভরসা ও দুঃখকষ্টের দিনে তুমিই আমার আশ্রয়।

কিন্তু আমি এখনো ভক্তিতে দুর্বল এবং সদ্‌গুণে অপূর্ণ ; তাই তোমার উপশম ও সান্ত্বনা। আমার নিতান্ত প্রয়োজন সুতরাং তুমি আমাকে ঘন ঘন দর্শন দাও ও পবিত্র বিধি ব্যবস্থায় আমাকে প্রবুদ্ধ কর। কু-প্রবৃত্তি থেকে আমাকে রক্ষা কর প্রভু, সব রকমের অশুচি অনুরাগ থেকে আমার হৃদয়কে মুক্ত কর ; তাহলে অন্তরে সুস্থ ও বিশুদ্ধ হয়ে, আমি ভালবাসায় উপযুক্ত, সহিষ্ণুতায় ধীর এবং অধ্যবসায়ে স্থিরতা লাভ করব।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রভু—প্রেম অমূল্য রত্ন বিশেষ, সেটি হচ্ছে মঙ্গলের মধ্যে পরম মঙ্গল—যা কিছু গুরুভার সবই প্রেমে হালকা বোধ হয় এবং জীবনের ভালমন্দ একই ভাবে সহ্য করা সহজ হয়। কারণ প্রেম ভারাক্রান্ত না হয়েও গুরুভার বহন করে এবং যা কিছু তিক্ত তাকে মিষ্ট ও সুস্বাদু করে তোলে। যীশুর মহৎ প্রেম মহৎ কার্য-সাধনে আমাদের উৎসাহিত করে এবং যা কিছু উৎকৃষ্ট, তা কামনা করতে আমাদের আগ্রহান্বিত করে তোলে। প্রেম উর্ধ্বে উত্তোলিত হয়ে নিম্নস্থ পার্থিব বস্তুর দ্বারা অবরুদ্ধ হয়ে পড়ে না। যাতে তার অন্তর্মুখী দৃষ্টি বাধা না পায় বা কোন পার্থিব স্বার্থে জড়িত না হয় এবং দুর্দশায় হতাশ না হয়ে পড়ে, সেজন্য প্রেম স্বাধীন এবং যে কোন সাংসারিক আসক্তি থেকে মুক্ত হতে চায়। স্বর্গেই হোক, প্রেমের চেয়ে বেশী মধুর, বেশী শক্তিমান, বেশী মহৎ, বেশী উদার, বেশী প্রীতিকর, বেশী পূর্ণতাপ্রাপ্ত এবং বেশী উৎকৃষ্ট আর কিছু নেই, কারণ প্রেম ঈশ্বর থেকে উৎপন্ন হয়ে সৃষ্ট বস্তুতে তৃপ্তি পায় না, কেবল ঈশ্বরে একীভূত হয়ে তৃপ্তি পায়।

প্রেমিক উড়ে বেড়ায়, ছুটে চলে, আনন্দ করে, সে স্বাধীন, কিছুই তাকে ধরে রাখতে পারে না। সে সব পাওয়ার জন্য সবই দান করে এবং সবের মধ্যে সবই পায়; কারণ সবের মধ্যে যিনি শ্রেষ্ঠ এবং যাঁর কাছ থেকে সকল মঙ্গল নির্গত ও প্রবাহিত, সেই পরম মঙ্গলদাতার উপরই সে নির্ভর করে থাকে। দানের প্রতি লক্ষ্য না রেখে প্রেম সমস্ত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দান অতিক্রম করে 'দাতার' প্রতি লক্ষ্য রাখে। প্রেম সকল পরিমাণকে অতিক্রম করে এবং পরিমাণের অতিরিক্ত উদ্দীপিত হয়ে উঠে; প্রেম গুরুভারে ভারাক্রান্ত হয় না, প্রেম পরিশ্রমে ক্লান্তি অনুভব করে না; তার পক্ষে যেটুকু সম্ভব তার চেয়েও বেশী কাজ সে করতে চায়; অসম্ভব বলে কোন আপত্তি করে না, কারণ তার ধারণায় সবই তার পক্ষে সম্ভব ও বৈধ। প্রেম সবই করতে পারে; আর যে প্রেমিক নয়, সে যেখানে অকৃতকার্য হয় ও হতাশ হয়ে পড়ে, সেখানে প্রেমিক অনেক কাজ সম্পাদন করে এবং কৃতকার্যও হয়।

প্রেম জাগ্রত থাকে, নিদ্রিত হয়েও সজাগ থাকে, পরিশ্রান্ত হলেও প্রেম অবসন্ন হয় না, ভারাক্রান্ত হয়েও অবনত হয় না, শংকিত হয়েও বিচলিত হয় না। কিন্তু জলন্ত অগ্নিশিখা ও প্রজ্জলিত মশালের মত উর্ধ্বে ধাবিত হয় এবং নির্বিঘ্নে সকল বাধা তুচ্ছ করে অগ্রসর হতে থাকে। যার মধ্যে প্রেম আছে, সে প্রেমের উদার আহ্বানের অর্থ বোঝে। ঈশ্বরের নিকট আত্মার উদার আহ্বানটি হচ্ছে সেই আগ্রহপূর্ণ উচ্ছ্বাস, "হে আমার ঈশ্বর, প্রিয়তম আমার, তুমি সম্পূর্ণই আমার, আর আমি সম্পূর্ণই তোমার!"

সেবক—প্রভু, আমার প্রেম বৃদ্ধি কর, তাহলে ভালবাসা কত সুস্বাদু তা অন্তরের মুখ দিয়ে আস্বাদ করতে এবং বিগলিত হয়ে প্রেমে বিলীন হতে পারব। প্রেম আমাকে আবিষ্ট

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করুক, তাহলে অপর্যাপ্ত অনুরাগ ও পরমানন্দের আবেগে আমি নিজেকে পরিত্যাগ করে ঊর্ধ্বে উত্থিত হতে পারব। হে প্রিয়তম, আমাকে দিব্য প্রেমের গান গাইতে দাও, আমি যেন ঊর্ধ্বে তোমাকে অনুসরণ করি; প্রেমোল্লাসে তোমার গুণগান করতে করতে আমার আত্মা যেন তোমাতেই হারিয়ে যায়! নিজের চেয়ে আমি যেন তোমাকে বেশী ভালবাসি এবং শুধু তোমার প্রেমের জন্যই আমি যেন নিজেকে ভালবাসি; আর যারা তোমাকে সত্যই ভালবাসে, তোমারই জন্য তাদেরও যেন আমি ভালবাসি, কারণ এটি হল তোমার কাছ থেকে আগত জ্যোতিরূপে উদ্ভাসিত বিধি।

প্রভু—প্রেম দ্রুতগামী, অকপট, ভক্তিপূর্ণ, আনন্দময়, তৃপ্তিদায়ক, শক্তিশালী, ধৈর্যশীল, বিশ্বস্ত, পরিণামদর্শী, সহিষ্ণু, সাহসী এবং স্বার্থশূন্য। প্রকৃতপক্ষে মানুষ যেখানে স্বার্থ খোঁজে, সেখানে প্রেম শেষ হয়ে যায়। প্রেম সতর্ক, বিনীত ও ন্যায়পরায়ণ। প্রেম নরম নয়, হালকা নয় এবং অসার বস্তুর মুখাপেক্ষীও নয়। প্রেম সংযত, পবিত্র, স্থির, শান্ত এবং সকল ইন্দ্রিয়ের উপর তার সতর্ক দৃষ্টি নিবদ্ধ। প্রেম কর্তৃপক্ষের বশীভূত ও অনুগত; নিজের চোখে সে তুচ্ছ ও অবজ্ঞাত; প্রেম ঈশ্বরের প্রতি ভক্তিমান ও কৃতজ্ঞ; সে ঈশ্বরকে সর্বদা বিশ্বাস ও ভরসা করে। এমন কি সে যখন ঈশ্বরের মাধুর্য অনুভব করে না, তখনও স্থির থাকে; কারণ কষ্ট ছাড়া প্রেমপূর্ণ জীবন ধারণ করা যায় না।

যে ব্যক্তি সবরকম কষ্ট ভোগ করতে এবং প্রিয়তমের ইচ্ছা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পালন করতে রাজী নয়, সে প্রেমিক নামের যোগ্যও নয়। প্রিয়তমের জন্য প্রেমিক সর্বপ্রকার কঠোর ও তিক্ত বিষয় সানন্দে স্বীকার করে এবং প্রতিকূল ঘটনার তাড়না সত্ত্বেও তাকে কিছুতেই পরিত্যাগ করে না।

৬

প্রকৃত প্রেমিকের পরিচয়

প্রভু—বৎস, তুমি তো এখনো সাহসী ও বিবেচক প্রেমিক হতে পার নি!

সেবক—কেন প্রভু?

প্রভু—কারণ, তুমি যে কোন কাজে হাত দিয়ে সামান্য বাধা পেয়েই তা ছেড়ে দিচ্ছ; তাছাড়া অত্যন্ত ব্যগ্রতার সঙ্গে তুমি সান্ত্বনা খুঁজে বেড়াচ্ছ। উৎসাহী প্রেমিক প্রলোভনের সময় অটুট থাকে এবং শত্রুর চতুর প্ররোচনার বশবর্তী হয় না। সুদিনে আমি যেমন তার কাছে প্রিয়, দুর্দিনেও আমি তার কাছে সমানই প্রিয়।

বিবেচক প্রেমিক প্রিয়তমের প্রতিদানের চেয়ে তাঁর প্রেমকেই বেশী মূল্যবান মনে করে। দানের মূল্যের চেয়ে দাতার শুভেচ্ছার প্রতিই সে বেশী মন দেয় এবং তার প্রিয়তমের চেয়ে সকল দানই তার কাছে তুচ্ছ। উদার প্রেমিক 'দানে' তুষ্ট হয় না, কিন্তু সকল দানের চেয়ে আমাতে সে সন্তুষ্ট। যদিও কখনো কখনো তুমি আমার বা আমার সাধুদের প্রতি তোমার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আশানুরূপ অনুরাগ অনুভব না কর, তবুও তাতে বিশেষ ক্ষতি হয় না। যে উত্তম ও মধুর অনুরাগ তুমি মাঝে মাঝে অনুভব কর, সে হচ্ছে উপস্থিত ঐশ্বকৃপার ফল এবং তোমার স্বর্গীয় ভূমিতে প্রাপ্য ভাবী আনন্দের পূর্বাভাস। কিন্তু এ অনুরাগের ওপর বেশী নির্ভর করা যায় না, কারণ ঐ মনোভাব যেমনি আসে, তেমনই চলে যায়। মনের অসৎ গতি প্রতিরোধ ও শয়তানের প্ররোচনা অগ্রাহ্য করাই হচ্ছে সংগুণ ও পুণ্যের লক্ষণ।

অতএব যে কোন রকমেই বিচিত্র খেয়াল যেন তোমাকে বিচলিত না করে। ঈশ্বরের সম্মুখে তোমার সংকল্প যেন দৃঢ় এবং অভিপ্রায় যেন সৎ হয়। সময় সময় তুমি যে হঠাৎ পরমানন্দে অভিভূত হয়ে যাও, আবার পরক্ষণেই দৈনন্দিন দোষ-ত্রুটিতে তোমার হৃদয় কলুষিত হয় এ তো মনের ভ্রম নয়। এসব তোমার দ্বারা হয় না জানি, বরং অনিচ্ছাতেই এসব তুমি সহ্য কর, আর যতক্ষন তুমি ওগুলোকে অপছন্দ এবং প্রতিরোধ কর, ততক্ষণ তোমার পুণ্যলাভ হবেই, ক্ষতি হতেই পারে না।

জেনে রেখো, সেই পুরানো শত্রু শয়তান তোমার সদিচ্ছায় বাধা দিতে চেষ্টা করে এবং সব রকমের ধর্মসাধনা, যেমন—সাধুদের প্রতি শ্রদ্ধা প্রদর্শন, আমার যাতনাভোগ সম্পর্কে ধ্যান, স্বকৃত পাপের স্মরণ, আধ্যাত্মিক বিষয়ে সতর্কতা ও গুণের প্রগতি বিষয়ে দৃঢ় সংকল্প থেকেও শয়তান তোমাকে সরাতে চেষ্টা করে। তোমাকে ক্লান্ত ও শংকিত করার জন্য সে তোমার মনে নানা রকমের দুশ্চিন্তা ঢুকিয়ে দেয়, প্রার্থনা ও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ধর্মগ্রন্থ-পাঠ থেকে তোমাকে বিরত করার জন্য সে এসব করে। বিনীতভাবে পাপস্বীকার করতে দেখলে সে অসন্তুষ্ট হয় এবং সম্ভব হলে সে তোমাকে খ্রীষ্ট-প্রসাদ গ্রহণ থেকে বিরত করে। তাকে বিশ্বাস করো না, আর যদিও সে বারবার তার ছলনার জাল পাতে, তবুও তুমি তার দিকে মন দিয় না। সে তোমার মনে কোন মন্দ ও কলুষিত বিষয়ের প্রস্তাব করলে প্রতিবাদ করে তুমি তাকে বলবে, 'রে অশুচি আত্মা, দূর হ', রে দুরাত্মা, লজ্জিত হ'! তুই খুবই মন্দ, তাই আমার কানে এ রকম কথা তুলিস। রে কপট প্রবঞ্চক, সরে যা আমার কাছ থেকে, আমার সঙ্গে তোর কোন সম্পর্ক নেই! বলবান যোদ্ধার মত যীশুই আমার কাছে থাকবেন, আর তোকে দমিত হতে হবে। তোর মন্ত্রণার বশবর্তী হওয়ার চেয়ে আমি মৃত্যু এবং সর্বপ্রকার কষ্টভোগকে শ্রেয় মনে করি। চুপ কর্, কথা বলিস না! 'তুই আমায় বারে বারে বিরক্ত করলেও আমি কিছুতেই তোর কথা শুনব না।' "প্রভু আমার আলো এবং মুক্তি, আমি কাকে ভয় করব?" "আমার বিপক্ষে সৈন্যবাহিনী দাঁড়ালেও আমার মন ভয়ে অভিভূত হবে না। প্রভু আমার সহায়, তিনিই আমার মুক্তিদাতা।"

বীর সৈন্যের মত যুদ্ধ কর, আর যদি দুর্বলতার জন্য মাঝে মাঝে পতিত হও, তবে আমার অপার করুণার উপর নির্ভর করে পূর্বাপেক্ষা আরও বেশী শক্তি অর্জন কর। কিন্তু বৃথা আত্মতৃপ্তি ও অহংকার থেকে খুব সাবধান থাক।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কারণ এর জন্য অনেকে ভুল করে ফেলে এবং কখনো কখনো তাদের এমন মানসিক অন্ধতা দেখা দেয় যে, সহজে তার প্রতিকার হয় না। এইসব অহংকারী আত্মনির্ভরশীল নির্বোধ ব্যক্তিদের বিনাশের কথা তোমাকে সতর্ক করুক এবং তোমাকে সর্বদা নম্র করে রাখুক।

৭

ঐশ-কৃপা নম্রতা দ্বারা রক্ষিত হয়

প্রভু—বৎস, ভক্তির কৃপা গোপনে রক্ষা করা তোমার পক্ষে খুব উপকারী ও নিরাপদ; তাই আত্মগর্ব করো না, প্রাপ্ত ভক্তি-কৃপার কথা বেশী বলো না, সে বিষয়ে অতিরিক্ত মন দিও না; বরং নিজেকে অবহেলা করো এবং নিজেকে অযোগ্য ভেবে প্রাপ্ত কৃপার জন্য ভীত থাকো। যে অনুরাগ নিমেষের মধ্যে তার বিপরীতে পরিবর্তিত হতে পারে, এমন অনুরাগে আসক্ত হয়ো না; ঐশ-কৃপায় পরিপূর্ণ হয়ে তুমি ভাববে যে, কৃপা-বিহীন হলে তোমার অবস্থা কত না শোচনীয় এবং নিরুপায় হয়ে পড়ে। মনে কর না যে, সান্ত্বনা-কৃপা পেলেই তোমার আধ্যাত্মিক জীবনে বেশী উন্নতি হবে; বরং যদি তুমি বিনয়, আত্মত্যাগ ও ধৈর্যের সঙ্গে সান্ত্বনা-কৃপার অভাব সহ্য করো, তবে আরও বেশী উন্নতি করতে পারবে। তখন তুমি প্রার্থনায় উদাস হবে না এবং যে সকল কাজ তোমার করণীয়, সেগুলি অবহেলা করবে না; বরং তোমার যা করণীয় সজ্ঞানে ও সাধ্য অনুযায়ী সেগুলি স্বাচ্ছন্দ্যে করবে; আর মনে নীরসতা ও উদ্বেগের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভাব অনুভব করলেও নিজেকে অবহেলা করবে না।

অনেকে আছে, যারা তাদের মনের মত ঘটনা বা অবস্থা না পেলেই অধৈর্য ও উদাস হয়ে পড়ে। "মানুষের গতি তো সব সময় তার নিজের আয়ত্তে থাকে না;" কারণ কখন এবং কতটা, ঈশ্বর তাকে দান করতে বা সান্ত্বনা দিতে চান, সেটি তাঁরই ইচ্ছা—তাঁর খুশীমত তিনি তা দেন, তার বেশী নয়। ভক্তি-কৃপা নিয়ে কয়েকজন অসতর্ক হওয়ার ফলে নিজেদের ক্ষতিগ্রস্ত করেছে, কারণ নিজেদের সীমিত শক্তির কথা না ভেবে যুক্তির নির্দেশের চেয়ে মনের আবেগ অনুসরণ করে তারা সাধ্যের বাইরে কাজ করতে প্রবৃত্ত হয়েছে; আর যেহেতু ঈশ্বর যতটা পছন্দ করেছিলেন, তারা তার বেশী করতে চেষ্টা করেছিল, সেহেতু খুব শীঘ্রই তারা কৃপা হারিয়ে ফেলেছিল। যারা কল্পনার আকাশে নিজেদের জন্য একটি বাসা তৈরী করেছে, তারা অভাবগ্রস্থ ও অপদার্থ হয়ে রয়েছে। এর ফলে অবনত ও নিরুপায় হয়ে তারা বুঝবে যে, নিজেদের শক্তির পাখায় তারা উড়তে পারবে না এবং আমার কৃপার পাখায় তাদের আশ্রয় নিতে হবে। যারা এখনো নতুন শিক্ষার্থী এবং প্রভুর পথের বিষয়ে অনভিজ্ঞ, তারা বিবেচক ব্যক্তিদের পরামর্শ অনুসারে যদি নিজেদের চালিত না করে. তবে খুব সহজেই তারা প্রতারিত ও বিনষ্ট হতে পারে।

আর যাদের অভিজ্ঞতা আছে, তাদের কথা তারা যদি বিশ্বাস না করে নিজেদের ইচ্ছামত চলতে চায় এবং আপন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অভিমত পরিহার করতে অনিচ্ছুক হয়, তাহলে তাদের পরিণাম সংকটজনক হবে। যারা নিজেদের জ্ঞানী মনে করে, তারা খুব কম ক্ষেত্রেই নম্রভাবে পরের শাসন মেনে নেয়। বৃথা আত্মতৃপ্তিসহ বহু বিদ্যার অধিকারী থাকার চেয়ে, নম্রতাসহ অল্প জ্ঞান ও বুদ্ধি নিয়ে থাকাই শ্রেয়। তোমাকে অহংকারী করতে পারে এমন অনেক কিছু থাকার চেয়ে, কম থাকাই ভাল। যে নিজের পূর্ব অভাবের কথায় এবং প্রাপ্ত ঐশ্ব-কৃপা হারানোর ভয়ে ঈশ্বরের প্রতি তার যে বিশুদ্ধ উদ্বেগ ছিল সে কথাও ভুলে গিয়ে নিজেকে আনন্দ ও উল্লাসের হাতে ছেড়ে দেয়, সে অবিবেচকের মত কাজ করে। আর দুর্দিনে বা কোন কষ্টের সময় যে ব্যক্তি অতিরিক্ত নিরাশ হয়ে পড়ে এবং আমার সম্পর্কে যথাযোগ্য বিশ্বাস সহ চিন্তা করে না, সেও গুণের পরিচয় দেয় না।

শান্তির সময় যে নিজেকে খুব নিরাপদ ভাবে, সংগ্রামের সময়ে সে প্রায়ই হতাশ ও শংকিত হয়ে পড়ে। তুমি যদি আপন দৃষ্টিতে নিজেকে নম্র ও তুচ্ছ ভাবতে এবং তোমার মনকে ঠিকভাবে সংযত ও পরিচালিত করতে জানতে, তাহলে এত সহজে তুমি বিপদ এবং দোষত্রুটিতে জড়িত হতে না। একটি সৎ-পরামর্শ হচ্ছে—যখন তুমি আগ্রহপূর্ণ মনোভাব অনুভব করবে, তখন চিন্তা করবে—মনের এই আলো লোপ পেলে তোমার কি হবে? আর এইসব ঘটলে ভাববে যে, এ আলো আবার ফিরে আসতে পারে। মনে রেখো—তোমাকে সতর্ক করার জন্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এবং আমার গৌরব বৃদ্ধির জন্য আমি কিছু সময়ের জন্য সেই আলো সরিয়ে দিয়েছি।

তোমার ইচ্ছামত সবই তোমার অনুকূল হওয়ার চেয়ে এ রকম পরীক্ষা থাকা তোমার পক্ষে মঙ্গলজনক। কারণ বহু দিব্যদর্শন কিংবা প্রচুর সান্ত্বনা লাভ করলে বা শাস্ত্রে অভিজ্ঞ হলে, অথবা উচ্চ পদ অধিকার করলে মানুষের পুণ্য যে বেশী হয় এমন নয়; বরং প্রকৃত নম্রতায় প্রতিষ্ঠিত ও দিব্য-প্রেমে পরিপূর্ণ হয়ে, সর্বদা সম্পূর্ণভাবে ঈশ্বরের সম্মান ও সন্ধান করলে, নিজেকে অপদার্থ ভাবলে, নিজেকে প্রকৃতই অবজ্ঞা করলে এবং সম্মান পাওয়ার চেয়ে পরের কাছে নিজেকে তুচ্ছ ও নত হতে অধিক পছন্দ করলে, মানুষ প্রকৃত পুণ্যবান হয়।

৮

ঈশ্বরের সাক্ষাতে নিজেকে অবজ্ঞা করা

সেবক—"ধূলা ও ভস্মমাত্র হলেও আমি প্রভুর সঙ্গে কথা বলছি।" 'আমি যদি নিজেকে বেশী কিছু মনে করি, তুমি হে প্রভু, অবশ্যই তার প্রতিবাদ করবে এবং আমার অপরাধগুলি দ্বারা আমাকে অভিযুক্ত করবে, আর আমি তা অস্বীকার করব না। কিন্তু আমি যদি নিজেকে অবজ্ঞা করি, যদি আমার অযোগ্যতাকে আমি মেনে নিই, সকল রকম আত্মগর্ব থেকে যদি মুক্ত হই এবং আমি যেন ধূলা তেমনি নিজেকে ধূলাই ভাবি, তাহলে তোমার কৃপা আমার অনুকূল হবে, তোমার আলো আমার হৃদয়ের নিকটবর্তী হবে এবং আমার অতি সামান্য প্রশংসাও আমারই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শূন্যতার গর্ভে পতিত হয়ে চিরকালের জন্য বিলুপ্ত হবে। এই অবস্থায় পৌঁছালে তুমি আমাকে দেখাবে—আমি কে, আমি কী ছিলাম, আর এখন কি হয়েছি ; কারণ "আমি কিছুই নই, আর আমি তা বুঝতাম না।" আমি যদি আমাকে নিজের হাতে ছেড়ে দিই, তবে বুঝব—আমি কিছুই নই, দুর্বলতা মাত্র ; কিন্তু তুমি আমার প্রতি দৃষ্টি রাখলে আমি শক্তিমান্ হয়ে উঠি এবং নতুন আনন্দে পরিপূর্ণ হয়ে যাই! আর এটি আশ্চর্য বিষয় যে, আমি যত শীঘ্র সমুন্নত হই, ততই সাদরে তোমার আলিঙ্গন লাভ করি, আমি যে সর্বদা নিজের ভারে নীচের দিকে চলে যেতে থাকি।

প্রভু, এটি তোমার প্রেমের কাজ : আমার অসংখ্য প্রয়োজনে উদারভাবে তুমি পূর্ব থেকেই সুব্যবস্থা ও সহায়তা কর, গুরুতর সংকট থেকে আমাকে রক্ষা কর এবং এক কথায় সংখ্যাতীত অমঙ্গল থেকে আমাকে উদ্ধার কর। সত্যই নিজেকে অতি মাত্রায় ভালবেসে আমি নিজেকেই হারিয়েছি ; কিন্তু পরে কেবল তোমাকেই খুঁজে এবং তোমাকেই শুদ্ধভাবে ভালবেসে আমি তোমাকে ও আমাকে—উভয়কেই ফিরে পেয়েছি ; আর এই প্রেমের গুণে আমি আরও গভীর ভাবে নিজেকে শূন্যতায় ফিরিয়ে এনেছি ; কারণ তুমি, হে মধুরতম, আমার যোগ্যতা, প্রত্যাশা ও কামনার উর্ধ্বে আমাকে দয়া করে থাক।

হে আমার ঈশ্বর, তোমার গুণগান হোক ; কারণ আমি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কোন কল্যাণ লাভের অযোগ্য হলেও তুমি আমাকে এবং যারা অকৃতজ্ঞ হয়ে তোমাকে পরিত্যাগ করেছে, তাদেরও তুমি তোমার মাহাত্ম্য ও অসীম দয়ায় কল্যাণ-সাধন করতে বিরত হও না! হে প্রভু, আমরা যেন কৃতজ্ঞ, নম্র ও ভক্তিমান হতে পারি, সেজন্য তোমার প্রতি আমাদের মনকে ফিরিয়ে আনো! কারণ তুমিই আমাদের মুক্তি, তুমিই আমাদের সাহস ও শক্তি!

৯

পরমগতি ঈশ্বরকে সবকিছু অর্পণ কর

প্রভু—বৎস, তুমি যদি সত্যই সুখী হতে চাও তবে আমাকে তোমার শ্রেষ্ঠ ও চূড়ান্ত পরিণাম বলে ভাব! এই সদভিপ্রায় থাকলে তোমার বাসনা বিশুদ্ধ হয়ে যাবে; কেননা বাসনা প্রায়ই নিজের দিকে বা সৃষ্ট বস্তুর দিকে অন্যায়ভাবে ধাবিত হয়। প্রকৃতপক্ষে তুমি যদি কোন সৃষ্ট বস্তুর মাঝে নিজেকে খোঁজ, তাহলে তখনই তুমি অক্ষম ও নীরস হয়ে পড়বে। সেজন্য সবকিছু আমাকে অর্পণ কর, কারণ আমিই তো ওসব তোমাকে দিয়েছি। ভাববে 'পরম মঙ্গলময়' থেকে সব কিছু যখন আসছে, তখন প্রত্যেকটি বিষয় তার "আদি কারণ"-এর কাছে—অর্থাৎ আমারই কাছে তোমাকে অর্পণ করতে হবে।

আমি জীবন্ত উৎস, আমা থেকে ক্ষুদ্র-বৃহৎ, ধনী-দরিদ্র সকলেই, জীবন্ত জলধারা গ্রহণ করে; আর যারা স্বেচ্ছায়, স্বাধীনভাবে আমার সেবা করে, তারা কৃপার উপর কৃপা পাবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কিন্তু যে আমাকে ছেড়ে অন্য কিছুতে আত্মগৌরব করতে বা নিজস্ব ভেবে অন্য কোন মঙ্গলে তৃপ্তি পেতে চায়, সে সত্যিকারের আনন্দের অধিকারী হবে না এবং হৃদয়ে সুখও পাবে না, বরং নানা দিক দিয়ে সে বাধা ও যন্ত্রণা পাবে। তাই নিজেকে বা মানুষের প্রভাবে কোন মঙ্গল আরোপ করো না, কিন্তু সবকিছু ঈশ্বরে আরোপ কর; কারণ তিনি না দিলে মানুষ কিছুই করতে পারে না। আমি সবই দিয়েছি, সবই আবার ফিরিয়ে নিতে চাই এবং যা দিয়েছি, তার জন্য প্রাপ্য কৃতজ্ঞতাও আমি চাই।

এ হচ্ছে সেই পরম সত্য যা অলীক গরিমাকে বর্জন করে। আর যদি এই গরিমার পরিবর্তে দিব্য-কৃপা ও প্রকৃত প্রেম অন্তরে প্রবেশ করে, তাহলে হিংসা বা হৃদয়ের সংকীর্ণতা অথবা আত্ম-প্রীতিও সেখানে আর স্থান পাবে না। সত্যই ঈশ্বরের প্রেম সব কিছুই জয় করে এবং আত্মার শক্তিকে বৃদ্ধি করে তোলে। তুমি যদি সত্যই জ্ঞানী হতে, তাহলে কেবল আমাকে নিয়েই তৃপ্তি পেতে, কেবল আমায় ভরসা করতে, কারণ "ঈশ্বর ব্যতীত দয়াময় আর কেউ নেই;" সবার ওপর তাঁর প্রশংসা ও সকলের মধ্যে তাঁর গুণগান করা উচিত।

১০

ঈশ্বর-সেবার মাধুর্য

সেবক—"হে প্রভু, এখন আবার কথা বলব, নীরব হব না আমি।" আমার ঈশ্বর, আমার প্রভু, আমার রাজা ঊর্ধ্বলোকে থাকেন; তাঁর উদ্দেশ্যে আমি বলবো—প্রভু, যারা তোমাকে ভয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করে, তাদের জন্য তুমি যে গুপ্ত মাধুর্যরাশি সঞ্চয় করে রেখেছ, তার পরিমাণ কতনা অধিক! যারা তোমাকে ভালবাসে, তাদের জন্য কি না করতে পার তুমি! কি না কর তাদের জন্য যারা মনেপ্রাণে তোমার সেবা করে! যারা তোমাকে ভালবাসে তোমার দিব্য-দর্শন লাভে তারা যে মাধুর্য অনুভব করে, তা সত্যই এক অনির্বচনীয় অনুভূতি! তোমার প্রেমের মাধুর্য বিশেষভাবে তখন আমার প্রতি দেখিয়েছিলে. যখন আমার অস্তিত্ব না থাকা সত্ত্বেও তুমি আমাকে সৃষ্টি করেছ, তোমার কাছ থেকে আমি দূরে গমন করেও তোমার সেবা করার জন্য আমাকে ফিরিয়ে এনেছ এবং তোমাকে ভালবাসতে আদেশও দিয়েছ।

হে নিত্য-প্রেমের উৎস, তোমাকে আমি কি বা বলব? আমি ভ্রষ্ট ও বিনষ্ট হলেও তুমি যে আমার কথা স্মরণ করেছ, আমি কি করে তা ভুলে যেতে পারি? আশাতীতভাবে তুমি তোমার এই দাসের প্রতি দয়া করেছ এবং তার যোগ্যতার চেয়ে অধিক কৃপা ও বন্ধুত্ব তাকে দিয়েছ! এই কৃপার বিনিময়ে কি বা আমি দেব? কারণ সব কিছু, এমন কি সংসার ত্যাগ করে ধর্ম-ব্রতীর জীবন অবলম্বন করার অনুগ্রহ সকলকে তো দেওয়া হয় না। যাঁকে বিশ্ব-সৃষ্টি সেবা করতে বাধ্য, সেই তোমাকে আমি যে সেবা করি, তা কি বড় কথা? তোমার সেবা করা আমার পক্ষে অতিরিক্ত কাজ মনে করা ভুল। কিন্তু সেবক হিসাবে এমন দীন ও অযোগ্য একজনকে তুমি যে গ্রহণ করতে এবং তোমার প্রিয়জনদের মধ্যে স্থান দিতে প্রসন্ন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হয়েছ, সে তো বড় কথা—সত্যই আশ্চর্যের বিষয়!

প্রভু, আমার যা কিছু আছে এবং যা দিয়ে তোমার সেবা করি, সে সবই তো তোমার! আমি যে তোমাকে সেবা করছি এমন নয়, তুমিই বরং আমায় বেশী সেবা করছ! এতো তার প্রমাণ। মানুষের সেবার জন্য তুমি আকাশ ও পৃথিবী সৃষ্টি করেছ, আর তারা প্রত্যেক দিন তোমার আদেশ পালন করার জন্য সব সময় প্রস্তুত হয়ে থাকে। তবু এতে সবকিছু বলা হয় নি; কারণ মানুষের সেবা করার জন্য তুমি দেবদূতদের পর্যন্ত নিযুক্ত করেছ। কিন্তু সব চেয়ে বড় কথা, তুমি নিজেই মানুষের সেবা করতে স্থির করেছিলে এবং তাদের হাতে নিজেকে তুলে দেবে বলে তুমি প্রতিশ্রুতিও দিয়েছিলে!

এই ভাবে হাজার-হাজার অনুগ্রহ-দানের জন্য আমি কি-ই বা তোমাকে দেব? আহা, আমি যদি আমার জীবনের প্রত্যেক দিনই তোমার সেবা করতে পারতাম! হায়, মাত্র একটি দিনও আমি যদি তোমার যোগ্য সেবা করতাম! সত্যই তুমি সকল সেবা, সকল সম্মান ও অসীম প্রশংসার যোগ্য! তুমি সত্যই আমার প্রভু, আর আমি তোমার দীন-হীন সেবক। সর্বশক্তি দিয়ে তোমার সেবা করা আমার কর্তব্য; আমার উচিত কখনও ক্লান্ত না হয়ে সর্বক্ষণ তোমার গুণগান করা। আমি তাই করতে চাই, তাই আশা করি। হে দয়াময়, আমার যা অভাব, প্রসন্ন হয়ে তা তুমি পূর্ণ কর!

তোমার সেবা করা এবং তোমার জন্য সবকিছুকে অবজ্ঞা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করা আমার পক্ষে সম্মান ও মহাগৌরবের বিষয়। কারণ যারা স্বেচ্ছায় তোমার পরম-পবিত্র সেবা-কার্যে আত্মনিয়োগ করে, তারা মহান্ ঐশ-কৃপার অধিকারী হয়। যারা তোমার প্রেমের জন্য সর্বপ্রকার ইন্দ্রিয়সুখ বর্জন করে, তারা পবিত্র-আত্মার পরম-মধুর সান্ত্বনা লাভ করবে। যারা তোমার নাম স্মরণ করে এবং সাংসারিক চিন্তায় ব্যস্ত না হয়ে স্বর্গের সংকীর্ণ পথে প্রবেশ করবে, তারা লাভ করবে—মনের অপূর্ব স্বাধীনতা!

আহা, ঈশ্বরের সেবা কেমন মধুর, কেমন আনন্দদায়ক! এর মাহাত্ম্যে মানুষ সত্যই স্বাধীন ও পবিত্র হয়ে ওঠে! আহা, ধর্মীয় সেবার অবস্থা কেমন পবিত্র! এই অবস্থাটি মানুষকে দেবদূতদের সমতুল্য, ঈশ্বরের প্রীতি-ভাজন, শয়তানের পক্ষে ভীতিপ্রদ এবং ভক্তদের কাছে প্রশংসনীয় করে তোলে। আহা, যে সেবার মাঝ দিয়ে শ্রেষ্ঠ মঙ্গল ও চিরস্থায়ী আনন্দ পাওয়া যায়, সেই সেবা কেমন গ্রহণযোগ্য, কত বাঞ্ছনীয়!

১১

মন-বাসনার পরীক্ষা ও সংযম

প্রভু—বৎস, এমন অনেক কিছু আছে, যা তুমি এখনো শেখনি সে সব তোমাকে শিখতে হবে!

সেবক—সে সব কি, প্রভু?

প্রভু—তোমার ইচ্ছাকে আমার ইচ্ছার সঙ্গে সম্পূর্ণ এক করে দাও, আর নিজেকে ভাল না বেসে, আমার ইচ্ছা পালনে তুমি আগ্রহী হও! তোমার বাসনাগুলি প্রায়ই তোমাকে উৎসাহিত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এবং প্রবলভাবে প্রভাবিত করে ; তবে তোমাকে দেখতে হবে—এই প্রবণতা আমার সম্মানের জন্য—না তোমার স্বার্থের জন্য ! আমি যদি তোমার কার্যাবলীর মূল কারণ হই, তাহলে আমি তোমার বিষয়ে যা ব্যবস্থা করি না কেন, তাতেই তোমাকে সন্তুষ্ট হতে হবে কিন্তু তোমার অন্তরে যদি স্বার্থপরতা কিছু লুকিয়ে থাকে, তবে জেন, তা তোমাকে বাধা দেবে এবং তখন নিজেকে ভারস্বরূপ মনে হবে।

তবে সতর্ক থাক, আমার পরামর্শ না নিয়ে তোমার পূর্ব-পরিকল্পিত কোন ইচ্ছার ওপর তুমি নির্ভর কর না ; অন্যথায় পূর্বে যা পছন্দ করেছিলে এবং সর্বোৎকৃষ্ট বলে ভেবেছিলে, তার জন্যও পরে দুঃখিত বা অসন্তুষ্ট হতে হবে তোমায়। কারণ যে সব বাসনা সৎ মনে হয়, সেগুলি সঙ্গে সঙ্গে অনুসরণ করতে নেই ; আবার প্রতিকূল বাসনাগুলিকে প্রথম দর্শনেই ত্যাগ করতে নেই। মাঝে মাঝে সদভিপ্রায় ও সৎ-বাসনাও সংযত করা উচিত, পাছে অতিরিক্ত আকুলতার জন্য তুমি মানসিক চাঞ্চল্যের বশবর্তী হও বা আত্মসংযমের অভাবে অপরকে অসৎ দৃষ্টান্ত দিয়ে ফেল, কিংবা অন্যের কাছে বাধা পেয়ে হঠাৎ উদ্বিগ্ন হয়ে পতিত হও।

মধ্যে মধ্যে বল প্রয়োগ করে সাহসের সঙ্গে ইন্দ্রিয়-ক্ষুধার প্রতিরোধ করতে হবে, আর ইন্দ্রিয় কি চায় বা চায় না, তা দেখা তোমার দরকার নেই, কিন্তু তোমাকে এমন চেষ্টা করতে হবে, যাতে ইন্দ্রিয় অনিচ্ছাসত্ত্বেও তোমার আত্মার বশে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

থাকে। আবার ইন্দ্রিয়গুলিকে ততক্ষণ শাসনে ও সেবায় নিযুক্ত রাখতে হবে, যতক্ষণ তারা সকল বিষয়ে বশীভূত না হয় এবং অল্পতে সন্তুষ্ট থাকতে ও সরল বিষয়ে তৃপ্ত হতে না শেখে ; আর কোন অসুবিধা দেখা দিলে অসন্তোষ প্রকাশ না করে।

১২

ধৈর্য শিক্ষা ও কু-প্রবৃত্তির প্রতিরোধ

সেবক—হে প্রভু ঈশ্বর, আমি যতটা বুঝি তাতে মনে হয় ধৈর্য আমার খুবই দরকার, কারণ ইহজীবনে অনেক প্রতিকূল ঘটনা ঘটে। প্রকৃতপক্ষে শান্তিতে বাস করার জন্য আমি যতই ব্যবস্থা করি না কেন, আমার জীবনে সংগ্রাম ও শোক দেখা দেবেই।

প্রভু—বৎস, ঠিক তাই! কিন্তু প্রলোভন এবং প্রতিকূলতা বিহীন শান্তি আমি চাই না. বরং আমি চাই বিভিন্ন দুঃখ-দুর্দশায় সুশাসিত ও বহু প্রতিকূল বিষয়ে পরীক্ষিত হয়ে তুমি পরিপূর্ণ শান্তি লাভ করো। তুমি যদি বলো, 'আমি বেশী কষ্ট সহ্য করতে পারি না', তবে কি করে শুচ্যগ্নির জ্বালা সহ্য করতে পারবে ? দু'টি অমঙ্গলের মধ্যে যেটি হালকা. তাকেই সর্বদা বেছে নিতে হবে। তুমি যাতে ভবিষ্যতের অনন্ত-যন্ত্রণা এড়িয়ে যেতে পার, সেজন্য ঈশ্বরের প্রেমের কথা স্মরণ করে বর্তমানের অমঙ্গলকে সহ্য করতে চেষ্টা কর। তুমি কি মনে কর যে, এই সংসারের মানুষ মোটেই কষ্ট পায় না, বা কম কষ্ট পায় ? তা নয়, ভোগবিলাসী লোকদের মধ্যে খুঁজলেও তেমন পাবে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুমি বলবে—তাদের সুখভোগ করার অনেক কিছু আছে এবং তারা যা ইচ্ছা তাই করতে পারে, সেজন্য নিজেদের কষ্টকে তারা হালকা ভাবে।

তোমার কথা মেনে নিলাম। তারা যা চায়, তাই পায় : কিন্তু সে সব কতক্ষণ থাকবে বল তো? দেখ, সংসারে যাদের অনেক আছে, তারা ধোঁয়ার মত অন্তর্হিত হয়ে যাবে এবং তাদের অতীত আমোদ-প্রমোদের স্মৃতি পর্যন্ত থাকবে না। এমন কি জীবন কালেও তাদের মধ্যেও তিক্ততা, বিরক্তি ও ভয় আমাদের থেকে তারা নিষ্কৃতি পাবে না। কারণ যা থেকে তারা আমোদ পাবে বলে ভাবে, তা থেকে তারা প্রায়ই দুঃখের দণ্ড পেয়ে থাকে। এটি তো যুক্তিসঙ্গত, কারণ, বিশৃঙ্খলভাবে তারা সুখভোগ খোঁজে ও তা অনুসরণ করে, আর সেজন্য লজ্জা ও তিক্ততা ছাড়া তারা সেই সুখ ভোগ করতে পারে না।

হায়, এইসব ভোগ-বিলাস কত অল্পস্থায়ী, কত অলীক; কত বিশৃঙ্খল ও মলিন! তবু, মানুষ এমন উন্মাদ ও অন্ধ যে, সে একথা বুঝতে পারে না। বুদ্ধিহীন পশুর মত, পার্থিব জীবনের তুচ্ছ সুখের জন্য সে আত্মার বিনাশ ঘটায়। কিন্তু তুমি, হে বৎস, "তোমার বিলাসিতাকে অনুসরণ করো না, তোমার সকল অভিলাষ ত্যাগ কর। তুমি প্রভুতে আনন্দ করো, আর তিনি তোমার হৃদয়ের বাসনা পূর্ণ করবেন।"

কারণ তুমি যদি সত্যই আনন্দ পেতে চাও ও আমার কাছে আরও সান্ত্বনা লাভের ইচ্ছা করো, তবে জেনো সকল

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিষয় অবজ্ঞা ও পার্থিব সুখ ত্যাগ করলেই তুমি মঙ্গল-আশীর্বাদ পাবে এবং আরও বেশী সান্ত্বনা তোমাকে দেওয়া হবে। সৃষ্ট বস্তুর আকর্ষণ থেকে তুমি নিজেকে যত দূরে রাখবে ততই আমার মধ্যে প্রচুর মধুর সান্ত্বনা উপভোগ করবে। এ সান্ত্বনা পেতে হলে প্রথম প্রথম তোমাকে দুঃখ ভোগ করতে হবে। কারণ বহু দিনের অভ্যাস তোমাকে বাধা দেবে; কিন্তু শেষে এই কু-অভ্যাসটি উৎকৃষ্ট কোন অভ্যাস দ্বারা জয় করা যাবে। অবশ্যই দেহ-ইন্দ্রিয় এতে অসন্তোষ প্রকাশ করবে, কিন্তু আত্মার উদ্‌যোগে সেটি দমিত হবে। প্রাচীন সাপ শয়তান তোমাকে উত্তেজিত ও বিরক্ত করবে, কিন্তু প্রার্থনার সাহায্যে তাকে তাড়ানো যাবে; আবার ফলপ্রসূ সৎকর্ম দ্বারা তার প্রধান প্রবেশ-পথও রুদ্ধ করা হবে।

১৩

যীশু খ্রীষ্টের বিনয়ানুগত্যের দৃষ্টান্ত

প্রভু—বৎস, যে আনুগত্য পরিহার করতে চেষ্টা করে, সে ঐশ-কৃপাও পরিহার করে; আর যে ব্যক্তিগত কোন কিছু পাওয়ার চেষ্টা করে, সাধারণের দেওয়া সুবিধাও হারিয়ে ফেলে। যে স্বচ্ছন্দে ও স্বেচ্ছায় তার গুরুজনের বশীভূত হয় না, সে প্রমাণ দেয় যে, তার শরীর এখনো সম্পূর্ণ তার অধীন নয় এবং প্রায় বিদ্রোহ ও প্রতিবাদ করে। যদি তুমি তোমার শরীরকে নিজের বশে আনতে চাও, তাহলে অবিলম্বে তুমি নিজেকে গুরুজনের বশীভূত করতে শেখো। তোমার অন্তরস্থ মানুষকে দমন করতে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পারলে খুব সহজেই বাইরের শত্রুকেও পরাজিত করতে পারবে। তুমি তোমার আত্মার সঙ্গে একমত না হলে জেন যে, তোমার চেয়ে আর কেউ তোমার আত্মার বেশী বিরক্তিকর ও বিপদ-জনক শত্রু নেই। তুমি যদি রক্ত-মাংসের ওপর জয়ী হতে চাও, তাহলে নিজের প্রতি সত্যিকার অবজ্ঞা তোমাকে পোষণ করতে হবে। তুমি এখনো অযথা নিজেকে ভালবাস, সেজন্য পরের ইচ্ছায় আত্মসমর্পণ করতে ভয় পাও।

সর্বশক্তিমান ও পরাৎপর হয়ে এবং শূন্য থেকে সবই সৃষ্টি করেও আমি যখন তোমারই জন্য নম্রভাবে মানুষের বশীভূত হয়েছি, তখন তুমি যে ধূলা মাত্র ও স্বয়ং শূন্যতা 'ঈশ্বরের জন্য' মানুষের বশীভূত হবে, তাতে আশ্চর্য হবার কি আছে? আমি প্রত্যেকের কাছে নিজেকে সকল অপেক্ষা বেশী নত ও দুর্বল করেছি, যাতে আমার নম্রতা দিয়ে তোমার অহংকার জয় করতে পারি। হে ধূলি-মানুষ, বাধ্য হতে শেখ! মাটি ও কাদারূপী হে মানুষ, নিজেকে নত করতে এবং সকলের পদতলে রাখতে শেখ! তোমার ইচ্ছাকে বিসর্জন দিয়ে নিজেকে সম্পূর্ণ অধীন করে রাখ।

নিজের ওপর ক্রুদ্ধ হও এবং তোমার মধ্যের গর্বকে স্ফীত হতে দিয়ো না। তুমি নিজেকে এমন বশীভূত ও ক্ষুদ্র করে দেখাও, যাতে সকলে তোমার ওপর দিয়ে চলতে এবং পথধূলার মত তোমাকে পদদলিত করতে পারে। হে অপদার্থ মানুষ, তোমার অসন্তুষ্ট হবার কি আছে? হে অধম পাপী, যারা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তোমাকে তিরস্কার করে, তাদের প্রতিবাদ জানানোর তোমার কি প্রয়োজন আছে? তুমি তো কতবার ঈশ্বরকে অসন্তুষ্ট করেছ এবং বহুবার নরকের যোগ্য হয়েছ! কিন্তু আমার দৃষ্টিতে তোমার আত্মা মূল্যবান হওয়ায়, "সদয় নেত্রে আমি তোমায় ক্ষমা করেছি," তুমি যেন আমার স্নেহের কথা বুঝে, আমার সকল অনুগ্রহের জন্য সর্বক্ষণ কৃতজ্ঞ হয়ে থাক এবং নিরন্তর বশ্যতা ও বিনয় অনুসরণ করে নিজের অপমান ধৈর্যের সঙ্গে বরণ কর!

১৪

ঈশ্বরের গুপ্ত-বিচারের ধ্যানে গর্বত্যাগ

সেবক—প্রভু, তোমার বিচারাদেশগুলি আমার কাছে বজ্রধ্বনির মত! ভীতি প্রদর্শনে আমার অস্থি বিকম্পিত এবং আমার আত্মা ভীষণ ভয়ে অভিভূত। বিস্ময়াবিষ্ট হয়ে আমি ভাবি যে, স্বর্গধাম পর্যন্ত বুঝি তোমার দৃষ্টিতে বিশুদ্ধ নয়। "দেবদূতদের মধ্যেও তুমি দোষত্রুটি পেয়েছ" এবং তাদেরও ক্ষমা করনি; তাহলে আমার কি হবে? "আকাশ থেকে নক্ষত্রগুলি পর্যন্ত পতিত হয়েছে," আর আমি ধূলা মাত্র হয়ে কি আর আশা করতে পারি? যাদের কাজ প্রশংসনীয় বলে মনে হত, তারা অধম অবস্থায় পতিত হয়েছে; আর যারা দূতদের খাদ্য (খ্রীষ্ট-প্রসাদ) আহার করত, তাদের শূকরের খাদ্যে তৃপ্ত হতে দেখেছি।

প্রভু, তুমি তোমার হাত সরিয়ে নিলে, আর কোন পবিত্রতা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

থাকবে না আমাদের। তুমি যদি আমাদের পরিচালনা না কর, তাহলে বিদ্যা আর কোন কাজে লাগবে না। তুমি রক্ষা না করলে, কোন শক্তিই কোন সাহায্য করতে পারবে না। তুমি যদি তত্ত্বাবধান না কর, কোন শুচিতাই নিরাপদ হবে না! তোমার পবিত্র দৃষ্টি আমাদের ওপর না থাকলে, নিজের সতর্কতায় আমাদের কোন লাভ হবে না। কারণ আমরা যদি পরিত্যক্ত হই, তাহলে আমরা ডুবে গিয়ে ধ্বংস হয়ে যাব, কিন্তু তোমার দর্শন লাভ করলে, আমরা আবার উঠে দাঁড়াব এবং সুস্থ জীবন যাপন করব। আমরা বাস্তবিকই পরিবর্তনশীল, কিন্তু তোমার দ্বারা আমরা ধীর স্থির হয়ে থাকি; শিথিল আমরা, কিন্তু তোমার প্রভাবে উদ্‌যোগী হয়ে উঠি।

হায়, আমার নিজের জ্ঞানে আমাকে কত নম্র ও অবজ্ঞাত হওয়া দরকার! আর আমার কোন গুণ থাকলে তার বিশেষ মূল্যায়ণ করা উচিত নয়। হে প্রভু, তোমার গভীরতম বিচারাদেশগুলির সামনে আমাকে কত না নত হতে হবে। আমার সেই অধম অবস্থায় আমি বুঝতে পারব—আমি কিছুই নই, একেবারে শূন্যতা ছাড়া আমি কিছুই নই। হে অসীম, হে অপার সমুদ্র, তোমার মধ্যে আমার বলতে একমাত্র শূন্যতাকেই আমি খুঁজে পাই। তবে কি নিয়ে আমি গর্ব করব? আমার কোন গুণের জন্য আত্ম-নির্ভরতা উপলব্ধির স্থানই বা কোথায়? আমার প্রতি তোমার বিচারাদেশের গভীরতায় আমার বৃথা অহংকার বিলুপ্ত হয়েছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তোমার দৃষ্টিতে মানুষের গৌরবের কি-ই বা আছে? "তাঁর নির্মাতার কাছে মৃত্তিকা কি আত্মগর্ব করতে পারে?" যার হৃদয় একাগ্রভাবে ঈশ্বরের অধীন, সে কি করে ব্যর্থ উক্তিতে আত্ম-অহংকার করতে পারে? পরম 'সত্য' যাকে অধীনে রেখেছেন, সমস্ত জগতও তাকে আত্মগর্বীত করতে পারে না; আর যার আশা ঈশ্বরে সংস্থিত, সকল লোকের মুখের প্রশংসা তাকে বিচলিত করতে পারে না; কারণ যারা কথা বলে, তারা সকলে কিছুই নয়; তাদের কথার ধ্বনির সঙ্গে তারাও বিলুপ্ত হয়ে যাবে; কিন্তু "প্রভুর 'সত্য' চিরকাল থাকবে!"

১৫

কোন্ কোন্ বিষয় কামনা করা উচিত

প্রভু—বৎস, যে কোন অবস্থায় এই কথা বল—'প্রভু, এতে যদি তোমার সন্তোষ উৎপাদন হয় তবে তাই হোক!' প্রভু, এতে যদি তোমার সম্মান হয়, তবে তোমার নাম-মাহাত্ম্যে তাই হোক। প্রভু, যদি বোঝ এতে আমার উপকার ও মঙ্গল হবে, তবে তোমার সম্মানের জন্য তা কার্যকর করতে আমায় অনুমতি দাও। কিন্তু যদি তুমি মনে করো, এটি আমার পক্ষে অনিষ্টকর ও আমার আত্মার মুক্তির পক্ষে হিতকর নয়, তাহলে তার প্রতি বাসনা আমার মন থেকে দূর করে দাও! কারণ সৎ ও শুভ বলতে মানুষ যা কামনা করে, তা যে পবিত্র-আত্মার কাছ থেকে আসে এমন নয়। কোন একটি বিষয় কামনা করলে তুমি সৎ বা অসৎ প্রবণতা দ্বারা অথবা তোমার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিজের ইচ্ছা দ্বারা প্রভাবিত হচ্ছ, তা বিচার করা খুবই শক্ত। অনেকে প্রথমে সৎ মনোভাব দ্বারা অনুপ্রাণিত হয়েছে বলে মনে হয়, কিন্তু শেষে তারা প্রতারিত হয়েছে।

সেজন্য মনে যখন কোন গ্রহণ-যোগ্য বাসনা উপস্থিত হয় তখন ঈশ্বর-ভীতি এবং হৃদয়ে নম্রতা সহকারে তা কামনা ও প্রার্থনা করতে হবে; আর বিশেষভাবে আমার ইচ্ছার বশবর্তী হয়ে তোমাকে সবই আমার হাতে ছেড়ে দিয়ে বলতে হবে—প্রভু, তুমি তো জান, কোনটি সবচেয়ে ভাল! তোমার ইচ্ছামত যে কোন একটি সম্পন্ন হোক!' তুমি 'যা' দিতে ইচ্ছা করো, 'যতটুকু' দিতে চাও এবং 'যে সময়' দিতে পছন্দ করো, সেই সময় ততটুকুই আমায় দান কর। তুমি যা ভাল বোঝ, যা তোমার পছন্দ এবং তোমার মর্যাদা রক্ষা করে, আমার প্রতি সেই রকম আচরণ কর। যেখানে ইচ্ছা সেখানে আমাকে রাখো এবং সব বিষয়ে তোমার পছন্দমত আমার সঙ্গে ব্যবহার করো! আমি তো তোমারই হাতে; যে দিকে চাও, সেইদিকে তুমি আমায় পরিচালনা কর! 'প্রভু, আমি তোমার দাস; সকল কাজের জন্য আমি প্রস্তুত; কারণ আমি নিজের জন্য নয়, তোমারই জন্য জীবন ধারণ করতে চাই! আহা, আমি যদি এরূপ যোগ্য ও পুণ্যময় জীবনযাপন করতাম!

ঈশ্বরের ইচ্ছা পালনের জন্য প্রার্থনা

সেবক—হে পরম করুণাময় যীশু, আমাকে তোমার কৃপা দাও। সেটি যেন আমার সঙ্গে থাকে, আমার কর্মে অংশ গ্রহণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করে এবং শেষ পর্যন্ত আমার সহায় হয়। যে বিষয় তোমার পক্ষে সবিশেষ গ্রহণীয় ও প্রিয়, সর্বদা যেন তাই-ই কামনা করি এই আশীর্বাদ কর। তোমার ইচ্ছা যেন আমারই ইচ্ছা হয় এবং আমার ইচ্ছা যেন তোমার ইচ্ছাকে সর্বদা অনুসরণ করে ও তার সঙ্গে এক হয়ে যায়। তোমার মতামতের সঙ্গে আমার মত ও অমত যেন মিলিত হয়; আর তুমি যা চাও, বা না চাও আমিও যেন তা-ই চাই; তা ছাড়া অন্য আর কিছু না চাই।

এমন বর দাও, সংসারের সকল বস্তুর কাছে আমি যেন মৃতের মত হই এবং তোমার প্রেমের জন্য ইহলোকে অবজ্ঞাত এবং অজ্ঞাত হয়ে থাকতেই আনন্দ পাই। বাঞ্ছিত সকল বিষয় ছেড়ে তোমার মধ্যে বিশ্রাম করতে এবং তোমাতে হৃদয়ের সান্ত্বনা পেতে আমাকে সাহায্য কর। তুমি হৃদয়ের প্রকৃত শান্তি, তুমি একমাত্র বিশ্রামস্থল। তুমি ছাড়া সবই কঠিন ও অশান্ত! "এই শান্তিতে, স্বয়ং শান্তিতেই" অর্থাৎ তোমারই মধ্যে তুমি যে একমাত্র উৎকৃষ্ট ও অনন্ত মঙ্গল, সেই তোমাতেই আমি নিদ্রা যাব!" আমেন।

১৬

একমাত্র ঈশ্বরেই প্রকৃত সান্ত্বনা

সেবক—আমার সান্ত্বনার বিষয়ে যা কিছু আমি কামনা ও কল্পনা করতে পারি তা এখানে নয়, পরলোকেই পাওয়ার আশা করে আছি। আমি যদি একাই জগতের সব সান্ত্বনা পেতাম ও সকল রকম সুখ-স্বাচ্ছন্দ্য ভোগ করতাম, তবে সেসব

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বেশীদিন স্থায়ী হত না—এতে কোন সন্দেহ নেই। তাই হে আমার আত্মা, দরিদ্রের সান্ত্বনা-দাতা ও বিনীতের আশ্রয় ঈশ্বর ছাড়া আর কারো কাছে তুমি সম্পূর্ণ সান্ত্বনা পেতে ও পরিপূর্ণ আনন্দভোগ করতে পারবে না। হে আমার আত্মা, অল্প সময়ের জন্য অপেক্ষা করে থাক, ঈশ্বরের অঙ্গীকার পূর্ণ হওয়ার জন্য অপেক্ষা কর, তবেই স্বর্গে তুমি পাবে প্রচুর পরিমাণ মঙ্গল। তুমি যদি এখানকার বস্তুগুলি একান্ত ও অযথা-ভাবে কামনা কর, তাহলে চিরস্থায়ী ও স্বর্গীয় বস্তুগুলি হারিয়ে ফেলবে। পার্থিব বস্তুগুলি অবশ্যই ব্যবহার কর, কিন্তু অনন্ত বস্তুগুলি কামনা কর। জেনে রেখ কোন পার্থিব বিষয়ে তুমি পূর্ণ তৃপ্তি পাবে না, কারণ সে সব ভোগ করার জন্য তুমি সৃষ্ট হওনি।

সকল ধন ঐশ্বর্য পেলেও তুমি সুখী ও কৃতার্থ হতে পারবে না; বরং ঐ সকল বিষয় যিনি সৃষ্টি করেছেন, সেই ঈশ্বরকে পেলেই পূর্ণ সুখ ও আনন্দ পাওয়া যাবে। নির্বোধ সংসার-প্রেমিকেরা যে সুখের কথা ভাবে বা যার সুখ্যাতি করে, সেই সুখে নয়, পরন্তু খ্রীষ্টের উত্তম ভক্তেরা যে সুখের আশা করে থাকে এবং অধ্যাত্মনিষ্ঠ ও শুদ্ধচিত্তের লোকেরা, স্বর্গে যাদের লক্ষ্য আছে এবং মাঝে মাঝে তারা যে সুখের আভাস পায় সেই হল প্রকৃত সুখ। মানুষের সান্ত্বনা নিরর্থক ও অল্পস্থায়ী, কিন্তু অন্তরের 'সত্য' থেকে যে সান্ত্বনা পাওয়া যায়, সেটি পূর্ণ ও যথার্থ। ভক্তিমান ব্যক্তি তার সান্ত্বনাদাতা যীশুকে সর্বত্র সঙ্গে নিয়ে যায়, আর তাঁকে বলে—'প্রভু, সব সময় ও সকল স্থানে তুমি আমার সঙ্গে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

থাক।' খুশী মনে মানবীয় সান্ত্বনা ছেড়ে দেওয়ার মধ্যে আমার সান্ত্বনা নিহিত। আর যদি তোমার সান্ত্বনা না পাই, তবে তোমার ইচ্ছা পালন ও তোমার ন্যায় পরীক্ষা গ্রহণ হবে আমার পক্ষে পরম সান্ত্বনা; কারণ "তুমি তো চিরকালের জন্য অসন্তোষ পোষণ কর না এবং সব সময়ের জন্য ভীতি প্রদর্শনও কর না।"

১৭

ঈশ্বরের হাতে সমস্ত ভাবনা ছেড়ে দাও

প্রভু—বৎস, আমার যা ভাল মনে হয়, তোমাকে নিয়ে আমাকে তা করতে দাও। তোমার পক্ষে কি কি ভাল আমি তা জানি। মানুষের মত তুমি বিবেচনা কর। মানুষের মনোভাব অনুযায়ী তুমি অনেক কিছুই বিচার করে থাক।

সেবক—প্রভু, তুমি যা বলছ, তা সত্য! নিজের বিষয়ে আমি যে ভাবেই যত্ন নিই-না-কেন, তার চেয়ে আমার প্রতি তোমার যত্ন অনেক বেশী। যে নিজের সমস্ত চিন্তা ভাবনা তোমার ওপর রাখে না, সে অত্যন্ত অনিশ্চয়তার মধ্যে পড়বে। প্রভু, তোমার দৃষ্টিতে আমার ইচ্ছা যাতে সৎ ও বিশ্বস্ত হয়, সেজন্য তুমি আমাকে নিয়ে যা খুশী তাই কর; কারণ তুমি যা করবে, তাতে আমার মঙ্গল ছাড়া আর কিছুই হবে না। তুমি যদি চাও আমি অন্ধকারে থাকি, তবে তুমি ধন্য; আমি আলোতে থাকি এ যদি চাও, তা হলেও তুমি ধন্য! ধন্য তুমি, যদি আমাকে তুমি সান্ত্বনা দিতে চাও; আর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমার কষ্ট হোক, এমন ইচ্ছা যদি তোমার থাকে, তাহলে তুমি সমভাবেই ধন্য।

প্রভু—হ্যাঁ বৎস! তুমি যদি আমার সঙ্গে চলতে চাও, তাহলে তোমাকে এই ভাবেই চলতে হবে! আনন্দভোগ ও দুঃখ-কষ্ট সহ্য করার জন্যও তোমাকে প্রস্তুত থাকতে হবে। প্রাচুর্যের অধিকারী ও ধনবান হলে যেমন, অভাবগ্রস্ত ও নিঃস্ব হলেও তোমায় খুশী হতে হবে।

সেবক—প্রভু, আমার জীবনে তুমি যা-ই ঘটতে দাও না কেন, সে সবই আমি আনন্দের সঙ্গে তোমার জন্য সহ্য করব। ভাল-মন্দ, মধুর-তিক্ত, আনন্দ-দুঃখ—সবই তোমার হাত থেকে একইভাবে নিতে চাই এবং যাই ঘটুক-না-কেন তার জন্য তোমাকে ধন্যবাদ দিতে আমি কুণ্ঠিত নই। আমাকে সব রকম পাপ থেকে রক্ষা কর, তাহলে আমি মৃত্যু বা নরক কিছুকেই আর ভয় করব না। "অনন্তকালের জন্য যাতে তোমার কাছ থেকে আমাকে দূরে অবস্থান করতে না হয়", এবং "অনন্তজীবনের পুস্তক থেকে আমার নাম যাতে মুছে ফেলা না হয়," সেজন্য আমার ওপর যত ক্লেশই আসুক না কেন, তাতে আমার কোন ক্ষতি হবে না।

১৮

খ্রীষ্টের অনুকরণ এবং ঐহিক কষ্টে ধৈর্যধারণ

প্রভু—বৎস, তোমার মুক্তির জন্য আমি স্বর্গ থেকে নেমে এসেছি এবং প্রয়োজনের জন্য নয়, প্রেমাবেশেই আমি তোমার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দুরবস্থা নিজে গ্রহণ করছি; এসব করেছি যাতে তুমি ধৈর্য ধরতে শেখ ও অসন্তোষ প্রকাশ না করে ঐহিক দুঃখকষ্ট সইতে পার। বাস্তবিক আমার জন্মের সময় থেকে ক্রুশে মৃত্যু পর্যন্ত, কষ্টে সহিষ্ণুতার অভাব আমার কোন দিন হয় নি। পার্থিব বস্তুর অভাবে কষ্ট পেয়েছি; বহুবার আমি আমার বিরুদ্ধে অভিযোগ শুনেছি; অবমাননা ও অপমান শান্তভাবে গ্রহণ করেছি; উপকারের বিনিময়ে আমি পেয়েছি অকৃতজ্ঞতা. আশ্চর্য কাজের পরিবর্তে নিন্দা এবং সুশিক্ষা-দানের প্রতিদানে অপবাদ।

সেবক—প্রভু, তুমি যখন তোমার জীবন-কালে পিতার আদেশ পালনের জন্য এত সহিষ্ণুতা সহকারে সব কিছু সহ্য করেছ, তখন আমি যে অধম পাপী, আমারও উচিত তোমার ইচ্ছানুযায়ী ধৈর্যের সঙ্গে সব কিছু সহ্য করা এবং যতদিন তুমি ইচ্ছা কর, ততদিন আমার নিজের মুক্তির জন্য এই নশ্বর জীবনের ভার বহন করা। কারণ এই জীবন যদিও মাঝে মাঝে ভার স্বরূপ মনে হয়, তবুও তোমার কৃপায় সেটি যথার্থ পুণ্য-ফলযুক্ত এবং তোমার আদর্শে ও তোমার সাধুদের পদচিহ্ন অনুসরণে সেটি দুর্বলের পক্ষে উজ্জ্বল ও সহনীয়। বরং প্রাচীন বিধানের চেয়ে বর্তমান জীবন বেশী সান্ত্বনাদায়ক, কারণ তখন স্বর্গের দ্বার রুদ্ধ ছিল এবং স্বর্গে যাবার পথ ছিল অন্ধকারাচ্ছন্ন; আর কম সংখ্যক লোকই তখন স্বর্গরাজ্য লাভের চেষ্টা করত। পরন্তু যাঁরা তখন সৎ ও মুক্তির যোগ্য ছিলেন, তোমার যাতনা-ভোগ এবং তোমার পবিত্র মৃত্যুতে মানুষের ঋণ শোধ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

না হওয়া পর্যন্ত স্বর্গরাজ্যে প্রবেশ করা তাঁদের পক্ষে সম্ভব ছিল না।

আহা, তোমাকে কত না ধন্যবাদ জানান উচিত! কারণ তুমি আমাকে ও তোমার ভক্তদের তোমার অনন্ত রাজ্যে যাবার সরল ও সৎ পথ দেখাতে প্রসন্ন হয়েছিলে। প্রকৃতপক্ষে তোমার জীবনযাত্রাই হচ্ছে আমাদের পথ; আর আমরা সহিষ্ণুতার সঙ্গে তোমার দিকে চলি কারণ তুমি যে আমাদের মুকুটস্বরূপ! তুমি যদি আমাদের আগে আগে পথ না চলতে ও আমাদের শিক্ষা না দিতে, তাহলে কে তোমাকে অনুসরণ করার চেষ্টা করত? আহা, তোমার উজ্জ্বল আদর্শ চোখের সামনে না থাকলে, কত না লোক বহু দূরে, তোমার থেকে বহু পেছনে পড়ে থাকত! এই যে আমরা তোমার কত আশ্চর্য কাজ ও শিক্ষার কথা শুনেও এখনো নিস্পৃহ রয়েছি, না জানি তোমাকে অনুসরণ করার জন্য এত জ্ঞানালোক না পেলে আমাদের কি হত!

১৯

অপমান সহনে ধৈর্য পরীক্ষা

প্রভু—হে আমার সন্তান, তুমি কি বলছ? আমার ও আমার সাধুদের কষ্টভোগের কথা ভেবে, আর অসন্তোষ প্রকাশ কর না। তুমি তো রক্তপাত না হওয়া পর্যন্ত সংগ্রাম কর নি। যাঁরা অসহ্য কষ্টভোগ করেছেন, প্রবলভাবে প্রলুব্ধ হয়েছেন, নিষ্ঠুরভাবে নির্যাতিত হয়েছেন এবং নানা প্রকার পরীক্ষা ও অত্যাচারে উৎপীড়িত হয়েছেন, তাঁদের তুলনায় তুমি যা-কিছু

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সহ্য করছ তা অতি সামান্য। তাই অন্যের অসহনীয় কষ্টের কথা তোমাকে ভেবে দেখতে হবে, তাহলে তুমি তোমার যৎসামান্য কষ্ট সহজেই সহ্য করতে পারবে। কিন্তু নিজের কষ্ট যদি তোমার চোখে সামান্য না হয়, তবে সাবধান, থেকো পাছে তোমার অধৈর্যের জন্য তোমার কষ্ট তোমার কাছে অধিকতর ভারী মনে হয়। আর তা সামান্যই হোক বা গুরুতরই হোক, সবই ধৈর্যের সঙ্গে সহ্য করার চেষ্টা করো।

কষ্ট সহ্য করার জন্য তুমি যত ভালভাবেই নিজেকে তৈরী রাখবে, ততই জ্ঞানীর মত কাজ করবে ও বেশী পুণ্য লাভ করবে। এই অভ্যাস দ্বারা তুমি যদি মনোযোগের সঙ্গে নিজেকে প্রস্তুত কর, তাহলে কষ্টকে সহজে বরণ করতে পারবে। আর বলো না যে, "অমুক লোকের কাছ থেকে এসব বা এমনি ব্যবহার আমার সহ্য হয় না; কারণ সে আমার অমন ক্ষতি করেছে ও অমন করে আমায় অপমান করেছে যা আমার ধারণার বাইরে; তবে অন্য জনের কাছ থেকে যে রকমের ব্যবহার সহ্য করার কথা ভাবি, সেইমত যুক্তিসঙ্গত ভাবে খুশীমনে সেইসব সহ্য করব"—এমন বিবেচনা নির্বোধের কাজ; কেননা ধৈর্যগুণের কথা এবং কে তোমাকে পুরস্কার দেবেন, সেই কথা না ভেবে, কে কে কষ্ট দিয়েছে এবং কি রকম অপমান তোমাকে করা হয়েছে, শুধু সেটি তুমি চিন্তা কর।

যতখানি উপযুক্ত মনে হয় এবং যার কাছ থেকে অপমান সহ্য করতে পছন্দ হয়, কোন ব্যক্তি যদি শুধু সেইটুকুই সহ্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করে তবে সে প্রকৃত ধৈর্যশীল নয়। প্রকৃত ধৈর্যশীল ব্যক্তি কোন্ লোকের কাছ থেকে সে আঘাত পেয়েছে—সে তার গুরু, না তার সমান, বা নিম্ন শ্রেণীর ব্যক্তি অথবা সৎ ও সাধু কিংবা নিষ্ঠুর ও অযোগ্য লোক—তা সে ভেবে দেখে না। পক্ষান্তরে সে যার কাছ থেকে যে প্রকার ও যে পরিমাণ দুর্গতি সহ্য করুক না কেন, সেইসব সে যেন অনায়াসে ও কৃতজ্ঞ মনে, ঈশ্বরের হাত থেকেই গ্রহণ করে এবং তা বড় লাভ বলে মনে করে। কারণ ঈশ্বরের প্রেমের জন্য যা কিছু সহ্য করা হয়, তা যতই সামান্য হোক, তার জন্য সে পুরস্কৃত হবেই।

অতএব যদি জয়লাভ করতে চাও, সংগ্রামের জন্য প্রস্তুত হও। সংগ্রাম না করলে ধৈর্যের মুকুট তো পাবে না। কষ্ট যদি না সইতে চাও, তবে বুঝতে হবে ঐ মুকুটও তুমি চাও না কিন্তু যদি মুকুটে ভূষিত হতে চাও, তাহলে, সাহসের সঙ্গে সংগ্রাম কর এবং ধৈর্যের সঙ্গে সবকিছু সহ্য কর। শ্রম না করলে বিশ্রাম আশা করা যায় না; আর সংগ্রাম না করলে জয়লাভ হয় না।

সেবক—প্রভু, স্বভাবতঃ যা আমার পক্ষে অসম্ভব বলে মনে হয়, ঐশ-কৃপায় তা যেন আমার পক্ষে সম্ভব হতে পারে। তুমি তো জান আমি খুব কমই ধৈর্য-ধারণ করতে পারি এবং সামান্য অসুবিধা দেখা দিলেই কত শীঘ্র আমি হতাশ হয়ে পড়ি। তোমার নামের গৌরবের জন্য, সকল কষ্টের পরীক্ষা আমার কাছে যেন প্রীতিকর ও বাঞ্ছনীয় হয়; তোমার জন্য কষ্ট ও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নির্যাতন ভোগ আমার আত্মার পক্ষে বাস্তবিকই পরম লাভ।

২০

আমাদের দুর্বলতা স্বীকার

সেবক—"নিজের বিরুদ্ধে নিজের অন্যায়ের কথা আমি স্বীকার করব।" হে প্রভু, তোমার কাছে স্বীকার করব আমার দুর্বলতার কথা। যা আমাকে প্রায়ই হতাশ ও বিরক্ত করে, তা হল তুচ্ছ কোন একটি বিষয়। আমি সাহসের সঙ্গে সৎ-পথে চলার প্রতিজ্ঞা করি, কিন্তু সামান্য প্রলোভন এসে পড়লেই, মনে মনে বড়ই বিচলিত হয়ে পড়ি। যা থেকে বড় প্রলোভন জন্মায়, অনেক সময়ই সামান্য কোন একটি বিষয় থেকেই এর সূত্রপাত হয়; আর যখন আমি নিজেকে এক রকম নিরাপদ ভাবি, তখন নিজের অজ্ঞাতেই সামান্য প্রতিকূল অবস্থাতেই পরাজিত হই।

হে প্রভু, আমার হীনতা ও দুর্বলতার প্রতি দৃষ্টিপাত কর; তুমি তো সব কিছু জান। "আমার প্রতি দয়া কর, পঙ্কিলতা থেকে আমাকে উত্তোলন কর। আমি যেন তাতে নিমজ্জিত না হই এবং চিরকালের জন্য অধঃপতিত না হই।" যা আমাকে বেশী অপমানিত এবং তোমার সম্মুখে লজ্জিত করে, সেটি হচ্ছে সেই প্রলোভন প্রতিরোধ করায় আমার দুর্বলতা ও অক্ষমতা। আর যদিও আমি প্রলোভনে পূর্ণ সম্মতি না দিই, তবু প্রলোভনের উৎপীড়ন আমার পক্ষে এমন বিরক্তিকর ও দুঃসহ যে দিনের পর দিন এরূপ সংগ্রাম নিয়ে বেঁচে থাকা খুবই কষ্টকর। এই থেকে আমি আমার দুর্বলতার কথা বুঝতে পারি; কারণ জঘন্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চিন্তাগুলি আমাকে পরিহার না করে আমার মনে সহজে প্রবেশ করে থাকে।

হে সর্বশক্তিমান ঈশ্বর, তুমি তোমার ভক্তদের আত্মার মঙ্গলের জন্য কত আগ্রহান্বিত! তুমি তোমার এই সেবকের শ্রম ও দুঃখের কথা চিন্তা করে তার সকল কার্যে তুমি তার সহায়ক হও। দিব্য শক্তিতে আমাকে শক্তিশালী করে তোল, যাতে এই পুরাতন মানুষ, অর্থাৎ এই নশ্বর শরীর, যা এখনো আত্মার সম্পূর্ণ বশে আসে নি, সে যেন প্রবল হয়ে না ওঠে, কারণ এই দুর্দশাপূর্ণ জীবনে যতক্ষণ না এই শরীর শেষ-নিঃশ্বাস ফেলে, ততক্ষণ তার বিরুদ্ধে সংগ্রাম চালাতেই হবে। হায়, এরই নাম জীবন! এই জীবনে দুঃখ-দুর্দশার কোন অভাব নেই এবং তার সব কিছুই ছলনা ও শত্রুতায় পূর্ণ—কেননা একটি কষ্ট বা প্রলোভন চলে গেলে আর একটি এসে পড়ে; বরং প্রথম প্রলোভনের সঙ্গে সংগ্রাম চলতে থাকাকালীন আরও অনেক প্রলোভন অপ্রত্যাশিত ভাবে এসে উপস্থিত হয়।

যে জীবন এত বেশী তিক্ত ও এত বেশী দুঃখ-দুর্দশাযুক্ত, এমন জীবনকে কি করে ভালবাসা যেতে পারে? যে জীবন এত মৃত্যু ও মহামারী এনে দেয় তাকে কি করে 'জীবন' বলা যায়? তবুও অনেকে তাকে ভালবাসে এবং তাতে আনন্দ পেতে চেষ্টা করে। প্রবঞ্চক ও অসার বলে সংসারকে প্রায় নিন্দা করা হয়, তবু সহজে তাকে ত্যাগ করা যায় না; কারণ ইন্দ্রিয়ের অভিলাষ বড় প্রবল। সংসারে এমন কতকগুলি জিনিষ আছে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যারা সংসারকে ভালবাসতে আকর্ষণ করে, আর কতকগুলি জিনিষ আছে, যারা তাকে অবজ্ঞা করতে আমাদের প্রভাবিত করে ইন্দ্রিয়-লালসা, দৃষ্টির কামনা ও জীবনের গর্ব সংসারকে ভালবাসতে আমাদের প্রভাবিত করে; কিন্তু পূর্বোক্ত অপরাধের শাস্তিরূপে যে-সব দুঃখ-কষ্ট পেতে হয় সে সব সংসারের প্রতি ঘৃণা ও অসন্তোষ জাগায়।

কিন্তু, কি দুঃখ! মন সংসারে আকৃষ্ট হলে অসৎ অভিলাষ তার উপর প্রবল হয়ে ওঠে, যার ফলে সে ইন্দ্রিয় বিলাসের সেবা করে। সে মনে করে এতেই তার তৃপ্তি, কারণ ঈশ্বরের মাধুর্য্য ও সৎগুণের আভ্যন্তরিক আনন্দ সে কখনও দেখে নি বা অনুভবও করে নি। কিন্তু যারা সংসারকে সম্পূর্ণ অগ্রাহ্য করে এবং পবিত্র নিয়মানুবর্তিতার বশবর্তী হয়ে ঈশ্বরের জন্যই জীবন যাপন করতে চেষ্টা করে, প্রকৃত ত্যাগীদের কাছে যে দিব্য মাধুর্য দানের অঙ্গীকার করা হয়েছে, তারা তা উপভোগ করবে। সংসার যে মারাত্মক ভুল করে এবং কত প্রকার প্রতারিত হয়, তারা সেই সব বেশ স্পষ্টই বুঝতে পারবে।

২১

ঈশ্বরই আমাদের বিশ্রামস্থল

সেবক—হে আমার আত্মা, সবার ওপর এবং সব বিষয়ে সর্বদা ঈশ্বরে বিশ্রাম কর, কারণ তিনিই সাধুদের স্থায়ী বিশ্রামস্থল! হে পরম মধুর ও প্রেমময় যীশু, সকল সৃষ্ট বস্তুর মধ্যে শুধু তোমাতে বিশ্রাম করতে দাও; সর্বপ্রকার স্বাস্থ্য ও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সৌন্দর্য, সকল গৌরব ও সম্মান, সকল প্রতাপ ও মর্যাদা, সকল বিদ্যা ও কুশলতা, সব ধন ও নৈপুণ্য, সকল যশ ও প্রশংসা, সকল মাধুর্য ও সান্ত্বনা, সব আশা ও অঙ্গীকার, সব যোগ্যতা ও বাসনা এবং যে সকল দান ও কৃপা তুমি দাও না কেন, পরন্তু কল্পনাশক্তি যা গ্রহণ বা অনুভব করতে পারে এমন সব সুখ ও আনন্দ, শেষে দিব্য দূত, মহাদূত ও স্বর্গের সকল শ্রেণীর পুণ্যাত্মা এবং প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষ সকল বিষয় অতিক্রম করে আমি যেন শুধু তোমাতে বিশ্রাম করতে পারি।

কারণ হে আমার প্রভু ঈশ্বর, তুমি সকল কিছুর মধ্যে উৎকৃষ্ট, কেবল তুমি পরাৎপর, কেবল তুমি শক্তিমান, কেবল তুমি স্বয়ং সম্পূর্ণ ও পরম প্রাচুর্যময়, শুধু তুমিই পরম মধুর ও পরম সান্ত্বনাময়, তুমিই শুধু সুন্দর, সর্বোপরি পরম প্রেমের পাত্র, তুমিই পরম মহান ও সর্বাতীত গৌরবময়! প্রভু, তোমারই মধ্যে একক ও পরিপূর্ণরূপে সর্বপ্রকার মঙ্গল সর্বদা বর্তমান ছিল এবং চিরদিন থাকবে। অতএব তোমাকে ছাড়া আর যা-কিছু তুমি আমাকে দাও না কেন, অথবা নিজের বিষয় যা-ই প্রকাশ বা অঙ্গীকার কর, আমি যদি তোমাকে দেখতে না পাই কিংবা তোমাকে পূর্ণরূপে লাভ না করি, তবে সবই অতি সামান্য, আমার পক্ষে যথেষ্ট নয়। কারণ সকল দান ও সৃষ্ট বস্তু অতিক্রম না করলে এবং তোমাতে বিশ্রাম করতে না পারলে, আমার হৃদয় আর কোথাও প্রকৃত বিশ্রাম ও পূর্ণতৃপ্তি পেতে পারে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হে আমার পরম-প্রিয়, প্রিয়তম যীশু, পরম-পবিত্র প্রেমিক, হে অখিল সৃষ্টির অধিপতি, কে আমাকে যথার্থ স্বাধীনতার পক্ষ দান করবে, আমি যেন তোমার কাছে উড্ডীন হয়ে তোমাতে বিশ্রাম করতে পারি? আহা, হে আমার প্রভু ঈশ্বর, তুমি যে কত মধুর তা বুঝতে এবং অনুভব করতে আমায় কি সুযোগ দেওয়া হবে? আহা, কবে আমি তোমাতে এমন আত্মনিবিষ্ট হবো, তোমার প্রেমে একাত্ম হয়ে নিজের অস্তিত্ব উপলব্ধি করতে পারব না, কিন্তু যে অনুভূতি সব কিছুকে অতিক্রম করে এবং যা অনেকের অজানা, সেই অনুভূতিতে তোমাকে অনুভব করতে পারব। কিন্তু হায়, এখন আমি প্রায় বিলাপ করি ও দুঃখের সঙ্গে আমার দুর্ভাগ্য বহন করে যাই! কারণ এই দুঃখময় পৃথিবীতে বহু অনিষ্ট ঘটে, যা আমাকে বার বার অস্থির, ব্যথিত ও অভিভূত করে তোলে। এই সব অনেক সময় আমাকে এমন ভাবে বাধা দেয় বা বিভ্রান্ত করে এবং প্রলোভিত বা মোহগ্রস্ত করে যে, তোমার কাছে আসার পথ আমি উন্মুক্ত পাই না; যার ফলে পুণ্যাত্মাগণ সর্বদাই তোমার যে আনন্দময় সান্নিধ্য পেয়ে থাকেন, তাও আমি উপভোগ করতে পারি না।

আমার দীর্ঘশ্বাস এবং পৃথিবীতে আমার নানাবিধ নৈরাশ্য বোধ, তোমার দয়া লাভ করুক। হে যীশু, তুমি অনন্ত গৌরবের জ্যোতি, আমার পরিব্রাজক আত্মার সান্ত্বনা তুমি! তোমার সম্মুখে আমার মুখ নির্বাক হয়ে থাকে না, আমার নীরবতাও তোমার কাছে কথা বলে। প্রভুর আগমন আর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কত বিলম্ব হবে? এই অসহায় দাসের কাছে এসে প্রভু তাকে আনন্দ দিন। প্রভু, তাঁর হাত বিস্তার করে সর্বপ্রকার দুঃখ ক্লেশ থেকে এই দুর্ভাগাকে উদ্ধার করুন! এসো, প্রভু, এসো; কারণ তোমাকে না পেলে কোন দিন, কোন মুহূর্তই আমার কাছে আনন্দময় হবে না তুমি; আমার আনন্দ এবং তুমি না থাকলে আমার ভজনালয় জন-শূণ্য! তোমার উপস্থিতির জ্যোতিতে তুমি যে পর্যন্ত না আমাকে অনুপ্রাণিত ও স্বাধীন করে তোল এবং যে পর্যন্ত না তোমার প্রসন্ন বদন আমায় দেখাও সেপর্যন্ত আমি যেন দুঃখী, কারারুদ্ধ ও শৃঙ্খলাবদ্ধ।

অন্যরা তোমাকে ছাড়া আর যা খুঁজতে চায়, তা খুঁজুক; কিন্তু হে আমার ঈশ্বর, হে আমার আশা ও চির-মুক্তি, তুমি ছাড়া আর কিছুই আমাকে তৃপ্তি দেয় না, কখনো তৃপ্তি দেবেও না! আর তোমার কৃপা যতক্ষণ না ফিরে আসে এবং আমার অন্তরে উপস্থিত থেকে তুমি আমার সঙ্গে যতক্ষণ না কথা বল, ততক্ষণ আমি নীরব হব না, অনুরোধ করা থেকেও ক্ষান্ত হব না।

প্রভু—"এই দেখ, আমি এখানে! তুমি আমায় ডেকেছ, তাই তো আমি এসেছি!" তোমার অশ্রুপাত, তোমার আত্মার আকাঙ্ক্ষা, তোমার নম্রতা ও আন্তরিক অনুতাপ আমাকে তোমার কাছে এনেছে!

সেবক—হে প্রভু, আমি তোমাকে ডেকেছি, তোমাকে অনুভব করার বাসনা করেছি, তোমার জন্য সব কিছুই ত্যাগ করতে আমি প্রস্তুত। তুমি তো তোমাকে অন্বেষণ করার জন্য সর্বপ্রথম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমাকে অনুপ্রাণিত করেছ। তাই হে প্রভু, তোমারই অপার করুণার মাহাত্ম্যে তুমি তোমার সেবকের প্রতি এত দয়া প্রদর্শন করেছ বলে তোমার প্রশংসা হোক। নিজের অপরাধ ও হীনতার কথা সব সময় স্মরণ করে নিজেকে একান্ত ভাবে অবনত করা ছাড়া তোমার এই সেবক তোমার সম্মুখে আর কি করতে পারে? কারণ স্বর্গ ও পৃথিবীতে সমস্ত অপূর্ব বিষয়ের মধ্যে তোমার মত মহৎ আর কিছুই নেই। তোমার সকল কাজ পরম মঙ্গলজনক, তোমার বিচার ন্যায় এবং তোমার সু-পরিকল্পনায় সমস্ত সৃষ্টবস্তু পরিচালিত হয়। তাই হে পিতা ঈশ্বরের 'স্বয়ং জ্ঞান', যশ ও গৌরব তোমারই প্রাপ্য! আমার কণ্ঠ, আমার আত্মা এবং সকল সৃষ্ট বস্তু মিলিত হয়ে তোমার স্তুতি ও গুণগান করুক।

২২

ঈশ্বরের নানাবিধ অনুগ্রহ স্মরণ

সেবক—"হে প্রভু, তোমার বিধান গ্রহণ করার জন্য আমার হৃদয় উন্মুক্ত কর এবং তোমার আদেশ অনুসারে আমাকে চলতে শেখাও।" আমাকে তোমার ইচ্ছা বুঝতে দাও, আর আমি যেন তোমাকে উপযুক্ত ধন্যবাদ জানাতে পারি সেজন্য পরম শ্রদ্ধা ও মনোযোগের সঙ্গে আমায় প্রদত্ত তোমার সাধারণ ও ব্যক্তিগত অনুগ্রহগুলি স্মরণ করতে দাও। আমি জানি এবং স্বীকারও করি যে, আমি সামান্যতম পরিমাণে তোমার প্রতি আমার কৃতজ্ঞতার গুণগান করতে অসমর্থ। তুমি আমাকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যত অনুগ্রহ করেছ, তার মধ্যে সবচেয়ে তোমার ক্ষুদ্রটির চেয়েও আমি ক্ষুদ্র। আর আমি যখন তোমার মহত্ত্বের কথা ভাবি, তখন তোমার মাহাত্ম্যে আমার আত্মা বিমূঢ় হয়ে যায়।

আমাদের আত্মা ও শরীরে যা কিছু আছে এবং অন্তরে ও বাইরে প্রাকৃতিক ও অপ্রাকৃতিক যা আমরা পেয়ে থাকি, সে সবই তোমার অনুগ্রহের দান। এতে তোমার বদান্যতা, স্নেহ ও দয়া প্রকাশিত হয়; কারণ তোমার কাছ থেকে আমরা ঐ সমস্ত পেয়ে থাকি! যদিও কেউ বেশী ও কেউ কম অনুগ্রহ পেয়ে থাকে, তবু তা একমাত্র তোমারই দান, কারণ তুমি না দিলে, সামান্য কিছুও পাওয়া সম্ভব নয়। যে বেশী পেয়েছে, সে যেন নিজের যোগ্যতার জন্য পেয়েছে ভেবে আত্মগর্ব না করে এবং অন্যের চেয়ে নিজেকে বড় মনে না করে—যে কম পেয়েছে তাকে যেন অবহেলা না করে; কেননা সে-ই বেশী বড় ও উন্নত যে নিজের যোগ্যতা কম আরোপ করে এবং বিনয় ও ভক্তির সঙ্গে কৃতজ্ঞতা প্রকাশ করে। যে নিজেকে সকলের চেয়ে অধম ও একান্ত অযোগ্য ভাবে, সে আরও অধিক অনুগ্রহ পাওয়ার উপযুক্ত।

যে কম অনুগ্রহ পেয়ে থাকে, তার দুঃখিত বা মনঃক্ষুণ্ণ হওয়া উচিত নয়; আর যে বেশী পেয়েছে তার প্রতিহিংসাও করতে নেই; বরং হে প্রভু, তোমার প্রতি দৃষ্টিপাত করে, তোমার বদান্যতার প্রশংসা তাকে করতে হবে, কেননা তুমি মানুষের মুখাপেক্ষা না করে প্রচুর ভাবে মুক্তহস্তে ও স্বচ্ছন্দে তোমার অনুগ্রহসমূহ বিতরণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করে থাক। সকল বস্তুই তোমার নিকট হতে আগত, তাই সব বিষয়ে তোমার প্রশংসা করা উচিত। প্রত্যেক জনকে কি দেওয়া প্রয়োজন, তুমি তা জান; আর একজন কেন বেশী এবং অপরজন কেন কম পায়, তা বিচার করা আমাদের কাজ নয়, তা তোমারই কাজ; কারণ প্রত্যেকের যোগ্যতা তুমি স্পষ্টভাবে অবগত আছ।

তাই হে প্রভু ঈশ্বর, মানুষের বিচারে যা কিছু বাহ্যত প্রশংসা ও গৌরব এনে দিতে পারে, সে সব আমার বেশী না থাকাই পরম মঙ্গল মনে করি; তাহলে আপন দীনতা ও হীনতার কথা ভেবে আমি দুঃখ-কষ্ট বা বিষাদ অনুভব না করে, বরং অনুভব করব পরম সান্ত্বনা ও আনন্দ। কারণ হে ঈশ্বর, তোমার ঘনিষ্ঠ বন্ধু ও সেবক হিসাবে তুমি দীন ও বিনীত এবং সংসারে অবহেলিতদের মনোনীত করেছ। এর সাক্ষী হচ্ছেন স্বয়ং তোমার প্রেরিত শিষ্যগণ; যাঁদের "তুমি বিশ্ব-জগতের পরিচালকরূপে নিযুক্ত করেছ।" কোন রকম অসন্তোষ প্রকাশ না করে তাঁরা ইহজগতে যথাযথ বিনীত, সরল এবং কপটতা ও দ্বেষশূন্য জীবন যাপন করেছিলেন; পরন্তু তোমার জন্য অপমান সহ্য করেও আনন্দ উপভোগ করতেন এবং সংসার যা ঘৃণা করে, সেসব তাঁরা আগ্রহের সঙ্গে অনুসন্ধান করতেন।

সুতরাং যে তোমাকে ভালবাসে এবং যে তোমার অনুগ্রহের কথা বোঝে, তোমার ইচ্ছা পূর্ণ করা এবং তার জন্য তোমার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সনাতন সু-ব্যবস্থা মান্য করা ছাড়া তার আর কিছুতে আনন্দ পাওয়া উচিত নয়। এটি নিয়ে তাকে এমন সন্তোষ ও সান্ত্বনা-বোধ করতে হবে যে, অন্যে যেমন সকলের চেয়ে বড় হওয়ার কামনা করে, সে তেমনি সকলের ছোট হওয়ার ইচ্ছা করে। উচ্চ স্থান লাভ করেও নিকৃষ্ট স্থানে থাকার মত তাকে শান্ত ও সন্তুষ্ট হতে হবে। আর অন্যেরা যেমন সংসারে সম্মানিত ও মহান্‌ হতে চায়, তাকেও তেমনি সবার চেয়ে অবজ্ঞাত, ঘৃণ্য এবং যশহীন নিজেকে মনে করতে হবে। কারণ হে প্রভু, তোমার ইচ্ছা পালন ও তোমার সম্মানের জন্য অনুরাগেরই প্রথম স্থান পাওয়া উচিত এবং যত অনুগ্রহ পূর্বে পাওয়া গিয়েছে বা ভবিষ্যতে পাওয়ার আশা করা যাচ্ছে সেই সবের চেয়ে তোমার ইচ্ছা ও সম্ভ্রম বেশী গ্রহণীয় ও সন্তোষজনক হওয়া উচিত।

২৩

শান্তিদায়ক চারটি বিষয়

প্রভু—বৎস, এখন আমি তোমাকে শান্তি ও প্রকৃত স্বাধীনতার পথ দেখাব!

সেবক—প্রভু, তুমি যা বল তাই কর; তোমার কথা শুনতে আমার বড় ভাল লাগে!

প্রভু—বৎস, নিজের ইচ্ছামত কাজ করার চেয়ে অন্যের ইচ্ছামত কাজ করার চেষ্টা কর। বেশী পাবার চেয়ে কম পাওয়ার ইচ্ছা কর। সর্বদা সবচেয়ে নীচু স্থান খোঁজ ও

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সকলের অধীনে থাকতে ভালবাস। তোমার মধ্যে ঈশ্বরের ইচ্ছা সম্পূর্ণভাবে সিদ্ধ হোক—সর্বদা এমন কামনা ও প্রার্থনা কর। লক্ষ্য করবে, যে ব্যক্তি এই রকম করে সে শান্তি ও বিশ্রামের রাজ্যে প্রবেশ করে।

সেবক—প্রভু, তোমার এই ক্ষুদ্র উপদেশ পুণ্যলাভের পন্থা স্বরূপ। কথা অল্প হলেও তার অর্থ প্রচুর ও যথেষ্ট সুফল-দায়ক। আমি যদি এই উপদেশ বিশ্বস্তভাবে মানতে পারতাম, তাহলে এত সহজে আমি মনঃক্ষুণ্ন ও বিচলিত হয়ে পড়তাম না। কারণ যতবার আমি অস্থির ও বিরক্ত হই, ততবারই দেখেছি তোমার এই উপদেশ পালন না করার জন্য এসব হয়েছে। হে প্রভু, তুমি সবই করতে পার; তুমি সর্বদাই মানব-আত্মার উন্নতি চাও; আমাকে আরও অধিক পরিমাণ কৃপা দাও, আমি যেন তোমার এই উপদেশ পালন করে নিজের মুক্তি-সাধন করতে পারি।

দুশ্চিন্তা প্রতিরোধের জন্য প্রার্থনা

সেবক—হে আমার প্রভু ঈশ্বর, আমার কাছ থেকে দূরে অবস্থান করো না। হে আমার ঈশ্বর, আমাকে সাহায্য করতে সত্বর এস; কারণ আমার মনে নানা দুশ্চিন্তার উদয় হয় এবং মহাসঙ্কটে আমার আত্মা অভিভূত হয়। এ সবের মাঝ দিয়ে চলতে গিয়ে কেমন করে আমি অক্ষত থাকব, কেমন করে এসব পরীক্ষায় উত্তীর্ণ হতে পারব?

প্রভু—“আমি তোমার আগে আগে পথ চলব এবং

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সু-উচ্চ স্থানগুলি নত করে দেবো." গুপ্ত স্থানের দুয়ার খুলে তোমার কাছে প্রকাশ করব গভীরতম রহস্যময় ধন।

সেবক—প্রভু, যা বলছ তাই কর। তোমার উপস্থিতিতে আমার সকল দুশ্চিন্তা দূর হয়ে যাক। আমার আশা ও একমাত্র সান্ত্বনা হচ্ছে—সকল নির্যাতনের সময় তোমার কাছে ছুটে আসা, তোমাতে ভরসা করা, সর্বান্তঃকরণে তোমাকে ডাকা এবং তোমার সান্ত্বনার জন্য ধৈর্য সহকারে অপেক্ষা করা।

জ্ঞানালোক লাভের জন্য প্রার্থনা

সেবক—হে দয়াল যীশু, আমার অন্তরে আলো দিয়ে তুমি আমাকে আলোকিত কর. আমার হৃদয়-মন্দির থেকে দূর করে দাও সকল অন্ধকার! আমার চঞ্চল চিন্তাগুলোকে দমন কর এবং যে সব প্রলোভন প্রচণ্ডভাবে আমাকে আক্রমণ করে, তাদের ধ্বংস করে দাও। আমার হয়ে তুমি প্রবলভাবে সংগ্রাম কর, অশান্ত পশু অর্থাৎ কু-অভিলাষগুলো যা আমাকে প্রলুব্ধ করে. তাদের পরাভূত কর, তবেই "তোমার প্রভাবে শান্তি প্রতিষ্ঠিত হবে" এবং "পবিত্র কক্ষে" অর্থাৎ বিশুদ্ধ বিবেকে প্রতিধ্বনিত হবে তোমারই অনন্ত প্রশংসা! বাতাস ও ঝড়কে তুমি আদেশ কর এবং সমুদ্রকে বল—"শান্ত হও," ঈশানের প্রচণ্ড বাতাসকে বল—"তুমি প্রবাহিত হয়ো না" আবার শান্তি দেখা দেবে !

"তোমার 'আলোক' ও 'সত্যকে' প্রেরণ কর." যাতে এই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভূ-মণ্ডল উদ্ভাসিত হয়। কারণ তোমার আলোতে উদ্ভাসিত না হলে আমি নীরস ও শূন্য ভূমির মত হয়ে পড়ব। উপর থেকে তোমার কৃপা বর্ষণ কর; স্বর্গীয় শিশিরে অভিষিক্ত কর আমার হৃদয়; এই ভূমি যাতে উত্তম এবং উৎকৃষ্ট ফল উৎপাদন করতে পারে, সেজন্য ভক্তি-বারিধারা তার উপর বর্ষণ কর। বহু পাপের ভারে ভারাক্রান্ত আমার মনকে তুলে ধর এবং স্বর্গীয় সম্পদের দিকে উত্তোলন কর আমার সকল কামনা বাসনা! তাহলে শাশ্বত সুখ-মাধুর্যের আস্বাদ লাভ করে পার্থিব বিষয়ের চিন্তায় আমার বিতৃষ্ণা জাগবে।

সকল অস্থায়ী সৃষ্ট বস্তুর আনন্দ থেকে মুক্ত করে আমায় উদ্ধার কর; কেননা কোন সৃষ্ট বস্তুই আমার আকাঙ্ক্ষাকে সম্পূর্ণ শান্ত বা তৃপ্ত করতে পারে না। অবিচ্ছেদ্য প্রেম-বন্ধনে তোমার সঙ্গে আমাকে সংযুক্ত রাখ! প্রেমিকের কাছে তুমিই যথেষ্ট; তুমি ছাড়া সবই অর্থহীন!

২৪

অপরের বিষয়ে কৌতূহল ত্যাগ

প্রভু—বৎস, কৌতূহলী হয়ো না এবং বৃথা চিন্তা ভাবনা নিয়ে ব্যস্ত হয়ো না! কারণ "এটি বা ওটিতে তোমার কি হবে? তুমি আমাকে অনুসরণ কর।" ঐ লোক এ-রকম আর এই লোক এমন বা অমন করে বা বলে, এসব চিন্তা করে তোমার কি লাভ? অন্যের বিষয়ে তোমাকে কৈফিয়ৎ দিতে হবে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

না, শুধু তোমার নিজের বিষয়ে হিসাব দিতে হবে; তাই অন্যের বিষয়ে নিজেকে জড়িত করছ কেন? দেখ, আমি সকলকে চিনি, সূর্যের নীচে যা কিছু হয়, সে সবই আমি দেখছি; আর প্রত্যেক লোকের চাল-চলন—সে কি ভাবে, কি চায় এবং তার কি অভিপ্রায় সে সবই আমার জানা আছে। তাই আমার হাতে সবই ছেড়ে দিতে হবে। তুমি নিজেকে শান্তিতে রাখ এবং যে লোক অশান্তি করতে চায়, সে তার খুশীমত অশান্তি করুক। সে যা-কিছু করেছে বা বলেছে, সে তার প্রতিফল পাবেই, সে নিষ্কৃতি পাবে না।

অসার খ্যাতির জন্য বা বহু লোকের মিত্রতা অথবা মানুষের ব্যক্তিগত ভালবাসা লাভের জন্য ব্যস্ত হয়ো না। এই সব বিষয় মনকে চঞ্চল ও অন্ধকারাচ্ছন্ন করে তোলে। তুমি যদি আমার আগমন সম্বন্ধে মনোযোগী হয়ে তোমার হৃদয়ের দুয়ার আমার জন্য উন্মুক্ত রাখতে, তাহলে আমি স্বচ্ছন্দেই আমার বাণী তোমাকে শুনাতাম এবং গুপ্ত তত্ত্ব উদ্‌ঘাটন করতাম। অতএব একাগ্র চিত্ত হয়ে প্রার্থনায় জাগ্রত থাক এবং সকল বিষয়ে বিনীত হও।

২৫

মনের স্থায়ী শান্তি ও প্রকৃত উন্নতি

প্রভু—বৎস, আমি তো বলেছি—"আমি তোমাদের শান্তি দিলাম, আমার শান্তি রেখে দিলাম তোমাদের কাছে; সংসার যেভাবে শান্তি দেয়, সেই ভাবে আমি দিই না!" সকলেই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তো শান্তি চায়, কিন্তু কেমন করে যথার্থ শান্তি পাওয়া যায় সে বিষয়ে সকলে তো মনযোগ দেয় না। যারা মনে নম্র ও শান্ত, তাদেরই কাছে আমার শান্তি থাকে; আর তুমিও বহু ধৈর্য স্বীকার করলে শান্তি পাবে। তুমি যদি আমার কথা শোন এবং আমার কথামত কাজ কর, তাহলে পরম শান্তি ভোগ করতে পারবে!

সেবক—তাহলে আমাকে কি করতে হবে?

প্রভু—প্রত্যেক বিষয়ে নিজের কথা ভেবে দেখবে—তুমি কি করছ এবং কি বলছ; তুমি শুধু আমাকেই তুষ্ট করবে এবং আমাকে ছাড়া অন্য কিছু কামনা বা অনুসন্ধান করবে না আর এরজন্য মনেপ্রাণে মনোযোগী হবে। এছাড়া পরের উক্তি ও কাজের বিষয় হঠাৎ কোন বিচার করবে না এবং তোমার যে বিষয়ে দেখার দায়িত্ব নেই, তাতে জড়িত হয়ো না, তাহলে তুমি খুবই কম এবং কদাচিৎ উদ্বিগ্ন হবে।

তবে জেনো যে—কখনো কোন উদ্বেগ অনুভব না করা কিংবা মানসিক বা শারীরিক কোন কষ্ট না পাওয়া বর্তমান জীবনের প্রকৃত অবস্থা নয়; সেটি হচ্ছে অনন্ত বিশ্রাম-কালের অবস্থা। তাই কোন কষ্ট না পেলে মনে করো না যে, তুমি প্রকৃত শান্তি পেয়েছ; আর কেউ শত্রুতা না করলে নিজেকে খুব ভাল ভেব না এবং সব কিছু তোমার মনের মত ঘটছে বলে নিজেকে পুণ্যবান মনে করো না। আর যদি পরম ভক্তি ও মধুর ভাব অনুভব কর, তবে নিজেকে বড়-কিছু বলে ভেব

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

না বা নিজেকে ঈশ্বরের প্রেমের পাত্র বলে ধারণা করো না; কারণ এই সব বিষয় সত্য-গুণানুরাগীর পরিচায়ক নয়, বা এসব থেকে মানুষের উন্নতি ও সিদ্ধিলাভও হয় না।

সেবক—প্রভু, প্রকৃত শান্তি কেমন করে পাওয়া যায়?

প্রভু—সর্বান্তঃকরণে ঈশ্বরের ইচ্ছায় আত্মনিয়োগ করলে, কি ক্ষুদ্র, কি মহৎ বিষয়ে কিংবা ইহকাল ও পরকালের জন্য স্বার্থান্বেষণ না করলেই তুমি প্রকৃত শান্তি পাবে। এ ছাড়া তুমি অনুকূল ও প্রতিকূল বিষয়ে সমভাবে একই মন নিয়ে ঈশ্বরকে ধন্যবাদ দিতে থাক এবং একই তুলাদণ্ডে প্রত্যেক বিষয়ের মূল্যায়ণ কর। তুমি যদি এমন ধীর চিত্তে এবং আশায় এমন সহিষ্ণু হতে যে, তোমার কাছ থেকে হৃদয়ের সান্ত্বনা অপসারিত হলেও, আরো কষ্ট ভোগের জন্য নিজের মনকে প্রস্তুত করতে এবং এত কষ্ট স্বীকার করা তোমার উচিত নয় বলে অসন্তোষ প্রকাশ করতে না, বরং আমার যে কোন ব্যবস্থাতে আমাকে ন্যায়পরায়ণ ও পবিত্র বলে গুণগান করতে; তাহলে বুঝতে হয় যে, তুমি শান্তির প্রকৃত ও সরল পথে চলেছ এবং শেষে সানন্দে আমার দর্শন লাভের নিশ্চিত আশা তুমি পোষণ করতে পারবে। তুমি যদি নিজেকে সম্পূর্ণভাবে অবজ্ঞা করতে পার, তবে জানবে যে, পৃথিবীতে অবস্থানকালে যত শান্তি পাওয়া সম্ভব, তা তুমি পাবে।

২৬

মুক্ত মন লাভের জন্য প্রার্থনা

সেবক—প্রভু, পুণ্যবান ব্যক্তির কাজ হচ্ছে—স্বর্গীয় বিষয়ে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মনোযোগ দিতে কখনো ক্লান্ত না হওয়া এবং নানা ভাবনায় ব্যস্ত না থাকা। অবশ্যই এসব করতে হলে উদাসীন মনের প্রবণতায় নয়, বরং মুক্ত মনের বিশেষ প্রভাবে প্রভাবিত হয়ে যে কোন সৃষ্ট বস্তুর প্রতি অযথা আসক্তি বর্জন করতে হবে।

হে পরম দয়ালু প্রভু ঈশ্বর! তোমার কাছে আমার এই আবেদন যে, এই জীবনের চিন্তা-ভাবনা থেকে তুমি আমাকে রক্ষা কর, আমি যেন তাতে বেশী জড়িত না হই; শরীরের নানা প্রয়োজন থেকেও আমাকে রক্ষা কর, আমি যেন বিলাসের ফাঁদে না পড়ি; আর আত্মার পক্ষে সকল বাধা থেকে আমাকে উদ্ধার কর, দুশ্চিন্তার তাড়নায় আমি যেন হতাশ হয়ে না পড়ি। সংসারের বৃথা দম্ভ যে-সব জিনিষকে সাগ্রহে কামনা করে, তাদের হাত থেকে রক্ষা করতে বলছি না, কিন্তু যে সব দুর্বলতা আমাদের নশ্বর জীবনের অভিশাপের ফলে দণ্ডস্বরূপ তোমার সেবকের আত্মা ভারাক্রান্ত করে এবং স্বেচ্ছায় আত্মার স্বাধীন মনোভাব প্রকাশে বাধা দেয়, সেই সব দুর্বলতা থেকে তোমার এ সেবককে রক্ষা কর।

হে আমার ঈশ্বর, হে অনির্বচনীয় মধুরতম পিতা, ইন্দ্রিয়-জাত যে সকল সুখ চিরস্থায়ী বিষয়ের অনুরাগ থেকে আমাকে দূরে সরিয়ে রাখে ও বর্তমানের কোন সুখদায়ক বস্তুর প্রতি আমাকে বৃথা আকর্ষণ করে, সেই সকল সুখ যেন আমার কাছে তিক্ততায় পরিণত হয়। হে আমার ঈশ্বর, রক্ত-মাংসের প্রবল কামনায় আমাকে পরাভূত হতে দিও না; সংসার ও তার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ক্ষণস্থায়ী গৌরব যেন আমাকে প্রবঞ্চনা না করে এবং শয়তান তার চাতুরী দ্বারা আমাকে যেন শাশ্বত মুক্তি হতে বিচ্যুত না করতে পারে। প্রতিকূলতাকে প্রতিরোধ করতে শক্তি, কষ্ট সহ্য করার জন্য ধৈর্য এবং সৎকর্মে স্থির থাকতে আমাকে দৃঢ়তা দাও। সংসারের সকল প্রকার সান্ত্বনার পরিবর্তে আমাকে দাও তোমার প্রেরণার মধুরতম অভিষেক এবং ইন্দ্রিয়-আসক্তির পরিবর্তে আমাকে দাও তোমার গৌরব প্রবর্তন করার আগ্রহ। প্রভু, আমি বুঝতে পারছি, পান-আহার, পোষাক-পরিচ্ছদ ও দেহ সম্বন্ধীয় অন্যান্য বিষয়গুলি, উদ্‌যোগী আত্মার পক্ষে ভার-স্বরূপ। বর দাও, আমি যেন এই সব প্রয়োজনীয় বিষয়গুলি পরিমিত ভাবে ব্যবহার করি এবং অতিরিক্ত বিলাসে তাদের সঙ্গে জড়িয়ে না পড়ি। অবশ্যই এই সকল বিষয় একেবারে বর্জন করা যুক্তিসঙ্গত নয়, কারণ প্রকৃতির নিয়ম তো রক্ষা করা উচিত; তবে যা অনাবশ্যক ও অধিক আরামদায়ক সে সব অন্বেষণ করা পবিত্রতার নীতি-বিরোধী কাজ; কারণ তার দ্বারা আত্মার বিরুদ্ধে ইন্দ্রিয়ের ঔদ্ধত্য বৃদ্ধি পায়। প্রভু, মিনতি করি তোমার হাতে তুমি আমাকে ধরে রাখ, আমায় পরিচালনা কর, আমি যেন পথভ্রষ্ট না হই।

২৭

আত্ম-প্রীতি 'পরম-মঙ্গল' লাভের প্রধান অন্তরায়

প্রভু—বৎস, সবকিছু পাবার জন্য সবই তোমাকে দিতে হবে এবং তোমার নিজের দাস হবে না তুমি। জেনে রেখো,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সংসারের যে কোন বিষয়ের চেয়ে তোমার আত্ম-প্রীতিই তোমার বেশী ক্ষতি করে। কোন কিছুর প্রতি তুমি যেভাবে অনুরক্ত বা আসক্ত, সেইভাবে কম্ বেশী তার সঙ্গে জড়িত থাকবে। তোমার প্রেম যদি পবিত্র, সরল ও সংযত হয়, তাহলে তুমি কোন কিছুতে আসক্ত হবে না। যা পাওয়া উচিত নয়, তা কামনা করো না। যা তোমাকে বাধা দিতে ও তোমার মনের স্বাধীনতা হরণ করতে পারে, তার অনুসন্ধান করো না। বলা-বাহুল্য, যতক্ষণ কামনা বা অধিকার করার অনেক কিছু তোমার থাকবে, ততক্ষণ তুমি সর্বান্তঃকরণে আমার হাতে নিজেকে সঁপে দিতে পারবে না।

বৃথা মনোকষ্টে কেন শুকিয়ে যাচ্ছ? তুচ্ছ বিষয়ে ব্যস্ত হয়ে পরিশ্রান্ত হও কেন? আমার ইচ্ছা অনুযায়ী চল; তাহলে তোমাকে কোন ক্ষতি স্বীকার করতে হবে না। তুমি যদি তোমার সুবিধা বা আপন তৃপ্তি খুঁজবার জন্য এটি অথবা সেটি অনুসন্ধান কর কিংবা একবার এখানে আরেকবার ওখানে থাকতে চাও, তাহলে তুমি কখনো শান্তিতে থাকবে না, আর ভাবনা থেকেও মুক্ত হবে না, কারণ প্রতি বিষয়ে কোন-না-কোন অভাব দেখা দেবেই এবং প্রত্যেক স্থানে প্রতিরোধ করার লোকও থাকবে।

তাই পার্থিব জিনিষ অধিকার বা বৃদ্ধি করায় কোন লাভ নেই, বরং সে সব অবজ্ঞা করে হৃদয় থেকে সেগুলি সমূলে উচ্ছেদ করাই শ্রেয়। শুধু অর্থ ও ঐশ্বর্যের কথা এখানে বলা হচ্ছে না; সম্ভ্রমের আকাঙ্ক্ষা এবং বৃথা প্রশংসার আশা, যা সংসারের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সঙ্গে বিনষ্ট হয়, তাদের কথাও এই প্রসঙ্গে বুঝে নিতে হবে। কষ্ট স্বীকারের মনোভাব না থাকলে, স্থান-মাহাত্ম্যে কোন উপকার হয় না; আর যে শান্তি বাইরে থেকে খোঁজ, তোমার হৃদয় যদি আসল ভিত্তির উপর অর্থাৎ আমারই উপর নির্ভর না করে, তবে সেই শান্তি বেশীক্ষণ স্থায়ী নয়। মোট কথা, আমার মধ্যে যদি না থাকো, স্থান পরিবর্তন করলেও তোমার উন্নতি হবে না। কারণ সুযোগ এসে পড়লে, তুমি যা এড়িয়ে গেছ, তা যদি গ্রহণ কর, তাহলে সে সব আবার ফিরে আসবে, এমন কি আরো বেশী পরিমাণে আসবে।

হৃদয়ের শুচিতা ও দিব্যজ্ঞান লাভের জন্য প্রার্থনা

সেবক—হে ঈশ্বর, পবিত্র-আত্মার কৃপায় আমাকে সুদৃঢ় করে তোল, অন্তরকে সবল করতে এবং হৃদয় থেকে সকল অনুচিত চিন্তা ও উদ্বেগ দূর করতে এমন শক্তি আমাকে দাও। তুচ্ছ হোক আর মহান হোক—কোন বস্তুর প্রতি বাসনায় আমাকে আকৃষ্ট হতে দিয়ো না, বরং সকল জিনিষ ক্রমশ বিলুপ্ত হচ্ছে এবং তাদের সঙ্গে আমিও বিলুপ্ত হচ্ছি, এই সত্য যেন আমার চোখে স্পষ্ট হয়ে উঠুক! কারণ "সূর্যের নীচে স্থায়ী বলে কিছুই নেই", এখানকার "সবই অসার ও আত্মার মর্মপীড়াদায়ক।" আহা, যে এই মনোভাব পোষণ করে সে কত-না জ্ঞানী!

প্রভু, আমাকে দিব্য জ্ঞান দাও, আমি যেন সর্বোপরি তোমাকে অন্বেষণ ও লাভ করতে পারি; এবং সবার ওপর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তোমাকে অনুভব করতে ও ভালবাসতে শিখি, আবার তোমার জ্ঞানের সুব্যবস্থায় অন্যান্য বিষয় যেভাবে সংঘটিত হয়, সেইভাবে যেন তাদের বুঝতে শিখি। সতর্কতার সঙ্গে তোষামোদকারীকে এড়িয়ে যেতে এবং প্রতিরোধীকারীকে ধীরভাবে সহ্য করতে শক্তি দাও আমাকে, কারণ প্রত্যেক কথার শব্দে বিচলিত না হওয়া এবং 'মোহিনীর' অন্যায় তোষামোদে কান না দেওয়া মহৎ-জ্ঞানের লক্ষণ। এভাবে কাজ করলে তুমি যে পথে চলতে শুরু করেছ সেই পথে নিরাপদে চলতে সক্ষম হবে।

২৮

নিন্দুকের প্রতিরোধ

প্রভু—বৎস, কেউ যদি তোমার সম্বন্ধে মন্দ ভাবে এবং যা শুনতে তোমার ভাল লাগে না, তার জন্য তুমি কিছু মনে করো না। নিজের বিষয়ে আরও মন্দ ভাবছে এবং তোমার অপেক্ষা আর কেউ নিকৃষ্ট নেই, এই কথা তোমাকে ভাবতে হবে। আধ্যাত্মিকভাবে যদি চল, তাহলে তুচ্ছ কথায় তুমি বিশেষ মন দেবে না। দুঃসময়ে নীরব থাকা এবং আন্তরিকভাবে আমার কাছে আশ্রয় নেওয়া, আর মানুষের বিচারে বিচলিত না হওয়া হচ্ছে জ্ঞানের লক্ষণ।

তোমার শান্তি যেন মানুষের মুখের কথার উপর নির্ভর না করে; কারণ তারা তোমার বিষয়ে ভাল-মন্দ যাই বিবেচনা করুক, সেজন্য তুমি পরিবর্তিত হবে না, যেমন আছ সেইভাবেই থাকবে। প্রকৃত শান্তি ও যথার্থ গৌরব কিসে পাওয়া যায়?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সেটি কি আমাতে পাওয়া যায় না? অতএব যে মানুষের প্রিয় হতে ইচ্ছা করে না, অথবা তাদের অপ্রিয় হতেও ভয় করে না, সে বেশী শান্তি ভোগ করে। অসংযত প্রেম ও নিরর্থক ভয় থেকে মনের সবরকম অশান্তি এবং ইন্দ্রিয়ের চাঞ্চল্য জন্ম নেয়।

২৯

দুঃখ-কষ্টের সময় ঈশ্বরের গুণগান কর

সেবক—হে প্রভু, নিত্যকালের জন্য তোমার নাম ধন্য হোক; কারণ তোমার ব্যবস্থা মত এই প্রলোভন ও কষ্ট আমার কাছে এসেছে। এসব এড়িয়ে চলা আমার পক্ষে সম্ভব নয়; তোমার সাহায্য লাভের জন্য এবং ঐগুলি যাতে আমার মঙ্গলে পরিণত হয়, সেজন্য আমাকে তোমার কাছে আশ্রয় নিতে হয়। প্রভু, আমি এখন কষ্টের মধ্যে আছি, মনটাও ভাল নেই, আর বর্তমান নির্যাতনে আমি অত্যন্ত কাতর। হে প্রিয়তম পিতা, আমি এখন কি বলব? আমি যে দুর্দশার মধ্যে রয়েছি! "এই জটিল অবস্থা থেকে আমাকে উদ্ধার কর!" জানি, এই অবস্থায় পৌঁছবার উদ্দেশ্য হচ্ছে এই—আমি যখন অবনত হয়ে তোমার সাহায্যে উদ্ধার পাব, তখন তুমি গৌরবান্বিত হবে। হে প্রভু, আমাকে উদ্ধার করতে প্রসন্ন হও, কারণ তোমা ছাড়া আমি কি-বা করতে পারি, কোথায় বা যেতে পারি, আমি যে অতি দীন! হে প্রভু, এবারও তুমি আমাকে ধৈর্যগুণ দাও! হে আমার ঈশ্বর, আমার সহায় হও, তাহলে যে কষ্টই আসুক না কেন, তার জন্য আমি হতাশ হব না!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আর এখন এই পরিস্থিতিতে আমি কি বলব? "প্রভু, তোমার ইচ্ছা পূর্ণ হোক!" এরূপ নির্যাতন ও কষ্ট আমারই প্রাপ্য ছিল। ঝড় যে পর্যন্ত না থামে, আর যে পর্যন্ত সুদিন না আসে, সে পর্যন্ত আমাকে এসব সহ্য করতে হবে, এমন কি ধৈর্যের সঙ্গে সব সহ্য করতে হবে। তবু তোমার ক্ষমতাবান হস্ত এই প্রলোভনকেও আমার কাছ থেকে দূর করতে পারে, অথবা আমি যাতে তার বশীভূত না হই, সেইজন্য তার প্রাবল্য লঘু করতে পারে। তুমি তো, হে আমার ঈশ্বর, হে করুণাময় প্রভু, এর পূর্বেও আমার প্রতি দয়া করেছ! "পরমেশ্বরের শক্তির এই নতুন-ব্যবস্থা" আমার কাছে যতই কঠিন হয়, তোমার কাছে তা হয় ততই সহজতর!

৩০

আশ্বাস সহকারে ঈশ্বরের কৃপা প্রার্থনা কর

প্রভু—বৎস, "কষ্টের দিনে আমি আশ্বাস-দাতা প্রভু!" তোমার দুঃসময়ে তুমি আমার কাছে ছুটে এসো! প্রার্থনা করতে তুমি অতিরিক্ত বিলম্ব কর বলে, দিব্য সান্ত্বনালাভেও তোমার বিলম্ব ঘটে; কারণ একাগ্রতার সঙ্গে আমার কাছে প্রার্থনা করার পূর্বে তুমি নানা প্রকার আমোদের সন্ধান কর এবং বাহ্য-বিষয় নিয়ে আনন্দ পেয়ে থাক। তাই এমন ঘটতে থাকে যে, আমাতে নির্ভরকারীদের আমিই উদ্ধার করি—এই কথা তুমি যে পর্যন্ত না বুঝতে পার, সে পর্যন্ত সব কিছু নিয়েও তোমার বিশেষ লাভ হয় না এবং আমি ছাড়া আর কোন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শক্তিশালী সহায় বা কল্যাণকারী পরামর্শদাতা, এমন কি কোন স্থায়ী প্রতিকারও তুমি পেতে পার না। তবে এখন ঝড়ের পর মন স্থির করে আমার করুণার আলোয় অবস্থান কর, তবেই আবার সবল হয়ে উঠবে। আমি তোমার কাছে রয়েছি, শুধু পরিপূর্ণরূপে নয়, বরং অতিরিক্ত পরিমাণেও সকল বিষয়ে তোমাকে পুনঃপ্রতিষ্ঠিত করতে আমি প্রস্তুত।

"আমার কাছে কঠিন বলে কিছু আছে কি?" অথবা যে লোক কথামত কাজ করে না, আমি কি তার মত? তোমার বিশ্বাস কই? তুমি অটল ও দৃঢ়-প্রতিজ্ঞ হও! কষ্টসহিষ্ণু ও বীর পুরুষ হও! যথাসময়ে সান্ত্বনা তোমার কাছে পৌঁছাবে। আমার জন্য অপেক্ষা কর, আমার প্রতীক্ষায় থাক; আমি আসব, আর তোমাকে সুস্থও করব। যা তোমাকে বিরক্ত করে, সেটি তো হচ্ছে একটি প্রলোভন এবং যা তোমাকে ভীত করে, সেটি হল একটি বৃথা ভীতি-প্রদর্শন। ভবিষ্যতের ভাবনা দুঃখের ওপর দুঃখ দেওয়া ছাড়া আর কি দেয়? "দিনের কষ্ট, দিনের জন্যই যথেষ্ট!" ভবিষ্যৎ চিন্তা-ভাবনা নিয়ে দুঃখিত বা আনন্দিত হওয়া অনর্থক ও নিষ্প্রয়োজন, কারণ ঐ সব হয়তো কখনো ঘটবে না।

অলীক কল্পনা দ্বারা প্রবঞ্চিত হওয়া মানুষের স্বভাব, আর শত্রুর পরামর্শে সহজেই আকর্ষিত হওয়া দুর্বল মনের পরিচয়! সত্য না মিথ্যা দিয়ে তোমাকে প্রলোভিত বা প্রতারিত করে কিংবা বর্তমান বিষয়ের প্রতি অনুরাগ অথবা ভবিষ্যৎ বিষয়ের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রতি ভয় জাগিয়ে তোমাকে পরাজিত করে, সে বিষয়ে শত্রুর কিছু আসে যায় না। "তাই, তোমার মনকে ব্যাকুল বা ভীত হতে দিও না।" আমাকে বিশ্বাস কর এবং আমার দয়ায় আস্থা রাখ। যখন তুমি মনে কর আমি দূরে আছি, ঠিক তখনি আমি খুব কাছেই আছি; আর যখন তুমি ভাব—সব নষ্ট হয়ে গেছে, তখন আরও বেশী পুণ্য-লাভের সুযোগ প্রায়ই এসে থাকে। বিপরীত কিছু ঘটলেই যে সব হারিয়ে যায়, তা ঠিক নয়। বর্তমান মনোভাব নিয়ে বিচার কর না; আর যেখান থেকেই দুঃখ-দুর্দশা আসুক না কেন, তার প্রতিকারের আর আশা নেই ভেবে নিরাশ হয়ে তার হাতে আত্ম-সমর্পণ করবে না।

অতএব "যদিও কিছুক্ষণের জন্য আমি তোমার কাছে কোন কষ্ট প্রেরণ করি, কিংবা তোমার বাঞ্ছিত সান্ত্বনা অপসরণ করি, তবু মনে করো না যে, তোমাকে একেবারে ত্যাগ করা হয়েছে; কারণ এরূপ পথ দিয়েই স্বর্গে যাওয়া সম্ভব। তোমার এবং আমার অন্যান্য সেবকের ইচ্ছা অনুকূল হওয়ার চেয়ে তোমাদের ইচ্ছা প্রতিকূল হওয়া নিঃসন্দেহে উত্তম। আমি তোমার গুপ্ত চিন্তা-ধারা জানি, জানি যে তোমার মুক্তিলাভের জন্যই কখনো কখনো সান্ত্বনা বিহীন থাকা তোমার পক্ষে মঙ্গলজনক, পাছে সৎকর্মে কৃতকার্য হয়ে হয়ত তুমি গর্বিত হবে এবং যা তোমার নয়, এমন গুণ নিজের ওপর আরোপ করে আত্মপ্রীতি লাভ করবে। আমি যা দিয়েছি, তা কেড়ে নিতে পারি এবং আমার ইচ্ছা অনুযায়ী তা ফিরিয়েও দিতে পারি।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমি তোমাকে যাই দিই, তা আমারই থাকল ; ফলে যখন তা ফিরিয়ে নিই, তখন তোমার কিছুই নিই না, কারণ "প্রত্যেকটি উৎকৃষ্ট ও সম্পূর্ণ দান আমারই।" আমি যদি কোন দুঃখ বা প্রতিকূল কিছু তোমার কাছে পাঠাই; তার জন্য তুমি আক্ষেপ করো না বা তোমার হৃদয়কে অবসন্ন হতে দিও না, কারণ নিমেষের মধ্যে আমি তোমাকে পুনরায় উৎসাহিত এবং তোমার প্রত্যেক দুঃখকে সুখে পরিণত করতে পারি। যেহেতু আমি ন্যায়পরায়ণ, সেজন্য তোমার সঙ্গে এরূপ ব্যবহার করলে আমি প্রশংসার যোগ্য হই।

যদি উপযুক্ত বিবেচনা কর এবং সত্যের দিকে দৃষ্টি রাখ, তাহলে দুর্গতির জন্য তোমাকে এত বিষণ্ণ ও দুঃখিত হতে হবে না; বরং সেজন্য তোমাকে আরও বেশী খুশী হতে ও ধন্যবাদ দিতে হবে। এমন কি নানা দুঃখ দিয়ে আমি তোমাকে নির্যাতন থেকে নিষ্কৃতি দিই নি বলে, তার জন্য তোমার আনন্দ করা ধন্যবাদ দেওয়া, এমন কি এসব সুখের বিষয় মনে করা উচিত। আমি আমার প্রিয় শিষ্যদের বলেছি, "পিতা যেমন আমাকে ভালবেসেছেন, আমিও তেমনি তোমাদের ভালবাসি।" তবু আমি পার্থিব সুখ-ভোগ করতে নয়—সংগ্রাম করতে ; সম্মান পাবার জন্য নয়—অবজ্ঞা পেতে তাদের পাঠিয়েছি ; অলস থাকার জন্য নয়— পরিশ্রম করতে ; আরামে নয়—বরং সহিষ্ণুতার সুফল উৎপাদনের জন্য তাদের পাঠিয়েছি। বৎস আমার, এই কথাগুলি মনে রেখো !

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩১

স্রষ্টাকে লাভ করার জন্য সৃষ্ট বস্তুর প্রতি অবহেলা

সেবক—প্রভু, যে অবস্থায় কোন মানুষ বা সৃষ্ট বস্তু আমার বিঘ্ন সৃষ্টি করতে পারে না, সেই অবস্থায় উপনীত হওয়ার জন্য আমার আরো কৃপার প্রয়োজন। কারণ যতক্ষণ কোন সৃষ্ট বস্তু আমাকে আকর্ষণ করে, ততক্ষণ আমি স্বাধীনভাবে তোমার কাছে উপস্থিত হতে পারি না। "উড়ে গিয়ে প্রভুতে বিশ্রাম করার জন্য কে আমাকে ঘুঘুর ডানা দেবে?" যিনি এই কথা বলেছিলেন, তিনি তো স্বাধীনভাবে উড়ে যেতে চেয়েছিলেন। সরল-দৃষ্টি-লোকের চেয়ে আর কে বেশী শান্তি পায়? আর যে পৃথিবীতে কিছু কামনা করে না, তার চেয়ে কে বেশী স্বাধীন? তাই, সকল সৃষ্ট-বস্তুকে ছাড়িয়ে যেতে হবে, নিজেকে সম্পূর্ণ অবহেলা করতে হবে এবং ভাবাবেশে স্থির হয়ে ভাবতে হবে যে, হে প্রভু, তুমি সকল বস্তুর সৃষ্টিকর্তা—সৃষ্ট-বস্তুগুলির সঙ্গে তোমার আদৌ তুলনা করা যায় না। সুতরাং সকল সৃষ্ট-বস্তু থেকে বিচ্ছিন্ন না হলে, কেউই স্বাধীনভাবে দিব্য-বিষয়ে মন দিতে পারবে না। সেজন্য, খুব কমই দিব্যদর্শন-ভোগী ব্যক্তি পাওয়া যায়; কারণ কম লোকই নশ্বর বিষয় ও সৃষ্ট-বস্তু থেকে নিজেকে সম্পূর্ণ পৃথক করতে জানে।

এই সব করার জন্য এমন মহাঐশ-কৃপার প্রয়োজন, যা আত্মাকে উন্নীত করে এবং নিজেকে অতিক্রম করে ঊর্ধ্বে উত্তোলন করে। আধ্যাত্মিকভাবে ঊর্ধ্বে উন্নীত না হলে এবং সৃষ্ট-বস্তু

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
থেকে বিচ্ছিন্ন হয়ে ঈশ্বরের সঙ্গে সম্পূর্ণ সংযুক্ত না হলে মানুষ যা কিছু জানে বা তার যা আছে, সেই সবই বিশেষ ফলদায়ক হয় না। যে ব্যক্তি একমাত্র অসীম ও চিরস্থায়ী মঙ্গল ব্যতীত অন্ত-কিছুকে বড় ভাবে, সে বহুকাল হীন হয়েই থাকবে এবং নিম্নেই পতিত হবে। যা ঈশ্বর নয়, তা 'কিছুই নয়' এবং 'কিছু নয়' বলেই তাকে মনে করতে হবে। দিব্য-আলোকে আলোকিত ভক্তিমান ব্যক্তির জ্ঞান এবং পৃথিবীর বিদ্বান ও অধ্যয়নশীল ব্যক্তির বিত্তার মধ্যে অনেক প্রভেদ আছে। যে ঐশ-প্রভাবিত তত্ত্বজ্ঞান উর্ধ্ব হতে আসে, মানুষ নিজ বুদ্ধিবলে ও পরিশ্রমের দ্বারা যে জ্ঞান লাভ করে, তার চেয়েও অনেক মহৎ।

আমরা যে সকল বাহ্য লক্ষণ ও ইন্দ্রিয়গ্রাহ্য বিষয়ের ওপর নির্ভর করি এবং পূর্ণ আত্ম-সংযমে উদাসীন হই, এটি হচ্ছে তার একটি বৃহৎ প্রতিবন্ধক। আমরা অধ্যাত্মনিষ্ঠ ব্যক্তি বলে পরিচিত হতে চাই. অথচ বুঝতে পারি না যে, কোন্ মনোভাবে চালিত হয়ে বা কি ধারণা পোষণ করে আমরা ক্ষণস্থায়ী ও তুচ্ছ বিষয়ের জন্য বেশী পরিশ্রম এবং অধিকতর চিন্তা করি. কিন্তু আমাদের আন্তরিক বিষয়ে একাগ্রচিত্তে আমরা প্রায়ই ভাবি না।

হায়, হায়, একটু মনঃসংযোগ করার পরই আমাদের মন বাইরে ছুটে যায়, যার ফলে আমরা সূক্ষ্ম বিচারে আমাদের কার্যকলাপ পরীক্ষা করি না। আমাদের বাসনাগুলি কোথায় কোথায় থাকে সে কথা আমরা ভাবি না এবং আমাদের সমস্ত কার্যাবলী যে মন্দ, তার জন্য আমরা অনুশোচনা করি না। আর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এটিও ভাবিনা যে, "যেহেতু প্রত্যেক মানুষ নির্দিষ্ট পথ থেকে ভ্রষ্ট হয়েছিল" সেইজন্যই মহাজলপ্লাবন দেখা দিয়েছিল। আমাদের মনের অভিপ্রায় যখন ভ্রষ্ট হয়েছে, তখন তার ফলজাত কাজও ভ্রষ্ট হবে, কেন না সেটি হচ্ছে আভ্যন্তরিক শক্তিহীনতার লক্ষণ। বিশুদ্ধ হৃদয় থেকে সংজীবনের ফল পাওয়া যায়।

মানুষে কতটুকু কাজ করেছে, তার সন্ধান প্রায় নেওয়া হয়; কিন্তু সেই কাজে কতটুকু সৎগুণ আছে, সে বিষয়ে ততটা সূক্ষ্মভাবে বিচার করা হয় না। সন্ধান নেওয়া হয়—সে শক্তিশালী, ধনী, সুন্দর, নিপুণ, সুলেখক, উত্তম গায়ক বা দক্ষ শ্রমিক কিনা; কিন্তু সে আত্মায় কতখানি দীন, সে কেমন সহিষ্ণু, শান্ত, ভক্তিমান ও আধ্যাত্মিক ভাবযুক্ত, অনেকেই সে কথা ভাবে না। প্রকৃতি মানুষের বাইরের বিষয় দেখে, কিন্তু মানুষের ঐশ-কৃপা দৃষ্টি রাখে আন্তরিক বিষয়ের ওপর। মানুষের প্রকৃতি প্রায়ই প্রবঞ্চিত হয়, কিন্তু ঈশ্বরে নির্ভরশীল হওয়ায় ঐশ-কৃপা প্রতারিত হয় না।

৩২

স্বার্থত্যাগ ও লোভ-বর্জন

প্রভু—বৎস, স্বার্থত্যাগ না করলে, তুমি পূর্ণ-স্বাধীনতা পাবে না। যারা ধন সম্পত্তিতে আসক্ত, যারা শুধু নিজেকে ভালবাসে, যারা লোভী, কৌতূহলী, চঞ্চলমনা, যারা যীশুখ্রীষ্টকে না খুঁজে সর্বদা নিজেদের সুখ-সুবিধা খোঁজে এবং যা কখনও স্থায়ী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নয় এমন বিষয়ের জন্য সবসময় পরিকল্পনা ও ব্যবস্থা করতে থাকে, তারা সকলেই বন্দীরূপে শৃঙ্খলে আবদ্ধ। ঈশ্বর থেকে যা আগত নয়, তা অবশ্যই নষ্ট হয়ে যাবে। এই ক্ষুদ্র অথচ প্রাচীন বাণীটি মনে রেখো—'সব ত্যাগ করো, তাহলে সবই পাবে; লোভ ছাড়, পাবে শান্তি'। কথাটি মনে মনে ভেবো; এটিকে কাজে পরিণত করতে পারলে তুমি সব কিছু বুঝতে পারবে।

সেবক—প্রভু, এটি তো একদিনের কাজ নয় এবং অবহেলার যোগ্যও নয়! এই সংক্ষিপ্ত কথায় ধর্মব্রতীর সমস্ত সিদ্ধিলাভ নিহিত আছে।

প্রভু—বৎস, সিদ্ধপুরুষের আচরণের কথা শুনে তুমি পশ্চাদ্‌পদ বা হতাশ হয়ে পড়ো না; বরং সর্বোচ্চ পুণ্যের দিকে নিজেকে পরিচালিত করতে কিংবা তাকে লাভ করার আগ্রহ প্রকাশ করতে চেষ্টা কর। আহা, তুমি যদি এমন প্রকৃতির লোক হতে এবং পুণ্যের পথে এমন ভাবে অগ্রসর হতে যাতে নিজেকে না ভালবেসে আমার ও আমি যাঁকে গুরু-রূপে তোমাকে দিয়েছি, তাঁর নির্দেশ মেনে চলতে, তাহলে তুমি আমার প্রিয়ভাজন হতে এবং তোমার সম্পূর্ণ জীবন আনন্দে ও শান্তিতে অতিবাহিত করতে পারতে। ত্যাগ করার মত এখনো অনেক কিছু তোমার আছে; এসব সম্পূর্ণভাবে ত্যাগ না করলে, তুমি আমার কাছে যা চাও, তা পাবে না। "আমার পরামর্শ এই যে, ধনবান হওয়ার জন্য তুমি আমার কাছ থেকে অগ্নি-পরীক্ষিত স্বর্ণ ক্রয় করো।" এই স্বর্ণ হচ্ছে—দিব্য-জ্ঞান, যা সকল তুচ্ছ বিষয়কে বশে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
করে রাখে। পার্থিব বিদ্যা. যা মানুষের আত্ম-প্রীতি মাত্র, তাকে অবহেলা কর।

আমি বলেছি—মানুষের বিবেচনায় যা মহৎ ও মূল্যবান, তার পরিবর্তে যা তুচ্ছ মনে হয় তা তোমাকে ক্রয় করতে হবে। প্রকৃতপক্ষে যথার্থ দিব্য-জ্ঞান খুব তুচ্ছ ও সামান্য মূল্যের বিবেচিত হয় এবং মানুষ প্রায়ই ভুলে যায় সে কথা। সেই জ্ঞান আত্মগর্ব করে না এবং পৃথিবীতে প্রশংসাও খোঁজে না। অনেকে মুখে তার গুণগান করে বটে, কিন্তু তাদের আচরণে সে তা থেকে দূরেই থাকে। এই জ্ঞানই হচ্ছে—"মূল্যবান গুপ্ত মণিমুক্তা।

৩৩

ঈশ্বরে চরম লক্ষ্য স্থাপন

প্রভু—বৎস, বর্তমান মনোভাবের ওপর নির্ভর করো না, কারণ খুব শীঘ্রই তা অন্য মনোভাবে পরিণত হবে। যতদিন বাঁচবে, অনিচ্ছা থাকলেও ততদিন তুমি পরিবর্তনের অধীন; তাই এই সময় তুমি সুখী, অন্য সময়ে শোকার্ত, এখন শান্ত পরে অস্থির, এই সময় ভক্তিমান ও অন্য সময় ভক্তিহীন, এখন আগ্রহশীল পরক্ষণে উদাসীন এবং একদিন গম্ভীর আর পরদিন চপল। কিন্তু বিদ্বান ও আধ্যাত্মিক-বিষয়ে শিক্ষিত ব্যক্তি এই সব পরিবর্তনের ঊর্ধ্বে। পরিবর্তনশীল বায়ুর মত তার মনের ভাব কোন্ দিক দিয়ে বয়ে যেতে চায় সেদিকে সে মন দেয় না। তার মনের আবেগ প্রাপ্য ও কাম্য লক্ষ্যের প্রতি সম্পূর্ণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
উন্মুক্ত থাকে ; কারণ এই রকম করলে, ভিন্ন পরিবর্তনের মধ্যেও সে তার সদভিপ্রায়ের দৃষ্টিতে আমার দিকে অবিরত লক্ষ্য রাখবে ; যার ফলে তার মনোভাব সর্বদা একই রূপে ও সমভাবে বর্তমান থাকবে।

সদভিপ্রায়ের চক্ষু যতই বিশুদ্ধ থাকে, ততই তুমি সুস্থির-ভাবে মানসিক নানা ঝড়-ঝঞ্ঝা অতিক্রম করবে। কিন্তু অনেকের এই সদভিপ্রায়ের চক্ষু আচ্ছন্ন হয়, কারণ আনন্দ-দায়ক কিছু চোখের সামনে পড়লেই সে তার দিকে চেয়ে থাকে ; এই জন্য আত্মপ্রীতি-শূণ্য ব্যক্তি খুব কমই পাওয়া যায়। এই ভাবে ইহুদীরা একদিন বেথানিয়াতে মার্থা ও মেরীর কাছে গিয়েছিল—"কেবল যীশুকে দেখার জন্য নয়, পুনর্জীবিত লাজারাসকেও দেখার জন্য।" সেইজন্য অভিপ্রায়ের চক্ষুকে বিশুদ্ধ করতে হবে, সেটি যেন সরল ও অকপট হয়ে মধ্যবর্তী সকল প্রতিবন্ধক অতিক্রম করে শুধু আমাতে নিবদ্ধ হয়।

৩৪

প্রেমিক সর্বোপরি ঈশ্বরে তৃপ্তি পায়

সেবক—সত্যই আমার ঈশ্বরই হচ্ছেন আমার সর্বস্ব ! আমি আর বেশী কি আশা করতে পারি বা এর চেয়ে আনন্দদায়ক আর কি কামনা করতে পারি ? আহা, এই কথা কি তৃপ্তিদায়ক ও মধুর ! তবে যে ব্যক্তি সংসার এবং সংসারে যা আছে তা ভাল-বাসে, তার কাছে নয়—'স্বয়ং বাণী' (যীশুকে) যে ভালবাসে, তার কাছেই এ কথা তৃপ্তিদায়ক ও মধুর। "হে আমার প্রভু, হে আমার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
সবস্ব," যার বোঝবার শক্তি আছে, তার পক্ষে শুধু এই 'কথা'ই যথেষ্ট। এই কথা বারে বারে বললে ঈশ্বর-প্রেমিকের মন আনন্দ পায়। প্রভু, তুমি কাছে থাকলে সব কিছুই আনন্দময়; কিন্তু দূরে থাকলে সবই বিরক্তিকর বোধ হয়। তুমি হৃদয়কে শান্ত করে তোল এবং তাকে এনে দাও মহাশান্তি ও আনন্দদায় উল্লাস! সকল বিষয় যথার্থভাবে বোঝার ও সব বিষয়ে তোমার প্রশংসা করার শক্তি তুমি আমাদের দিচ্ছ। তুমি ছাড়া কোন জিনিষই দীর্ঘকালের জন্য সুখদায়ক হতে পারে না, আর কোন কিছু তুষ্টিকর ও মধুর হতে হলে তোমার কৃপা তার সঙ্গে থাকা আবশ্যক এবং তোমার জ্ঞানরসে তা সুস্বাদু করা প্রয়োজন।

যে তোমার মাধুর্য অনুভব করে, সে যা কিছু অন্যায় তা অপ্রীতিকর মনে করবে। কিন্তু যার কাছে তুমি মধুর নও, পছন্দ হওয়ার মত তার আর কি থাকতে পারে? যারা সংসারের কাছে জ্ঞানী ও যারা শুধু ইন্দ্রিয়ের কথা বোঝে, তারা তোমার জ্ঞান হতে বিচ্যুত; কারণ সংসারের জ্ঞানে আছে অসারতা এবং ইন্দ্রিয়ের আছে মৃত্যু। কিন্তু যারা সাংসারিক বিষয়গুলোকে অগ্রাহ্য করে ও ইন্দ্রিয়কে শাসনে রেখে তোমাকে অনুসরণ করে, তারা প্রকৃত জ্ঞানীর পরিচয় দিয়ে থাকে; কেননা মিথ্যা থেকে সত্যে এবং শারীরিক বিষয় থেকে তারা আধ্যাত্মিক বিষয়ে উপনীত হয়। তারা ঈশ্বরে আনন্দ পায়; আর সৃষ্টবস্তুর মধ্যে ভাল বলতে যা কিছু থাকে সেই সবই তারা প্রশংসারূপে সৃষ্টিকর্তাতে আরোপ করে। বলাবাহুল্য, সৃষ্টিকর্তা ও সৃষ্টবস্তু,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অসীম ও সসীম কাল, স্বয়ম্ভু এবং কৃত্রিম আলোর মধ্যে অনেক পার্থক্য আছে।

হে শাশ্বত 'আলোক', তুমি তো সকল সৃষ্ট আলোক অতিক্রম কর। ঊর্ধ্ব থেকে তোমার কিরণ বিচ্ছুরিত কর, তা যেন আমার হৃদয়ের অন্তঃস্থলে প্রবেশ করে। তার প্রভাব দ্বারা আমার আত্মাকে বিশুদ্ধ, আনন্দিত, অনুপ্রাণিত ও জীবন্ত করে তোল, সেটি যেন তোমার সঙ্গে সংযুক্ত হয়ে মহানন্দে একাত্ম হতে পারে। আহা, যে সময় তুমি তোমার উপস্থিতিতে আমাকে পরিতৃপ্ত করে আমার 'সবের মধ্যে হবে সব' সেই ধন্য ও বাঞ্ছিত সময় কখন আসবে? যে পর্যন্ত সেই সুযোগ না আসে! সে পর্যন্ত আমার আনন্দ পূর্ণ হবে না। হায়, হায়, আমার মধ্যে এখনো পুরনো মানুষ (দুষ্প্রবৃত্তি) বিদ্যমান। সে এখনো সম্পূর্ণ ক্রুশবিদ্ধ (দমিত) হয়নি। সে এখনো লালসা দ্বারা প্রবলভাবে আত্মার বিরোধিতা করে, আভ্যন্তরীণ সংগ্রাম সৃষ্টি করে এবং আত্মার রাজ্যকে শান্ত হতে দেয় না।

কিন্তু হে প্রভু, তুমি যে "সমুদ্রের প্রতাপ শাসন কর, তাকে শান্ত কর তার তরঙ্গের প্রচণ্ডতায়", তুমি আমায় সাহায্য করতে এসো! "যুদ্ধপ্রিয় জাতিগুলোকে ছত্রভঙ্গ কর", তোমার শক্তিতে তাদের চূর্ণ কর! প্রার্থনা করি—"তোমার মহৎ কার্য প্রদর্শন কর, তোমার দক্ষিণ-হস্তের শক্তি গৌরবান্বিত হোক!" তুমি ছাড়া, হে আমার প্রভু ঈশ্বর, আমার অন্য আশা বা আর কোন আশ্রয়ও নেই!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩৫

এ জীবন কালে প্রলোভন হতে নিস্কৃতি নেই

প্রভু—বৎস, এই জীবনে তুমি কখনো নিরাপদ হতে পারবে না। তুমি যতদিন বাঁচবে, ততদিনই তোমার আধ্যাত্মিক অস্ত্রশস্ত্রের প্রয়োজন হবে। কারণ তুমি শত্রুদের মধ্যে বাস করছ এবং চারদিক থেকে তোমাকে আক্রমণ করা হচ্ছে। তাই ধৈর্যের ঢাল নিয়ে যদি সবদিক দিয়ে আত্মরক্ষা না কর, তাহলে বেশীক্ষণ তুমি অক্ষত থাকতে পারবে না। পরন্তু কেবল আমারই জন্য ধীর-স্থির হয়ে সব কিছু সহ্য করবে বলে আমার সঙ্গে তোমার হৃদয়কে যদি নিবদ্ধ না রাখ, তাহলে এই আক্রমণের প্রচণ্ডতা প্রতিহত করতে পারবে না এবং সাধুদের জয়মুকুটও লাভ করতে পারবে না। সেজন্যই তোমাকে বীরের মত এই সবল সংগ্রামের সম্মুখীন হতে হবে এবং বিরুদ্ধ শক্তির মোকাবিলায় সবল হস্ত ব্যবহার করতে হবে। "কারণ বিজয়ী ব্যক্তিকে দেওয়া হয় 'মান্না' (স্বর্গীয় অন্ন) ; কিন্তু "কাপুরুষের জন্য থাকবে বহুবিধ দৈন্য।"

যদি এই জীবনে বিশ্রাম খোঁজ, তবে অনন্ত বিশ্রামের অধিকারী কেমন করে হবে? ইহজীবনে বিশ্রাম পাবার আশা না করে, শুধু ধৈর্য অবলম্বন কর। পৃথিবীতে নয়—স্বর্গে, মানুষ বা সৃষ্ট বস্তুর মধ্যে নয়, কেবল ঈশ্বরের মধ্যেই যথার্থ শান্তি তোমাকে খুঁজতে হবে। ঈশ্বরের প্রেমের জন্য সব কিছু, যেমন শ্রম ও কষ্ট, প্রলোভন, নির্যাতন, উদ্বেগ, অভাব, রোগ, অপমান,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিন্দা, তিরস্কার, অবনতি, লজ্জা, নির্যাতন এবং অবজ্ঞা সবকিছু খুশী মনে তোমাকে সহ্য করতে হবে। এই সকল বিষয় গুণলাভে সহায়তা করে, খ্রীষ্টের নতুন শিষ্যের গুণ পরীক্ষা করে এবং রচনা করে স্বর্গীয় মুকুট। এই স্বল্পকালীন শ্রমের বিনিময়ে তোমাকে আমি দেব অক্ষয় পুরস্কার এবং ক্ষণস্থায়ী অবমাননার জন্য দান করব অশেষ গৌরব।

তুমি কি ভাব যে, তোমার ইচ্ছামত তুমি আধ্যাত্মিক সান্ত্বনা লাভ করতে পারবে? আমার সাধুগণও তা সব সময় পেয়েছেন এমন নয়; তাঁদের অনেক কষ্ট ও নানা রকমের প্রলোভন এবং বহু নির্যাতন ভোগ করতে হয়েছিল। কিন্তু সকল বিষয়েই তাঁরা ধৈর্যশীল ছিলেন এবং নিজেদের চেয়ে ঈশ্বরে বেশী নির্ভর করতেন। তাঁরা জানতেন—"এই জীবনের কষ্টভোগ, ভাবী গৌরবলাভের সঙ্গে তুলনীয় নয়।" বহু অশ্রুপাত ও অনেক কঠিন পরিশ্রমের পর অনেকে যা অবশেষে পেয়েছিলেন, তুমি কি তা একদণ্ডেই পেতে চাও? "প্রভুর জন্য অপেক্ষা কর, কাজ কর বীরের মত, উৎসাহী হও।" নিরাশ হয়ো না, সঙ্কল্প ত্যাগ করো না; কিন্তু তোমার শরীর ও আত্মা সর্বদা ঈশ্বরের গৌরবের নিমিত্ত নিবেদন কর। আমি তোমাকে বহু পুরস্কৃত করব এবং সকল দুঃখ-কষ্টে তোমার সঙ্গেই বাস করব।

৩৬

মানুষের ব্যর্থ বিচারের অবজ্ঞা

প্রভু—বৎস, তোমার হৃদয়কে প্রভুর মধ্যে সু-প্রতিষ্ঠিত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কর এবং তোমার বিবেক যদি তোমাকে ভক্তিমান ও নির্দোষ সাব্যস্ত করে, তবে মানুষের বিচারের ভয় করো না। এইভাবে কষ্ট সহ্য করাই হচ্ছে মঙ্গলদায়ক ও সুখের বিষয়। নম্র-হৃদয় ব্যক্তি নিজের চেয়ে ঈশ্বরের ওপর বেশী নির্ভর করে; তার কাছে এসব মোটেই কষ্টকর নয়। অনেকে অনেক বৃথা কথা বলে, আর সেজন্য তাদের তত বিশ্বাস করা যায় না। এ ছাড়া মনে রেখো —সকলকে সন্তুষ্ট করা সম্ভব নয়। এমন কি সাধু পৌল প্রভুর মাহাত্ম্যে সকলকে সন্তুষ্ট করতে চেষ্টা করেছিলেন এবং সকলের জন্য আত্মনিয়োগ করেছিলেন, তবু মানুষের বিচারের প্রতি তিনি মন দিতেন না। তাঁর শক্তি-সামর্থ্য অনুযায়ী তিনি পরকে আদর্শ দান ও আত্মার মুক্তি সাধনের জন্য যথেষ্ট করেছিলেন; তবু মাঝে মাঝে মানুষের অভিযোগ বা অবজ্ঞা থেকে রক্ষা পান নি। এইজন্য সর্বজ্ঞ ঈশ্বরের হাতে তিনি সব কিছু ছেড়ে দিতেন এবং যারা অন্যায় কথা বলত, তাঁর সম্বন্ধে ব্যর্থ ও মিথ্যা বিষয় কল্পনা করত এবং ইচ্ছামত তাঁর প্রতি অভিযোগ করত, তিনি ধৈর্য ও নম্রতা সহকারে এসব সহ্য করতেন। তবে মাঝে মাঝে তিনি প্রতিবাদও করতেন, পাছে তাঁর নীরবতা দুর্বলদের পক্ষে বিভ্রান্তি সৃষ্টির কারণ হয়।

আর তুমি নিজেকে কি মনে করছ? যে মানুষ আজ আছে, কাল আর তাকে দেখা যাবে না সেই নশ্বর মানুষের বিচারে এত ভয় কর কেন? কথা বা অপবাদে মানুষে তোমার কি ক্ষতি করতে পারে? তোমার অনিষ্ট করার চেয়ে সে নিজের ক্ষতিই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বেশী করবে; তা ছাড়া, সে যেই হোক না কেন, ঈশ্বরের বিচার সে এড়িয়ে যেতে পারবে না। ঈশ্বরকে তোমার দৃষ্টির সম্মুখে রাখ এবং অপমানজনক বাক্যে প্রতিবাদ করার জন্য ব্যস্ত হয়ো না। আর এখন তোমাকে যদি অপদস্থ হতে হয় বা অন্যায়ভাবে লজ্জা পেতে হয়, তার জন্য রাগ করো না; অধৈর্য হয়ে তোমার ভাবী গৌরব হ্রাস করো না; বরং স্বর্গের দিকে, আমার দিকে চেয়ে থাক, কারণ তোমাকে সর্বপ্রকার লজ্জা ও লাঞ্ছনা থেকে উদ্ধার করার ও প্রত্যেককে তার কর্মানুযায়ী প্রতিদান দেবার ক্ষমতা আমার আছে।

৩৭

হৃদয়ের স্বাধীনতা লাভের জন্য অখণ্ড ও পূর্ণ আত্মত্যাগ

প্রভু—বৎস, নিজের কথা সম্পূর্ণ ভুলে যাও, তবেই তুমি আমাকে পাবে! নিজের সুবিধা খুঁজো না এবং স্বার্থ-সিদ্ধির চেষ্টাও করো না; তাহলে সকল বিষয়েই তুমি লাভ-বান হবে। পূর্ণ আত্মত্যাগ করে যদি তুমি যা একবার দান করেছ তা আবার ফিরিয়ে না নাও, তবে তোমাকে আরও ঐশ-কৃপা দান করা হবে।

সেবক—প্রভু, কতবার আমাকে আত্ম-সমর্পণ করতে হবে এবং কোন কোন বিষয়ে নিজের কথা সম্পূর্ণ ভুলে যেতে হবে?

প্রভু—সব সময়, মুহূর্তের পর মুহূর্ত! তুচ্ছ বিষয়ে যেমন, গুরুতর বিষয়েও তেমনি আত্ম-সমর্পণ করো; এ ব্যাপারে আমি কোন কিছুর পার্থক্য করি না, কারণ সব বিষয়ে তোমাকে রিক্ত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দেখতে চাই। অন্যথা অন্তরে ও বাইরে তুমি নিজের বাসনামুক্ত না হলে, কি করে তুমি আমার-ই হতে পারবে এবং আমি তোমার হতে পারব? তুমি যতশীঘ্র এই কাজ করবে, তোমার পক্ষে ততই মঙ্গল এবং যতই পূর্ণ ও অকপটভাবে তা করবে, তুমি ততই আমার প্রিয় হবে—হবে লাভবান!

কতকগুলি মানুষ সম্পূর্ণ আত্মোৎসর্গ করে না; এর কারণ হচ্ছে—তারা সম্পূর্ণরূপে ঈশ্বরে নির্ভর করে না, ফলে তারা শুধু নিজেদের স্বার্থান্বেষণ করে থাকে। আবার কতক লোক আছে, যারা প্রথম প্রথম সবই সমর্পণ করে, কিন্তু পরে প্রলোভনের চাপে যা ত্যাগ করেছে, তা পুনরায় ফিরিয়ে নেয়; ফলে সত্তার দিকে তারা অগ্রসর হয় না। এরা যতক্ষণ না পূর্ণভাবে আত্ম-সমর্পণ এবং প্রত্যহ বলিরূপে আমার নিকট আত্ম-নিয়োগ করে. ততক্ষণ হৃদয়ের প্রকৃত স্বাধীনতা ও আমার সঙ্গে আনন্দময় ঘনিষ্ঠতার কৃপা লাভ করবে না; এছাড়া আমার সঙ্গে পরম সুখের মিলন সম্ভব নয় বা সম্ভব হতে পারে না।

আমি বহুবার তোমাকে বলেছি এবং এখনো বলছি—নিজেকে ছেড়ে দাও, আত্মসমর্পণ করো, তাহলে আন্তরিক মহাশান্তি তুমি উপভোগ করবে। সব কিছু পাবার জন্য সব কিছু দিয়ে দাও; কিছু চেয়ে নিও না, কিছু ফিরে পাবার চেষ্টাও করো না। সরলভাবে এবং বিশ্বস্তভাবে আমার কাছে থাক, তবেই আমাকে পাবে; তখন তুমি অন্তরে স্বাধীন হবে এবং "অন্ধকার তোমাকে আচ্ছন্ন করবে না।" এরই জন্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চেষ্টা কর ; প্রার্থনা কর, এ সব কামনা কর, তাহলে সর্বপ্রকার কাম্য বস্তু থেকে রিক্ত হয়ে রিক্ত যীশুকে অনুসরণ করতে পারবে এবং নিজের দৃষ্টিতে মৃতবৎ হয়ে তুমি অনন্তকালের জন্য আমার কাছে জীবিত হবে। তখন সকল অলীক কল্পনা. হীন উদ্‌যোগ ও অনাবশ্যক চিন্তা বিলীন হবে। তখন অযথা ভয় থাকবে না এবং উচ্ছৃঙ্খল বাসনাও লুপ্ত হবে।

৩৮

বিপদে ঈশ্বরে আশ্রয় গ্রহণ

প্রভু—বৎস, মনোযোগের সঙ্গে দেখবে যেন সকল স্থানে ও কর্মে বা বাহ্য কার্য সাধনে তুমি আধ্যাত্মিক স্বাধীনতা ও নিজের উপর পূর্ণ কর্তৃত্ব রাখতে পার ; সকল বিষয় তোমার বশীভূত হোক—তুমি তাদের বশীভূত হয়ো না। তবেই তুমি হবে তোমার ক্রিয়াকলাপের কর্তা ও চালক ; গোলাম অথবা ক্রীতদাস হবে না। তখন সাধু পৌলের কথায় তুমি 'ক্রীতদাসীর পুত্র নও, স্বাধীন জননীর সন্তান' হয়ে ঈশ্বরের সন্তানদের সৌভাগ্য ও স্বাধীনতা লাভ করবে। এই সন্তানেরা পার্থিব বিষয়ের ঊর্ধ্বে লক্ষ্য রাখে এবং চিরস্থায়ী বিষয় লাভে মনোযোগী হয়। তারা বাম-চোখে অস্থায়ী বস্তু এবং ডান-চোখে দিব্য বিষয়-বস্তুগুলো দেখে। তারা কোন পার্থিব বিষয়ে আসক্ত হয় না ; বরং যিনি সকল বস্তু বিন্যস্ত করে সৃষ্টি করেছেন এবং যে উদ্দেশ্যে সেইসব নির্ধারণ করেছেন, ঠিক সেই উদ্দেশ্যেই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অর্থাৎ মহান শিল্পী ঈশ্বরের সেবায় সকল বস্তু নিয়োজিত রাখতে বাধ্য করে।

আর যদি প্রত্যেক বিষয়ে তার বাহ্যরূপের উপর নির্ভর না কর এবং দেহের চোখে জিনিষগুলি না দেখ, আর যা শুনবে. তাতে কান না দাও, কিন্তু প্রতিটি বিষয়ে 'মোশী'র মত প্রভুর পরামর্শ গ্রহণের জন্য সত্বর মন্দিরে প্রবেশ কর, তাহলে তুমি কখনও কখনও তাঁর উত্তর শুনবে এবং বর্তমান ও ভবিষ্যৎ বহু বিষয়ে প্রবুদ্ধ হয়ে ফিরে আসবে। কারণ সংশয়ের সময়ে এবং সমস্যা সমাধানের জন্য মোশী সর্বদা মন্দিরে আশ্রয় নিতেন এবং মানুষের বিপদ ও দুষ্কর্মের প্রতিরোধ করার জন্য প্রার্থনার সাহায্য নিতে ছুটে যেতেন। তোমাকেও সেইরূপে তোমার হৃদয়ের অন্তঃস্থলে ছুটে আসতে হবে এবং আগ্রহ সহকারে ঈশ্বরের সাহায্য ভিক্ষা করতে হবে। লিখিত আছে—'যোশুয়া' ও ইস্রায়েলীয়গণ 'গাবাওনীয়' শত্রুদের দ্বারা প্রবঞ্চিত হয়েছিল, কারণ প্রথমে প্রভুর পরামর্শ গ্রহণ করতে না গিয়ে তারা শুধু শত্রুদের তোষামোদের কথায় বিশ্বাস করে তাদের অলীক ধর্মানুরাগের ভঙ্গিতে মুগ্ধ হয়েছিল।

৩৯

বিষয়কর্মে অতিরিক্ত ব্যস্ত হওয়া অনুচিত

প্রভু—বৎস, তোমার চিন্তার বিষয় সর্বদা আমার হাতে ছেড়ে দাও; যথাসময়ে আমি সুব্যবস্থা করব। আমার নির্দেশের জন্য অপেক্ষা করো, দেখবে, তাতে তোমার মঙ্গলই হবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সেবক—প্রভু, খুব খুশী মনে আমি আমার সব ভাবনা চিন্তা তোমার হাতে ছেড়ে দিলাম, কারণ আমার নিজের চেষ্টায় অমি বিশেষ কৃতকার্য হতে পারি না। আহা, আমি যদি ভাবী বিষয় নিয়ে ব্যস্ত না হয়ে তোমার যা পছন্দ তাই করতে সব সময় প্রস্তুত থাকতাম, তবে আমার কত মঙ্গল হত!

প্রভু—বৎস, মানুষ যা কামনা করেই তা পাবার জন্য প্রায়ই তার মন অস্থির হয়ে থাকে; কিন্তু তা পেলেই তার মন আবার অন্য কিছু খুঁজে থাকে; কেননা কোন একটি বিষয় নিয়ে মনের ভাব বেশীক্ষণ স্থায়ী হয় না, বরং এক বিষয় ছেড়ে অন্য বিষয়ে আসক্ত হয়। তাই সামান্য বিষয়েও নিঃস্বার্থ হওয়া খুব সামান্য ব্যাপার নয়।

আত্মত্যাগে মানুষের প্রকৃত উন্নতি-সাধিত হয়। প্রকৃত-পক্ষে আত্মত্যাগী স্বাধীন ও নিরাপদ। তবু সকল কল্যাণের প্রতিরোধী সেই পুরানো শত্রু (শয়তান) প্রলোভন দেখানো থেকে নিবৃত্ত হয় না। সে দিবারাত্র এমন ষড়যন্ত্র করে যাতে যারা সতর্ক, তারাও হয়তো প্রবঞ্চনার ফাঁদে পড়তে পারে। প্রভু বলেছেন—"জেগে থাকো ও প্রার্থনা করো; যাতে প্রলোভনে না পড়ো।"

৪০

ভাল বলতে মানুষের নিজের কিছু নেই; তার গৌরব করার কিছুই নেই।

সেবক—প্রভু, "মানুষ আবার কে যে, তুমি তার কথা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্মরণ করো ; আর মানব-সন্তানই বা কে যে, তুমি তাকে দর্শন দিতে যাবে ?" মানুষ কি পুণ্য অর্জন করেছে, যার জন্য তুমি তাকে তোমার কৃপা দিচ্ছ ? প্রভু, তুমি আমাকে ত্যাগ করলেও, অসন্তোষ প্রকাশ করবার মত কি-ই বা আছে আমার ? আর আমি যা চাই, তুমি তা না দিলে, তা পাবার জন্য কি ন্যায়সঙ্গত দাবী করতে পারি ? প্রকৃতপক্ষে আমাকে একথা ভাবতে ও বলতে হবে, 'হে প্রভু, আমি কিছুই নই, আমি কিছুই করতে পারি না, ভাল বলতে আমার কিছুই নেই ; বরং সব বিষয়ে আমি দোষ করি ও শূন্যতার দিকে সর্বদা ঝুঁকে পড়ি। আর তোমার সাহায্য না পেলে এবং তোমার দ্বারা অন্তরে প্রবুদ্ধ না হলে, আমি সম্পূর্ণ শিথিল ও অসংযত হয়ে পড়ি।

হে প্রভু, তুমি সর্বদা সমরূপে বিরাজমান এবং শাশ্বত ! তুমি মঙ্গলময়, ন্যায়পরায়ণ ও পবিত্র ; তুমি উত্তমরূপে, ন্যায় ও পবিত্রভাবে প্রত্যেকটি কাজ করে থাকো এবং জ্ঞানের সঙ্গে সব বিষয়ের ব্যবস্থা কর। কিন্তু আমি যে উন্নতির চেয়ে অবনতির দিকে বেশী ঝুঁকে পড়ি, আমি তো সর্বদা এক অবস্থায় থাকি না। এর কারণ শৈশব, বাল্য, তারুণ্য, যৌবন, পূর্ণবয়স ও বৃদ্ধকালের বিভিন্ন পর্যায়ে আমার পরিবর্তন ঘটে। তবু তুমি যখন প্রসন্ন হয়ে তোমার সদয় হস্ত বিস্তার কর, তখন অকস্মাৎ আমার অবস্থা উন্নত হয়ে যায় ; কারণ মানুষের সাহায্য না নিয়ে, তুমি একাই আমার উপকার করতে পার এবং আমাকে এমনভাবে শক্তিমান্ করতে পার যে, কোন ব্যাপারে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমার মুখ ভাবের আর কোন পরিবর্তন হবে না, কিন্তু আমার হৃদয় কেবল তোমার উপর নির্ভর করে তোমার মধ্যেই বিশ্রাম করবে।

ভক্তি-ভাব লাভ করার জন্য অথবা তোমাকে খোঁজার জন্য আমায় সাহায্য করার লোক নেই বলে বাধ্য হয়ে আমি যদি সকল মানবীয় সান্ত্বনা ত্যাগ করতাম, তাহলে তোমার কৃপা আমি প্রকৃত আশা করতাম এবং নব-প্রদত্ত সান্ত্বনায় আনন্দ পেতাম।

হে প্রভু, তোমার কাছ থেকেই তো সব আসে! আমার যা কিছু মঙ্গল ঘটে তার জন্য তোমাকে ধন্যবাদ! তোমার সাক্ষাতে আমি খুবই নগণ্য; আমি চঞ্চল ও দুর্বল মানুষ মাত্র। তাই কি নিয়ে আমি গৌরব করতে পারি? খ্যাতির আকাঙ্ক্ষাই বা আমি কেন করি? আমি কি আমার শূন্যতা নিয়ে গৌরব করব? এটি একেবারে নির্বোধের কাজ! মিথ্যা গৌরব সত্যই বড় খারাপ অভ্যাস, একেবারে নিরর্থক কাজ; কেননা প্রকৃত গৌরব থেকে এটি আমাদের দূরে রাখে ও দিব্য কৃপা থেকে বিচ্ছিন্ন করে দেয়। কারণ মানুষ নিজেকে সন্তুষ্ট করতে গিয়ে তোমাকে অসন্তুষ্ট করে, আর যে মানুষের প্রশংসা অনুসন্ধান করে সে যথার্থ সৎগুণ থেকে বঞ্চিত হয়।

নিজেকে নিয়ে নয়, তোমাকে নিয়েই গৌরব বোধ করা, নিজের গুণের জন্য নয়, তোমার মাহাত্ম্যে উল্লসিত হওয়া, সৃষ্ট-বস্তুর মাধ্যমে শুধু তোমারই জন্য আনন্দ বোধ করাই হল সত্যকারের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গৌরব ও পবিত্র আনন্দ। আমার নামের নয়, "তোমার নামের প্রশংসা হোক"; আমার কাজের নয়, তোমার কাজের সুখ্যাতি হোক; তোমার পবিত্র নাম ধন্য হোক; মানুষে যেন কোন প্রশংসার কথা আমাকে না বলে। তুমি আমার গর্ব, তুমি আমার হৃদয়ের আনন্দ! আমি সর্বক্ষণ তোমাতে গর্ব ও আনন্দ করব; "আমার দুর্বলতা ব্যতীত" গর্ব করবার মত আর কি আছে আমার?

মানুষ পরস্পরকে যে গৌরব দিতে পারে, সেই গৌরব মানুষ খুঁজে নিক; আমি খুঁজি সেই গৌরব, যা কেবল ঈশ্বর থেকে আসতে পারে। সমস্ত মানবীয় গৌরব, সকল পার্থিব সম্মান ও ইহলোকের মর্যাদার পদগুলি তোমার শাশ্বত গৌরবের কাছে অসারতা মাত্র! হে সত্য ও করুণাময় ঈশ্বর আমার, হে ধন্য ঐশ-ত্রিত্ব, যুগ-যুগান্তর ধরে তোমার প্রশংসা, সম্মান, মাহাত্ম্য ও গৌরব কীর্তিত হোক!

৪১

সকল পার্থিব সম্মানের প্রতি অবজ্ঞা

প্রভু—বৎস, যদি দেখ যে, অন্যের সম্মান ও উন্নতি ঘটছে এবং তুমি অবজ্ঞাত ও অবনত হচ্ছ, তাহলে তার জন্য দুঃখ করো না। তুমি তোমার হৃদয়কে স্বর্গের প্রতি অর্থাৎ আমারই কাছে তুলে ধরো, তাহলে পৃথিবীর মানুষের অবজ্ঞা তোমাকে মনঃকষ্ট দেবে না।

সেবক—প্রভু, আমরা অন্ধকারে রয়েছি এবং অসার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যাপারে শীঘ্রই প্রতারিত হয়ে থাকি। নিজেকে যথাযথ বিচার করলে আমি বুঝি যে, কেউ আমার প্রতি অন্যায় ব্যবহার করে নি; আর সেজন্য তোমার প্রতি অসন্তোষ প্রকাশ করার মত কোন ন্যায়সঙ্গত কারণও আমার নেই।

আমি যেহেতু বহুবার ও গুরুতরভাবে তোমার বিরুদ্ধে পাপ করেছি, সেহেতু প্রতিটি সৃষ্ট বস্তু যে আমার বিরুদ্ধে অস্ত্র ধারণ করে এটি ন্যায়সঙ্গত। তাই লজ্জা ও অবজ্ঞা আমার যথার্থ প্রাপ্য, কিন্তু তোমাকে দেওয়া উচিত—প্রশংসা, সম্মান ও গৌরব। আর এসব করার জন্য আমি যদি নিজেকে প্রস্তুত না করি, অর্থাৎ সকলের অবজ্ঞাত ও অবহেলিত এবং একেবারে 'কিছুই নয়' বলে পরিচিত হতে ইচ্ছা না করি, তাহলে অন্তরে শান্তিতে ও ধীর-স্থিরভাবে থাকা বা আধ্যাত্মিক জ্যোতি লাভ করা অথবা তোমার সঙ্গে সম্পূর্ণভাবে সংযুক্ত হওয়া আমার পক্ষে সম্ভব হবে না।

৪২

মানুষের উপর শান্তি লাভের আশা রাখতে নেই

প্রভু—বৎস, তোমার নিজের সুবিধার জন্য এবং অপরের সহযোগিতা পাবার চেষ্টায় তুমি যদি বন্ধুর কাছে শান্তি আশা কর, তাহলে তুমি অস্থির ও বিচলিত হয়ে পড়বে! কিন্তু যদি সনাতন ও অপরিবর্তনীয় 'সত্যের' আশ্রয় নাও, তাহলে বন্ধু চলে গেলে বা তার মৃত্যু হলেও তুমি দুঃখে বিচলিত হবে না। বন্ধুর প্রতি ভালবাসা আমাতে প্রতিষ্ঠিত হওয়া উচিত; আর

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইহ জীবনে যাকে তোমার ভাল এবং খুব প্রিয় মনে হয়, তাকে আমার মাধ্যমেই ভালবাসতে হবে। আমাকে বাদ দিলে বন্ধুত্বের কোন স্থিরতা ও স্থায়িত্ব নেই। যে প্রেম-বন্ধনে আমি আবদ্ধ করি না, সেটি যথার্থ ও বিশুদ্ধ প্রেম হতে পারে না। তাই প্রিয় ব্যক্তির অনুরাগ বিষয়ে তোমাকে এমনভাবে অনাসক্ত হতে হবে যে, তোমার দিক দিয়ে, তুমি মানুষের সংশ্রবমুক্ত থাকতে ইচ্ছা করবে। মানুষ যতই পার্থিব আনন্দ থেকে দূরে সরে যায়, ততই সে ঈশ্বরের কাছে এসে পড়ে। পরন্তু, সে যতই গভীরভাবে অবনত হয় এবং নিজেকে অবজ্ঞা করে, ততই সে ঊর্ধ্বে— ঈশ্বরের কাছে উন্নীত হয়।

যে নিজেতে ভাল কিছু আরোপ করে, সে ঈশ্বরের কৃপা আসাতে বাধা দেয়; কারণ পবিত্র-আত্মার কৃপা সর্বদা নম্র অন্তঃকরণই খুঁজে নেয়। তুমি যদি নিজেকে সম্পূর্ণভাবে অবনত করতে এবং সর্বপ্রকার মানবীয় অনুরাগ থেকে অনাসক্ত থাকতে, তাহলে প্রচুর কৃপাসহ আমি তোমার অন্তঃকরণে প্রবেশ করতাম। তুমি যখন সৃষ্টবস্তুর দিকে দৃষ্টি রাখ, তখন সৃষ্টিকর্তার দর্শন তোমার কাছ থেকে অপসারিত হয়। সৃষ্টিকর্তার জন্য সকল বিষয়ে নিজেকে জয় করতে শেখ, তাহলে ঐশ্বরিক বিষয়ে তুমি জ্ঞানলাভ করতে পারবে। মনে রেখো—যতই তুচ্ছ হোক না কেন, কোন জিনিষকে যদি অযথা ভালবাস বা তাকে গুরুত্ব দাও, তাহলে 'পরম মঙ্গল' লাভে বিঘ্ন ঘটবে এবং তাতে আমাদের আত্মা কলুষিত হবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অসার ও পার্থিব জ্ঞানের প্রতিরোধ

প্রভু—বৎস, মানুষের সুন্দর ও কৌশলী কথায় মুগ্ধ হয়ো না ; "কারণ, ঈশ্বরের রাজ্য কথায় নয়, সদ্‌গুণে প্রতিষ্ঠিত।" আমার কথা শোন, কেননা এই কথা হৃদয়কে অনুপ্রাণিত ও মনকে আলোকিত করে, অনুতাপ এনে দেয় এবং দান করে বহুবিধ সান্ত্বনা। শুধু আরও অধিক বিদ্বান ও জ্ঞানী হিসাবে পরিচয় দেবার জন্য কোন কিছু পড়ো না। বরং আপন দোষ সংশোধন করার চেষ্টা কর, কেননা জটিল বিষয়ে জ্ঞান লাভের চেয়ে এতে তোমার অনেক বেশী উপকার হবে।

অনেক কিছু পড়া ও শেখার পর সর্বদাই 'একমাত্র আদি কারণ'-এর কাছে অর্থাৎ আমার কাছে অবশ্যই তোমাকে ফিরে আসতে হবে। আমিই তো মানুষকে জ্ঞান-শিক্ষা দান করি ; মানুষ যা শেখাতে পারে, তার চেয়ে বেশী পরিষ্কার জ্ঞান-বুদ্ধি শিশুদের আমি দিয়ে থাকি। আমি যার কাছে কথা বলি, সে শীঘ্রই জ্ঞানী হয়ে ওঠে এবং আধ্যাত্মিক-বিষয়ে যথেষ্ট উন্নতি করে। যারা মানুষের কাছে বহু কৌতূহলোদ্দীপক বিষয় জানতে আগ্রহী, কিন্তু কিভাবে আমার সেবা করতে হয়, সেই বিষয়ে উদাসীন থাকে, তাদের ধিক্! সময় আসবে, যখন গুরুদের গুরু ও দূতগণের প্রভু 'খ্রীষ্ট' দেখা দেবেন। তিনি সকলকেই নির্ধারিত পাঠ জিজ্ঞাসা করবেন অর্থাৎ পরীক্ষা করবেন প্রত্যে-কের বিবেককে। তখন "প্রদীপের আলোতে 'জেরুসালেম'-কে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

(আত্মাকে) পুঙ্খানুপুঙ্খরূপে প্রদর্শন করা হবে এবং অন্ধকারাচ্ছন্ন সকল গুপ্ত বিষয় প্রকাশিত হয়ে পড়বে ;" সে সময় বাক্‌পটুর মুখ স্তব্ধ হয়ে যাবে।

আমিই তো মুহূর্ত মধ্যে বিনীত লোকের মনকে এমন উন্নত করি যে, বিদ্যালয়ে দশ বৎসর অধ্যয়ণ করেছে এরূপ ব্যক্তি অপেক্ষা নিত্য-সত্য-বিষয়ে অধিকতর জ্ঞান সে লাভ করে। আমি বাক্যের আড়ম্বর, ভিন্ন মতভেদের প্রতিবাদ, সম্ভ্রম লাভের আকাঙ্ক্ষা এবং যুক্তিতর্কের মাধ্যমে শিক্ষা দিই না। পার্থিব বিষয়কে অবজ্ঞা করতে, বর্তমান বিষয়কে তুচ্ছ করতে, নিত্য স্থায়ী বিষয় অনুসন্ধান করতে, অনাদি-অনন্ত বিষয় উপভোগ করতে, সম্মান বর্জন করতে, অনাচার এড়িয়ে চলতে, আমার উপর সম্পূর্ণ ভরসা রাখতে, আমাকে ছাড়া আর কিছু কামনা না করতে এবং সবার ওপর আমাকে একান্তভাবে ভালবাসতে আমিই তো শিক্ষা দিই।

কেউ কেউ আমাকে মনেপ্রাণে ভালবেসেছে বলে, দিব্য-বিষয় শিখেছে এবং অপূর্ব কথাও বলতে পেরেছে। সূক্ষ্ম বিষয় শেখার চেয়ে সব ত্যাগ করেই সে বেশী উন্নতি করেছে। তবে আমি কারো কাছে সাধারণ ও কারো কাছে বিশেষ বিষয় শিক্ষা দিই। কয়েকজনকে মধুর লক্ষণ ও দৃষ্টান্তের মাঝে দিয়ে আমি দেখা দিই, আর কতক লোকের কাছে খুব স্পষ্টভাবে নিগূঢ় তত্ত্বগুলি প্রকাশ করি। ধর্ম বইয়ের কথা এক রকমের হলেও তা সকলকে সমান-ভাবে প্রবুদ্ধ করে না ; তার কারণ মানুষের অন্তরে থেকে আমি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সত্যের শিক্ষক, হৃদয়ের অনুসন্ধানকারী, চিন্তার সুদক্ষ বিচারক ও কার্য প্রবর্তকরূপে আমার বিবেচনানুযায়ী প্রত্যেককে তার প্রাপ্য যোগ্যতা অনুসারে প্রেরণা দিয়ে থাকি।

৪৪

বাহ্য-বিষয়ে জড়িত হওয়া উচিত নয়

প্রভু—বৎস, অনেক বিষয়ে অজ্ঞ থাকা, পৃথিবীতে নিজেকে মৃতের মত ভাবা এবং বিশ্ব-জগৎ তোমার কাছে ক্রুশবিদ্ধ এমনি বিবেচনা করা তোমার পক্ষে ভাল। মানুষের অনেক কথাবার্তার কাছে কান বন্ধ করে এবং তোমার শান্তির কাজে যা প্রয়োজন সেই বিষয়ে তোমাকে বেশী চিন্তা করা উচিত।

বিবাদজনক তর্ক করার চেয়ে অপ্রিয় বস্তু থেকে দৃষ্টি অপসরণ করা এবং প্রত্যেককে নিজেদের মত অনুসরণে স্বাধীন রাখা তোমার পক্ষে মঙ্গলজনক। তুমি যদি ঈশ্বরের প্রিয় হও এবং তাঁর বিচার-বিবেচনার প্রতি দৃষ্টি রাখ, তাহলে পরাজিত হলেও সহজে সেই পরাজয় সহ্য করবে।

সেবক—প্রভু, কি প্রকার অবস্থায় আমরা এসে পড়েছি! ঐহিক ক্ষতির জন্য আক্ষেপ করা হয়, সামান্য লাভের জন্য কঠিন পরিশ্রম করা হয়, অথচ আধ্যাত্মিক ক্ষতির কথা ভুলে যাই, অথবা সে বিষয়টি বিলম্বে মনে পড়ে। যা সামান্য উপকার করে বা মোটেই করে না, তাতে মন দেওয়া হয় এবং যা অত্যাবশ্যক, তাতে ঔদাসীন্য দেখান হয়; এসব ঘটে, কারণ মানুষ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সম্পূর্ণই বাহ্য-বিষয়ে আত্ম-সমর্পণ করে ; ফলে শীঘ্রই সচেতন না হলে, সে স্বাচ্ছন্দ্যে বাহ্য-বিষয়ে মগ্ন থাকে।

৪৫

বৃথা বাক্যব্যয় সহজে ভুল হতে পারে

সেবক—"প্রভু, কষ্টের সময় আমাকে সাহায্য কর, কারণ মানুষের সাহায্য বৃথা।" যেখানে বিশ্বস্ত সহযোগিতা পাব বলে মনে করেছি, সেখানে তা প্রায়ই পাইনি। সেখানেই পেয়েছি যেখানে তা পাবার আশা মোটেই করিনি। তাই, মানুষের উপর ভরসা বৃথা। হে ঈশ্বর, সৎ মানুষের পরিত্রাণ তোমাতেই বিরাজমান। তাই হে আমার প্রভু ঈশ্বর, আমাদের যা কিছু ঘটুক না কেন, তাতে যেন তোমারই প্রশংসা ঘোষিত হয়। আমরা দুর্বল ও চঞ্চল ; আমরা শীঘ্রই প্রতারিত হই এবং সহজে মন পরিবর্তনও করি।

কোন্ মানুষ সব বিষয়ে এমন সাবধান-সতর্কতার সঙ্গে চলে—যে কখনো কোন-না-কোন ছলনা বা উদ্‌বেগের মধ্যে পড়ে না? কিন্তু প্রভু, যে তোমাকে ভরসা করে ও সরল অন্তঃকরণে তোমাকে খোঁজে, সে খুব সহজে পতিত হয় না। আর সে যদি কোন কষ্টের মধ্যে পড়ে, তাতে সে যতই জড়িত হোক-না-কেন, শীঘ্রই সে তোমার কৃপায় মুক্ত হয়ে যাবে অথবা তোমার কাছে সান্ত্বনা পাবে ; কারণ যে তোমাতে ভরসা রাখে, তুমি তাকে কখনই পরিত্যাগ করো না! বন্ধুর দুঃখ-কষ্টে সব সময় সঙ্গে থাকে এমন বিশ্বস্ত বন্ধু অতি বিরল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুমি প্রভু, কেবল তুমিই সকল বিষয়ে অতি বিশ্বস্ত! তুমি ছাড়া আর কেউ এমন নেই।

আহা, কেমন জ্ঞানী সেই পুণ্যবান পুরুষ যিনি বলেছেন—"আমার চিত্ত খ্রীষ্টে স্থির এবং সংস্থাপিত।" আমার এমন অবস্থা হলে, মানুষের ভয় আমাকে সহজে অস্থির করে তুলত না, আর বাক্যবাণও আমাকে উত্তেজিত করত না। কে আগে থেকে সকল ভাবী বিষয়ের কথা জানতে পেরে ভবিষ্যৎ-বিপদ থেকে নিজেকে রক্ষা করতে সক্ষম? যে দুর্ঘটনার কথা পূর্বে জানা যায়, তা যদি আঘাত দেয়, তবে যা হঠাৎ ঘটে, তা কত-না গুরুতরভাবে আঘাত করবে! কিন্তু আমি হতভাগ্য; কেন আগে থেকে ঠিক মত নিজেকে সম্বরণ করি নি? কেনই বা আমি অপরকে এত সহজে বিশ্বাস করেছি? কিন্তু আমরা মানুষ—দুর্বল মানুষ ছাড়া আমরা কিছুই নই, যদিও অনেকে ভাবে বা বলে যে, আমরা 'স্বর্গের দূত'। কাকে বিশ্বাস করব, প্রভু? তোমাকে ছাড়া আর কাকেই বা বিশ্বাস করবো? তুমি 'সত্য', যে 'সত্য' প্রবঞ্চনা করে না বা প্রবঞ্চিত হতেও পারে না। পক্ষান্তরে, "প্রত্যেক মানুষ মিথ্যাবাদী', মানুষ দুর্বল, অস্থির এবং বিশেষভাবে কথায় পতনশীল; তাই যদিও প্রকাশ্যে তার কথা সত্য মনে হয়, তবুও হঠাৎ তা বিশ্বাস করা উচিত নয়।

তুমি কেমন সুবিবেচনার সঙ্গে মানুষের কাছে সাবধানে থাকতে আমাদের সতর্ক করে গিয়েছিলে! তুমি বলেছিলে "নিজের পরিজনই মানুষের শত্রু।" "আর কেউ যদি (খ্রীষ্টের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সম্বন্ধে) বলে—'এতো এখানে, ঐতো ওখানে' তবে তাকে বিশ্বাস করো না।" ক্ষতি আমায় জ্ঞানে ধনী করেছে! আহা, এর ফলে অধিকতর নির্বোধ না হয়ে আমি যদি বেশী সতর্ক হতাম! একজন হয়তো আমাকে বলেছে—'সাবধান আমি যা বলছি, তা গোপন করে রেখো, কাউকে বলো না'। আমি নীরব হয়ে থাকলাম, কিন্তু যে বিষয় আমি গুপ্ত বলে মনে করি, সে যদিও ব্যাপারটা আমাকে গোপনীয় রাখতে বলেছে, তবুও নিজেই গোপনে রাখতে পারে না; তাই এক দণ্ডেই সে আমাকে ও নিজেকে ফাঁকি দিল।

হে প্রভু, অর্থহীন কথা থেকে এবং অসতর্ক মানুষ থেকে আমাকে রক্ষা করো। আমি যেন ওদের হাতে না পড়ি বা এমন কাজ কখনো না করি! আমার মুখে সত্য ও স্থির কথা বলতে দাও; আমার কাছ থেকে বাক্‌চাতুরী দূর করো। অপরের কাছ থেকে যে ব্যবহার পাবার ইচ্ছা আমার নেই, সেরূপ ব্যবহার না করতে আমাকে সাহায্য কর।

আহা, পরের বিষয়ে চুপ করে থাকা, সহজে সকল কথা বিশ্বাস না করা, শোনা কথা পরকে অনায়াসে না বলা, কেবল অল্প লোকের কাছে নিজের মন খুলে কথা বলা এবং হে অন্তরদ্রষ্টা, তোমাকে সর্বদা অনুসন্ধান করা আর বায়ুরূপ কথার টানে চতুর্দিকে ধাবিত না হওয়া, কিন্তু সকল আন্তরিক ও বাহ্য বিষয় তোমার অভিপ্রায় অনুযায়ী সার্থক করে তোলার ইচ্ছা করা কেমন কল্যাণকর এবং শান্তিজনক! মানুষের বাহ্য রূপ-গুণের আকর্ষণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

থেকে নিজেকে মুক্ত রেখে এবং আপাত দৃষ্টিতে যা বিস্ময়কর, তা অবহেলা করে বা স্বীয় জীবন-সংশোধন ও উদ্‌যোগ প্রদর্শন করে, সে সব আগ্রহের সঙ্গে অনুসরণ করা হচ্ছে ঐশ-কৃপা রক্ষার অতীব নিরাপদ উপায়। তাদের গুণ প্রকাশিত হওয়ায় অকস্মাৎ সেই গুণের প্রশংসা করা হয়েছে বলে অনেকে কত না ক্ষতিগ্রস্ত হয়েছে। পক্ষান্তরে প্রলোভন ও সংগ্রাম সঙ্কুল এই অস্থায়ী জীবনকালে অনেকে কৃপা গোপনে রক্ষা করেছিল বলে তারা কত না লাভবান হয়েছিল!

৪৬

বাক্যবাণে বিদ্ধ হলে ঈশ্বরে নির্ভরতা

প্রভু—বৎস, ধীর-স্থির হও এবং আমার ওপর নির্ভর কর! কথাগুলি 'কথা' ছাড়া আর কি? 'কথা' বাতাসে উড়ে যায়, পাথরকে ক্ষয় করতে পারে না। তুমি যদি সত্যই দোষী হও, তবে অভিযুক্ত হলে কিভাবে নিজেকে সংশোধন করবে তাই ভাবো; আর তোমার বিবেক যদি তোমাকে দোষী না করে, তাহলে সন্তুষ্ট চিত্তে ঈশ্বরের প্রেমের জন্য ঐ পরীক্ষা সহ্য করো। তুমি যখন এখনো নির্মম প্রহার সহ্য করতে পার না, তবে মাঝে মাঝে তোমাকে যে বাক্যবাণ কিছু সহ্য করতে হয়, এটি তো খুব বড় কথা নয়। আর এই সামান্য ব্যাপার কেন তোমার মনে এত লাগে? এর কারণ হচ্ছে, তুমি এখনো ভোগাসক্ত এবং মানুষের কথায় অতিরিক্ত নির্ভরশীল। প্রকৃতই অবজ্ঞাত হওয়ার ভয়ে তুমি নিজের দোষগুলির জন্য তিরস্কার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গ্রহণ করতে চাও না এবং আপত্তির আবরণ খুঁজে বেড়াও।

কিন্তু নিজের উপর আরও ভাল করে দৃষ্টি দাও, দেখবে এখনো তোমার মধ্যে সংসার এবং মানুষকে তুষ্ট করবার অসার বাসনা বিদ্যমান আছে। তুমি যখন তোমার দোষের জন্য নত ও লজ্জিত হতে দ্বিধাবোধ কর, তখন বোঝা যায়, তুমি প্রকৃত নম্র নও, "সংসারের চোখে তুমি মৃত নও" এবং "সংসার তোমার কাছে ক্রুশবিদ্ধও নয়।" কিন্তু তুমি যদি আমার কথা শোন তাহলে মানুষের হাজার হাজার কথাও তোমার মনে ব্যথা দেবে না। ভেবে দেখ, মানুষের কুবুদ্ধি যত অন্যায় কথা সৃষ্টি করতে পারে, সেসব যদি তোমার বিরুদ্ধে বলা হত, আর যদি তুমি তাদের এমনি বলতে দিতে এবং সেগুলি তৃণের মত তুচ্ছ মনে করতে, তবে তারা তোমার কি ক্ষতি করতে পারত? তারা কি তোমার একগাছা চুলও উপড়াতে পারে?

কিন্তু যে অন্তর্মুখী নয় এবং ঈশ্বরকে দৃষ্টিরগোচরে রাখে না, সে খুব সহজেই অপমানজনক কথায় বিচলিত হয়ে পড়ে। পক্ষান্তরে, যে আমার উপর নির্ভর করে নিজের মত অনুযায়ী চলে না, সে মানুষের কুৎসায় কোন ভয় পাবে না। আমি তো বিচারকর্তা এবং সকল গুপ্ত বিষয়ের দ্রষ্টা। আমি জানি সবকিছু কিভাবে ঘটছে। কে অপবাদ করেছে এবং কে অপবাদ সহ্য করছে আমি তাদের চিনি। একথা আমার কাছ থেকে বেরিয়েছে; আমার অনুমতিতেই এসব ঘটেছে "যাতে অনেকের অন্তরের ভাবধারা প্রকাশ পায়।" দোষী ও নির্দোষের বিচার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমি করব ; তবে তার পূর্বে গোপন বিচারে উভয়কে পরীক্ষা করতে চেয়েছি আমি।

মানুষের সাক্ষ্য অনেকবার প্রবঞ্চনা করে ; কিন্তু আমার বিচার সত্য, স্থায়ী এবং অপরিবর্তনীয়। আমার বিচার প্রায়ই গুপ্ত থাকে এবং কম সংখ্যক লোকই তা জানতে পারে, আর যদিও নির্বোধের দৃষ্টিতে তা ভুল মনে হয়, তবুও সেটি ভুল নয় আর ভুল হতে পারে না। অতএব, প্রত্যেক বিচার-প্রসঙ্গে আমারই আশ্রয় নিতে হবে, নিজের মতের ওপর নির্ভর করা উচিত নয়। ঈশ্বরের অনুমতিক্রমে তার যাই ঘটুক না কেন, তাতে "সৎ ব্যক্তি বিচলিত হবে না" এবং তার বিরুদ্ধে অন্যায় ভাবে যদিও কিছু বলা হয়, তাতে সে তেমন মনোযোগ দেবে না ; আর কেউ তাকে ন্যায়ত নির্দোষ সাব্যস্ত করলে, সে তার জন্য অযথা আনন্দ করবে না। কারণ সে বিবেচনা করে যে, আমিই "হৃদয় ও অন্তঃকরণ পরীক্ষা করি" এবং মুখাপেক্ষা করে বা মানুষের বহিঃ প্রকৃতি দেখে আমি বিচার করি না। প্রকৃতপক্ষে মানুষের বিচারে যা প্রশংসনীয় মনে হয়, আমার চোখে অনেক-বারই তা নিন্দনীয় বলে পরিগণিত হয়।

সেবক—হে প্রভু ঈশ্বর, হে সৎ বিচারক, তুমি শক্তিশালী, তুমি অটল! তুমি মানুষের দুর্বলতা ও নিষ্ঠুরতার কথা জানো! তুমি আমার শক্তি ও সম্পূর্ণ ভরসা ; কারণ আমার বিবেক আমাকে অভয় দিতে যথেষ্ট নয়! আমি যা জানি না, তুমি তা জান ; তাই যতই আমাকে তিরস্কার করা হয়, ততই আমাকে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিনয় ও সহিষ্ণুতার সঙ্গে তা সহ্য করা উচিত! আর আমি যতবার এসব না করে থাকি, ততবার প্রসন্ন হয়ে আমাকে ক্ষমা কর এবং আরও বেশী সহিষ্ণুতা লাভের কৃপা আমাকে দাও। কারণ আমার গুপ্ত বিবেককে শান্ত করার জন্য আমি নিজেকে যতটা ন্যায়পরায়ণ মনে করি. তার অপেক্ষা তোমার মহৎ করুণা ও ক্ষমা লাভ আমাকে অধিকতর সাহায্য করে। আর "যদিও কোন ব্যক্তিগত দোষের কথা আমি অবগত নই, তবু আমি তারজন্য নিজেকে নির্দোষ বলতে পারি না; কারণ তোমার করুণা ব্যতীত "কোন জীবিত মানুষ তোমার সাক্ষাতে নির্দোষ বলে সাব্যস্ত নয়।"

৪৭

অনন্ত জীবনের জন্য সব কিছুই সহ্য করতে হবে

প্রভু—বৎস, আমার জন্য যে অক্লান্ত পরিশ্রম করেছ এবং কষ্ট সহ্য করেছ, তার জন্য ক্ষান্ত হয়ো না। সকল ঘটনায় আমার অঙ্গীকারের কথাই যেন তোমাকে শক্তি ও সান্ত্বনা দেয়। প্রচুর ও অপরিমিতভাবে আমি তোমাকে পুরস্কার দিতে সমর্থ। ইহজীবনে অধিক সময় তোমাকে পরিশ্রম করতে হবে না, দুঃখ কর্তৃক সর্বদা তোমাকে নিপীড়িতও হতে হবে না। ক্ষণকাল অপেক্ষা কর; দেখবে সকল দুর্গতি শীঘ্রই শেষ হবে। এমন সময় আসবে যখন সকল পরিশ্রম ও নির্যাতন শেষ হয়ে যাবে। সময়ের সঙ্গে যা বিনষ্ট হয়, তা তুচ্ছ ও অস্থায়ী। যা কর, তা মন দিয়ে কর; আমার কর্মশালায় বিশ্বস্তভাবে কাজ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করো—"আমিই হবো তোমার পুরস্কার।" লেখ, পড়, গান গাও, বিলাপ কর, নীরব থাক, প্রার্থনা কর, সহিষ্ণুতার সঙ্গে সব-কিছু সহ্য করে যাও। অনন্ত জীবন লাভের জন্য এইসব এবং এর চেয়েও কঠোর সংগ্রাম অতিরিক্ত কিছু নয়। প্রভুর অবগত কোন এক দিন শান্তি আসবে আসবে। তখন এই বর্তমানের মত দিন-রাত হবে না, শুধু থাকবে—চিরস্থায়ী আলোক, সীমাহীন উজ্জ্বলতা, স্থায়ী শান্তি এবং নিরাপদ বিশ্রাম! তখন তুমি আর বলবে না—"কে আমাকে এই নশ্বর দেহ থেকে মুক্ত করবে?" আবার এই আক্ষেপও করবে না—"হায় আমার দুর্ভাগ্য, আমার এখানে থাকার কাল এত বিলম্বিত হচ্ছে কেন?" কারণ মৃত্যু ধ্বংস হয়ে যাবে এবং আয়ু হবে স্থায়ী; তখন কোন উদ্বেগ না থেকে —থাকবে আনন্দময় সুখ এবং মধুর ও গৌরবময় সান্নিধ্য।

আহা, তুমি যদি স্বর্গস্থ সাধুদের অক্ষয় গৌরব-মুকুট দেখতে এবং যাঁদের এখানে বলতে গেলে জীবনধারণের অযোগ্য মনে হ'ত, তাঁরাও এখন কত যে গৌরবে উল্লসিত—তা যদি দেখতে পেতে, তাহলে তুমি নিশ্চয়ই আভূমি অবনত হতে এবং কারো উপর কর্তৃত্ব করা অপেক্ষা সকলের কর্তৃত্বে থাকাই শ্রেয় মনে করতে। তখন ইহজীবনে সুখময় দিনের কামনা না করে, তুমি ঈশ্বরের প্রেমের জন্য কষ্টভোগে তৃপ্তি পেতে এবং মানুষের মধ্যে নগণ্য বিবেচিত হওয়াকে সবচেয়ে বড় লাভের বিষয় মনে করতে।

আহা, এই সব বিষয়ের বোধ যদি তোমার থাকত এবং যদি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
এসব তোমার মনের মধ্যে ঢুকত, তবে কেমন করে তুমি একবারও বিরক্তি প্রকাশ করতে? অনন্ত জীবনের জন্য সব রকম কষ্টকর পরিশ্রম সহ্য করতে হবে না কি? মনে রেখ, ঈশ্বরের রাজ্য হারানো বা লাভ করা সামান্য ব্যাপার নয়।

অতএব স্বর্গের দিকে তোমার দৃষ্টি তুলে ধরো। আমাকে এবং আমার সঙ্গে উপস্থিত সাধুগণকে দেখ। ইহজগতে তাঁরা বড় সংগ্রাম করেছিলেন; কিন্তু এখন তাঁরা আনন্দ ভোগ করছেন, সান্ত্বনা পাচ্ছেন; এখন তাঁরা নিরাপদে আছেন, বিশ্রাম করছেন এবং আমার পিতার রাজ্যে আমার সঙ্গে তাঁরা অনন্তকাল থাকবেন।

৪৮

অনন্তকালের সুখ এবং ইহজীবনের দুঃখকষ্ট

সেবক—অহো ঊর্ধ্বস্থ নাগরীর পরমানন্দময় আবাস! অহো পরমোজ্জ্বল অনন্তকালের দিন, যাকে রাত্রি অন্ধকার করে না, শুধু 'শ্রেষ্ঠ সত্য' তাকে করেন আলোকিত! সেটি চির-আনন্দময় সর্বদা শান্ত দিন—সেদিন কখনো বিপরীতভাবে বিবর্তিত হয় না! আহা, সেই দিনের আলো যদি উদ্ভাসিত হত এবং এই সকল পার্থিব বিষয়ের শেষ হত! সেই দিনের আলো তো সাধুগণের নিকট চির-উজ্জ্বলতায় সমুজ্জ্বল হয়ে থাকে, কিন্তু পৃথিবীর তীর্থযাত্রীদের কাছে সেটি শুধু সুদূরে থেকে যায়, দর্পণের মধ্যে আলো দেখার মত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্বর্গের অধিবাসীরা তো জানে, সেই শাশ্বত দিনগুলো কেমন আনন্দময়; কিন্তু এই বর্তমান দিনগুলো তিক্ত ও বিরক্তিকর, তাই 'ঈভ'-এর সন্তানেরা (মানুষ) বিলাপ করে থাকে। ইহজীবনের দিনগুলি ক্ষণস্থায়ী, ক্লেশদায়ক, সঙ্কটময় ও দুঃখপূর্ণ। এখানে মানুষ অনেক রকম পাপে কলুষিত, নানা কু-প্রবৃত্তিতে আসক্ত, বহু সঙ্কটে ভারাক্রান্ত ও বিবিধ চিন্তায় অস্থির, বহু কৌতূহলে বিচলিত, ব্যর্থ অহঙ্কারে জড়িত, বহু ভ্রমে আকৃষ্ট, বিভিন্ন শ্রমে শ্রান্ত, প্রলোভনে ভারাক্রান্ত, সুখভোগে দুর্বল, অভাবে উৎপীড়িত।

হায় হায়, কবে এই সকল অমঙ্গলের শেষ হবে? রিপুর সেই কষ্টদায়ক দাসত্ব থেকে কবে আমি মুক্তি পাব? হে প্রভু, কেবল তোমার কথা কখন আমি ভাবব? কখন তোমাকে নিয়ে পূর্ণ আনন্দ ভোগ করব? কখন অবাধে প্রকৃত স্বাধীনতা উপভোগ করব; কখন আর থাকবে না মন বা শরীরের কোন ক্লেশ? স্থায়ী শান্তি, অবিচলিত-নিরাপদ শান্তি, ভেতর ও বাইরে সবদিকে স্থির শান্তি কবে দেখা দেবে? হে দয়াময় যীশু, কখন তোমার দর্শন পাব? তোমার রাজ্যের গৌরব কখন ধ্যান করতে পারব? কখন তুমি আমার কাছে সকলের চেয়ে শ্রেষ্ঠ হবে? আহা, কখন আমি তোমার কাছে, তোমার রাজ্যে উপস্থিত হব? অনাদি অনন্তকাল থেকে তুমি তোমার প্রিয়জনদের জন্য সেই রাজ্য প্রস্তুত করে রেখেছ! কিন্তু হায়! এখন আমি এমন প্রতিকূল দেশে দীনহীন নির্বাসিতের মত পড়ে রয়েছি যেখানে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দৈনিক সংগ্রাম ও মহাদুর্গতি বিদ্যমান।

তুমি আমার এই নির্বাসন শান্তিময় করে তোল, আমার দুঃখ লাঘব কর; কারণ আমার অন্তরের সমস্ত বাসনা দ্বারা আমি শুধু তোমাকেই কামনা করি। সংসার যে আনন্দ দিতে পারে, তা আমার কাছে ভারস্বরূপ। আমি তোমাকে মনেপ্রাণে পেতে চাই, কিন্তু তোমাকে পেতে পারছি না। স্বর্গীয় বিষয়ে সংযুক্ত থাকার বাসনা করি, কিন্তু পার্থিব বিষয়গুলি ও অবাধ্য রিপু-গুলো আমাকে অতলে তলিয়ে দেয়। আন্তরিকভাবে আমি পার্থিব সৃষ্ট বস্তুর উর্ধ্বে থাকতে ইচ্ছা করি, কিন্তু আমার অনিচ্ছা সত্ত্বেও ইন্দ্রিয়শক্তি তাদের অধীনে থাকতে আমাকে বাধ্য করে। তাই দুর্ভাগা মানুষ আমি, নিজের সঙ্গে সংগ্রাম রত এবং নিজের কাছে ভারস্বরূপ হয়ে থাকি; কারণ আত্মা উর্ধ্বে, কিন্তু ইন্দ্রিয় নিম্নের দিকে আমাকে নিয়ে যেতে চেষ্টা করে।

হায় হায়, মনে মনে যখন স্বর্গীয় বিষয়ের ধ্যান করি এবং প্রার্থনা করি, তখন ইন্দ্রিয়গত অসংখ্য চিন্তা অকস্মাৎ মনে আসলে আমি অন্তরে কত না কষ্ট অনুভব করি! হে আমার ঈশ্বর, "আমার কাছ থেকে বেশী দূরে থেকো না; অসন্তুষ্ট হয়ে তোমার সেবককে পরিত্যাগ করো না।" "তোমার বজ্রবহ্নি নিক্ষেপ কর, ওসব বিলুপ্ত করো, নিক্ষেপ করো তোমার শর" তাহলে শত্রুর অভিসন্ধি ধ্বংস হয়ে যাবে। আমার সকল মনোভাব তোমার মধ্যে একত্র কর, সাংসারিক বিষয়গুলি আমাকে ভুলে যেতে দাও ও রিপুর বুদ্ধিবৃত্তি সকল যথাসময় ত্যাগ ও অবজ্ঞা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করতে শেখাও আমাকে! হে সনাতন সত্য, আমার সাহায্যে এস! আমার যে কোন বিষয় যেন আমাকে বিচলিত না করে। হে 'দিব্য-মাধুর্য' এস! তোমার সাক্ষাতে সর্বপ্রকার অশুচিতা অপসারিত হোক। ক্ষমা কর আমাকে এবং প্রার্থনাকালে তোমাকে ছাড়া অন্য কিছু যদি চিন্তা করে ফেলি, তবে দয়া করে আমাকে মার্জনা কর। আমি সত্যই স্বীকার করছি যে, বড় চঞ্চল হতে অভ্যস্ত হয়েছি আমি। প্রকৃতপক্ষে আমি যেখানে শরীরে বর্তমান থাকি বা বসি, অনেক সময়ই 'আমি' সেখানে থাকি না; চিন্তা আমাকে যেখানে নিয়ে যায়, অধিকাংশ সময় সেখানেই আমি থাকি। আমি সেখানে থাকি যেখানে আমার চিন্তা থাকে, আর যেখানে আমার ভালবাসার বস্তু, সেখানে আমার চিন্তাও প্রায় থাকে। যা স্বভাবতঃ তৃপ্তিকর বা অভ্যাসবশতঃ যা পছন্দ হয়ে গেছে, তা সহজেই মনের মধ্যে আসে।

এজন্য হে সনাতন 'সত্য', তুমি স্পষ্ট বলেছিলে—"তোমার ধন যেখানে, তোমার মন সেখানে।" আমি যদি স্বর্গকে ভালবাসি, তবে অনায়াসেই স্বর্গীয় বিষয় চিন্তা করি। আর সংসারকে ভালবাসলে সংসারের সুখ-সুবিধাতে আমি তৃপ্তি পাব; আর দুর্দশাতে পাব দুঃখ! আমি যদি ইন্দ্রিয়কে ভালবাসি, তবে ইন্দ্রিয়ের সম্পর্কে প্রায় চিন্তা করি। আত্মাকে ভালবাসলে আধ্যাত্মিক বিষয় চিন্তা করতে আমি আনন্দ পাই! প্রকৃতই, যা কিছু আমি ভালবাসি, সে বিষয়ে আমি স্বচ্ছন্দে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কথা বলি বা তার কথা শুনতে থাকি এবং তার স্মৃতি সঙ্গে রাখি।

হে প্রভু, ধন্য সেই ব্যক্তি যে তোমার জন্য সমস্ত সৃষ্ট-বস্তুকে এড়িয়ে চলে, যে সবলে তার প্রকৃতির প্রতিরোধ করে এবং আত্মার উদ্‌যোগে ইন্দ্রিয়-লালসাকে দমন করে; এর ফলে সে প্রশান্ত চিত্তে তোমার কাছে বিশুদ্ধ প্রার্থনা নিবেদন করতে পারে এবং আভ্যন্তরীণ ও বাহ্যিক সর্বপ্রকার কামনা থেকে মুক্ত হয়ে স্বর্গদূতদের সংসর্গ লাভের যোগ্য হয়ে উঠতে পারে।

৪৯

সংগ্রামকারীদের নিকট পরম মঙ্গলের প্রতিশ্রুতি দান

প্রভু—বৎস, উপর থেকে আগত অনন্ত সুখভোগের প্রেরণা যখন তুমি অনুভব করে থাক এবং পরিবর্তন বিন্দু মাত্র না থাকায় আমার জ্যোতিকে নিরীক্ষণ করবার জন্য এই দেহ-আবাস থেকে প্রস্থান করতে তুমি ইচ্ছা কর, তখন তোমার হৃদয় উন্মুক্ত করে সাগ্রহে এই শুভ প্রেরণা গ্রহণ কর। 'সর্বমঙ্গলময়কে' অসংখ্য ধন্যবাদ জানাও, কারণ তুমি নিজের গুরুভারে পার্থিব বিষয়ে যাতে পতিত না হও, সেজন্য তিনি সদয় দর্শন দান করেন, আগ্রহ সহকারে তোমাকে উৎসাহ দিয়ে থাকেন, সবলে তোমাকে উন্নত করেন এবং তোমাকে কৃপা দান করেন। জেনে রেখো, নিজের চিন্তায় বা চেষ্টাতে তুমি এসব পাচ্ছ এমন নয়, শুধু

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

স্বর্গীয় কৃপা ও দিব্য অনুগ্রহের ফলেই তা পাচ্ছ। যাতে তুমি সদ্‌গুণ ও অধিকতর নম্রতার সঙ্গে উন্নতি করতে পার এবং সংগ্রামের জন্য নিজেকে প্রস্তুত রাখতে পার, আর অন্তরের সকল অনুরাগের সঙ্গে আমার প্রতি অনুরাগী হয়ে আগ্রহপূর্ণ ইচ্ছায় আমার সেবা করতে পার, সেজন্য এ কৃপা তোমাকে দেওয়া হয়েছে।

বৎস, আগুন প্রায় জ্বলে, কিন্তু ধোঁয়া ছাড়া আগুনের শিখা ওঠে না ; তেমনি কয়েক জনের কামনা স্বর্গীয় বিষয়ের জন্য অগ্নির ন্যায় উদ্দীপিত হলেও তা দৈহিক-আসক্তি-মুক্ত হয় না ; আর সেজন্য তারা যদিও আগ্রহ ভরে ঈশ্বরের কাছে প্রার্থনা করে, তবু তারা যে শুধু ঈশ্বরের গৌরবের জন্যই এসব করে এমন নয়। অনেক সময় তোমার ইচ্ছাও ঠিক তাই ; আর তুমি নিজেই স্বীকার করেছ যে, তা অতি বিরক্তিকর, কারণ যেখানে নিজের স্বার্থ থাকে সেখানে অভিপ্রায়টি বিশুদ্ধ ও নির্দোষ হতে পারে না।

যা তোমার পক্ষে প্রীতিকর ও সুবিধাজনক—তা নয়, কিন্তু যা আমার গ্রহণযোগ্য ও সম্মানজনক তা-ই চেয়ে নাও ; কেননা ন্যায় বিচার করতে হলে—তোমার ইচ্ছা এবং বাঞ্ছিত যে কোন বস্তু অপেক্ষা আমার নির্দেশ গ্রহণ করাই শ্রেয় ও অনুসরণ যোগ্য মনে করা উচিত। আমি তোমার বাসনার কথা জানি এবং তোমার বিলাপও আমি বারবার শুনেছি। তুমি তো এখন "ঈশ্বর-সন্তানদের গৌরবের স্বাধীনতা" ভোগ করতে চাও ; চিরস্থায়ী-আবাস ও সুখময় স্বর্গীয় দেশের চিন্তা তোমাকে এখন আকর্ষণ করে,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কিন্তু সে সময়, এখানেও আসেনি। এখন সংগ্রামের সময়, শ্রম ও পরীক্ষার সময়। তুমি 'পরম মঙ্গল' দ্বারা পরিতৃপ্ত হতে ইচ্ছা করছ, কিন্তু তাঁকে এখন তুমি উপভোগ করতে পার না। "আমি তো সে-ই মঙ্গল ; ঈশ্বরের রাজ্য না আসা পর্যন্ত তুমি আমার জন্য অপেক্ষা করে থাক!"

পৃথিবীতে এখনো তোমাকে পরীক্ষিত এবং নানা প্রকার কষ্ট-স্বীকারে নিজেকে অভ্যস্ত হতে হবে। মাঝে মাঝে তোমাকে সান্ত্বনা দেওয়া হবে, কিন্তু সম্পূর্ণ তৃপ্তি দেওয়া হবে না। "অতএব সাহস অবলম্বন কর" এবং স্বভাবের প্রতিকুলে যা করতে বা সহ্য করতে হবে, তা উৎসাহের সঙ্গে কর। নব-মানবত্বকে অবলম্বন করে তোমাকে নতুন মানুষে পরিণত হতে হবে। যে কাজ করার ইচ্ছা তোমার নেই, সেই কাজ হয়তো অনেকবার তোমাকে করতে হবে এবং তোমার যা করার ইচ্ছা, তা অবহেলা করতে হবে। হয়ত দেখবে—যা পরের সন্তোষ-জনক তা সফল হবে, কিন্তু তোমার যা পছন্দ তা সফল হবে না। অপর কেউ যা বলে, তা গ্রহণ করা হবে কিন্তু তুমি যা বলবে, তা হয়ত কোন কাজের নয় বলে মনে করা হবে। অন্যে চাইলে পাবে, তুমি চাইবে কিন্তু পাবে না।

অন্য লোক মানুষের চোখে খুব বড় হবে, আর তোমার বিষয়ে কিছুই বলা হবে না। অপরকে কাজের যোগ্য মনে করা হবে, কিন্তু তুমি কোন কাজের উপযুক্ত নও বলে বিবেচিত হবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অবশ্যই কখনো কখনো এসব বিষয় তোমাকে স্বভাবতই মনঃকষ্ট দেবে, কিন্তু নীরবে এসব সহ্য করতে পারলে তোমার পক্ষে যথেষ্ট। প্রভুর বিশ্বস্ত সেবক নিজেকে কতখানি ত্যাগ ও খর্ব করতে পেরেছে তা দেখার জন্য তাকে মাঝে মাঝে এইসব বা অন্য কোন বিষয় দিয়ে পরীক্ষা করা হবে। ফলে কতকগুলো বিষয়ে তোমার নিজের ইচ্ছাকে অস্বীকার করার বিশেষ প্রয়োজন আছে। যেমন নিজের ইচ্ছার বিরোধী জেনেও কোন কিছু সহ্য করা এবং বিশেষভাবে যা তোমার কাছে অসুবিধাজনক বা তোমার দৃষ্টিতে নিস্প্রয়োজন বোধ হয় সেরূপ আদেশ মেনে নেওয়া। আর, যেহেতু তুমি গুরুর কর্তৃত্বের অধীনে থাক এবং কর্তৃত্বে প্রতিরোধ করতে সাহস কর না সেজন্য পরের মতানুযায়ী চলা এবং নিজের মত সম্পূর্ণ বর্জন করা তোমার কাছে শক্ত বলে মনে হবে এ সম্বন্ধে সন্দেহ নেই।

কিন্তু বৎস, এই সকল কষ্ট ও পরিশ্রমের ফল, শ্রমের আশুঅবসান এবং অতি মহৎ পুরস্কারের কথা ভাব, তাহলে এসবের গুরুভার আর অনুভব করবে না, বরং নিজের কষ্টে অনুভব করবে পরম সান্ত্বনা, কারণ যে সামান্য ইচ্ছাকে তুমি এখন স্বেচ্ছায় ত্যাগ করছ, প্রতিদানে স্বর্গে তুমি সর্বদা তোমার যা ইচ্ছা তা পূর্ণভাবে সম্পন্ন করতে পারবে। সেখানে সত্যই যা ইচ্ছা করবে এবং যা কিছু কামনা করবে তাই পাবে। সেখানে তোমাকে দেওয়া হবে সর্বপ্রকার মঙ্গলের প্রাচুর্য, যা হারানোর ভয় থাকবে না তোমার। সেখানে তোমার ইচ্ছা আমার ইচ্ছার সঙ্গে সব সময় এক হয়ে থাকবে; বাহ্য বা ব্যক্তিগত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কোন বিষয় তখন তুমি কামনা করবে না। সেখানে কেউ তোমার বিরোধিতা করবে না, কেউ তোমার বিরুদ্ধে অভিযোগ করবে না, কেউই তোমার প্রতিরোধ করবে না, কেউ তোমার বিঘ্ন ঘটাতে পারবে না; যা কিছু আশা করা যায়, সে সবই একসঙ্গে উপস্থিত হয়ে তোমার সকল আকাঙ্ক্ষা পূর্ণ করবে, তৃপ্ত করবে তোমায় পরম পরিপূর্ণতায়!

পৃথিবীতে অপমান সহ্য করার জন্য আমি তোমাকে স্বর্গে গৌরব দান করব, শোকের প্রতিদানে তোমাকে ভূষিত করব প্রশংসায় এবং অপেক্ষাকৃত কম মর্যাদার জন্য দেব অনন্তকাল স্থায়ী রাজকীয় আসন। স্বর্গে তোমার আনুগত্যের ফল লাভ করবে, প্রায়শ্চিত্তের কষ্ট আনন্দে পরিণত হবে এবং বিনীত অধীনতা গৌরবময় মুকুট ধারণ করবে।

অতএব সকলের কর্তৃত্বের অধীনে নিজেকে নম্রভাবে অবনত কর এবং 'কে' এটি বলেছে বা আদেশ দিয়েছে, তা জানবার জন্য ব্যস্ত হয়ো না। বরং এই নিয়ে যত্নবান হও যে, তোমার উপরস্থ, নিম্নস্থ বা সমকক্ষ যেই হোক, তোমার কাছে কিছু চাইলে বা তোমাকে কোন আদেশ দিলে, তার ইচ্ছা তোমার পক্ষে মঙ্গল ভেবে সরল মনে তা পালন করতে তৎপর হও। একজন এটা খুঁজুক, অন্যজন খুঁজুক ওটা; এ লোক ঐ বিষয়ে আর ঐ লোক এই বিষয়ে গর্ব করুক এবং হাজার হাজার বার তারা প্রশংসিত হোক; কিন্তু তুমি এতেও নয়, ওতেও নয়, শুধু নিজের অবজ্ঞায় এবং একমাত্র আমার মঙ্গলময়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইচ্ছা পূরণে ও সম্মানদানে আনন্দ কর। "জীবনে মরণে ঈশ্বর তোমাতে সর্বদা গৌরবান্বিত হোন" তোমার বাসনা এরূপ হওয়া উচিত।

৫০

ঈশ্বরের হাতে নিজেকে সঁপে দিতে হবে

সেবক—হে প্রভু ঈশ্বর, হে পবিত্র পিতা, এখন এবং অনন্তকাল ধরে তুমি ধন্য হও; কারণ তোমার ইচ্ছা অনুসারে সব কিছু ঘটতে থাকে এবং তুমি যা কর, সবই পরিণামে মঙ্গলময় হয়ে ওঠে। তোমার সেবক নিজেকে বা অন্য কাউকে নিয়ে নয়, শুধু তোমাকে নিয়ে আনন্দ করুক, কারণ কেবল তুমিই হে প্রভু, প্রকৃত আনন্দ, তুমি আমার আশা এবং আকাঙ্ক্ষিত মুকুট, তুমিই আমার সুখ ও সম্মান! নিজের যোগ্যতা না থাকা সত্ত্বেও তোমার কাছ থেকে সে যা পেয়েছে, তা ছাড়া তোমার সেবকের আর কি আছে? তুমি তাকে যা দিয়েছ এবং তার জন্য যা করেছ, সে সব তোমারই! "যৌবনাবধি আমি তো দীন হয়ে কষ্টের মধ্যে রয়েছি!" আমার প্রাণ শোকার্ত হয়ে মাঝে মাঝে ক্রন্দন করে এবং ভাবী কষ্টের কথা ভেবে কখনো কখনো বিচলিত হয়েও পড়ে।

আমি শান্তিজনিত সুখ চাই; সান্ত্বনার আলোতে তুমি তোমার যে সন্তানদের প্রতিপালিত করছ, সেই শান্তি আমি কামনা করি। তুমি শান্তি দিলে এবং পবিত্র আনন্দধারা বর্ষণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করলে তোমার সেবকের আত্মা মধুর সুরে মুখরিত হয়ে ভক্তিভরে করবে তোমার গুণগান! কিন্তু তোমার অভ্যাস মত তুমি যদি দূরে চলে যাও, তোমার সেবক তোমার আদেশ পথে কখনও চলতে পারবে না, বরং নতজানু হয়ে সে মনস্তাপে বুকে আঘাত করতে থাকবে, কারণ গত কাল ও তার আগের দিন তোমার প্রদীপের আলো তার মাথার ওপর বিচ্ছুরিত এবং তোমার পক্ষচ্ছায়ার আশ্রয়ে ভয়াবহ প্রলোভন থেকে রক্ষা পেয়ে তার যে অবস্থা হয়েছিল আজ কিন্তু তেমন নয়!

হে ন্যায়বান ও সদা-প্রশংসার যোগ্য পিতা, তোমার সেবকের পরীক্ষার সময় উপস্থিত হয়েছে! হে প্রেমময় পিতা, এ সময় তোমার সেবক তোমার জন্য কিছু-না-কিছু কষ্টভোগ করুক এটাই বাঞ্ছনীয়! হে নিত্য-সম্মানযোগ্য পিতা, যে সময়ের কথা তুমি অনাদিকাল থেকে জানিয়েছিলে, সেই সময় উপস্থিত হয়েছে। এখন ক্ষণকালের জন্য তোমার সেবককে যদিও 'বাহ্যিক বিষয়ে' নিপীড়িত হতে হয়, তবে কৃপা কর সে যেন 'অন্তরে' তোমার কাছে চিরজীবি হয়ে থাকে। সে যাতে নবজীবনের উষায় তোমার সঙ্গে পুনরুত্থিত হয়ে স্বর্গধামে গৌরবান্বিত হতে পারে, সেজন্য যদিও কিয়ৎ কাল তাকে অপমানিত, অবনত এবং মানুষের কাছে অকৃতকার্য হতে হয় এবং কষ্ট ও রোগ দ্বারা নির্যাতিত হতে হয়, তবুও তাতে কেন দুঃখ নেই। হে পবিত্র পিতা, এই ব্যবস্থা তুমি করেছ এবং এটি হল তোমার ইচ্ছা! তোমার নির্দেশ অনুযায়ী এসব ঘটেছে!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রকৃতপক্ষে তোমার বন্ধুর প্রতি তুমি এই কৃপা করছ যে, তুমি যতবার এবং যার কাছ থেকে তোমার প্রেমের জন্য তাকে কষ্ট সহ্য করতে ও নির্যাতিত হতে দেবে, ততবার সে ইহজগতে সেই সব ভোগ করবে। জানি তোমার অনুপ্রেরণা ও ব্যবস্থা ব্যতীত পৃথিবীতে কিছুই ঘটে না। "হে প্রভু, আমি যাতে তোমার বিধি-ব্যবস্থার কথা জানতে এবং আমার হৃদয় থেকে সকল গর্ব ও ধৃষ্টতা পরিহার করতে পারি সেজন্য তুমি যে আমাকে অবনত করেছ, তাতে আমার পক্ষে ভালই হয়েছে।" সান্ত্বনা পাওয়ার' জন্য মানুষের পরিবর্তে তোমাকে খুঁজি, তাই লজ্জায় যে আমায় অভিভূত করেছ, সেও হিতকর। এ থেকে তোমার দুর্বোধ্য বিচারকে আমি ভয় করতে শিখেছি—শিখেছি যে তুমি ধার্মিককে অধার্মিকের সঙ্গে আঘাত কর, তবে নিরপেক্ষতা ও ন্যায় ব্যতিরেকে তা কর না!

তোমাকে ধন্যবাদ দিই, কারণ আমার কদাচারগুলিকে তুমি নিস্তার দিও না। কঠোর কশাঘাতে আমাকে দলিত করেছ, আমাকে দুঃখ-দণ্ড দিয়েছ এবং নির্যাতনে জর্জরিত করেছ আমার অন্তর ও বাহির! হে আমার প্রভু-ঈশ্বর, হে আত্মার চিকিৎসক, তুমি ছাড়া আকাশের নীচে অবস্থানকারীদের মধ্যে কেউ নেই যে আমাকে শান্তি দিতে পারে! "তুমি তো আঘাত কর এবং নিরাময়ও করে তোল; তুমি অধম স্থানে নিয়ে যাও এবং আবার সেখান থেকে তুলেও ধর!" "তোমার শাসনবিধি আমার শিরধার্য হোক এবং তোমার শাসন-দণ্ড আমার পথ নির্দেশক হোক।"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই দেখ, স্নেহময় পিতা, আমি তোমার ক্রোড়ে অবস্থান করছি, তোমার শাসন-দণ্ডের সামনে অবনত মস্তকে আছি। তুমি আমার পৃষ্ঠ ও গ্রীবায় আঘাত কর, আমি যেন আমার বক্র-ভাবকে ঋজু করে তোমার ইচ্ছার বশে রাখি। তোমার শুভ প্রথা অনুসারে তুমি আমাকে তোমার অনুরক্ত ও বিনীত শিষ্য করে তোল, আমি যেন সর্বদা তোমার নির্দেশ মত চলতে পারি। সংশোধনের জন্য আমি নিজেকে ও আমার যা-কিছু আছে সে-সব তোমার কাছে নিবেদন করি। পরজীবন অপেক্ষা ইহ-জীবনে শাস্তি পাওয়া আমার পক্ষে ভাল। তুমি তো সব কিছু, আর প্রত্যেক বিষয়টি জান; মানুষের মনের মধ্যে যা কিছু আছে, তাও তোমার কাছে গুপ্ত নয়। ঘটবার আগে তুমি ভবিতব্য বিষয় জান এবং পৃথিবীতে যা ঘটে, তার বিষয়ে তোমাকে অবগত করা বা সতর্ক করে দেওয়ার প্রয়োজন নেই! আমার উন্নতির জন্য কি প্রয়োজন এবং পাপের কালিমা মুছে দেবার জন্য কতই না প্রায়শ্চিত্ত প্রয়োজন তা তুমি জান। তোমার মঙ্গলময় ইচ্ছানুযায়ী আমার প্রতি যে ব্যবহার কর তাতে আমি খুশী। তোমার মত আমার এই পাপ-কলুষিত জীবনের কথা আর কারো বেশী ভালো বা স্পষ্ট ভাবে জানা নেই; তবু আমার এই তুচ্ছাতিতুচ্ছ জীবনকে তুমি তো অবজ্ঞা কর না!

হে প্রভু, যা জানা উচিত, তা আমাকে জানতে দাও; যা ভালবাসার যোগ্য তা ভালবাসতে দাও; তোমার যা সব-চেয়ে প্রিয়, তার-ই প্রশংসা করতে দাও আমাকে; যা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তোমার চোখে মূল্যবান, তা যেন আমি সম্মান করি এবং তোমার দৃষ্টিতে যা কদর্য তা যেন ঘৃণা করি! বাহ্য-চক্ষুর দৃষ্টি অনুসারে আমাকে বিচার করতে বা অজ্ঞ লোকদের কানে শোনা কথামত বিচারের রায় দিতেও দিয়ো না; দৃশ্যমান এবং আধ্যাত্মিক বিষয় সূক্ষ্ম যুক্তি দ্বারা নির্ধারণ করতে, আর সর্বোপরি তোমার প্রসন্নতা অনুসন্ধান করতে আমাকে সাহায্য কর।

বিচার করতে গিয়ে মানুষের ইন্দ্রিয়-বোধ প্রায় ভুল করে; আর যারা সংসার অনুরাগী, তারাও শুধু পার্থিব বিষয় ভালবেসে ভুল করে। তাকে ভাল মনে করা হয় বলে মানুষ যে তার জন্য ভাল হয়ে এমন নয়। প্রশংসা করতে গিয়ে প্রবঞ্চক প্রবঞ্চককে, দাম্ভিক দাম্ভিককে, অন্ধ অন্ধকে এবং দুর্বল দুর্বলকে প্রতারণা করে। কারণ বিনীত সাধু ফ্রান্সিসের কথায়—"হে প্রভু, প্রত্যেক ব্যক্তি তোমার দৃষ্টিতে যেমন আছে, সে ঠিক তাই—তার বেশী নয়।"

৫১

উৎকৃষ্ট কাজে অকৃতকার্য হলে সাধারণ কাজে নিযুক্ত থাকা উচিত

প্রভু—বৎস, পুণ্যলাভের জন্য আগ্রহপূর্ণ মনোভাব নিয়ে তুমি সব সময় একাগ্রচিত্তে থাকতে পারবে না, পারবে না সর্বক্ষণ উন্নত স্তরে ধ্যানে রত থাকতে। আদিভূত-ভ্রষ্ট মনের স্বভাবের ফলে তোমাকে মাঝে মাঝে নিম্ন স্তরে নামতে হবে এবং

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অনিচ্ছা ও বিরাগ সত্ত্বেও তোমাকে বহন করতে এই নশ্বর জীবনের গুরুভার. যতদিন তুমি এই মরণশীল শরীর নিয়ে থাকবে, ততদিন তুমি বিরক্তির ভাব ও মনের গুরুভার অনুভব করবে। সুতরাং শরীর ও মাংস নিয়ে থাকলেই মাংসের ভারের জন্য তোমাকে প্রায়ই বিলাপ করতে হবে, কারণ আধ্যাত্মিক অধ্যয়ন ও দিব্য-দর্শনে তুমি সর্বদা নিযুক্ত থাকতে পার না।

এই অবস্থাতে তোমার করণীয় কাজ হচ্ছে—সাধারণ ও দৈহিক কাজে নিযুক্ত থাকা এবং সৎ-কর্মে আনন্দ করা। ইতোমধ্যে দৃঢ় বিশ্বাস নিয়ে আমার আগমন ও স্বর্গীয় দর্শনদানের জন্য অপেক্ষা কর এবং যে পর্যন্ত আমার দেখা আবার না পাও এবং সকল উদ্বেগ থেকে মুক্ত না হও, সে পর্যন্ত এই নির্বাসন-অবস্থা ও মনের আগ্রহ-হীনতা ধৈর্যের সঙ্গে সহ্য কর। কারণ আমি তোমাকে কষ্টের কথা বিস্মৃত হতে দেব এবং ভোগ করতে দেব আন্তরিক শান্তি! আমি তোমার সামনে পবিত্র ধর্মশাস্ত্রের মনোহর উদ্যান উন্মুক্ত করব; তুমি যেন উদার মনে আমার আদেশের পথে যাত্রা শুরু করতে পার। তখন তুমি এই কথা বলবে—"আমাদের মধ্যে যে গৌরব প্রকাশিত হবে সেই ভাবী গৌরবের তুলনায় বর্তমান কষ্টভোগ কিছুই নয়।"

৫২

মানুষ নিজেকে সান্ত্বনার যোগ্য মনে না করে শাস্তির যোগ্য মনে করুক

সেবক—প্রভু, আমি তোমার সান্ত্বনা বা তোমার অন্য

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কোন দর্শনদানের যোগ্য নই! অতএব যখন তুমি আমাকে দীন ও পরিত্যক্ত অবস্থায় রাখ, তখন আমার সঙ্গে যথার্থ ব্যবহারই কর। আমি যদি সমুদ্রের জলরাশির মত অশ্রু বিসর্জন করতে পারতাম, তবুও তোমার সান্ত্বনার যোগ্য হতাম না। কশাঘাত ও শাস্তি ব্যতীত আমি আর কিছু পাবার যোগ্য নই, কারণ বহুবার আমি গুরুতরভাবে তোমাকে অসন্তুষ্ট করেছি এবং নানা বিষয়ে অনেক অপরাধও করেছি। অতএব যথার্থ বিচারে কিছুটা সান্ত্বনা লাভের যোগ্যও আমি নই। কিন্তু তুমি, হে মঙ্গলময় ও দয়াময় ঈশ্বর, তোমার ইচ্ছা নয় যে, তুমি যা সৃষ্ট করেছ, তা বিনষ্ট হোক; তাই করুণাপাত্রে তোমার দয়ার ঐশ্বর্য দেখিয়ে, অপ্রত্যাশিতভাবে তোমার এই সেবককে তার কোন যোগ্যতা না থাকলেও, সান্ত্বনা দিয়ে থাক; যে সান্ত্বনা মানুষের মুখে রূপকথার মত নয় তা দিতে তুমি প্রসন্ন হও।

হে প্রভু, ভাল বলতে আমি কি করেছি যার জন্য তুমি আমাকে দিব্য-সান্ত্বনা দেবে? ভাল কিছু করেছি বলে আমি তো মনে করতে পারছি না; কিন্তু মনে পড়ে যে, আমি সর্বদাই পাপের প্রতি আসক্ত ছিলাম এবং আত্ম-সংশোধন বিষয়ে আলস্যও দেখিয়েছি। একথা সত্য, আমি তা অস্বীকার করতে পারি না। আমি যদি অন্য কথা বলতাম, তুমি আমার বিরুদ্ধে দাড়াতে এবং তখন আমার পক্ষে কেউ থাকত না। আমার পাপের জন্য নরক আর চিরস্থায়ী আগুন ছাড়া আর কিসেরই বা যোগ্য আমি? সত্যই আমি স্বীকার করছি যে, আমি সকল

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রকম অবজ্ঞা ও ঘৃণার যোগ্য এবং তোমার ভক্তদের মধ্যে গণ্য হওয়ার আমার যোগ্যতা নেই। এই কথা ভাবতে যদিও মনে ব্যথা লাগে, তবু সত্যের স্বার্থেই আমি আমার পাপের জন্য নিজেকে অভিযুক্ত করব, যাতে সহজে তোমার দয়া লাভের যোগ্য হই॰!

আমি যে অপরাধী এবং লজ্জায় অভিভূত, আমি কি বা বলতে পারি? একটি মাত্র কথা ছাড়া আর কিছু বলার যোগ্যতা আমার নেই—"পাপ করেছি, প্রভু. পাপ করেছি আমি! তুমি আমাকে দয়া কর, আমাকে ক্ষমা কর। অন্ধকারময় ও মৃত্যু-তিমিরাচ্ছন্ন ভূমিতে যাবার পূর্বে ক্ষণকালের জন্য আমাকে দুঃখে বিলাপ করতে দাও।" অপরাধী এবং দুর্ভাগা পাপী নিজের জন্য অনুতাপ করুক এবং অবনত হোক—এর বেশী তার কাছে তুমি কি আর চাইতে পার? প্রকৃত অনুতাপ ও হৃদয়ের নম্রতা থেকে ক্ষমার আশা জন্মায়, ব্যাকুল বিবেক শান্ত হয়, হারানো ঐশ-কৃপা পুনরায় পাওয়া যায়, ঈশ্বর-রোষ থেকে মানুষ রক্ষা পায় এবং অনুতপ্ত আত্মা ঈশ্বরের পবিত্র প্রেম-বন্ধনে মিলিত হয়।

হে প্রভু. পাপের জন্য বিনীত অনুতাপ তোমার সমীপে গ্রহনীয় বলি স্বরূপ; সেটি ধূপের সৌরভ অপেক্ষা সুগন্ধযুক্ত। এটি সেই সুগন্ধ তৈল যা মেরী মাগ্দালীনকে তোমার পা দু'টি লেপন করতে দিয়েছিলে; কারণ "অনুতপ্ত ও বিনীত হৃদয়কে তুমি কখনো প্রত্যাখান কর না!" ক্রুদ্ধ শত্রুর ক্রোধের পরিবর্তে শান্তিময় তোমার নিকট আছে আশ্রয়স্থল। অন্যত্র যা কিছু বিকৃত বা কলঙ্কিত হয়েছে, তোমার কাছে সে সব সংশোধিত বা ধৌত করা হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫৩

সংসার-আসক্ত ব্যক্তি ঐশ-কৃপা পায় না

প্রভু—বৎস, আমার কৃপা বহুমূল্য! বাহ্য-বস্তু বা পার্থিব ভোগের সঙ্গে তার তুলনা হয় না। অতএব তুমি যদি তা পেতে চাও, তবে আমার কৃপার প্রতিকূল সকল বাধা থেকে নিজেকে মুক্ত করে রাখ। তোমার জন্য একটি নির্জন স্থান খুঁজে নাও, সেখানে একাকী বাস করতে খুশী হও; কারো সঙ্গে কথা কইবার সুযোগ খুঁজো না, বরং তোমার মনকে অনুতপ্ত ও বিবেককে বিশুদ্ধ রাখার জন্য সাগ্রহে ঈশ্বরের নিকট প্রার্থনা নিবেদন কর। সমস্ত জগতকে 'কিছুই নয়' বলে মনে কর এবং বাহ্য-বিষয় অপেক্ষা ঈশ্বর-সেবাকে শ্রেষ্ঠ জ্ঞান কর; কারণ একই সময়ে—আমার ধ্যানে নিযুক্ত থাকা এবং অস্থায়ী বিষয় নিয়ে আমোদ ভোগ করা তোমার পক্ষে সম্ভব নয়। আমার কৃপালাভের জন্য পরিচিত ও প্রিয়জনদের কাছ থেকে পৃথক থাক এবং ঐহিক ভোগ থেকে মনকে নির্লিপ্ত রাখ। এইজন্য প্রেরিত শিষ্য সাধু পিতর খ্রীষ্ট-ভক্তদের অনুরোধ করেন, তারা যেন ইহ-জগতে নিজেদের বিদেশী বা পরিব্রাজকের মত মনে করেন।

আহা, সংসারের কোন্ বিষয়ে যে আসক্ত নয়, সে মৃত্যুকালে কত-না অভয় লাভ করবে! কিন্তু দুর্বল-চিত্ত এখনো হৃদয়কে সকল বস্তু থেকে নিরাসক্ত রাখতে পারে না। আর পশুপ্রবৃত্তির মানুষ অন্তর্মুখ মানুষের স্বাধীনতার কথা বোঝে না। ফলে সে যদি আধ্যাত্মিক-মানুষ হতে চায়, তবে তাকে যেমন দূরের,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS
তেমনি কাছের আত্মীয় সম্পর্ক থেকে পৃথক হতে এবং সকলের চেয়ে নিজের উপর বেশী সতর্ক হতে হবে। তুমি নিজেকে সম্পূর্ণ জয় করতে পারলে অন্য সব কিছুই সহজে তোমার কর্তৃত্বে আনতে পারবে। নিজেকে জয়লাভ হচ্ছে যথার্থ জয় ; কারণ যে নিজেকে এমন ভাবে বশীভূত রাখে যার ফলে ইন্দ্রিয়াসক্তি যুক্তিশক্তির অধীন এবং যুক্তিশক্তি ঈশ্বরের সম্পূর্ণ অনুগত হতে থাকে, সেই লোকই যথার্থ আত্মজয়ী এবং সংসারে বিজয়ীও বটে !

যদি তুমি এই প্রকার উন্নত পর্যায়ে পৌছাতে চাও, তবে তোমাকে বীরের মত এখন কাজ আরম্ভ করতে হবে এবং মূলে কুঠারাঘাত করতে হবে যেন ব্যক্তিগত, স্বার্থগত, পার্থিব, গুপ্ত এবং অযথা অনুরাগকে উচ্ছেদ ও বিনষ্ট করতে পার। এই রিপু থেকে অর্থাৎ নিজের প্রতি মানুষের অযথা ভালবাসা থেকে সব কিছুই জন্ম নেয়, যা সমূলে উৎপাটিত করা প্রয়োজন। রিপু জয় করতে বা দূর করতে পারলেই মহাশান্তি এবং প্রশান্তভাব আসবে।

যেহেতু যারা নিজেদের কাছে সম্পূর্ণরূপে মৃত হবার চেষ্টা করে এবং নিজেদের বিষয়ে সম্পূর্ণ নিস্পৃহ হওয়ার চেষ্টা করে, তাদের সংখ্যা খুবই কম, সেজন্য সাধারণ লোক নিজেদের বিষয় নিয়ে ব্যস্ত থাকে এবং নিজস্ব মনোভাব নিয়ে নিজেদের সীমাবদ্ধ গণ্ডীর উপর উঠতে পারে না। যে আমার সঙ্গে স্বাধীনভাবে চলতে চায়, তার উচিত সকল অসৎ ও অসঙ্গত আসক্তিকে সংযত রাখা এবং স্বার্থযুক্ত অনুরাগে কোন সৃষ্টবস্তুতে সঙ্গে আসক্ত না হওয়া।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫৪

প্রকৃতি এবং ঐশ-কৃপার বিপরীত গতি

প্রভু—বৎস, 'প্রকৃতি' এবং 'ঐশ-কৃপা'র গতির প্রতি উত্তমরূপে লক্ষ্য রাখ, দেখবে—তাদের গতি বিপরীত হলেও তার পার্থক্য সহজে ধরা যায় না। কেবল অধ্যাত্মনিষ্ঠ ও অন্তঃপ্রবুদ্ধ মানুষ তাদের প্রভেদ বুঝতে পারে। প্রকৃতপক্ষে সকলেই স্বীয় কল্যাণ কামনা করে এবং তাদের কথায় বা কাজে তারা অবশ্যই কিছু কিছু কল্যাণসাধনও করে, ফলে এরূপ অলীক কল্যাণসাধনায় প্রবঞ্চিত হয়। চতুর বলে 'প্রকৃতি' অনেককে আকর্ষণ করে, জড়িত করে, বঞ্চনা করে এবং সর্বদা নিজেকে চূড়ান্ত লক্ষণরূপে স্থাপন করে। কিন্তু 'কৃপা' কাজ করে সরল ভাবে, মন্দের স্পর্শও এড়িয়ে যায়, প্রবঞ্চনা ঘটায় না এবং সব কিছু করে শুধু ঈশ্বরের জন্য, যাঁর মধ্যে সে চূড়ান্ত আশ্রয় রূপে বিশ্রাম করে।

'প্রকৃতি' অনিচ্ছায় আত্মসমর্পণ করে এবং ভারাক্রান্ত, পরাজিত, বশীভূত বা স্বেচ্ছায় পরের অধীন হতে চায় না। কিন্তু 'কৃপা' আত্মসংযম খোঁজে, ভোগাসক্তির প্রতিরোধ করে, বশীভূত হতে চায়, আত্মসমর্পণ কামনা করে এবং নিজের স্বাধীনতা প্রয়োগ করতে অনিচ্ছুক হয়; সে নিয়মানুবর্তিতা ভালবাসে এবং পরের উপর কর্তৃত্ব করতে চায় না, কিন্তু সব সময় ঈশ্বরের অধীনে থেকে তাঁকে নিয়ে বাঁচতে ও এগিয়ে চলতে চায় এবং ঈশ্বরের জন্য সকল মানবের কাছে নম্রভাবে নত হবার জন্য সে প্রস্তুত থাকে।

'প্রকৃতি' নিজের সুবিধামত কাজ করে এবং কি লাভ পরের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কাছ থেকে আসতে পারে, সেই দিকে লক্ষ্য রাখে। কিন্তু 'কৃপা' কি উপায়ে নিজের উপকার বা সুবিধা হয় তা না দেখে, কি উপায়ে অনেকের উন্নতি হতে পারে সে বিষয়েই অধিক মনোযোগ দান করে। 'প্রকৃতি' খুশী মনে সম্মান ও সম্ভ্রম গ্রহণ করে, কিন্তু 'কৃপা' সকল সম্মান ও গৌরব বিশ্বস্তভাবে ঈশ্বরে আরোপ করে!

লজ্জা ও অবজ্ঞাকে ভয় করে 'প্রকৃতি'। কিন্তু 'কৃপা' "যীশুর মাহাত্ম্যের জন্য অপমানিত হলেও আনন্দ পায়।" 'প্রকৃতি' আলস্য ও শারীরিক বিলাস ভালবাসে, 'কৃপা' কিন্তু নিষ্কর্ম থাকতে পারে না, বরং শ্রমকে স্বচ্ছন্দে গ্রহণ করে। 'প্রকৃতি' দুর্লভ ও সুন্দর পার্থিব জিনিষ খোঁজে এবং যা তুচ্ছ ও সাধারণ তা ঘৃণা করে; কিন্তু 'কৃপা' অতি সাধারণ ও সামান্য বিষয়ে তৃপ্তি পায়, যা কর্কশ তা অগ্রাহ্য করে না বা পুরাতন বস্ত্র পরিধান করতে সঙ্কোচ করে না। 'প্রকৃতি' পার্থিব বিষয় পছন্দ করে, পার্থিব লাভে তৃপ্তি পায়, ক্ষতিতে দুঃখিত হয় এবং সামান্য অপমানের কথায় ক্রুদ্ধ হয়ে উঠে। কিন্তু 'কৃপা' স্বর্গের নিত্যস্থায়ী বিষয়ে লক্ষ্য রাখে, পার্থিব বিষয়ে আসক্ত হয় না, ক্ষতি হলে বিচলিত বা অবমাননার কথায় উত্তেজিতও হয় না; কারণ তার আসল সম্পদ ও আনন্দ স্বর্গেই আছে, যেখানে কিছুই নষ্ট হয় না।

'প্রকৃতি' লোভী; দান করার চেয়ে গ্রহণ করাকেই সে বেশী পছন্দ করে; স্বার্থগত, ব্যক্তিগত বিষয় সে ভালবাসে। 'কৃপা' সকলের প্রতি সদয় ও উদার; ব্যক্তিগত বিষয় অবহেলা করে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অল্পে সন্তুষ্ট হয় এবং "গ্রহণ অপেক্ষা দান করাকে অধিক মঙ্গলজনক ভাবে।" সৃষ্ট-বস্তু, নিজের দেহ, অসারতা ও অলীক গুজবের দিকে মন দেয় 'প্রকৃতি'। আর 'কৃপা' ঈশ্বর ও সদ্‌গুণের প্রতি আকৃষ্ট হয়; সে সৃষ্ট-বস্তুকে অবহেলা করে, সংসারকে পরিত্যাগ করে চলে, ইন্দ্রিয়-বাসনাকে ঘৃণা করে, ইচ্ছা-অনিচ্ছাকে নিরস্ত করে এবং জনসাধারণের সামনে দাঁড়াতে লজ্জা করে। 'প্রকৃতি' খুশী মনে ইন্দ্রিয়ভোগ করার মত বাহ্য কোন সুখদায়ক বিষয়ের অন্বেষণ করে, কিন্তু 'কৃপা' কেবল ঈশ্বরের মধ্যে সান্ত্বনা খোঁজে এবং প্রত্যক্ষ সকল বিষয় অতিক্রম করে ঊর্ধ্বে সেই 'শ্রেষ্ঠ মঙ্গল'-এ তৃপ্ত হয়।

নিজের লাভ ও সুবিধার জন্য 'প্রকৃতি' সব-কিছু করে; বিনা স্বার্থে সে কিছু করতে পারে না, কিন্তু নিজে যে উপকার করে, তার বিনিময়ে সে সমান বা তার চেয়েও বেশী কিছু অথবা প্রশংসা বা উপকার আশা করে; সে যা করে বা দেয় তা খুব বড় বলে বিবেচিত হোক এমন কামনাও সে করে। কিন্তু 'কৃপা' পার্থিব কিছু খোঁজে না এবং পুরস্কার বলতে সে কেবলমাত্র ঈশ্বর ব্যতীত অন্য কিছু তার কাম্য নয়। আবার আবশ্যকীয় পার্থিব বিষয়গুলোর মধ্যে সে শুধু সেগুলো চায়, যা অনন্ত বিষয় লাভের জন্য প্রয়োজনীয়।

'প্রকৃতি' অনেক বন্ধু ও আত্মীয় সমাগমে আনন্দ পায়, দেশ ও বংশমর্যাদা নিয়ে গর্ব করে, প্রতাপশালীদের সমর্থন করে, ধনীদের তোষামোদ করে এবং তারই মত যারা, তাদের সে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রশংসা করে। 'কৃপা' কিন্তু শত্রুকেও ভালবাসে এবং অধিক সংখ্যক বন্ধুতে গর্বস্ফীত হয় না, আর নিজের দেশ বা বংশের বিষয়ে কোন মূল্যায়ণ করে না, শুধু তখন করে যখন তাতে কোন বিশেষ গুণ যুক্ত থাকে। ধনীর চেয়ে 'কৃপা' দরিদ্রকে বেশী পছন্দ করে, ক্ষমতাপন্ন অপেক্ষা নিরীহদের প্রতি সে অধিক সহানুভূতি দেখায় এবং মিথ্যাবাদীর সঙ্গে না থেকে সত্যবাদীর সঙ্গে সে আনন্দ-বোধ করে। সজ্জনদের "উৎকৃষ্ট সদ্গুণের জন্য উৎসুক" হতে এবং পুণ্যলাভে ঐশ-পুত্রকে অনুকরণ করতে সে উৎসাহ দেয়।

'প্রকৃতি' অভাব ও উত্তেজনায় সঙ্গে সঙ্গে আক্ষেপ করে; পক্ষান্তরে সহিষ্ণুতার সঙ্গে দীনতাকে বরণ করে 'কৃপা'।

'প্রকৃতি' সমস্তই নিজের দিকে চালিত করে, নিজের স্বার্থে দ্বন্দ্ব ও তর্কবিতর্ক করে। কিন্তু 'কৃপা' 'পরম উৎস' ঈশ্বরে সব কিছু আরোপ করে; কোন ভাল কাজ নিজেতে আরোপ করে না বা তা নিয়ে মিথ্যা আত্মগর্ব করে না, সে বিবাদ করে না বা পরের মতের চেয়ে নিজের মতকে শ্রেয় ভাবে না, কিন্তু যা কিছু অনুভব বা উপলব্ধি করে তার বিচারের জন্য সে নিজেকে স্বয়ং 'অনন্ত জ্ঞান' ঈশ্বরের অধীন রাখে।

'প্রকৃতি' গুপ্ত বিষয় জানতে ও নতুন নতুন বিষয় শুনতে বাসনা করে, অপরের সামনে দাঁড়াতে ও ইন্দ্রিয়বোধ দ্বারা অনেক কিছু অনুভব করতে সে ভালবাসে। সে পরিচিত হতে এবং যা থেকে প্রশংসা ও সুখ্যাতি আসতে পারে, তাই করতে ইচ্ছা করে। কিন্তু 'কৃপা' নতুন বা কৌতূহলোদ্দীপক বিষয় জানার চেষ্টা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করে না, কারণ সে জানে বর্তমান মনোভাব প্রাচীন বিপথ গমন থেকে উৎপন্ন, আর এটিও জানে যে পৃথিবীতে নতুন বা স্থায়ী বলতে কিছুই নেই। তাই ইন্দ্রিয়বোধকে সে সংযমে রাখে, বৃথা আত্মতৃপ্তি ও আত্মগর্বকে এড়িয়ে তার যা কিছু প্রশংসার যোগ্য ও বিস্ময়কর তা গুপ্ত রাখে এবং প্রত্যেক বিষয়-বস্তু বা সঞ্চিত বিদ্যা থেকে ঈশ্বরের প্রশংসা এবং সম্মান করার জন্য কোন ফলপ্রসু উপায় সংগ্রহ করতে চেষ্টা করে। সে নিজের বা নিজের কোন বিষয়ে প্রচার চায় না; কিন্তু ঈশ্বর—যিনি শুধু পরম দয়াবশে সকল দানই দান করে থাকেন, তাঁর সমস্ত দানের জন্য তাঁকে ধন্যবাদ দেওয়া হোক এটি সে চায়।

এই 'কৃপা' হচ্ছে একটি অলৌকিক জ্যোতি, ঈশ্বরের এক বিশেষ দান এবং প্রকৃত মনোনীত ব্যক্তিদের নিদর্শন ও পরিত্রাণের পণ-স্বরূপ। সে ঐহিক বিষয় থেকে মানুষকে উন্নত করে স্বর্গীয় বিষয়কে ভালবাসতে সাহায্য করে এবং ইন্দ্রিয়যুক্ত অবস্থা থেকে তাকে আধ্যাত্মিক অবস্থায় রূপান্তরিত করে। 'প্রকৃতি'-কে যত বেশী সংযত ও পরাজিত করা হয়, তত বেশী পরিমাণ 'কৃপা' প্রদান করা হয়; ফলে দিনের পর দিন নতুন দর্শন লাভ করে অন্তর্মুখ মানুষ ঈশ্বরের সাদৃশ্যে পরিণত হয়।

৫৫

প্রকৃতির ভ্রষ্টতা ও ঐশপ্রসাদের কার্যকারিতা

সেবক—হে আমার প্রভু ঈশ্বর, নিজ আদর্শ ও সাদৃশ্যে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তুমি আমাকে সৃষ্টি করেছ! আমার মুক্তির জন্য যে মহান ও প্রয়োজনীয় কৃপার কথা তুমি বলেছিলে সেই 'কৃপা' আমাকে দান কর, তাহলে আমার যে জন্মগত ভ্রষ্ট প্রকৃতি আমাকে পাপ ও ধ্বংসের দিকে আকর্ষণ করে, তাকে আমি জয় করতে পারব। কারণ "আমি আমার শরীরে অনুভব করছি 'পাপের নীতি' যা আমার 'যুক্তির নীতি'-র বিরোধিতা করে এবং আমাকে আবদ্ধ করে রেখে বহু বিষয়ে ইন্দ্রিয়-বিলাসের বশে আনে।" আর তোমার যে অতি পবিত্র 'কৃপা' আমার হৃদয়ে সাগ্রহে প্রদীপ্ত অগ্নিস্বরূপ সঞ্চারিত হয়েছে, সে আমার সহায় না থাকলে শরীরের অসৎ প্রবৃত্তিগুলিকে আমি প্রতিরোধ করতে পারব না!

যে প্রকৃতি যৌবনাবধি সর্বদা অসৎ-প্রবণ, তাকে জয় করার জন্য তোমার 'কৃপা' আর প্রচুর পরিমানেই 'কৃপা' প্রয়োজন আমার! কারণ, প্রথম পুরুষ 'আদম'-এর পাপে ভ্রষ্ট এবং পাপের জন্য বিকৃত হওয়ায় প্রকৃতি তার কলঙ্কের দণ্ড সকল মানুষের মধ্যে এনে দিয়েছে। এইজন্য যে প্রকৃতিকে তুমি উত্তম ও সৎ করে সৃষ্টি করেছিলে, তাকে পাপ ও দুর্বলতা হেতু ভ্রষ্ট বলে গণ্য করা হয়; ফলে তার নিজ প্রবণতা অনুসারে সে মন্দ ও নিম্ন গতির দিকে ধাবিত হয়। আর এখনও তার পূর্বকার যে সামান্য শক্তি রইল, তা ভস্মাচ্ছাদিত অগ্নিকণার মতই। সেটি হচ্ছে বিরাট ধূম্রজালে বেষ্টিত স্বয়ংসিদ্ধ স্বাভাবিক যুক্তিশক্তি, যার এখনো ভালমন্দ ও সত্য-মিথ্যার পার্থক্য-বোধ থাকে, যদিও সে যা ভাল বোঝে, তা কাজে পরিণত করতে পারে না এবং

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সত্যের পূর্ণ জ্যোতি বা পূর্বেকার শুদ্ধ অনুরাগ সে প্রয়োগ করে না আর।

অতএব হে আমার ঈশ্বর, তোমার বিধানগুলি যে সৎ, ন্যায় ও পবিত্র এবং অন্যায় ও পাপ পরিহারের সহায়ক, তা জেনে যদিও আন্তরিক মানুষ হিসাবে তোমার বিধান পছন্দ করি, তবুও রক্ত মাংসের মানুষ হিসাবে আমি "পাপের বিধান মেনে চলি" ; ফলত যুক্তি ও নির্দেশের চেয়ে ইন্দ্রিয়বিলাসে বেশী বশীভূত হই। তাই "ভাল কিছু করার ইচ্ছা আমার প্রায় থাকলেও, ইচ্ছা সিদ্ধ করার শক্তি আমি পাই না।" এর ফলে আমি অনেকবার অনেক ভাল কাজ করার সংকল্প করি, কিন্তু পরে আমার দুর্বলতা দূর করার জন্য তোমার শক্তির 'কৃপা' না থাকায় আমি সামান্য বাধায় পশ্চাদ্‌পসারণ করি এবং আত্মহারা হই! তাই সিদ্ধি-লাভের পথ যদিও আমি জানি এবং কিভাবে আমাকে চলতে হবে সে কথাও বেশ স্পষ্টভাবে বুঝি, তবু আমার স্বভাবের ভ্রষ্টতার ভারে আমি সিদ্ধিলাভে অগ্রসর হই না।

হে প্রভু, সৎকাজ আরম্ভ করতে, তা পরিচালনা এবং সম্পন্ন করতে তোমার 'কৃপা' নিতান্তই আবশ্যক! কারণ, তা ছাড়া আমি কিছুই করতে পারিনা ; কিন্তু 'কৃপা' সহায় হলে তোমার সহযোগে আমি সবই করতে পারি!

আহা প্রকৃত দিব্য 'কৃপা'! তোমা ব্যতীত ব্যক্তিগত গুণ এবং প্রকৃতির দানেরও কোন মূল্য নেই। হে প্রভু, 'কৃপা' না থাকলে তোমার কাছে কলাবিদ্যা কিছুই নয়, ধন-ঐশ্বর্য, সৌন্দর্য,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এবং শক্তিও কিছু নয়; বাগ্মিতারও কোন মূল্য নেই। কারণ প্রকৃতির দানগুলি ভাল-মন্দ লোক নির্বিশেষে আছে, কিন্তু 'কৃপা' অর্থাৎ ঐশ-প্রেম হচ্ছে শুধু মনোনীতদের প্রতি বিশিষ্ট দান; এই দানে যারা ভূষিত তারা অনন্ত জীবন লাভের যোগ্য বলে বিবেচিত হবে। 'কৃপা'' এমন মহৎ যে, ভবিষ্যদ্বাণী বা আশ্চর্য কাজ, অথবা দিব্য-দর্শন-লাভ যাই হোক না কেন, সে ছাড়া তার কাছে কোন মূল্যেরই নয়। আর, প্রেম ও 'কৃপা' ব্যতীত বিশ্বাস, আশা এবং অন্যান্য সদ্‌গুণ, তোমার কাছে হে প্রভু, গ্রহণযোগ্য হয় না।

হে পরমধন্য 'কৃপা', তুমি আত্মায়-দীনহীনকে সদ্‌গুণে ধনবান কর এবং হৃদয়ে নম্র ব্যক্তিকে কর নানাবিধ গুণে ধনী। এসো, আমার উপর নেমে এসো, তোমার সান্ত্বনায় আমার অন্তকরণ যথাসময়ে পূর্ণ কর, আমার আত্মা যেন মনের ক্লান্তি ও শৈথিল্যে হতাশ না হয়! হে প্রভু, আমার অনুরোধ, আমি যেন তোমার নিকট হতে 'কৃপা' পাই; কারণ 'প্রকৃতি' যা চায়, তা না পেলেও "তোমার 'কৃপা' আমার পক্ষে যথেষ্ঠ।" যদিও নানা দুঃখ-কষ্টের দ্বারা আমি পরীক্ষিত ও নির্যাতিত, তবু যতক্ষণ তোমার 'কৃপা' আমার সঙ্গে থাকবে, ততক্ষণ আমি কোন অনিষ্টকে ভয় করব না! সে আমার শক্তি, সে আমাকে দেয় প্রেরণা ও সাহায্য। সে সকল শত্রুর চেয়ে শক্তিশালী, সে সকল জ্ঞানী অপেক্ষাও জ্ঞানী!

সে সত্যের শিক্ষক, নিয়মানুবর্তিতা-শিক্ষাদাতা, মনের আলোক, কষ্টে সান্ত্বনা, শোক-বিনাশক, ভয়হন্তা, ভক্তি-প্রবর্তক

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ও অশ্রু উৎপাদক। সেটি না থাকলে আমি শুষ্ক কাষ্ঠখণ্ড ও পরিত্যক্ত অব্যবহার্য ক্ষুদ্র তৃণ ছাড়া আর কি ?

হে পিতা ঈশ্বর, "তোমার 'কৃপা' সর্বদা আমার অগ্রপশ্চাতে গমন করুক এবং সৎকাজে সর্বক্ষণ নিযুক্ত থাকতে আমাকে সাহায্য করুক!" তোমার পুত্র যীশুখ্রীষ্টের মাধ্যমে এ সব সাধিত হোক, আমেন।

৫৬

আত্মবর্জন ও ক্রুশের মাধ্যমে খ্রীষ্টের অনুকরণ

প্রভু—বৎস, নিজের সীমাবদ্ধ গণ্ডীর মধ্যে থেকে নিজেকে যতই বহিষ্কৃত করতে পারবে, ততই আমার মধ্যে তোমার অনুপ্রবেশ ঘটবে। বাহ্য বিষয় কামনা না করে যেমন আন্তরিক শান্তি পাওয়া যায়, তেমনি আন্তরিকভাবে নিজেকে অবহেলা করলে ঈশ্বরের সঙ্গে যুক্ত হওয়া যায়। কেমন করে বিনা প্রতিবাদ ও আপত্তিতে আমার ইচ্ছানুসারে তোমাকে আত্মত্যাগ করতে হবে, তা আমি তোমাকে শেখাব। "আমাকে অনুসরণ কর—আমিই পথ, সত্য ও জীবন!" 'পথ' ছাড়া অগ্রসর হওয়া যায় না, 'সত্য' ছাড়া জ্ঞান লাভ হয় না, 'জীবন' ছাড়া বাঁচা যায় না। আমি 'পথ', যাকে তোমার অনুসরণ করা একান্ত প্রয়োজন; আমি 'সত্য', যাকে বিশ্বাস করা উচিত এবং আমি 'জীবন', যার আশা তোমাকে করতে হবে! আমি অপরিহার্য পথ, অভ্রান্ত সত্য ও অনন্ত জীবন। আমি সরলতম পথ, পরম সত্য, সত্য-শান্তিময়-স্বয়ম্ভু জীবন! আমার পথে স্থির থাকলে তুমি সত্যকে চিনবে; "সত্য তোমাকে মুক্ত করবে আর তুমি লাভ করবে অনন্ত জীবন!"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

"অনন্ত জীবনে যদি প্রবেশ করতে চাও, তবে আদেশগুলি পালন কর!" যদি সত্যকে জানতে চাও, আমাকে বিশ্বাস কর। "যদি সিদ্ধি লাভ করতে চাও, তোমার সব কিছু বিক্রয় করে আমাকে অনুসরণ কর।" আমার শিষ্য হ'তে যদি চাও, নিজেকে অস্বীকার কর। যদি আনন্দময় জীবন অধিকার করতে চাও, তাহলে বর্তমান জীবনকে উপেক্ষা কর। যদি স্বর্গে উন্নীত হতে চাও, ইহজগতে নিজেকে অবনত কর। যদি আমার সঙ্গে রাজত্ব করতে চাও, আমার সঙ্গে ক্রুশ বহন কর। কারণ কেবল ক্রুশ বহনকারীরা পরম সুখ ও প্রকৃত আলোকের পথ পেয়ে থাকে।

সেবক—প্রভু যীশু, যেহেতু তোমার পথ সংকীর্ণ ও জগতের কাছে ঘৃণ্য, সেহেতু কৃপা কর আমাকে, আমি যেন সংসারকে অবজ্ঞা করে তোমাকে অনুসরণ করি। "কারণ সেবক তো তার প্রভুর চেয়ে বড় নয়, শিষ্যও গুরুর ঊর্ধ্বে নয়!" কৃপা কর যেন তোমার সেবক তোমার জীবন-আদর্শ অনুসরণ করে; কারণ এতে শুধু প্রকৃত মুক্তি ও সিদ্ধি লাভ করা সম্ভব। তোমার জীবন যাত্রা ছাড়া আমি যা কিছু পড়ি বা শুনি, তা আমাকে তৃপ্তি বা পূর্ণ-আনন্দ দেয় না!

প্রভু—বৎস, তুমি যখন এসব বিষয় জান এবং পড়েছ, তখন সে-সব কার্যে রূপায়িত করলে তুমি ধন্য হবে! "আমার আজ্ঞাগুলি যে জানে ও পালন করে, সে-ই আমাকে ভালবাসে। আমিও তাকে ভালবাসব এবং তার কাছে আপনাকে প্রকাশ করব; আমার পিতার রাজ্যে আমি তাকে আমার সঙ্গে অবস্থান করতে দেব।"

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সেবক—প্রভু যীশু, তুমি যেমন বলেছ এবং অঙ্গীকারও করেছ, ঠিক তেমনই হোক, তোমার কথামত এসব করতে আমি যেন যোগ্য হয়ে উঠি। তোমার ক্রুশ আমি গ্রহণ করলাম, গ্রহণ করলাম তোমার হাত থেকেই; আর যেভাবে তুমি তার গুরুভার আমার উপর স্থাপন করেছ ঠিক সেইভাবে আমি তাকে বহন করব, মৃত্যু পর্যন্ত বহন করব, সত্যই, উত্তম ধর্মব্রতীর জীবন-যাত্রা হচ্ছে ক্রুশ বা কষ্ট স্বীকার; এতে সে স্বর্গের পথে পরিচালিত হয়। আমরা যখন ক্রুশ বহন করতে আরম্ভ করেছি, তখন ফিরে যাওয়া বা কাজ ছেড়ে দেওয়াও উচিত নয়।

ভাই সব, এস—এক সঙ্গে এগিয়ে যাই; যীশু আমাদের সঙ্গে থাকবেন! যীশুর প্রেমের জন্য যখন আমরা এই ক্রুশ নিয়েছি, যীশুর প্রেমের জন্যই ক্রুশ বহনে নিযুক্ত থাকব! যিনি আমাদের পরিচালক ও অগ্রগামী, তিনিই আমাদের সহায় হবেন। দেখ, আমাদের রাজা আমাদের আগে গিয়ে আমাদের জন্য সংগ্রাম করবেন। তবে এস, সাহসের সঙ্গে তাঁর অনুগমন করি। কেউ যেন ভয়ে অভিভূত না হই! বীরের মত সংগ্রাম করতে আমরা যেন প্রস্তুত হই এবং ক্রুশ ছেড়ে পলায়ন করার অপরাধে আমরা যেন "আমাদের গৌরব কলঙ্কিত না করি!"

৫৭

দোষ করলে মানুষ যেন হতাশ না হয়

প্রভু—বৎস, সুদিনে সান্ত্বনাভোগ ও ধর্মানুরাগ প্রদর্শনের চেয়ে দুর্দিনে ধৈর্য ও বিনয় প্রকাশ আমাকে বেশী তৃপ্তি দেয়। তোমার বিরুদ্ধে সামান্য কিছু বলার জন্য কেন তুমি মন খারাপ করছ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যাপারটা গুরুতর হলেও অস্থির হওয়া তোমার পক্ষে উচিত নয়। থাক, এসব এখন ছেড়ে দাও ; এ তো প্রথম নয়, নতুনও নয়, দীর্ঘকাল বাঁচলে এটিও শেষ বার নয়। যতক্ষণ তোমার প্রতিকূল কিছু না ঘটে, ততক্ষণ তুমি খুব সাহসী হও, আর অপরকেও সৎপরামর্শ দিয়ে থাক এবং কথার দ্বারা উৎসাহও দিয়ে থাক। কিন্তু তোমার দ্বারে কোন আকস্মিক কষ্ট এসে পড়লে তুমি পরামর্শ ও সাহস দিতে পার না। তোমার অতি-দুর্বলতার কথা ভাব ; অনেক বার সামান্য বিষয়েও তুমি সেই দুর্বলতা অনুভব করেছ! তবু জানবে যে, এই সব বা এরূপ যা কিছু ঘটে, তা ঘটে তোমার মঙ্গলের জন্যই।

যা তোমার পক্ষে করা সম্ভব, তা মনে প্রাণে কর ; আর যখন কোন কষ্ট তোমাকে স্পর্শ করে, তখন তুমি হতাশ হয়ো না বা নিরাশ অবস্থায় থেকো না। যদি আনন্দের সঙ্গে কষ্ট সহ্য করতে না পার, তবে অন্ততঃ ধৈর্যের সঙ্গে তা সহ্য কর। আর অনিচ্ছার সঙ্গে কিছু শুনতে হলে যদিও ক্রোধে জ্বলে ওঠার মত অবস্থা হয়, তবুও নিজেকে দমন কর আর সরলদের বিঘ্ন হতে পারে এমন কোন অপ্রিয় কথা মুখ থেকে বার হতে দিও না! মনে রেখ, শীঘ্রই তোমার অস্থির চিত্ত স্থির হবে এবং 'কৃপা' ফিরে আসায় তোমার আন্তরিক শোক লুপ্ত হবে। প্রভু বলেন, "আমি এখনও বর্তমান। তুমি যদি আমাকে বিশ্বাস কর এবং ভক্তিপূর্ণ অন্তরে ডাক, তাহলে তোমাকে সাহায্য করতে এবং পূর্বাপেক্ষা অধিক সান্ত্বনা দিতে আমি প্রস্তুত।"

সুখে দুঃখে সমভাবাপন্ন হও এবং আরও কষ্ট সহ্য করার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জন্য নিজেকে প্রস্তুত কর। তুমি যে বারবার নির্যাতিত ও গুরুতর-ভাবে প্রলুব্ধ হচ্ছ, তার জন্য সবই নষ্ট হয়েছে এমন কথা ভেবো না। তুমি তো মানুষ, ঈশ্বর নও, স্বর্গদূতও নও; তুমি রক্ত মাংসের মানুষ। তুমি কেমন করে সদ্‌গুণে একভাবে স্থির থাকতে পার, যখন স্বর্গে স্বয়ং দূত ও স্বর্গোদ্যানে প্রথম মানুষও তেমন হয়ে থাকতে পারেন নি? আমিই তো শোকার্তদের নিরাপদ অবস্থায় আনি এবং যারা আপন দুর্বলতা স্বীকার করে, তাদের আমি আমার ঐশমহত্ত্ব পর্যন্ত উন্নীত করি।

সেবক—হে প্রভু, "তোমার বাণীর মহিমা হোক; তা আমার মুখে মধু অপেক্ষা মিষ্ট!" তোমার পবিত্র উপদেশে তুমি আমাকে আশ্বাস না দিলে, এত দুঃখকষ্ট ও অভাবের মধ্যে আমি কিবা করতাম? একবার মুক্তির বন্দরে পৌঁছাতে পারলে, পৃথিবীতে কি প্রকার ও কত বেশী দুঃখ আমাকে সহ্য করতে হয়েছে, তখন তাতে আর কী এসে যাবে? আমাকে কল্যাণময় পরিসমাপ্তি দান কর। এ সংসার থেকে আমার প্রস্থানকে কর সুখময়! হে আমার ঈশ্বর, আমার কথা স্মরণে রেখে সরল পথে আমাকে তোমার রাজ্যের দিকে চালিত কর! আমেন।

৫৮

ঈশ্বরের বিধির সূক্ষ্মানুসন্ধান অনুচিত

প্রভু—বৎস, সতর্ক হও যেন গভীরতম বিষয় এবং ঈশ্বরের গুপ্তবিচার সম্বন্ধে তর্ক না কর—কেন এ ব্যক্তিকে 'কৃপা' বঞ্চিত অবস্থায় রাখা হয়েছে, আর ওকে অত 'মহাকৃপার' অবস্থায় উন্নত করা হয়েছে, আর কেনই বা একে এত কষ্ট আর ওকে অত প্রশংসা দেওয়া হচ্ছে—এ-সব মনুষ্য-বুদ্ধির অতীত। ঈশ্বরের বিচার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভেদ করার যোগ্যতা কোন যুক্তি বা তর্কের নেই। তাই শত্রু শয়তান যখন এমন বিষয় তোমার কর্ণগোচর করে বা কোন কৌতূহলী লোক তা তোমাকে জিজ্ঞাসা করে, তখন ভবিষ্যদ্‌-বক্তার কথায় তুমি উত্তর দেবে—"প্রভু, তুমি ন্যায়বান ; তোমার বিচার ন্যায়সঙ্গত!" আরও বলবে "প্রভুর সকল বিচার সত্য ; তাঁর বিচারের সত্যতা আপনিই প্রকাশ পায়।" আমার বিচারগুলি সম্বন্ধে তর্ক না করে ভয় করা দরকার, কারণ সেগুলি মানুষের বুদ্ধির অগম্য।

সেই রকম সাধুদের পুণ্যলাভের বিষয় অর্থাৎ কে কার অপেক্ষা অধিক সাধু, বা স্বর্গরাজ্যে কে বেশী উন্নত, সেই বিষয়ের অনুসন্ধান কিংবা তা নিয়ে তর্ক করা উচিত নয়। এরূপ ব্যাপার অনেকবার বিরোধ ও অনর্থক বিবাদ সৃষ্টি করে। এসব অনুসন্ধান অহংকার ও অসার দর্পকে পোষণ করে এবং সেই থেকে হিংসা ও অনৈক্য জন্মায়, কারণ গর্বের সঙ্গে একজন এক সাধুকে এবং অন্যজন অন্য সাধুকে শ্রেষ্ঠ বলে প্রতিপন্ন করতে চেষ্টা করে। এই সব জানতে ও বুঝতে চাইলে কোন লাভ হয় না, বরং সাধুদের অসন্তোষের কারণ হয় ; কারণ "আমি বিবাদের ঈশ্বর নই, কিন্তু শান্তির ঈশ্বর ; আত্মগর্ব অপেক্ষা প্রকৃত নম্রতায় এই শান্তি অবস্থিত।"

অতিরিক্ত অনুরাগের বশে কেউ কেউ এর বা অপর কোন সাধুর প্রতিবেশী অনুরক্ত হয়। জানবে এই মনোভাব ঐশ্বরিক হওয়ার চেয়ে মানবীয় হয়ে থাকে। আমিই তো সকল সাধুকে গঠন করেছি, আমিই তাঁদের 'কৃপা' দিয়েছি, আমিই তাঁদের দান করেছি গৌরব। শুধু আমি প্রতিজনের যোগ্যতা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জানি; আমার বিভিন্ন মধুর আশীর্বাদে তাঁদের "আমিই প্রথম থেকে অনুপ্রাণিত করেছি। অনন্তকালাবধি আমি এরূপ প্রিয়-পাত্রদের কথা জানি; সংসার থেকে আমিই তাঁদের মনোনীত করেছি—তাঁরা সর্বপ্রথম আমাকে বেছে নিয়েছেন এমন নয়। 'কৃপা'-র মাধ্যমে আমি তাঁদের ডেকেছি, করুণা প্রদর্শনে তাঁদের আকর্ষণ করেছি, নানা প্রলোভনের মধ্য দিয়ে তাঁদের নিরাপদে চালিত করেছি। অপূর্ব সান্ত্বনাদানে তাঁদের অনুপ্রাণিত করেছি, তাঁদের দিয়েছি অধ্যাবসায়; তাঁদের সহিষ্ণুতাকে আমিই করেছি গৌরব-মুকুট শোভিত।

কে শ্রেষ্ঠ এবং কে ক্ষুদ্রতম তা আমি জানি; আমি আমার অমূল্য প্রেমের আলিঙ্গনে তাঁদের সকলকে আবদ্ধ করে রাখি। সকল সাধুর মধ্যে আমিই প্রশংসনীয়; তাঁদের সকলের ওপর আমি ধন্যবাদের যোগ্য এবং প্রত্যেক জনের মধ্যে আমারই মহিমা প্রাপ্য; কারণ আমি এত গৌরবের সঙ্গে তাঁদের উন্নত করেছি এবং পুণ্যময় হওয়ার পূর্বেই আমি তাঁদের মনোনীত করে স্বর্গলাভের জন্য তাঁদের নিযুক্ত করেছি। তাই যে আমার এই প্রিয়জনদের মধ্যে ক্ষুদ্রতমকে অবজ্ঞা করে, শ্রেষ্ঠকেও সে অশ্রদ্ধা করে; "কারণ ক্ষুদ্র ও মহান উভয়কেই আমি সৃষ্ট করেছি।"

যে কেউ কোন সাধুর গৌরব খর্ব করতে চেষ্টা করে, সে আমার ও স্বর্গরাজ্যের সকল সাধুর গৌরব হ্রাস করে, কারণ প্রেম-বন্ধনে আবদ্ধ হয়ে তাঁরা সকলে এক; তাঁদের মনোভাব এক, ইচ্ছা এক এবং তাঁরা সকলেই সমভাবে পরস্পরকে ভালবাসেন।

পরন্তু যা অতি উত্তম, নিজেদের এবং আপন যোগ্যতা অপেক্ষাও তাঁরা আমাকে বেশী ভালবাসেন। কারণ নিজেদের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

উর্ধ্বে ওঠে এবং আত্মপ্রীতি হ'তে বিচ্ছিন্ন হয়ে তাঁরা সকলেই আমার প্রেমে নিমগ্ন হন এবং সেই প্রেমে অসীম আনন্দভোগ করে বিশ্রাম করেন। তাঁদের মন চঞ্চল বা নিরাশ করার মত সেখানে কিছু নেই; কারণ নিত্য-সত্যে পরিপূর্ণ হওয়ায় তাঁরা অনির্বাণ প্রেমাগ্নিতে জ্বলতে থাকেন। অতএব, ইন্দ্রিয়াসক্ত ও পশু-প্রকৃতির মানুষ, যারা স্বার্থযুক্ত সুখ ভিন্ন আর কিছুকে ভালবাসতে জানে না, তারা যেন সাধুদের অবস্থার বিষয় নিয়ে তর্ক হ'তে বিরত থাকে, কারণ তারা 'নিত্য-সত্য'-এর ব্যবস্থানুযায়ী নয়, নিজ নিজ মতানুসারে কম বেশী পুণ্য সাধুদের আরোপ করে।

অজ্ঞতা বশতঃ অনেক লোক, বিশেষতঃ যারা দিব্য-আলোকে অল্প আলোকিত হয়েছে, তারা প্রকৃত পারমার্থিক প্রেমে কাউকে ভালবাসতে জানে না। তারা এখনও স্বাভাবিক অনুরাগ ও মানবিক বন্ধুত্ব-দ্বারা এর প্রতি বা ওর প্রতি আসক্ত হ'য়ে থাকে; আর সাংসারিক বিষয়ে যেভাবে ঘটে, স্বর্গীয় বিষয়েও সেইভাবে ঘটে—এমন কল্পনাই তারা করে। পক্ষান্তরে দুর্বল মানুষ যা ধারণা করে আর পারমার্থিক দৈব প্রকাশ দ্বারা প্রবুদ্ধ ব্যক্তি যা উপলব্ধি করে, তার মধ্যে অসীম পার্থক্য আছে।

সুতরাং হে বৎস, যে বিষয়গুলি তোমার বুদ্ধির অতীত, সেই বিষয়গুলি কৌতূহলের সঙ্গে আলোচনা কর না; বরং মনোযোগের সঙ্গে এমন চেষ্টা কর, যেন নিকৃষ্ট হলেও ঐশ-রাজ্যে কোন না কোন স্থান পেতে পার। আর কেউ যদি জানতে পারে যে, কে বেশী সাধু এবং স্বর্গরাজ্যে কাকে মহত্তর মনে করা হয়, এরূপ জ্ঞান লাভ করেও সে যদি আমার সাক্ষাতে নিজেকে নত না করে বা আমার নাম কীর্তন করতে আকুল না হয়ে ওঠে, তাহলে এই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জ্ঞানে তার কোন লাভের নয়। যে লোক সাধুদের মহত্ত্ব বা ক্ষুদ্রত্ব নিয়ে তর্কবিতর্ক করে, তার চেয়ে যে ব্যক্তি নিজের পাপ কত বেশী এবং নিজের সদ্‌গুণ কত কম, আর সাধুদের সিদ্ধি-লাভ অবস্থা থেকে সে কত দূরে রয়েছে, সে বিষয়ে চিন্তা করে, সে ঈশ্বরের কাছে বেশী প্রিয়। সাধুদের গোপনীয় বিষয়ের বৃথা তত্ত্বানুসন্ধানের চেয়ে, ভক্তিযুক্ত প্রার্থনা ও অশ্রুপাতে সাধুদের অনুরোধ করা এবং তাঁদের গৌরবময় আনুকূল্য বিনীতভাবে ভিক্ষা করা বরং ভাল।

মানুষ যাই ভাল করতে পারে তাতে যদি সন্তুষ্ট হয় এবং বৃথা গল্প থেকে নিবৃত্ত থাকতে শেখে, তাহলে, সাধুদের উত্তম ও যথার্থরূপে সন্তুষ্ট করবে। সাধুরা স্বীয় যোগ্যতার জন্য আত্মগৌরব করেন না, কারণ যা ভাল সে সব নিজেকে নয়, আমাতে আরোপ করেন, কেননা পরম দয়াবশত আমিই তাঁদের সব কিছু দিয়েছি। ঈশ্বর-প্রেমে এবং উচ্ছ্বসিত আনন্দে তাঁরা এত পরিপূর্ণ হন যে, তাঁদের গৌরবের কিছু বাকী থাকে না বা তাঁদের আনন্দেরও অভাব হ'তে পারে না। সাধুগণ গৌরবে যেমন উন্নত, নিজ নিজ অন্তরে তেমনি বিনীত এবং আমার ততই নিকটবর্তী ও প্রিয়। এইজন্যই লিখিত হয়েছে, "তাঁরা তাঁদের গৌরব-মুকুট ঈশ্বরের সামনে 'মেষ-শাবকের' (ঐশ-পুত্র যীশুর) সামনে স্থাপন করে প্রণিপাত হন এবং যুগযুগান্তর 'চিরঞ্জীবি'কে ভজনা করতে থাকেন।"

অনেকে অনুসন্ধান করে—স্বর্গরাজ্যে বড় কে, অথচ তারা জানে না, তারা ক্ষুদ্রতমদের মধ্যেও গণ্য হবার যোগ্য কিনা! ক্ষুদ্রতম হলেও স্বর্গে থাকাই মহত্ত্বের ব্যাপার, কারণ সেখানে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ঈশ্বরের 'সন্তান' রূপে অবিহিত হয়ে স্বর্গনিবাসীগণ প্রকৃতপক্ষে সকলেই মহান। "বয়সে ক্ষুদ্রতম যারা তাঁর সহস্র-বর্ষীয়দের সাধুর সঙ্গে স্বর্গে থাকবে না, কিন্তু শতবর্ষের পাপীরা হবে অনন্ত জীবন হতে বঞ্চিত।" কারণ শিষ্যেরা যখন প্রভুকে জিজ্ঞাসা করেছিলেন, "স্বর্গরাজ্যে বড় কে?" তাঁদের এই উত্তরই দেওয়া হয়েছিলেন, "তোমরা মন-পরিবর্তন করে 'শিশুদের' মত না হলে স্বর্গরাজ্যে প্রবেশ করতে পারবে না। যে কেউ এই শিশুদের মত নিজেকে বিনীত করবে, সে-ই স্বর্গে বড় হবে বেশী।"

যারা স্বেচ্ছায় শিশুর মত নিজেদের বিনীত করতে অবহেলা করে, তাদের ধিক; কারণ স্বর্গের সঙ্কীর্ণ দ্বার তাদের প্রবেশে বাধা সৃষ্টি করবে। "যে সকল ধনী ইহলোকে সুখ ও তৃপ্তি ভোগ করে থাকে, তাদেরও ধিক"; কেননা দরিদ্রেরা যখন ঈশ্বরের রাজ্যে প্রবেশ করবে, তখন তারা বাইরে দাঁড়িয়ে বিলাপ করবে। হে বিনীতগণ, তোমরা আনন্দ কর হে দরিদ্র জনগণ, উল্লসিত হও, কারণ তোমরা যদি সত্যের পথে চলতে থাক, তাহলে ঈশ্বরের রাজ্য তোমাদের-ই হবে।"

৫৯

সকল আশা ও ভরসা কেবলমাত্র ঈশ্বরে স্থাপন করা প্রয়োজন

সেবক—হে প্রভু, ইহজীবনে আমি কি সে ভরসা রাখতে পারি বা আকাশের নীচে যা দেখা যায়, তার মধ্যে কী-ই বা আমাকে আনন্দ দিতে পারে? হে প্রভু ঈশ্বর, "যাঁর দয়ার সীমা নেই সেই, আনন্দদাতা কি তুমি নও?" তোমাকে ছেড়ে কোথায় আমায় মঙ্গল হয়েছে, আর তুমি উপস্থিত থাকলে কবেই বা আমার হয়েছে অমঙ্গল? তোমাকে ব্যতিরেকে ধনী হওয়ার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চেয়ে, তোমাকে সঙ্গে নিয়ে দরিদ্র হওয়াই আমি পছন্দ করি। তোমা বিনা স্বর্গ অধিকার করা অপেক্ষা এই পৃথিবীতে তোমার সঙ্গে থাকাই আমার পক্ষে শ্রেয়। তুমি যেখানে, সেখানই স্বর্গ; তুমি যেখানে নেই, সেখানে মৃত্যু ও নরক। তুমি আমার চিরআকাঙ্ক্ষিত বিষয়; তাই তোমার কাছে আমাকে বিলাপ, ক্রন্দন ও অনুরোধ করতে হবে। এক কথায়, হে আমার ঈশ্বর, তোমা ছাড়া, প্রয়োজনের সময় আমাকে কেউই সাহায্য করতে পারে না এবং কারো উপর আমি পূর্ণরূপে ভরসা করতে পারি না। তুমি আমার আশা, আমার ভরসা; তুমি-ই আমার সান্ত্বনাদাতা ও পরম-বিশ্বস্ত বন্ধু!

"সকলে নিজ নিজ স্বার্থ অন্বেষণ করে", কিন্তু তুমি শুধু আমার পরিত্রাণ ও উন্নতির দিকে দৃষ্টি রাখ এবং সব কিছু আমার মঙ্গলে পরিণত কর। যদিও নানা প্রলোভন ও সংগ্রামের মুখে তুমি আমাকে এগিয়ে দাও, তবুও জানি আমার মঙ্গলের জন্যই সেই সব কর; কারণ তোমার নীতি অনুযায়ী তুমি বহু বিধ প্রকারে তোমার প্রিয়জনকে পরীক্ষা করে থাক। তোমার দিব্য-সান্ত্বনায় তৃপ্ত হলেই—তোমাকে যেভাবে ভালবাসা ও প্রশংসা করা উচিত, ঐ পরীক্ষার সময়ে তোমাকে তার চেয়ে কম ভাল-বাসা ও প্রশংসা করা উচিত নয়।

সুতরাং হে প্রভু ঈশ্বর, তোমাতে আমি স্থাপন করি আমার সম্পূর্ণ আশা ও নিরাপত্তা; তোমার হাতে সমর্পণ করি সকল নির্যাতন ও অসুবিধা; কেননা তোমা ছাড়া আমি যা কিছু দেখতে পাই, সে সব ভঙ্গুর এবং নশ্বর! প্রকৃতপক্ষে তুমি নিজে সহায় না হলে, সাহায্য, আশ্বাস, সান্ত্বনা ও শিক্ষা না দিলে এবং রক্ষা না করলে বহু সংখ্যক বন্ধু থাকা সত্ত্বেও আমার কোন লাভ হবে না; শক্তিশালী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সহায়কগণও আমাকে সাহায্য করতে পারবে না, বিবেচক পরামর্শদাতারা হিতবিধায়ক যুক্তি দিতে পারবে না, বা বিদ্বানদের বইগুলি সান্ত্বনা দিতে অথবা যে কোন মূল্যবান সম্পদ আমাকে উদ্ধার করেতে পারবে না, কিংবা কোন গুপ্ত এবং সুবিধাজনক স্থানও আমাকে নিরাপত্তা দিতে পারে না।

কারণ যা কিছু সুখ-শান্তি লাভের উপযোগী বলে মনে হয়, তুমি না থাকলে সে সব কিছুই নয় এবং প্রকৃত সুখলাভের পক্ষে সেগুলি কোন কাজের নয়। অতএব হে প্রভু, তুমিই সকল মঙ্গলের পরম পরিপূর্ণতা, জীবনের চরম উৎকর্ষ এবং জ্ঞানের গভীরতা! সকলের উপর তোমাতে ভরসা স্থাপন করাই হচ্ছে তোমার সেবকদের পরম সান্ত্বনা। হে আমার ঈশ্বর, সকল দয়ার জনক, তোমার প্রতি দৃষ্টিপাত করি এবং তোমাতে ভরসা রাখি। তোমার দিব্য আশীর্বাদে তুমি আমার আত্মাকে আশীর্বাদিত ও পবিত্র কর— সে যেন তোমার পুণ্য-মন্দিরে এবং তোমার অনন্ত গৌরবের আশ্রয়ে পরিণত হয়, তবেই তোমার এই মহিমার মন্দিরে এমন কিছু থাকবে না, যা তোমার মহৈশ্বর্যের অনুপযোগী হতে পারে। তোমার অপার দয়া এবং "তোমার কোমল করুণারাশির নীতি বশে" তুমি আমার প্রতি দৃষ্টি নিক্ষেপ কর এবং এই যে তোমার দীনহীন সেবক তোমার কাছ থেকে বহু দূরে, "মৃত্যুর ছায়াচ্ছন্ন দেশে নির্বাসিত," তার প্রার্থনা পূর্ণ কর! নশ্বর ইহজীবনের বহুবিধ বাস করে সংকটাপন্ন তোমার এই নগণ্য দাসের আত্মাকে রক্ষা কর এবং তোমার 'কৃপা'সহ সহবর্তী হয়ে, শান্তির পথ দিয়ে তাকে চিরস্থায়ী জ্যোতির দেশে পরিচালিত কর। আমেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আমাদের প্রকাশিত পুস্তক-তালিকা

LIBRARY
No. ১১।১৭৭
Sri Sri Ma Anandamayee Ashram
BANARAS

যীশু	৩·০০ পঃ
আমার ধর্ম বই	১·২৫ "
আমার ধর্মপুস্তক (১ম ভাগ)	১·৫০ "
আমার ধর্মপুস্তক (২য় ভাগ)	২·৫০ "
ক্যাথলিক ধর্মতত্ত্ব (১ম ভাগ)	৩·০০ "
ক্যাথলিক ধর্মতত্ত্ব (দ্বিতীয় ভাগ)	৪·০০ "
আমার ধর্মগ্রন্থ (বাইবেল ইতিহাস)	৩·০০ "
জ্ঞান-পুস্তক (Wisdom)	০·৫০ "
প্রার্থনা-সঙ্গীত (Psalms)	২·৫০ "
প্রবাদ বাক্য এবং উপদেশক Prov. & Eccl-es	১·৫০ "
সিরাক (Ecclesiasticus)	১·৫০ "
জোব	১·২৫ "
খ্রীষ্ট-মণ্ডলীর সংক্ষিপ্ত ইতিহাস	৩·০০ "
আমার সহচর (প্রার্থনা পুস্তক)	১·৫০ "
আমার স্নেহময়ী মাতা	০·৪০ "
কিশোর রত্ন (ডমিনিক সাভিওর জীবনী)	১·০০ "
আলোকের পথে (মাইকেল মাগোনের জীবনী)	১·০০ "
সাধ্বী বার্থলোমেয়া এবং সাধ্বী ভিনচেন্সা	০·৭৫ "
যীশুর কথা	০·৫০ "
প্রশ্নোত্তরমালা	০·৪০ "
চরিত্র গঠন	০·৭৫ "
নীতি পরিচয়	১·০০ "
ভদ্রতা, গুণের বিকাশ, পথ-নির্দেশ, সমাজ-জীবন, সংযম	০·৫০ "
ঈশ্বরকে জান (প্রতিটি)	৩·০০ "
ঈশ্বরের পরিবারের সভ্য	৩·০০ "
ঈশ্বরের পরিবারে প্রেমে মিলিত জীবন	৩·০০ "

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi